بسم الله الرحمن الرحيم

আধুনিক খুতবা
ভূমিকা

الْحَمْدُ للهِ رَبِّ الْعَالَمِيْنَ، وَالصَّلاَةُ وَالسَّلاَمُ عَلَى خَاتَمِ الأَنْبِيَاءِ وَالْمُرْسَلِيْنَ، نَبِيِّنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ، وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلى يَوْمِ الدِّيْنِ.

খুতবা-খেতাবত - অতীতে যেমন বর্তমানেও তেমন - উপস্থিত থেকেছে মুসলিম উম্মাহর সুমহান সৌধে একটি অবিচ্ছেদ্য- মৌল উপকরণ হিসেবে। এ এক সমুজ্জ্বল আলোকবর্তিকা যা জাগিয়ে তোলে বিস্মৃত ও বেখবর হৃদয়কে, পথের দিশা দেয় কিংকর্তব্যবিমূঢ়দেরকে। শাণিত করে হিম্মত ও প্রেরণাকে। যারা দীনকে ধরে আছে মজবুত কব্জায় খুতবা- খেতাবত তাদের জন্য সান্ত্বনার আশ্রয়, যাদের হৃদয় স্পন্দিত খুতবা তাদের দৃঢ়ীকরণের একটি মাধ্যম। এটা হলো ওয়াজ-বক্তৃতা ও বক্তার মঞ্চ। দাওয়াতের এক ঝাণ্ডা। নসীহত, উপদেশ, দিকনির্দেশনা ও বীজবপনের এক সুডৌল যন্ত্র। এর মাধ্যমে জাহেল-অজ্ঞরা শেখে, ভুলে-যাওয়া ব্যক্তিরা স্মরণ করে, ফতোয়াপ্রার্থীরা ফতোয়ার সন্ধান পায়। খুতবা-খেতাবতের পথ ধরেই খতীবগণ বিচরণ করেন মুসলিম উম্মাহর নানা সমস্যার অলিগলিতে, সমাধান বের করেন নিত্যনতুন মাসআলা মাসায়েল ও আধুনিক সব সমস্যার। খুতবা- খেতাবতের মাধ্যমেই খতীবগণ যুগিয়ে থাকেন ভালো কাজের প্রেরণা। উচ্চারণ করেন মন্দ কাজ থেকে বিরত হওয়ার হুঁশিয়ার-বাণী। কাহিনী বর্ণনা, উপমা পেশ, ইতিহাসের বাস্তবতা ও শিক্ষা উপস্থাপন, বিবেক-বুদ্ধিকে আন্দোলিতকরণ ইত্যাদির সংমিশ্রণে খতীবগণ পালন করে যান তাদের ঐতিহাসিক দায়িত্ব ; যাতে নবায়ন করে নিতে পারে প্রতিটি ব্যক্তি তার ঈমান- বিশ্বাস। পূর্ণাঙ্গ করে নিতে পারে এ ক্ষেত্রের অপূর্ণতা। আর যারা দূরে, গোনাহে লিপ্ত তারা আসে ফিরে, তাওবা করে। ফিরে আসে যারা দিকভ্রান্ত, স্থানচ্যুত অথবা গাফলতের হিমাগারে আবদ্ধ তারাও। মুক্তির পথ খোঁজে পায় প্রবৃত্তিপূজারী প্রবৃত্তিপূজার শৃঙ্খল থেকে। আর এসবের ফলস্বরূপ মানবাত্মা ফিরে পায় তার স্বচ্ছতা, মিলন ঘটে হৃদয়ে-হৃদয়ে, দাঁড়িয়ে যায় দীন রক্ষায় সুদৃঢ় প্রাচীর হয়ে এবং ছড়িয়ে দেয় সর্বত্র ইসলামের শাশ্বত আহ্বান। আর এভাবেই মুসলিম উম্মাহ ফিরে পায় তার ইজ্জত-মার্যাদা-প্রতিষ্ঠা-সম্মান।

ইসলামে জুমআর খুতবার অবস্থান

ইসলামে জুমআর খুতবার রয়েছে সুউচ্চ মর্যাদা-অবস্থান। রয়েছে সুনির্দিষ্ট উদ্দেশ্য ও মিশন। রয়েছে বিশাল ভূমিকা ও প্রভাব, যার নির্যাস তুলে ধরা যায় নিম্নবর্ণিত কয়েকটি পয়েন্টে-

১. খুতবার গুরুত্ব ও শ্রেষ্ঠত্ব প্রমাণের জন্য এতটুকুই যথেষ্ট যে মানবকুল শিরোমণি প্রিয় নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজে খুতবা দিয়েছেন, এবং পরবর্তীতে বিভিন্ন জাতির নেতৃত্বের আসনে অধিষ্ঠিত নেককার উলামা ও রব্বানী দাঈগণ খুতবা প্রদানের দায়িত্ব পালন করেছেন।

২. খুতবা ইসলামের নিদর্শনমালার একটি, যা সর্বোত্তম দিবসে তথা শুক্রবারে মুসলমানদের সাপ্তাহিক ঈদের দিনে আল্লাহর ঘরে প্রদান করা হয়, যা পৃথিবীর পবিত্রতম জায়গা বলে বিবেচিত ।

৩. খুতবা তাবলীগে দীনের একটি মাধ্যম, দাওয়াতের একটি মঞ্চ, যাতে রয়েছে আমর বিল মারূফ ওয়া নাহী আনিল মুনকার। খুতবা তালীম ও তারবিয়াতের এক ধারালো হাতিয়ার, সংস্কৃতকরণ, সুগঠিতকরণের কার্যকরী উসিলা।

৪. খুতবা আমজনতাকে উদ্দীপ্ত করা, তাদের অনুভূতি আন্দোলিত করা, তাদের বোধশক্তি পরিতুষ্ট করা, তাদের মাঝে সত্যকে সুদৃঢ় করা ইত্যাদির অনবদ্য উৎস। কেননা, প্রাণবন্তকথামালা, সত্যানুভূতি ও সংবেদনশীল ভাবের স্ফূরণ যথোচিত প্রভাব ফেলতে বাধ্য, যার প্রতিক্রিয়া লিখিত ও পাঠ্য বাক্যমালার চেয়ে অনেক উর্ধ্বে।

৫. খুতবা, দাওয়াতকর্ম ও দাঈদের জন্য গণীমতস্বরূপ; কেননা জুমআর নামাজে হাযির হওয়া, এবং জুমআর পূর্বে দুই খুতবা মনোযোগসহ শ্রবণ করা একজন মুসলিমের অবশ্যপালনীয় বিষয়। উপরন্তু,

খুতবা প্রদানের সময় ছোট-বড়, শিক্ষিত অশিক্ষিত, ধনী-দরিদ্র, উত্তরোত্তর পরিবর্ধিত আকারে, প্রতি সপ্তাহে নিরবচ্ছিন্নভাবে হাযির হয়।

৬. খুতবা, -আমাদের যুগে- দীনের বিশুদ্ধ পরিচিতি তুলে ধরার একটি শ্রেষ্ঠ মাধ্যম। যারা সন্দেহ ও ভ্রান্ত ধারণার জাল বুনিয়ে, নিত্যনতুন কৌশলী পদ্ধতি বের করে, সরলমনা অজ্ঞ ব্যক্তিদের বিভ্রান্তির জালে ফাঁসাতে চায়, দীনের স্বচ্ছধারা বিনষ্ট করতে আদাজল খেয়ে রাতদিন মেহনত করে যায়, তাদের প্রচারকৃত ভ্রান্ত ধারণা খণ্ডনে খুতবা একটি সর্বশ্রেষ্ঠ মাধ্যম।

সংক্ষেপে খুতবার কিছু আহকাম

জুমআর নামায শুদ্ধ হওয়ার জন্য খুতবা শর্ত কি না এব্যাপারে আলিমদের দুটি মত রয়েছে :

১. জমহূর ফুকীহদের অভিমত হলো জুমআর নামায শুদ্ধ হওয়ার জন্য খুতবা শর্ত। হানাফী, মালেকী, শাফেয়ী ও হাম্বলী মাযহাব অভিন্নভাবে এ মতই পোষণ করে।

২. জুমআর নামায শুদ্ধ হওয়ার জন্য খুতবা শর্ত নয় বরং মুস্তাহাব।

৩. জমহূর ফকীহদের অভিমতই এ ক্ষেত্রে রাজেহ তথা অগ্রাধিকারপ্রাপ্ত। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কখনো খুতবাবিহীন জুমআর নামায আদায় করেননি। সালাফে সালেহীনদের আমলও খুতবা প্রদানের ধারাবাহিকতাকে প্রমাণ করে।

জুমআর খুতবাসংখ্যা দুটি হওয়া শর্ত। আবদুল্লাহ ইবনে উমর রাযি. বর্ণনা করেছেন: كان النَّبِيُّ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ- يَخْطُبُ خُطْبَتَيْنِ يَقْعُدُ بَيْنَهُمَا

'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুই খুতবা প্রদান করতেন, এবং এদুটির মাঝখানে বসতেন'(বুখারী)।

খুতবার শর্তাবলী :

১. খুতবার জন্য নিয়ত শর্ত। দলীল: إِنَّمَا الأَعْمَالُ بِالنِّيَّاتِ، وَإِنَّمَا لِكُلِّ امْرِئٍ مَا نَوَى 'নিশ্চয় নিয়তের উপর আমল নির্ভরশীল। আর প্রত্যেক ব্যক্তির জন্য তাই নির্ধারিত যা সে নিয়ত করে' (বুখারী)। আর যেহেতু খুতবা একটি ইবাদত তাই অন্যান্য ইবাদতের মতো খুতবার জন্যও নিয়ত জরুরী।

২. খুতবা প্রদানের উদ্দেশ্য তথা ওয়াজ ও উপদেশ বাস্তবায়িত হয় এমন সংখ্যক গণজমায়েত খুতবার সময় উপস্থিত থাকা ওয়াজিব।

৩. খুতবা হতে হবে জুমআর ওয়াক্ত শুরু হওয়ার পর।

৪. নামাজের পূর্বে খুতবা প্রদান- কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জুমআর নামাজের পূর্বেই খুতবা প্রদান করতেন।

৫. খতীব দাঁড়িয়ে খুতবা দিতে সক্ষম হলে দাঁড়িয়ে খুতবা দেয়া আবশ্যক।

৬. প্রকাশ্য আওয়াজে খুতবা প্রদান- কেননা খুতবা আদায় ও খুতবার উদ্দেশ্য অর্জনের এতদভিন্ন অন্য কোনো উপায় নেই। আর যা না হলে ওয়াজিব আদায় হয় না, শরীআতের বিধান মুতাবেক, তা ওয়াজিব হিসেবে বিবেচিত।

৭. অধিকাংশ শ্রোতা যদি আরবী ভাষা বুঝে, আরবী ভাষার শব্দ ও বাক্যের অর্থ উদ্ধারে সক্ষম হয়, তাহলে খুতবা আরবী ভাষায় হতে হবে। পক্ষান্তরে যদি অধিকাংশ মুসল্লী আরবী ভাষা বুঝতে সক্ষম না হয়, তাহলে অন্য ভাষায়ও খুতবা দেয়া যেতে পারে; কেননা খুতবার মূল উদ্দেশ্য হলো ওয়াজ ও নসীহত, শিক্ষা ও দিকনির্দেশনা প্রদান। তবে অন্য ভাষায় খুতবা প্রদানের ক্ষেত্রে কুআনের আয়াতগুলো আরবীতে পড়ে নিজস্ব ভাষায় এর অর্থানুবাদ করতে হবে। কুরআনের আয়াতগুলো আরবীতে উল্লেখ করলে, আলিমদের যারা আরবীতে খুতবা প্রদান শর্ত বলে মতামত দিয়েছেন, তাদের কথার উপরও আমল হয়ে যাবে। তাছাড়া খুতবার ভূমিকা তো আরবীতে থাকেই।

৮. খুতবার দুটি অংশ পর পর তথা অবিচ্ছিন্নতা হওয়া এবং খুতবা ও জুমআর নামাজের মাঝে অবিচ্ছিন্নতা

বজায় রাখা আবশ্যক।

খুতবার আরকান ও সম্পূরক বিষয়

জুমআর খুতবার কোনো আরকান নেই এটাই অগ্রাধিকারপ্রাপ্ত কথা। বরং প্রথাগতভাবে যা খুতবা বলে খ্যাত তা আদায় হলেই খুতবা আদায় সম্পন্ন হয়েছে বলে ধরে নেয়া হয়। তবে খুতবার পূর্ণাঙ্গতার জন্য নিম্নবর্ণিত বিষয়গুলোর প্রতি নজর দেওয়া বাঞ্ছিনীয় :

১. আল্লাহ তআলার প্রশংসা।

২. শাহাদাতাইন তথা আল্লাহ তা'আলার প্রতি ঈমান ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি ঈমানের সাক্ষ্য প্রদান।

৩. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি দরূদ পাঠ।

৪. ওয়াজ-উপদেশ।

৫. কুরআন মাজীদ থেকে কিছু আয়াত তিলাওয়াত।

৬. আল্লাহ তা'আলার তাকওয়া অবলম্বনের ব্যাপারে উপদেশ প্রদান।

জুমআর খুতবার সুন্নতসমূহ

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণে মিম্বরে দাঁড়িয়ে খুতবা প্রদান করা সুন্নত। আর যেহেতু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মিম্বার তিন ধাপবিশিষ্ট ছিল তাই খুতবা প্রদানের মিম্বার তিন ধাপবিশিষ্ট হওয়া সুন্নত।

খতীব প্রবেশ করার পর মিম্বারে ওঠার পূর্বে যারা আশ-পাশে রয়েছে তাদেরকে সালাম দেবেন। জুমআর নামাজের পূর্বে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোনো নামায পড়েছেন বলে হাদীসে পাওয়া যায় না; কেননা তিনি জুমআর জন্য বের হয়ে মসজিদে আসামাত্রই আযান দেয়া হত। আযানের অব্যবহিত পরেই তিনি খুতবা দিতে দাঁড়িয়ে যেতেন।

খতীব মিম্বারে ওঠার পর সকল মুসল্লীকে সালাম দেবেন। হাদীসে এসেছে, জাবের রাযি. বলেন: **كَانَ رَسُولُ اللهِ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - إِذَا صَعِدَ الْمِنْبَرَ سَلَّمَ** 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিম্বারে ওঠে সালাম দিতেন' (ইবনে মাজাহ)।

মুয়ায্যিন আযান শেষ করা পর্যন্ত খতীবের মিম্বারে বসে থাকা।

খুতবায়ে হাজত দিয়ে খুতবা শুরু করা মুস্তাহাব। খুতবায়ে হাজত নিম্নরূপ :

إِنَّ الْحَمْدَ لِلَّهِ، نَسْتَعِينُهُ وَنَسْتَغْفِرُهُ، وَنَعُوذُ بِاللَّهِ مِنْ شُرُورِ أَنْفُسِنَا، وَسَيِّئَاتِ أَعْمَالِنَا، مَنْ يَهْدِهِ اللهُ فَلاَ مُضِلَّ لَهُ، وَمَنْ يُضْلِلْ فَلاَ هَادِيَ لَهُ، وَأَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ[يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ] [يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمُ الَّذِي خَلَقَكُمْ مِنْ نَفْسٍ وَاحِدَةٍ وَخَلَقَ مِنْهَا زَوْجَهَا وَبَثَّ مِنْهُمَا رِجَالًا كَثِيرًا وَنِسَاءً وَاتَّقُوا اللهَ الَّذِي تَسَاءَلُونَ بِهِ وَالْأَرْحَامَ إِنَّ اللهَ كَانَ عَلَيْكُمْ رَقِيبًا] [يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللهَ وَقُولُوا قَوْلًا سَدِيدًا. يُصْلِحْ لَكُمْ أَعْمَالَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَمَنْ يُطِعِ اللهَ وَرَسُولَهُ فَقَدْ فَازَ فَوْزًا عَظِيمًا] . أَمَّا بَعْدُ:

فَإِنَّ أَصْدَقَ الْحَدِيثِ كِتَابُ اللهِ، وَأَحْسَنَ الْهَدْيِ هَدْيُ مُحَمَّدٍ -صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ-. وَشَرَّ الأُمُورِ مُحْدَثَاتُهَا، وَكُلَّ مُحْدَثَةٍ بِدْعَةٌ، وَكُلَّ بِدْعَةٍ ضَلاَلَةٌ، وَكُلَّ ضَلاَلَةٍ فِي النَّارِ

আবেগ-উচ্ছাস ও আপুত অনুভূতির সংমিশ্রণে খুতবা প্রদান করা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন খুতবা দিতেন, তখন তাঁর চক্ষুদয় রক্তিম হয়ে যেত, আওয়াজ উঁচু হত, রাগ প্রচণ্ডতা পেত। জাবের রাযি. বলেন :

كَانَ رَسُولُ اللَّهِ -صلى الله عليه وسلم- إِذَا خَطَبَ احْمَرَّتْ عَيْنَاهُ، وَعَلاَ صَوْتُهُ، وَاشْتَدَّ غَضَبُهُ، حَتَّى كَأَنَّهُ مُنْذِرُ جَيْشٍ يَقُولُ: « صَبَّحَكُمْ وَمَسَّاكُمْ»

'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন খুতবা দিতেন, তখন তাঁর চক্ষুদয় রক্তিম হয়ে যেত, তাঁর আওয়াজ উঁচু হত,তাঁর রাগ প্রচণ্ডতা পেত, মনে হত যেন তিনি সেনাবাহিনীর সতর্ককারী, যিনি বলছেন, (সকাল বেলায় শত্রুসৈন্য তোমাদের কাছে এসে যাচ্ছে, অথবা বিকাল বেলায় শত্রুসৈন্য তোমাদের কাছে এসে যাচ্ছে)(মুসলিম)

খুতবা সংক্ষিপ্ত হওয়া এবং নামায দীর্ঘ হওয়া মুস্তাহাব। আম্মার ইবনে ইয়াসির রাযি. বর্ণনা করে বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, ' ব্যক্তির নামায দীর্ঘ হওয়া এবং খুতবা সংক্ষিপ্ত হওয়া দীনের গভীর জ্ঞান থাকার আলামত। অতপর তোমরা নামায দীর্ঘ করো ও খুতবা সংক্ষিপ্ত করো, আর নিশ্চয় কিছু বক্তৃতা যাদুর ন্যায়' (মুসলিম)।

দুই খুতবার মাঝে সামান্য সময়ের জন্য বসা; একটু বিশ্রাম নেয়া এবং দুই খুতবার মধ্যে পার্থক্য করার জন্যই এ বৈঠক বিধিবদ্ধ করা হয়েছে। তবে এ সময় দুআ করার ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে কোনো লাযেমী সুন্নত রয়েছে বলে বর্ণনায় পাওয়া যায় না। হ্যাঁ, যদি কেউ এই ছোট্ট বিরতিতে কোনো দুআ করতে চায়, তবে তার অনুমতি রয়েছে। শর্ত হলো উপস্থিত মুসল্লীদেরকে বিরক্ত না করা। আর সকল মুসল্লীর হাত উঠিয়ে দুআ করাও উচিত নয়। কেননা এরূপ করলে তা জুমআর একটি শেয়ার বা নির্দশনে পরিণত হবে যার পক্ষে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কোনো সুন্নত খুঁজে পাওয়া যায় না।

বিশেষ কোনো দীনী স্বার্থে, একান্ত প্রয়োজনে, খুতবার মাঝে মুসল্লীদের কারও সাথে খতীবের কথা বলার অনুমতি রয়েছে। এতে খুতবার কোনো সমস্যা হবে না।

খুতবার মাঝে দুআর সময় খতীব তার হাত উঠাবেন না, বরং আঙ্গুল দিয়ে ইশারা দেবেন। মুসলিম ইবনে হুসাইন ইবনে আবদুর রাহমান বলেন, 'আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি যে তিনি হাত দিয়ে এভাবে বলার অতিরিক্ত কিছু করতেন না- এই বলে তিনি আঙ্গুল দিয়ে ইশারা করেন- তবে ইস্তিস্কা - অর্থাৎ বৃষ্টির অথবা বৃষ্টি লাঘব করার জন্য দুআ করার সময় দুই হাত উঠানো হত।

একজন সফল খতীবের গুণাবলী ও খুতবা প্রদানের যোগ্যতা

c_gZ: e¨w³MZ ¸Yvejx

১. আল্লাহর জন্য ইখলাস-ঐকান্তিকতা : ইরশাদ হয়েছে:وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ وَذَلِكَ دِينُ الْقَيِّمَةِ ÔAvi Zv‡`i‡K †Kej GB wb‡`k †`qv n‡qwQj †h, Zviv †hb Avjøvni Bev`Z K‡i ZviB AvbM‡Z¨ GKwbô n‡q Ges mvjvZ Kv‡qg K‡i I hvKvZ †`q; Avi GwUB nj mwVK `xbÕ (miv Avj evBwqbvn:5) ।

২. বক্তব্য ও খুতবা প্রদানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদর্শের অনুকরণ। ইরশাদ হয়েছে: قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللَّهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ . Ôej, Ôhw` †Zvgiv Avjøvn‡K fvjevm, Zvn‡j Avgvi AbmiY Ki, Avjøvn †Zvgv‡`i‡K fvjevm‡eb Ges †Zvgv‡`i cvcmgn ¶gv K‡i †`‡eb| Avi Avjøvn AZ¨š¶gvkxj, cig `qvjÕ (miv Av‡j Bgivb) ।

৩. ইসলামী আখলাক-চরিত্রের অনুবর্তিতা এবং সকল প্রকার বদ-আখলাকী ও বদ-আখলাকী পর্যন্ত পৌঁছায় এমন কথা ও কাজ থেকে দূরে থাকা। যাতে খতীব একজন অনুকরণ-অনুসরণযোগ্য ব্যক্তি এবং বলিষ্ঠ নেতায় পরিণত হতে পারেন, যিনি তার আশ-পাশের লোকদেরকে সরল-সঠিক পথ দেখাতে সক্ষম হবেন।

৪. মুমিন নিজেও একজন মিশুক ব্যক্তি যার হৃদ্যতায় সিক্ত হতে অন্যদেরও থাকে সমান আগ্রহ। আর দক্ষ খতীব ও চারিত্রিক মাধুর্যমণ্ডিত দাঈকে তো তার জনগোষ্ঠী অবশ্যই ভালবাসে এবং তিনিও তাদরেকে ভালোবাসেন। তিনি তাদের সেবায় নিজেকে বিলিয়ে দেন, তাদের সাথে ওঠাবসা পছন্দ করেন, তাদের

সাথে আচরণের ক্ষেত্রে বুদ্ধিমত্তা ও প্রজ্ঞার পরিচয় দেন। তাদের ব্যাপারে ধৈর্যশীল হন। তাদের ভুলত্রুটি ধরিয়ে দেয়া ও শুদ্ধকরণের ব্যাপারেও তিনি ভারসাম্যপূর্ণ আচরণের পরিচয় দেন।

৫. খতীবের বক্তব্য ও আমল- এ দুয়ের মাঝে মিল থাকা বাঞ্ছনীয়। ইসলামের হুকুম-আহকামের প্রায়োগিক রূপদানের মাধ্যমে তিনি মানুষকে শেখানোর চেষ্টা করবেন। এ বিষয়ে খোদ কুরআনুল কারীমে এভাবে তাগিদ এসেছে: يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لِمَ تَقُولُونَ مَا لَا تَفْعَلُونَ Ô†n Cgvb`viMY, †Zvgiv Zv †Kb ej, hv †Zvgiv Ki bv?Ó (miv Avm mvd:2)।

৬. কোনো গোত্র-জাতি-দেশ-দল-সম্প্রদায় অথবা মাযহাবকেন্দ্রিক অন্ধগোঁড়ামি থেকে খাতীব নিজেকে দূরে রাখবেন। আল্লাহর কিতাব, রাসূলের সুন্নত, দীন ও মিলাত ছাড়া অন্যকিছুর প্রতি তার আগ্রহ থাকবে না। কেননা আল্লাহ তা'আলা কেবল তাঁর রজ্জুকে মজবুতভাবে আঁকড়ে ধরার নির্দেশ দিয়েছেন। ইরশাদ হয়েছে: وَاعْتَصِمُوا بِحَبْلِ اللَّهِ جَمِيعًا وَلَا تَفَرَّقُوا ÔAvi †Zvgiv mK‡j Avjøvni i¾‡K `pfv‡e aviY Ki Ges wef³ n‡qv bvÕ(miv Av‡j Bgivb:103)।

৭. খতীব যে সমাজে বাস করছেন, সে সমাজে ইতিবাচক ভূমিকা পালন ও অংশগ্রহণ একটি জরুরী বিষয়। আর এভাবেই সমাজের সদস্যদের সম্মুখে প্রদত্ত খুতবার মর্মসমূহ নিজ জীবনে প্রয়োগ করে একজন আদর্শ ব্যক্তি হিসেবে খতীব নিজেকে প্রতিষ্ঠিত করবেন। তিনি নিজেকে মুসলমান ও সাধারণ মানুষ থেকে দূরে সরিয়ে রাখবেন না। বরং তাদের সাথে তিনি একাত্ম হয়ে থাকবেন। তাদের আচরণে ধৈর্য ধরবেন। তাদের জন্য আদর্শ বনে থাকবেন।

৮. খতীব হাসিখুশি চেহারা নিয়ে থাকবেন। মুসল্লী ও আমজনতার সাথে সদাচরণ করবেন। কেননা তিনি মুসলমানের জন্য অনুকরণীয় ব্যক্তিত্ব। সর্বোত্তম পেশায় নিয়োজিত। একজন খাতীব, নবী কারীম সাল্ল-াল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে জায়গায় দাঁড়াতেন সে জায়গায় দাঁড়ান। তাই মানুষের হৃদয় আকৃষ্ট করাটা তার জন্য জরুরী। তবেই মানুষ তার কথা শুনবে, তার দিকনির্দেশনা গ্রহণ করবে, তিনি যা শেখান তা বাস্তবায়ন করবে।

দ্বিতীয়ত: খুতবাকেন্দ্রিক গুণাবালী

সর্বোচ্চ শ্রম ব্যয়ে যথার্থরূপে খুতবার জন্য প্রস্তুতি গ্রহণ। যেসব বিষয় প্রকৃত মুসলিম বিনির্মাণে সহায়ক সেসবের প্রতি গুরুত্বারোপ। পাশাপাশি ইসলামের যেসব আহকাম বাস্তবায়নে মুসলমানদের মাঝে অবহেলা বা শিথিলতা রয়েছে সেসবের ঘাটতি পূরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ। জুমআর খুতবার জন্য প্রস্তুতি ও তৈরি প্রক্রিয়া হবে নিম্নবর্ণিরূপে-

১. খতীব যা বলতে চান তা উত্তমরূপে তৈরি করে নেবেন। যদি বিষয়বস্তু লিখে নিতে পারেন তবে তাই উত্তম।

২. খুতবা প্রদানের পূর্বে কয়েকবার ভালো করে পড়ে নেয়া; কঠিন শব্দগুলোর উচ্চারণে অভ্যস্ত হওয়া। ভাষার সাবলীল প্রকাশ নিশ্চিত করার জন্য এরূপ করা জরুরী।

৩. খুতবায় ব্যবহৃত শব্দ ও বাক্যমালার তান ও লয়, আওয়াজের উত্থান-পতন ইত্যাদির উপযুক্ত স্থান নির্ধারণের জন্য গোটা খুতবার উচ্চারণকেন্দ্রিক প্রস্তুতি গ্রহণ বাঞ্ছনীয়।

৪. খুতবায় ব্যবহৃত ভাষা স্পষ্ট ও নির্ভুল হওয়ার প্রতি দৃষ্টি দিতে হবে। কেননা খুতবার ভাষা স্পষ্ট ও নির্ভুল না হলে সঠিক বার্তা বোধগম্য আকারে পৌঁছে দেয়া সম্ভব হবে না। আল্লাহ তা'আলা বলেন: إِنَّا أَنْزَلْنَاهُ قُرْءَانًا عَرَبِيًّا لَعَلَّكُمْ تَعْقِلُونَ ÔwbðqB Avwg AviexfvlvqKziAvb bvwhj K‡iwQ hv‡Z †Zvgiv Abaveb Ki‡Z cviÓ (miv BDmd:2)।

৫. উপস্থিত শ্রোতামণ্ডলী আরবী ভাষাভাষী হলে খুতবা হবে বিশুদ্ধ আরবীতে। শ্রোতামণ্ডলী অনারব হলে খুতবা হবে তাদের স্থানীয় বিশুদ্ধ ভাষায়। খুতবার স্পষ্টতা ও নির্ভুলতা নিশ্চিত করার জন্য নিম্নবর্ণিত বিষয়গুলোর প্রতি সজাগ দৃষ্টি রাখা জরুরী-

৬. অর্থ ও ভাব স্পষ্ট করণার্থে যতিচিহ্নের সঠিক ব্যবহার।

৭. সঠিক ও স্পষ্ট অর্থবোধক শব্দের ব্যবহার।

৮. সঠিক ও স্পষ্ট উচ্চারণ।

৯. সঠিক ও সুন্দর উপস্থাপন।

১০. উপস্থাপনের সময় অতিদ্রুততা ও বিরক্তিকর মন্থরতা বর্জন।

১১. প্রতি জুমআর জন্য এমন একটি করে বিষয় চয়ন করা যা হবে স্পষ্ট, সুসংহত, শাখাপ্রশাখামুক্ত এবং সময়পোযোগী। যেমন শাবান মাসের শেষ খুতবার প্রতিপাদ্য বিষয় হবে রমজানকে স্বাগত জানানোর পদ্ধতি ও সিয়াম পালনের আহকাম। হজপূর্ববর্তী জুমআর খুতবা হবে হজ ও যিলহজ মাসের প্রথম দশক সম্পর্কে। আর এভাবেই প্রতিটি উপলক্ষকে কেন্দ্র করে মুসল্লীদের প্রয়োজন বিবেচনায় রেখে খুতবা চয়ন করা বাঞ্ছনীয়।

১২. খুতবার পয়েন্টগুলো সংগতিপূর্ণ ধারাবাহিকতায় সাজিয়ে নেয়া প্রয়োজন। বরং খুতবা ও দরসের প্রধান বিষয়গুলো খুতবা তৈরি ও প্রদানের প্রতিটি পর্যায়ে স্পষ্ট করে রাখা উচিত। যাতে খতীব কী বলতে চান তা শ্রোতামণ্ডলীর কাছে স্পষ্ট থাকে। অতপর তারা যখন মসজিদ থেকে বের হয়ে যাবে তাদের মাথায় খুতবার প্রধান বিষয়গুলো স্পষ্টাকারে হাজির থাকবে।

১৩. খুতবা প্রদানকালে খতীব সকল মুসল্লীর প্রতি সমানভাবে তাকাবেন। মসজিদের অগ্রভাগে, পশ্চাৎভাগে এবং ডানে বা বামে সবার প্রতি সমানভাবে তাকাবেন। তাহলে মুসল্লীবৃন্দ খতীবের প্রতি মুহাব্বতমিশ্রিত আত্মিক সম্পর্ক অনুভব করবে।

১৪. খুতবার ভাব ও অর্থের সাথে শরীর, চেহারা ও আওয়াজের সংগতিপূর্ণ ও স্বতঃস্ফূর্ত প্রতিক্রিয়া প্রকাশ পাওয়া শ্রোতাদের প্রতি খুতবার প্রভাবকে বহুগুণে বাড়িয়ে দেয়। তাই এ বিষয়টির প্রতিও নজর দেয়া জরুরী।

১৫. অর্থ ও ভাব এবং খতীবের আওয়াজের মধ্যে সেতুবন্ধ তৈরি করা জরুরী। খুতবার অন্তর্গত অর্থ ও ভাবের প্রতি যথোপযুক্ত তান ও লয় প্রয়োগ করে বলিষ্ঠ ও হৃদয়গ্রাহী করে খুতবা পেশ করা বাঞ্ছনীয়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের খুতবায় এ দিকগুলো অত্যন্ত স্পষ্ট ছিল। আর সে কারণেই তিনি যখন খুতবা দিতেন তাঁর চক্ষুদয় রক্তিম হয়ে যেত, তাঁর আওয়াজ উঁচু হত, তাঁর রাগ প্রচণ্ডতা পেত, যেন তিনি সামরিকবাহিনীর সতর্ককারী।

১৬. শ্রোতাদের বিরক্তিভাব দূর করা ও নতুনভাবে তাদের দৃষ্টি আকৃষ্ট করা জরুরী। আর এটা সম্ভব আওয়াজের গতি, তান ও লয়ে ক্ষণে-ক্ষণে পরিবর্তন এনে। সে হিসেবে কখনো দ্রুত, কখনো মন্থর, কখনো উঁচু আওয়াজ, কখনো নিচু আওয়াজ প্রয়োগ করে খুতবা প্রদানে বিভিন্নতা আনতে হবে। এমনকি বিশেষ বিশেষ বাক্য একাধিকবার বলতে হবে। তাহলেই খুতবায় অন্তর্হিত ভাব চমৎকার ও উত্তমপন্থায় প্রকাশ পাবে।

১৭. উপযুক্ত স্থানে খতীবকে থামতে হবে। বিরতি নিতে হবে। যে বিরতিহীনভাবে, কোথাও না থেমে খুতবা দিয়ে যায়, তার চেয়ে খারাপ খতীব অন্যকেউ হতে পারে না। বিরতি যত ছোটই হোক, শ্রোতাদের চৈতন্য ফিরিয়ে আনে, তাদের দৃষ্টি আকৃষ্ট করে, তাদের বোধকে শাণিত করে।

১৮. তারগীব ও তারহীব তথা ভীতিপ্রদর্শন ও আশান্বিত করা- এদুয়ের মাঝে খতীবকে বিচরণ করতে হবে। খতীবের বক্তৃতা কেবলই ভীতিপ্রদর্শন, সতর্ককরণ, নিষেধাজ্ঞা প্রদানে ভরপুর হবে না, হবে না তা শুধুই আশার প্রদীপ-প্রজ্জ্বলক, উৎসাহব্যঞ্জক। বরং খতীবকে সমানভাবে বিচরণ করতে হবে এ দুয়ের মাঝে, ভারসাম্য বজায় রেখে। এর উজ্জ্বল উদাহরণ আল্লাহ তা'আলার বাণী : نَبِّئْ عِبَادِي أَنِّي أَنَا الْغَفُورُ الرَّحِيمُ. وَأَنَّ عَذَابِي هُوَ الْعَذَابُ الأَلِيمُ ÔAvgvi ev›`v‡`i Rwbþq `vI †h, Awg wbðq ¶gvkxj, cig `qvj| Avi Avgvi AvhveB hš¿Yv`vqK AvhveÕ (miv Avj wnRi:49-50)।

১৯. বিভিন্ন প্রকার কাহিনীর মনোজ্ঞ উপস্থাপনায় খুতবাকে সমৃদ্ধ করা; মানুষের চিন্তাশক্তি জাগ্রত করার উদ্দেশ্যে কাহিনী বর্ণনার নির্দেশ খোদ আল্লাহ তা'আলাই দিয়েছেন। ইরশাদ হয়েছে : فَاقْصُصِ الْقَصَصَ لَعَلَّهُمْ يَتَفَكَّرُونَ ÔAZGe Zwg Kwnbx eYbv Ki, hv‡Z Zviv wPšv K‡iÕ(miv Avj Avivd:176)।

২০. এসব কাহিনীর মধ্যে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সীরাত থেকে কাহিনী বর্ণনা করা; কেননা তিনি হলেন উসওয়াহ ও আদর্শ। নবী-রাসূলদের গল্প, সাহাবায়ে কেরাম-রাযিয়ালাহু আনহুম-এর ঘটনা, তাবেয়ীনদের উপাখ্যান, এমনকি সমকালীন বাস্তবকাহিনীও খুতবায় ব্যবহার করা যেতে পারে। কেননা ঘটনা-উপাখ্যান বর্ণনার রয়েছে সুদূরপ্রসারী প্রভাব।

২১. উপযুক্ত স্থানে বুদ্ধিভিত্তিক যুক্তির আশ্রয় নেয়াও প্রয়োজন। তবে তা যেন শরীআতের সাথে সাংঘর্ষিক না হয় সেব্যাপারে সজাগ দৃষ্টি রাখতে হবে। যুক্তির ব্যবহার পবিত্র কুরআনে যেমন এসেছে, তেমনি হাদীসেও এসেছে।

২২. উপস্থাপনের যথার্থ মানদণ্ড রক্ষা করা খতীবের জন্য আবশ্যক। যেমন পরিমিত দ্রুততায় খুতবা প্রদান করা। গুরুত্বপূর্ণ তথ্য একাধিকবার উল্লেখ করা। এ জাতীয় তথ্য উলেখের পূর্বে ক্ষণকালের জন্য চুপ থাকা এবং বলার সময় ধীরগতিতে বলা, তবে উঁচু আওয়াজে বলা। বিনা প্রয়োজনে বেশি সময় চুপ থাকা বর্জন করে চলা।

২৩. গোসল করা, পরিপাটি বাহ্যদৃশ্য অবলম্বন, সুন্দর পোশাক পরিধান, সুগন্ধি ও আতর ব্যবহার ইত্যাদির প্রতিও একজন খতীবকে গুরুত্ব দিতে হবে। আবু সাইদ রাযি. বলেন, আমি সাক্ষ্য দিচ্ছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'প্রত্যেক প্রাপ্তবয়স্কের উপর গোসল করা আবশ্যক এবং সে মিসওয়াক করবে ও -যদি থাকে- আতর ব্যবহার করবে'। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেছেন, তোমাদের কারও সামর্থ্য থাকলে কাজকর্ম করার দুই কাপড় ছাড়া জুমআর জন্য সে যেন (আলাদা) দুটি কাপড় নেয়'।

রাবেতায়ে আলমে ইসলামী কর্তৃক ১৩৯৫ হি. সালে মক্কা মুকাররমায় অনুষ্ঠিত 'মসজিদের মিশন' শীর্ষক মহাসম্মেলনের সুপারিশমালা

এক: নিম্নবর্ণিত লক্ষসমূহ বাস্তবায়ন করা জুমআর খুতবার উদ্দেশ্য হওয়া উচিত:

(ক) ওয়াজ-নসীহত করা, মানুষকে আল্লাহর কথা স্মরণ করিয়ে দেয়া, পরকালের হিসাব ও প্রতিদানের কথা স্মরণ করিয়ে দেয়া এবং মানুষের মধ্যে ওইসব রব্বানী বোধ জাগ্রত করা যদ্বারা মানবাত্মা সজীবতা নিয়ে বেঁচে থাকার সুযোগ পায়। পাশাপাশি ইসলামের প্রতি আহ্বান করা, আমর বিল মারূফ ওয়া নাহী আনিল মুনকার করা।

(খ) মুসলমানদেরকে দীনের বুঝ দান করা। দীনের হাকীকত ও তাৎপর্য বিষয়ে আল্লাহর কিতাব ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নত অনুযায়ী জ্ঞান দেয়া। পাশাপাশি অতিরঞ্জন ও শৈথিল্যরহিত সঠিক আদব আখলাক শেখানো।

(গ) ইসলাম সম্পর্কে গলদ ও ভুল ধারণাসমূহ সংশোধন করা। ইসলামের প্রতিপক্ষ শিবির চাতুর্যপূর্ণ পন্থায় মুসলমানদের চিন্তাচেতনায় বিকৃতি সাধনকল্পে যেসব সন্দেহ ও বাতুলতা ছড়ায় তার শক্ত জবাব সরবরাহ করা। তবে তা হতে হবে গালাগালি ও তিরস্কার থেকে দূরে। এর সাথে সঠিক ইসলাম - যা উম্মতের জন্য আল্লাহ তা'আলা কর্তৃক চয়নকৃত মৌল পদ্ধতি- এর উপস্থাপনের মাধ্যমে ধ্বংসাত্মক ও পথভ্রষ্টকারী চিন্তাচেতনার মোকাবিলা করা এবং ইসলামের পূর্ণাঙ্গতা, ভারসাম্য,গভীরতা ও ইতিবাচক জীবনবোধবিষয়ক বৈশিষ্ট্যসমূহও দৃশ্যমান করা।

(ঘ) বাস্তবজীবন ও মানুষের যাপিত পরিস্থিতির সাথে খুতবার সংযোগ ঘটানো। আর তা হবে সমাজের ব্যাধিসমূহের প্রতি গুরুত্বারোপ এবং সমাজে বিরাজিত সমস্যাগুলোর স্বচ্ছ-শুভ্র ইসলামী শরীআ থেকে আহ-

রিত বিধিমালার আলোকে সমাধান করার মাধ্যমে। সাথে সাথে নারী ও মুসলিম পরিবারের বিষয়-আশয়ের প্রতি গুরুত্বারোপ করা; কেননা নারী ও মুসলিম পরিবার ইসলামের শত্রুদের ছুড়ে-দেয়া নানা ফেতনার সম্মুখীন।

(ঙ) বিভিন্ন দীনী উপলক্ষ বিবেচনায় রাখা যা বছরব্যাপী বার বার আসে, যেমন রমজান হজ ইত্যাদি; কেননা এ উপলক্ষগুলো শ্রোতাদেরকে মানসিকভাবে তৈরি করে এবং যা কিছু তাদের চলার পথকে আলোকিত করবে তা শুনতে আগ্রহী করে তোলে।

(চ) ইসলামী ভ্রাতৃত্ববোধ ও উম্মতের বৃহত্তর ঐক্যচেতনাকে জাগ্রত ও সুদৃঢ় করা ও সকল অশুভ গোঁড়ামির মোকাবিলা করা, যা এক উম্মতকে নানা ধারায় বিভক্ত করে দেয়। পাশাপাশি মুসলিম বিশ্বের ভেতরে ও বাইরে বিরাজিত মুসলমানদের নানা সমস্যার প্রতি গুরুত্বারোপ করা, যাতে একজন মুসলিম পৃথিবীময় ছড়িয়ে থাকা মুসলিম উম্মাহর অন্যান্য সদস্য থেকে চিন্তা ও অনুভূতিগতভাবে বিচ্ছিন্ন হয়ে না পড়ে।

(ছ) মুসলিম উম্মাহর সদস্যদের ভেতর সত্যিকার জিহাদের প্রেরণা জাগ্রত করা, মুসলিম উম্মাহর আত্মবলে শক্তি সিঞ্চন করা এবং মুসলমানদের আবেগানুভূতিকে প্রজ্জ্বলিত করা যাতে তারা ইসলামের পবিত্রতা রক্ষায়, ইসলামের পবিত্র নিদর্শনসমূহ রক্ষায়, মুসলমানদের জানমাল, ইজ্জত-আব্রু, ইসলামী আকীদা ও শরীআত রক্ষায় এবং ইসলামের প্রচারকর্মে বাধাপ্রদানকারীদের প্রতিহত করণে স্বতঃতস্ফূর্তভাবে এগিয়ে আসে।

দুইঃ খুতবা যেন বিশেষ কোনো ব্যক্তি, দল বা ইসলাম ব্যতীত অন্য কোনো বিধানের পক্ষে প্রপাগান্ডা চালানোর মাধ্যম হিসেবে ব্যবহৃত না হয়। বরং এর বিপরীতে খুতবা হবে কেবলই আল্লাহর জন্য, তাঁর দীনের জন্য এবং তাঁর দীনের দাওয়াত প্রচার ও এ'লায়ে কালিমাতুলাহর জন্য। ইরশাদ হয়েছেঃ وَأَنَّ الْمَسَاجِدَ لِلَّهِ فَلَا تَدْعُوا مَعَ اللَّهِ أَحَدًا ÔAvi wbðq gmwR`mgn Avjøvni, AZci Avjøvni mv‡_ KvD‡K †W‡Kv bvÕ(miv Avj wRb:18)।

তিনঃ খতীবের উপর সুলতান বা শাসক কর্তৃক নিয়ন্ত্রিত বিশেষ কোনো খুতবা চাপিয়ে দেয়া যাবে না, যা তিনি যান্ত্রিকভাবে আওড়িয়ে যাবেন। বরং কুরআন-সুন্নাহর আলোকে ও বিবেক-বুদ্ধির ফয়সালা মুতাবিক খুতবার ধরন নির্ণয়, খুতবা রচনা ও প্রদান ইত্যাদির ক্ষেত্রে খতীবকে স্বাধীন থাকতে হবে।

চারঃ উলামা ও দাঈদের উচিত, সর্বোচ্চ মানসম্মত বিষয়ভিত্তিক একটি খুতবা নির্দেশিকা তৈরি করা, যা কুরআন-সুন্নাহ, সীরাত, ইসলামের ইতিহাস, উত্তম পূর্বপুরুষদের কথামালা, অলংকৃত কবিতা ইত্যাদির সমাহারে সুসংহত ও বলিষ্ঠ গাইড হিসেবে বিভিন্ন দেশের খাতীবদের হাতে থাকবে এবং খুতবা তৈরিতে তারা এর সহায়তা নিতে পারবে।

পাঁচঃ খুতবা তৈরিতে নির্ভরযোগ্য ইসলামী জ্ঞান-উৎসের আশ্রয় নেয়া অত্যন্ত জরুরী। সে হিসেবে যয়ীফ ও মউযু হাদীস পরিত্যাগ করা আবশ্যক। উপরন্তু ইসলামী জ্ঞানভাণ্ডারে সুকৌশলে ঢুকিয়ে দেয়া ইসরাঈলী বর্ণনা, মিথ্যা ও বানোওয়াট কাহিনী এবং বিশুদ্ধ বর্ণনায় প্রমাণিত নয় অথবা স্বচ্ছ বুদ্ধি-বিবেচনা যা মানতে রাজি নয়, এমন বিষয়ে নিন্দিত অতিরঞ্জন অবশ্যই বর্জনীয়।

ছয়ঃ আরবদেশসমূহে খুতবার ভাষা হবে সহজবোধ্য বিশুদ্ধ আরবী, এ ক্ষেত্রে আরবী আঞ্চলিক ভাষা, অথবা কৃত্রিম উপায়ে অহেতুক শব্দের যোজনা, দুর্বোধ্য শব্দের ব্যবহার অবশ্য বর্জনীয়। পক্ষান্তরে অনারব দেশে, খুতবার ভূমিকা ও আরকানসমূহ আরবীতে হলেই চলবে। তবে খুতবার মূল আলোচ্য বিষয় দেশীয় ভাষায় হওয়া জরুরী, যাতে উপস্থিত শ্রোতারা খুতবা বুঝতে সক্ষম হয়।

সাতঃ খুতবা আদায় স্বাভাবিক ভঙ্গিতে হওয়া বাঞ্ছনীয়। সুর দিয়ে খুতবা আদায় অথবা খুতবার সময় চিৎকার করা এবং এমন কৃত্রিম ভাবভঙ্গি ধারণ করা যা শ্রোতাদের বিরক্তির কারণ হয়, এসব বর্জন করা বাঞ্ছনীয়।

আটঃ খুতবা এমন দীর্ঘ হওয়া উচিত নয় যাতে শ্রোতাদের ধৈর্যচ্যুতি ঘটে অথবা বিরক্তি সৃষ্টি করে। আবার এমন সংক্ষেপও হবে না যা আলোচ্য বিষয়কে স্পষ্ট করতে অপারগ।

নয়. জুমআর খুতবার ক্ষেত্রে যা বলা হলো দুই ঈদের খুতবার ক্ষেত্রেও একই নীতিমালা প্রযোজ্য। তবে খুতবার বিষয় চয়নে উভয় ঈদের বিশেষ উপলক্ষকে বিবেচনায় রাখতে হবে। সাথে সাথে বিষয়বস্তুর ব্যাপকতা ও ইসলামের মৌলিক বিষয়গুলোর আলোচনাও সন্বিবিষ্ট করা সমীচীন হবে।

বক্ষ্যমাণ খুতবাগ্রন্থ থেকে সর্বোচ্চ ফায়দা লাভের জন্য খতীবদের প্রতি কিছু প্রস্তাবনা

১. বক্ষ্যমাণ গ্রন্থ খুতবাবিষয়ে কিছু প্রাথমিক চাবি শামিল করেছে, যার ব্যবহারে খতীব তার পথচলা শুরু করতে সক্ষম হবেন। অন্যথায় খতীবের দিগন্তের সীমানা তো অঙ্কন করে তার ইলম ও ফিকর। একারণেই একজন খতীবের উচিত হবে কুরআন সুন্নাহর নির্ভরতায় শরঈ ইলম হাসিলের সাধনা অব্যহত রাখা।

২. সুনির্দিষ্ট খুতবা বেছে নেয়ার পূর্বে সময়ের সাথে তা কতটুকু সংগতিপূর্ণ তা নিশ্চিত হতে হবে। যে সময় যে খুতবা প্রযোজ্য সে সময় সেই খুতবাই দেবেন। সুনির্দিষ্ট সময়ের বেশি আগেও দেবেন না আবার পরেও দেবেন না। উদাহরণত মাহে রমজানকে স্বাগত জানানো বিষয়ক খুতবার উপযুক্ত সময় হলো শাবানের শেষ সপ্তাহ অথবা মাহে রমজানের প্রথম জুমা। এ সময়ের আগে বা পরে এ বিষয়ক খুতবা দিলে তা অপ্রাসঙ্গিক বলে গণ্য হবে।

৩. যে বিষয়ে খুতবা দেবেন বলে খতীব মনস্থির করেছেন সে বিষয়ে এ খুতবার বাইরেও আরো পড়াশোনা করার পরামর্শ দিচ্ছি। কেননা ইলম হলো দুনিয়া আখিরাত- উভয় জাহানেই মর্যাদা বাড়িয়ে দেয়ার কারণ। হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'একজন (অজ্ঞ) আবেদের উপর একজন আলেমের মর্যাদার উদাহরণ তোমাদের মধ্যে সবচে' আদনা ব্যক্তির উপর আমার মর্যাদার মতো'। [তিরমিযী]

৪. খুতবার বিষয়ের সাথে খতীবকে একাত্ম হতে হবে। খুতবায় আলোচ্য বিষয়ের ভাব ও অর্থ খতীবের জীবনে প্রতিফলিত হতে হবে। খুতবা প্রদানের পূর্বেই খুতবার আলোচ্য বিষয় খাতীব তার আমল ও অনুভূতির জগতে যাপন করবেন। এরূপ করতে পারলে আশা করা যায় শ্রোতাদের উপর বিশেষ প্রভাব পড়বে। মায়ের কাছে শিশুর বাস্তব কান্না আর অভিনেতার কৃত্রিম কান্নার মধ্যে যে পার্থক্য, হৃদয় ও বাহ্যিক আমল দ্বারা খতীব কর্তৃক খুতবার বিষয়-বস্তু বাস্তবায়িত হওয়ার পর খুতবা দেয়া এবং কেবল খুতবার শব্দমালা মুখে উচ্চারণ করার মধ্যেও একই পার্থক্য। আর তাই খতীবের কথা বলার ধরন-ধারণ, চেহারার ভাব, খুতবা প্রদানের সময় খতীবের বাহ্যদৃশ্য, এসবই খতীবের ঐকান্তিকতা, সত্যবাদিতা, আবেগ-আগ্রহ ও দীনের জন্য খতীবের জোশ-জযবার প্রমাণ হিসেবে প্রকাশ পায়।

৫. খতীব তার খুতবায় নিজ অঞ্চলের বাস্তব ঘটনা ও কাহিনী -যা এলাকার মুসল্লীদের জীবনকে সরাসরি স্পর্শ করে- বক্ষ্যমাণ খুতবায় সংযোজন করতে পারেন। এরূপ করলে মুসল্লীদের ভেতর এ অনুভূতি তৈরি হবে যে খুতবা বস্তুত তাদের জন্যই প্রস্তুত করা হয়েছে। আর এভাবেই মুসল্লীরা, দীন ও তাদের যাপিত জীবনের সাথে জুমআর খুতবার সংযোগ ঘটাতে সক্ষম হবে।

৬. খুতবা প্রদানের পূর্বে সুনির্দিষ্ট খুতবা তিন থেকে পাঁচবার পড়ে নেওয়ার প্রস্তাব করছি। জুমআর সময় যেভাবে খুতবা পড়া হয় ঠিক সেভাবেই উচ্চ আওয়াজে অনুশীলন করার পরামর্শ দিচ্ছি। কোথায় থামতে হবে, কোথায় দ্রুত পড়তে হবে, প্রতিটি বাক্য কিভাবে উচ্চারণ করতে হবে এসব কিছু বিবেচনায় রেখে যথার্থরূপে অনুশীলন করা জরুরী।

৭. ভালোভাবে পূর্ব-প্রস্তুতির পর স্বতঃস্ফূর্তভাবে খুতবা প্রদানের জন্য পরামার্শ দিচ্ছি। যাতে খতীবের আওয়াজে, নড়াচড়ায়, আকার-ভঙ্গিমায় খুতবার শক্তিশালী উপকরণগুলো স্বভাবসিদ্ধ প্রবাহ পায়। পাশাপাশি খুতবা প্রদানের জন্য উত্তমভাবে প্রস্তুতি নেয়া হয়েছে এ বিষয়টিও ফুটে ওঠে। উপরন্তু আমাদেরকে সকল ক্ষেত্রে আড়ম্বরতা বর্জন করার নির্দেশ দেয়া হয়েছে। বিশেষ করে মানুষ সারল্যকে পছন্দ করে এবং স্বতঃস্ফূর্তভাবে বক্তব্যদানকারীকে ভালোবাসে।

৮. পরিশেষে খতীব ভাইদেরকে বলতে চাই যে, বিশুদ্ধ নিয়ত, আল্লাহর জন্য ইখলাসই হলো সফল খুতবার মূল চাবি। অতপর প্রস্তুতিপর্ব ও খুতবা প্রদানকালে ইখলাস-ঐকান্তিকতা হৃদয়ে জাগ্রত রাখা জরুরী। আমাদের উত্তম পূর্বপুরুষদের কেউ বলেছেন, 'যার ইখলাস নেই সেই তো কেবল হোঁচট খায়'।

সূচীপত্র

ঈমান-আকীদা

১. তাওহীদ বাস্তবায়নকারীর মর্যাদা
২. ইখলাস
৩. আল্লাহ তা'লার সুন্দর নামসমূহের প্রতি ঈমান ও কয়েকটি নামের ব্যাখ্যা
৪. আল্লাহর উপর তাওয়াক্কুল করার গুরুত্ব
৫. মৃত্যুর পর যা ঘটবে
৬. ভয় ও আশা
৭. পরকালীন জীবনই আসল জীবন
৮. ভেলকিবাজ ফকীর, গণক, যাদুকর ও জ্যোতিষী থেকে সাবধান
৯. পাপের পরিণাম
১০. আল্লাহ ও আল্লাহর রাসূলের মহব্বত
১১. জান্নাতের সুখ ও জাহান্নামের শাস্তি
১২. আল্লাহ তাআলার সৃষ্টির কিছু নিদর্শন
১৩. তাকদীরের ভালো-মন্দের উপর ঈমান
১৪. কিয়ামতের কিছু আলামত
১৫. তাকওয়া ও মুসলমানের জীবনের তার প্রভাব

তাওহীদ বাস্তবায়নকারীর মর্যাদা

LZevq hv _vK‡e

১. তাওহীদের গুরুত্ব ও ফযীলত

২. তাওহীদ পরকালে বান্দার নাজাত ও মাগফিরাতের কারণ

৩. তাওহীদ বালা-মুসীবত থেকে সুরক্ষার মাধ্যম

৪. তাওহীদ ও শিরক বিষয়ে জ্ঞান লাভের গুরুত্ব

c_g LZev

اَلْحَمْدُ لِلّٰهِ ذِيْ الْفَضْلِ وَالْإِحْسَانِ، يَمُنُّ عَلَى مَنْ يَشَاءُ بِهِدَايَتِهِ لِلتَّوْحِيْدِ وَالْإِيْمَانِ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَاشَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ، أَرْسَلَهُ إِلَى كَافَّةِ الثَّقَلَيْنِ الْإِنْسَ وَالْجَانَّ. صَلَّى اللهُ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ وَسَلَّمَ تَسْلِيْمًا كَثِيْرًا. أَمَّا بَعْدُ:

gmwjøqv‡b wKivg! ইবরাহীম আলাইহিস-সালামের ঘটনা সকলেই জানেন। তাওহীদের জন্যই স্বজাতির লোকেরা তাঁকে নিক্ষেপ করেছিল জ্বলন্ত আগুনে। কিন্তু তাওহীদের লৌহকঠিন বিশ্বাস এবং তাওহীদ প্রচারের অদম্য স্পৃহার কারণে মহান আল্লাহর নির্দেশে জ্বলন্ত আগুন শীতল ও আরামদায়ক হয়ে গিয়েছিল।

wcq fvB‡qiv! তাওহীদ অবলম্বনের কোনো বিকল্প নেই। তাওহীদ ছাড়া দুনিয়া-আখিরাত অসার-অন্ধকার। তাওহীদ ছাড়া মানুষের জীবন মূল্যহীন, বরং কীট-পতঙ্গ তুল্য। তাওহীদ হলো আকাশ ও পৃথিবীর পালনীয় ধর্ম। গোটা মহাবিশ্বই কায়েম হয়েছে তাওহীদকে কেন্দ্র করে। তাওহীদের জন্যই সৃষ্টি হয়েছে মানুষ, জিন, জান্নাত, জাহান্নাম। তাওহীদের জন্যই বিধিবদ্ধ হয়েছে আল্লাহর পথে জান-মাল বিলিয়ে দেয়ার বিধান।

আকাশ ও পৃথিবী তথা গোটা মহাবিশ্বের স্রষ্টা ও পালনকর্তা একমাত্র আল্লাহ তা'আলা । সকল নিয়ামত ও বরকতের মালিক একমাত্র আল্লাহ। আর সে হিসেবে একমাত্র তিনিই ইবাদত-বন্দেগী, দু'আ প্রার্থনা পাবার উপযোগী। একমাত্র তিনিই সত্য ইলাহ-মাবুদ। ইরশাদ হয়েছে:لَوْ كَانَ فِيهِمَا آلِهَةٌ إِلَّا اللهُ لَفَسَدَتَا فَسُبْحَانَ اللهِ رَبِّ الْعَرْشِ عَمَّا يَصِفُونَ Ôhw` Avmgvb I hgx‡b Avjøvn Qvov eû Bjvn _vKZ Z‡e DfqB aŸsm n‡q †hZ, mZivs Zviv hv e‡j, Avi‡ki ie Avjøvn Zv †_‡K cweÎÕ (miv Avj-Aw¤qv: 22)।

gnZviv gmjøxe›`! আকাশ ও পৃথিবীতে একাধিক ইলাহ বিরাজমান থাকলে কে কার উপর নেতৃত্ব দেবে, তা নিয়ে লড়াই বেঁধে যেত। বিধান ও আদেশ নিষেধ বাস্তবায়নের ক্ষেত্রে কাকে রেখে কাকে প্রাধান্য দেয়া হবে তা নিয়ে যুদ্ধ বেঁধে যেত। ইলাহদের পরস্পরের লড়াইয়ে ধ্বংস হয়ে যেত আকাশ ও পৃথিবী। সে হিসেবে বলা যায় এ মহাবিশ্বের স্থিতি, দিবস-রজনীর চিরায়ত আবর্তন, লতাগুল্মের-বৃক্ষরাজীর-পশুপক্ষীর চলমান অস্তিত্ব তাওহীদ তথা একত্ববাদের এক চাক্ষুষ প্রমাণ।

একমাত্র আল্লাহ তা'আলাই যেহেতু অদ্বিতীয় ইলাহ, তাই ইবাদত বন্দেগীর সকল ধরন-ধারণ নিবেদিত হবে কেবলমাত্র তাঁরই উদ্দেশ্যে। ইবাদতের সকল অনুভূতি, ভাব, বাহ্যিক আচার-অনুষ্ঠান নিবেদিত হবে একমাত্র তাঁরই জন্য। এ উদ্দেশ্যেই তিনি সৃষ্টি করেছেন জিন ও ইনসান। ইরশাদ হয়েছে :وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبُدُونِ ÔAvi Awg wRb I gvbl‡K †Kej GRb¨B mwó K‡iwQ †h Zviv ïa Avgvi Bev`Z Ki‡eÕ (miv Avh hwiqvZ:56)।

যারা হৃদয়ের গভীরে তাওহীদী ভাবধারার ঝর্নধারা প্রবাহিত করতে নারাজ, যারা তাওহীদের শীতল ছায়ায় নিজেদের দাঁড় করাতে অনিচ্ছুক, যারা আল্লাহর পাশাপাশি অন্য কাউকে মাবুদ বলে মানে, তাদের জন্য অপেক্ষায় আছে জাহান্নামের জ্বলন্ত আগুন। শুধু তাই নয় বরং বিবেক-বুদ্ধি ও চিন্তাশক্তি থাকা সত্ত্বেও আকাশ ও পৃথিবীর বুকে সবচেয়ে বড় সত্য তাওহীদকে অমান্য ও অস্বীকার করার কারণে তারা পরিণত হয় নিকৃষ্টতম জীবে। ইরশাদ

হয়েছে: إِنَّ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ وَالْمُشْرِكِينَ فِي نَارِ جَهَنَّمَ خَالِدِينَ فِيهَا أُولَئِكَ هُمْ شَرُّ الْبَرِيَّةِ ÔwbðqB wKZvex‡`i g‡a¨ hviv Kdix K‡i‡Q I gkwiKiv, Rvnvbv‡gi Av¸‡b _vK‡e ¯vqxfv‡e| I ivB nj wbKó m wóÕ (miv Avj-ewq¨bvn:6)।

তাওহীদ সবচেয়ে মূল্যবান বস্তু, যা একজন মানুষ এ পৃথিবীতে অর্জন করে। হাদীসে এসেছে: مَنْ مَاتَ وَهُوَ يَعْلَمُ أَنَّهُ لا إِلَهَ إِلَّا اللهُ دَخَلَ الْجَنَّةَ 'আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই, এই জ্ঞান নিয়ে যে মারা গেল সে জান্নাতে প্রবেশ করবে'(মুসলিম)।

m¤§wbZ gmjøxe›`! তাওহীদ এমন একটি বিষয়, যার রয়েছে বহু কল্যাণ ও ফযীলত। যে ব্যক্তি তাওহীদকে অন্তরে ধারণ করে, তাওহীদ তার সকল পাপ-গুনাহ মুছে দেয়। তাওহীদ তাকে চিরস্থায়ী আগুনে বসবাস থেকে বাঁচিয়ে দেয় এবং তাকে উদ্ধার করে। হাদীসে এসেছে: مَنْ شَهِدَ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ، وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، وَأَنَّ عِيْسَى عَبْدُ اللهِ وَرَسُوْلُهُ، وَكَلِمَتُهُ أَلْقَاهَا إِلَي مَرْيَمَ وَرُوْحٌ مِنْهُ، وَالْجَنَّةُ حَقٌّ، وَالنَّارُ حَقٌّ، أَدْخَلَهُ اللهُ الْجَنَّةَ عَلَى مَا كَانَ مِنْ الْعَمَلِ 'যে ব্যক্তি সাক্ষ্য দিবে যে, আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই, তিনি এক, তাঁর কোনো শরীক নেই। আর মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাহি ওয়া সালাম)আল্লাহর বান্দা ও রাসূল। আর ঈসা (আলাইহিস সালাম) আল্লাহর বান্দা ও রাসূল এবং তার পক্ষ হতে-আসা একটি নির্দেশ যা তিনি মারয়ামের নিকট প্রেরণ করেছিলেন। জান্নাত সত্য, জাহান্নাম সত্য, আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করাবেন তার আমল যাই থাক না কেন' (বুখারী)।

তাওহীদই হলো বড় মাধ্যম, যা অবলম্বন করে একজন মানুষ তার সৃষ্টিকর্তার নিকটবর্তী হয়। তাওহীদের মাধ্যমেই অর্জিত হয় পূর্ণাঙ্গ শান্তি, নিরাপত্তা ও হিদায়াত। ইরশাদ হয়েছে : الَّذِينَ آمَنُوا وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُمْ بِظُلْمٍ أُولَئِكَ لَهُمُ الأَمْنُ وَهُمْ مُهْتَدُونَ Ôhviv Cgvb G‡b‡Q Ges wbR Cgvb‡K hj‡gi mv‡_ mswgkY K‡iwb, Zv‡`i Rb¨B wbivcËv Ges ZvivB wn`vqvZcvßÕ (miv Avj AvbAvg:82)।

অন্য এক আয়াতে এসেছে : لَا يَحْزُنُهُمُ الْفَزَعُ الأَكْبَرُ وَتَتَلَقَّاهُمُ الْمَلَائِكَةُ هَذَا يَوْمُكُمُ الَّذِي كُنْتُمْ تُوعَدُونَ ÔgnvfxwZ Zv‡`i‡K †c‡ikvb Ki‡e bv| Avi †d‡ikZviv Zv‡`i‡K Af¨_bv Rwb‡q ej‡e, GUvB †Zvgv‡`i †mB w`b, hvi Iqv`v †Zvgv‡`i‡K †`qv n‡qwQjÕ (miv Avj Avw¤qv:103)।

তাওহীদের বহু ফযীলতের মধ্যে আরেকটি হল,তাওহীদ অবলম্বনের জন্য, প্রকাশ্য ও অপ্রকাশ্য শিরক থেকে বেঁচে থাকার জন্য মানুষ যতটকু অগ্রসর হয়, সে ততটুকুই নিরাপত্তা পায় এবং ততটুকু হিদায়াত লাভে সক্ষম হয়। আর আখেরাতে রয়েছে তাদের মুক্তি ও সমধিক নিরাপত্তার ওয়াদা।

প্রিয় মুসলিম ভাইয়েরা ! দুনিয়া ও আখেরাতের বিপদ-মুসীবত-শঙ্কা থেকে সুরক্ষা পাওয়া তাওহীদের একটি বড় ফযীলত। পরকালীন বিপদ থেকে সুরক্ষার ব্যাপারে ইরশাদ হয়েছে:إِنَّكُمْ وَمَا تَعْبُدُونَ مِنْ دُونِ اللهِ حَصَبُ جَهَنَّمَ أَنْتُمْ لَهَا وَارِدُونَ، لَوْ كَانَ هَؤُلَاءِ آلِهَةً مَا وَرَدُوهَا وَكُلٌّ فِيهَا خَالِدُونَ، لَهُمْ فِيهَا زَفِيرٌ وَهُمْ فِيهَا لا يَسْمَعُونَ، إِنَّ الَّذِينَ سَبَقَتْ لَهُمْ مِنَّا الْحُسْنَى أُولَئِكَ عَنْهَا مُبْعَدُونَ ÔwbðqB †Zvgiv Ges Avjøvn Qvov †Zvgiv hv‡`i cRv Ki, †m¸‡jv †Zv Rvnvbv‡gi Rvjvbx| †Zvgiv †mLv‡b c‡ek Ki‡e| hw` Zviv Bjvn nZ Z‡e Zviv Rvnvbv‡g c‡ek KiZ bv| Avi Zviv mevB Zv‡Z ¯vqx n‡q _vK‡e| †mLv‡b _vK‡e Zv‡`i AvZbv`, Avi †mLv‡b Zviv ïb‡Z cv‡e bv| Avgvi c¶ †_‡K hv‡`i Rb¨ c‡eB Kj¨vY wbawiZ i‡q‡Q Zv‡`i‡K Zv †_‡K `‡i ivLv n‡eÕ (miv Avj Avw¤qv:98-101)।

আর দুনিয়ার বিপদ থেকে সুরক্ষা পাওয়ার ক্ষেত্রে ইবরাহীম আলাইহিস-সালামের ঘটনা একটি উজ্জ্বল উদাহরণ। ইরশাদ হয়েছে:

قُلْنَا يَا نَارُ كُونِي بَرْدًا وَسَلَامًا عَلَى إِبْرَاهِيمَ، وَأَرَادُوا بِهِ كَيْدًا فَجَعَلْنَاهُمُ الأَخْسَرِينَ وَنَجَّيْنَاهُ وَلُوطًا إِلَى الأَرْضِ الَّتِي بَارَكْنَا فِيهَا لِلْعَالَمِينَ.

ÔAvwg ejjvg,†n Av¸b Zzwg kxZj I wbivc` n‡q hvI Beivnx‡gi Rb¨| Avi Zviv Zvi weiæ‡× PµvšÍ K‡iwQj, wKš' Avwg Zv‡`i‡K me‡P‡q †ewk ¶wZM¯ K‡i w`jvg| Avi Avwg Zv‡K I jZ‡K D×vi K‡i †m †`‡k wb‡q †Mjvg, †hLv‡b Avwg wekevmxi Rb¨ eiKZ †i‡LwQÕ (miv Avj Avw¤qv:69-71)।

gmw jøqv‡b wKivg: তাওহীদ মূলতঃ তিন প্রকার।

এক. তাওহীদে রুবূবিয়াত, অর্থাৎ আল্লাহ তা'আলার কর্মসমূহের ক্ষেত্রে তাঁকে এক ও অদ্বিতীয় বলে বিশ্বাস করা। যেমন, সৃষ্টি একমাত্র আল্লাহই করেন, রিযক একমাত্র আল্লাহই দান করেন, জীবন ও মৃত্যু একমাত্র আল্লাহই দেন। মহাবিশ্বের পরিচালনা একমাত্র আল্লাহ তা'আলাই করেন ইত্যাদি ইত্যাদি। ইরশাদ হয়েছে : قُلْ هُوَ اللهُ أَحَدٌ Ôej ,wZwbB Avjøvn,GK-AwØZxqÕ(miv BLjvm:1)।

অন্যত্র ইরশাদ হয়েছে: اللهُ الَّذِي خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَأَنْزَلَ مِنَ السَّمَاءِ مَاءً فَأَخْرَجَ بِهِ مِنَ الثَّمَرَاتِ رِزْقًا لَكُمْ وَسَخَّرَ لَكُمُ الْفُلْكَ لِتَجْرِيَ فِي الْبَحْرِ بِأَمْرِهِ وَسَخَّرَ لَكُمُ الْأَنْهَارَ وَسَخَّرَ لَكُمُ الشَّمْسَ وَالْقَمَرَ دَائِبَيْنِ وَسَخَّرَ لَكُمُ اللَّيْلَ وَالنَّهَارَ ، وَآتَاكُمْ مِنْ كُلِّ مَا سَأَلْتُمُوهُ وَإِنْ تَعُدُّوا نِعْمَةَ اللهِ لَا تُحْصُوهَا إِنَّ الْإِنْسَانَ لَظَلُومٌ كَفَّارٌ . ÔAvjøvn whwb Avmgvbmgn I hgxb mwó K‡i‡Qb| Avi wZwb Avmgvb †_‡K ewó elY K‡ib; d‡j Zv Øviv dj-djwi` †_‡K Zvgv‡`i Rb¨ wiwhK Drcv`b K‡ib Ges wZwb †bŠhvb‡K †Zvgv‡`i Rb¨ wb‡qwRZ K‡i‡Qb, hv‡Z Zvi Av‡`‡k mg‡`ª Zv PjvPj K‡i Ges b`xmgn‡K †Zvgv‡`i Rb¨ wb‡qwRZ K‡i‡Qb| Avi wZwb mh© I Pv`‡K †Zvgv‡`i Rb¨ wb‡qwRZ K‡i‡Qb weivgnxbfv‡e Ges †Zvgv‡`i Rb¨ wb‡qwRZ K‡i‡Qb ivZ I w`b‡K| Avi †Zvgiv hv †P‡qQ, Zvi c‡Z¨KwU †_‡K wZwb †Zvgv‡`i w`‡q‡Qb Ges hw` †Zvgiv Avjøvni wbqvgZ MYbv Ki, Z‡e Zvi msL¨v wbiƒcY Ki‡Z cvi‡e bv| wbðq gvbl AwaK AZ¨vPvix I AKZÁÕ (miv Bevnxg: 32-34)।

দুই. তাওহীদুল উলূহিয়াহ অর্থাৎ ইবাদত-বন্দেগী, দু'আ-প্রর্থনা, নজর-মানত, বিপদ-আপদ থেকে উদ্ধার পাওয়া, সাহায্য চাওয়া ইত্যাদি একমাত্র আল্লাহর উদ্দেশ্যে নিবেদন করা। এসবের ক্ষেত্রে আল্লাহর সাথে অন্য কাউকে শরীক সাব্যস্ত না করা। ইরশাদ হয়েছে: إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ ÔAvcbviB Avgiv Bev`Z Kwi Ges AvcbviB wbKU mvnvh¨ PvBÕ (miv Avj dvwZnv:5)।

আরো ইরশাদ হয়েছে: رَبُّ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا فَاعْبُدْهُ وَاصْطَبِرْ لِعِبَادَتِهِ هَلْ تَعْلَمُ لَهُ سَمِيًّا. Ôw-Zwb Avmgvbmn, hgxb I GZ‡`vf‡qi g‡a¨ hv Av‡Q Zvi ie| mZivs Zvi Bev`Z Ki Ges ZviB Bev`‡Z ‰ahkxj _vK| Zwg wK Zvi mgZj¨ KvD‡K Rvb?Õ (miv gvigvg:65)।

আরো ইরশাদ হয়েছে: وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ وَذَلِكَ دِينُ الْقَيِّمَةِ ÔAvi Zv‡`i‡K †Kej GB wb‡`©k †`qv n‡qwQj †h, Zviv †hb Avjøvni Bev`Z K‡i ZviB Rb¨ `xb‡K GKwbô K‡i, mvjvZ Kv‡qg K‡i Ges hvKvZ †`q; Avi GwUB nj mwVK w`bÕ (miv Avj evwq¨bv: 5)।

তিন: তাওহীদুল আসমা ওয়াস-সিফাত: অর্থাৎ আল্লাহর নাম ও গুণাবলী বিষয়ক একত্ববাদ। অর্থাৎ আল্লাহ যেসব নামে নিজেকে ভূষিত করেছেন, অথবা তাঁর রাসূল যেসব নামে তাঁকে ডেকেছেন, তা ছাড়া অন্য কোনো নাম আল্লাহর প্রতি আরোপ না করা। আর আল্লাহ যেসব গুনে নিজেকে গুণান্বিত করেছেন, অথবা তার রাসূল তাঁকে যেসব বিশেষণে বিশেষিত করেছেন সে সবের বাইরে অন্য কোনো বিশেষণ আল্লাহর উপর আরোপ না করা, এবং এ ব্যাপারে মাখলুকের সাথে কোনো সাদৃশ্য নিরূপণ, উদাহরণ পেশ, শব্দ ও অর্থের বিকৃতি ও পরিবর্তনের আশ্রয়ে না গিয়ে সরাসরি যেভাবে কুরআন-হাদীসে উল্লেখ হয়েছে ঠিক সেভাবেই বিশ্বাস করা।

ইরশাদ হয়েছে: وَلِلَّهِ الْأَسْمَاءُ الْحُسْنَى فَادْعُوهُ بِهَا وَذَرُوا الَّذِينَ يُلْحِدُونَ فِي أَسْمَائِهِ سَيُجْزَوْنَ مَا كَانُوا يَعْمَلُونَ ÔAvi Avjøvni Rb¨B i‡q‡Q m›`iZg bvgmgn| mZivs †Zvgiv Zv‡K †mme bv‡gB WvK| Avi Zv‡`i‡K eRb Ki hviv Zvi bv‡g weKwZ NUvq| Zviv hv KiZ AwP‡iB Zv‡`i‡K Zvi cwZdj †`qv n‡eÕ (miv Avj Avivd:180)।

আল্লাহ তা'আলা আপনাকে আমাকে যথার্থরূপে তাওহীদ বাস্তবায়নের তাওফীক দান করুন। তাওহীদের মর্ম ও হাকীকত সঠিক অর্থে বোঝার তাওফীক দান করুন। সকল প্রকার শিরক থেকে আমাদেরকে বেঁচে থাকার তাওফীক দিন।

(أَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ : لَيْسَ كَمِثْلِهِ شَيْءٌ وَهُوَ السَّمِيعُ الْبَصِيرُ (سورة الشورى :11

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ، أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ .

তাওহীদ বাস্তবায়নকারীর মর্যাদা

wØZxq LZev

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ، خَلَقَ الْخَلْقَ لِعِبَادَتِهِ، وَأَمَرَ بِتَوْحِيْدِهِ وَطَاعَتِهِ، وَأَشْهَدُ أَنْ لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَاشَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، أَمَّا بَعْدُ :

m¤§vwbZ Dcw¯'wZ! তাওহীদ এমন একটি বিষয়, যা সদা যত্নের দাবি রাখে। তাওহীদকে সদা আলোকোজ্জ্বল ও স্বচ্ছ-শুভ্র রাখার জন্য প্রয়োজন হয় সার্বক্ষণিক পরিচর্যার। কেননা এমন কিছু বিষয় রয়েছে যা এর সাথে মিশ্রিত হলে, যার স্পর্শে গেলে তাওহীদ ধ্বংস হয়ে যেতে বাধ্য। এসব বিষয় হলো তাওহীদ পরিপন্থী বিষয়, যেমন- সকল প্রকার বড় শিরক বা শিরকে আকবার। শিরকে আকবার পুরোপুরি তাওহীদের বিপরীত, তাওহীদকে সমূলে বিনাশকারী। উদাহরণত আল্লাহ ছাড়া অন্য কারো কাছে এমন বিষয়ের জন্য দু'আ-প্রার্থনা করা, যা দেয়ার ক্ষমতা একমাত্র আল্লাহ তা'আলারই আছে। যেমন নেককার ব্যক্তিদের কবরে গিয়ে কোনো কিছু চাওয়া, ভেলকিবাজ ফকীর, জ্যোতিষী ও গণকের কাছে যাওয়া এবং গায়েবের খবর রাখে বলে তারা যে দাবি করে তা বিশ্বাস করা। ইরশাদ হয়েছে: وَإِنْ يَمْسَسْكَ اللهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهُ إِلَّا هُوَ وَإِنْ يَمْسَسْكَ بِخَيْرٍ فَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ÔAvi hw` Avjøvn ``kv Øviv †Zvgv‡K ¯úk K‡ib Z‡e Zv Avjøvn Qvov Ab¨ †KD `i Kivi †bB, Avi hw` wZwb †Zvgv‡K fvj Øviv ¯úk K‡ib Z‡e wZwb mKj wel‡qi Dci ¶gZvevbÕ (Avj AvbAvg:17)।

বড় শিরকের আরেকটি প্রকার হলঃ আল্লাহ ছাড়া অন্য কারো কাছে দু'আ মুনাজাত করা, প্রার্থনা করা। হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দু'আকে ইবাদত বলে আখ্যায়িত করেছেন, বলেছেন اَلدُّعَاءُ هُوَ الْعِبَادَةُ, 'দু'আই হল ইবাদত' (তিরমিযী)।

বড় শিরকের আরেকটি প্রকার হল, আনুগত্যের ক্ষেত্রে শিরক। অর্থাৎ আল্লাহ যা হালাল করেছেন তা হারাম-কারী অথবা যা হারাম করেছেন তা হালালকারী কোনো মানুষের অনুগত্য করা।

এ ব্যাপারে হাদীসে একটি প্রসিদ্ধ ঘটনার বর্ণনা পাওয়া যায়। ঘটনাটি এ রকমঃ আদী ইবনে হাতেম রাযি. তখন খৃষ্টধর্মের অনুসারী ছিলেন। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এলেন এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে নিম্নোক্ত আয়াতটি পড়তে শুনলেন: اتَّخَذُوا أَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ أَرْبَابًا مِنْ دُونِ اللهِ وَالْمَسِيحَ ابْنَ مَرْيَمَ وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا إِلَهًا وَاحِدًا لَا إِلَهَ إِلَّا هُوَ سُبْحَانَهُ عَمَّا يُشْرِكُونَ আদী ইবনে হাতেম বললেনঃ আমরা তো তাদের ইবাদত করি না? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বললেন, পাপের ক্ষেত্রে আল্লাহর বিধান পরিবর্তন করার ক্ষেত্রে তাদের আনুগত্য করাই তাদের ইবাদত। তিনি বলেছেন, আল্লাহ যা হালাল করেছেন তারা কি তা হারাম করে না, অতঃপর তোমরাও তা হারাম বল? তারা কি হালাল করে না আল্লাহ যা হারাম করেছেন, অতঃপর তোমরাও তা হালাল বল? তিনি বললেন, হ্যাঁ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, এটাই তাদের ইবাদত' (তিরমিযী)।

শিরকের আরেকটি ধরন হল মহব্বতবিষয়ক শিরক, যার দাবি হল তাযীম-ভক্তি,বিনয় ও অধীনস্থতার যেসব ধরন-ধারণ কেবল একমাত্র আল্লাহর ব্যাপারেই প্রযোজ্য, তা আল্লাহ ছাড়া অন্য কারো প্রতি পোষণ করা। ইরশাদ হয়েছে: وَمِنَ النَّاسِ مَنْ يَتَّخِذُ مِنْ دُونِ اللهِ أَنْدَادًا يُحِبُّونَهُمْ كَحُبِّ اللهِ وَالَّذِينَ آمَنُوا أَشَدُّ حُبًّا لِلَّهِ ÔAvi gvb‡li g‡a¨ GgbI Av‡Q, hviv Avjøvn Qvov Ab¨‡K Avjøvni mgK¶ i/‡c MnY K‡i, Zv‡`i‡K Avjøvn‡K fvjevmvi gZ fvjev†m| Avi hviv Cgvb G‡b‡Q Zviv Avjøvni Rb¨ fvjevmvq `pZiÕ (miv Avj evKviv:165)।

শিরকের অন্য-একটি রূপ হচ্ছে নিয়ত ও ইচ্ছার ক্ষেত্রে শিরক, অর্থাৎ একমাত্র আল্লাহকে রাযি-খুশী করার উদ্দেশ্য না নিয়ে দুনিয়া অর্জন, সুনাম কুড়ানো ও লোকদেখানোর উদ্দেশ্যে ইবাদত-বন্দেগী করা। ইরশাদ হয়েছে: مَنْ كَانَ يُرِيدُ الْحَيَاةَ الدُّنْيَا وَزِينَتَهَا نُوَفِّ إِلَيْهِمْ أَعْمَالَهُمْ فِيهَا وَهُمْ فِيهَا لَا يُبْخَسُونَ، أُولَئِكَ الَّذِينَ لَيْسَ لَهُمْ فِي الْآخِرَةِ إِلَّا النَّارُ وَحَبِطَ مَا صَنَعُوا فِيهَا وَبَاطِلٌ مَا كَانُوا يَعْمَلُونَ . Ôth e¨w³ `wbqvi Rxeb I Zvi †RŠjm Kvgbv K‡i, Avwg †mLv‡b Zv‡`i‡K Zv‡`i Avgj¸‡jvi dj c‡ivcywi w`‡q †`B Ges †mLv‡b Zv‡`i‡K Kg †`qv n‡e bvÕ (m~iv û`:15-16)।

gnZvivg gmjøxe›`! শিরকের পাপ সবচেয়ে বড় পাপ। শিরকের অন্যায় সবচেয়ে বড় অন্যায়। এ অন্যায়কে আল্লাহ্ তা'আলা কখনো ক্ষমা করেন না। এ ছাড়া যাকে চান তিনি ক্ষমা করেন। ইরশাদ হয়েছে : إِنَّ اللهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَنْ يَشَاءُ وَمَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدِ افْتَرَى إِثْمًا عَظِيمًا Ôwbðq Avjøvn ¶gv K‡ib bv Zvi mv‡_ kixK Kiv‡K Ges G Qvov hv‡K Pvb ¶gv K‡ib| Avi †h Avjøvni mv‡_ kixK K‡i †m †Zv †Nvi c_åóZvq c_åó njÕ (m~iv Avb-wbmv: 48)।

অন্যত্র এসেছে: وَمَنْ يُشْرِكْ بِاللَّهِ فَكَأَنَّمَا خَرَّ مِنَ السَّمَاءِ فَتَخْطَفُهُ الطَّيْرُ أَوْ تَهْوِي بِهِ الرِّيحُ فِي مَكَانٍ سَحِيقٍ 'Avi †h Avjøvni mv‡_ kixK K‡i, †m †hb AvKvk †_‡K coj| AZtci cvwL Zv‡K †Qv †g‡i wb‡q †Mj wKsev evZvm Zv‡K `‡ii †Kv‡bv RvqMvq wb‡¶c KijÕ (m~iv Avj nv¾:31)।

আরো ইরশাদ হয়েছে: إِنَّهُ مَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدْ حَرَّمَ اللهُ عَلَيْهِ الْجَنَّةَ وَمَأْوَاهُ النَّارُ وَمَا لِلظَّالِمِينَ مِنْ أَنْصَارٍ Ôwbðq †h Avjøvni mv‡_ kixK K‡i, Zvi Dci Aek¨B Avjøvn RvbœvZ nvivg K‡i w`‡q‡Qb Ges Zvi wVKvbv Av¸b| Avi Rvwjg‡`i †Kv‡bv mvnvh¨Kvix ‡bBÕ (m~iv Avj gvwq`vn:72)।

gnZvivg nv‡hixb! আমাদের মধ্যে কে না চায় দুনিয়া ও আখেরাতের নিরাপত্তা? কে না চায় জাহান্নাম থেকে পরিত্রাণ পেতে এবং বিনা হিসাবে জান্নাতে প্রবেশ করতে? কে না চায় দুনিয়াতে স্বাচ্ছন্দ্যময় জীবন এবং পরকালের মুক্তি ও কল্যাণ? কে না চায় শাশ্বত সুখ ও বেহেশতের সওগাত?

তাহলে আসুন, তাওহীদকে আমরা করে নেই একান্ত আপন। তাওহীদের জন্য হয়ে যাই নিবেদিত, মুখলিস। তাওহীদ সম্পর্কে যথার্থরূপে শিক্ষালাভ করি এবং তা আয়ত্ত করি। হকপন্থী উলামা-ই কিরাম তাওহীদ ও শিরক, শিরকের কারণ ও মাধ্যমসমূহ, তাওহীদ ও শিরকের হুকুম-আহকাম, দলীল-প্রমাণ সম্পর্কে যা কিছু লিখেছেন তা অধ্যয়ন করি। এগুলোর অধ্যয়ন আমাদেরকে নিয়ে যাবে অন্ধকার থেকে আলোতে। সুগম হবে হিদায়াতের পথ ব্যক্তি ও সমাজ উভয়ের জন্যই।

দুনিয়ার জৌলুস ও চাকচিক্য যেন এই অতি গুরুত্বপূর্ণ মহান বিষয় থেকে আমাদেরকে দূরে সরাতে না পারে। কেননা এ বিষয়টির দাওয়াত নিয়েই প্রেরিত হয়েছেন নবী-রাসূলগন। এর ভিত্তিতেই প্রদান করা হবে জান্নাত ও জাহা-ন্নাম। তাই বিষয়টির প্রতি আরোপ করুন সর্বোচ্চ গুরুত্ব। এই মুহূর্ত থেকেই এ ব্যাপারে যথার্থ উদ্যোগ নিন। খালেস নিয়তে অধ্যয়ন শুরু করুন তাওহীদ ও শিরকের সংক্ষিপ্ত ও বিস্তারিত সকল আলোচনা। যাতে, না জানার কারণে অনেকেই যেসব ভুল করে বসেন, আপনি সে সবে জড়িয়ে না যান, তাওহীদ থেকে দূরে চলে না যান। আল্লাহর কাছে প্রার্থনা তিনি যেন আমাদের নিয়ত সংশোধন করে দেন। আমাদের দীন চর্চাকে সঠিক পথে পরিচালিত করেন। আমাদের দুনিয়াকে তিনি ইসলাহ করেন। তিনি অতি দয়ালু ও মেহেরবান।

মুসলিম ভাইয়েরা! আল্লাহ তা'আলা তাঁর নবীর উপর আমাদেরকে সালাত ও সালাম পাঠ করতে বলেছেন। কুরআনুল কারীমে এ ব্যাপারে তিনি সরাসরি নির্দেশ দিয়ে বলেছেন: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا Ôwbðq Avjøvn ZvÔAvjv (EaŸ RM‡Z †d‡ikZv‡`i g‡a¨) bexi cksmv K‡ib, Ges Zvi †d‡ikZvMY bexi Rb¨ `Av K‡ib| †n gywgbMY †ZvgivI bexi Dci `iæ` cvV Ki Ges Zv‡K h_vh_fv‡e mvjvg RvbvIÕ (Avj Avnhve:56)।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনি আমাদেরকে যথার্থরূপে তাওহীদ শেখার তাওফীক দান করুন। আপনি আমাদেরকে যথার্থরূপে তাওহীদ বাস্তবায়ন করার তাওফীক দিন। আমরা যেন কখনো কোনো শিরকে লিপ্ত না হই সে তাওফীক আমাদের দান করুন। সকল প্রকার বাতিল আকীদা থেকে আমাদের রক্ষা করুন। সকল প্রকার গোমরাহী থেকে আমাদের হিফাযত করুন। আমীন ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحمَكُمُ اللهُ : (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

ইখলাস

LZevq hv _vK‡e

১. ইবাদতে ইখলাস থাকার আবশ্যকতা

২. ইখলাস আমল কবুল হওয়ার একটি রুকন

৩. ইখলাসের গুরুত্ব ও ইখলাস না থাকার ভয়াবহতা

৪. ইখলাস-বিধ্বংসী বিষয় সম্পর্কে সতর্ককরণ

৫. ইখলাসের ফলাফল ও উপকারিতা

c_g LZev

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ، وَأَشْهَدُ أَن لَّا إِلٰهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَاشَرِيْكَ لَهُ مُخْلِصاً لَهُ الدِّيْنَ، وَأَشْهَدُ أَنَّ مُحَمداً عَبْدُهُ وَرَسُوْلُهُ الصَّادِقُ الأَمِيْنُ، صَلَّى اللهُ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنَ، وَسَلَّمَ تَسْلِيْماً كَثِيْراً، أَمَّا بَعْدُ :

m¤§wbZ gmjøx fvB‡qiv! আজ একটি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে কথা বলব যার অনুপস্থিতিতে বান্দার সকল আমল আল্লাহর কাছে প্রত্যাখ্যাত হয়। এমন একটি বিষয়, যার দ্বারা বান্দার মর্যাদা বৃদ্ধি পায়, দরজা বুলন্দ হয়। আর এ ক্ষেত্রে ত্রুটি দেখা দিলে বান্দার অধঃপতন ঘটে। আর তা হল ইখলাস।

wcq fvB‡qiv! ইখলাস একটি মহৎ বিষয়, আমল কবুল হওয়ার অন্যতম এক স্তম্ভ। কেননা আল্লাহ তা'আলা বান্দার কোনো আমলই কবুল করেন না যদি তা একমাত্র তাঁরই উদ্দেশ্যে, একমাত্র তাঁকেই রাযি-খুশী করার জন্য সম্পাদিত না হয়। যে আমলে আল্লাহ ছাড়া অন্য কাউকে উদ্দেশ্য করা হয়, অন্য কাউকে শরীক করা হয়, যে আমলে আল্লাহ ছাড়া অন্য কারও রেযামন্দী তালাশ করা হয়, সে আমল যত বড়োই হোক বাহ্যিকভাবে যত সুন্দরই হোক আল্লাহর কাছে আদৌ গ্রহণযোগ্য হয় না। ইরশাদ হয়েছে : إِنَّا أَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ فَاعْبُدِ اللهَ مُخْلِصًا لَهُ الدِّينَ، أَلا لِلّٰهِ الدِّينُ الْخَالِصُ Ôwbðq Awg †Zvgvi Kv‡Q h_vh_fv‡e GB wKZve bvwhj K‡iwQ; AZGe Avjøvni Bev`Z Ki ZviB AvbM‡Z¨ GKwbô n‡q| †R‡b †iL, weï× Bev`Z-AvbMZ¨ AvjøvniB cvc¨Ó (miv Avh hgvi:3)।

আরো ইরশাদ হয়েছে: قُلْ أَمَرَ رَبِّي بِالْقِسْطِ وَأَقِيمُوا وُجُوهَكُمْ عِنْدَ كُلِّ مَسْجِدٍ وَادْعُوهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ كَمَا بَدَأَكُمْ تَعُودُونَ Ôej,ÔAvgvi ie b¨vq wePv‡ii wb‡`k w`‡q‡Qb Avi †Zvgiv c‡Z¨K wmR`vi mgq †Zvgv‡`i †Pnviv †mvRv ivL‡e Ges ZviB Bev`v‡Zi Rb¨ GKwbô n‡q Zv‡K WvK‡eÓ| †hfv‡e wZwb †Zvgv‡`i‡K c_‡g mwó K‡i‡Qb, †mfv‡e †Zvgiv wd‡i Avm‡eÓ(miv Avj-Avivd:29)।

অন্যত্র ইরশাদ হয়েছে: فَادْعُوا اللهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ ÔmZivs †Zvgiv Avjøvn‡K WvK, Zvi AvbM‡Z¨ GKwbô n‡q| hw`I Kwdiiv Zv AcQ›` K‡iÓ (miv Mwdi:14)।

আল্লাহ তা'আলা আরো বলেন : هُوَ الْحَيُّ لَا إِلَهَ إِلَّا هُوَ فَادْعُوهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ الْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِينَ ÔwZwb PwiÄxe, wZwb Qvov †Kv‡bv Bjvn †bB| mZivs †Zvgiv `xb‡K Zvi Rb¨ GKwbô K‡i Zv‡KB WvK| mKj cksmv Avjøvni wbwb mwóK‡ji ieÓ(miv Mwdi:65)।

অন্যত্র ইরশাদ হয়েছে: وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ وَذَلِكَ دِينُ الْقَيِّمَةِ ÔAvi Zv‡`i‡K †Kej GB wb‡`k †`qv n‡qwQj †h, Zviv †hb Avjøvni Bev`Z K‡i ZviB AvbM‡Z¨ GKwbô nq Ges mvjvZ Kv‡qg K‡i I hvKvZ †`q; Avi GwUB nj mwVK `xbÓ (miv Avj evBwqbvn:5)।

gnZvivg gmwjøqvb ! আমলের পিছনে অন্য কোনো উদ্দেশ্য নয়, বরং একমাত্র লা-শরীক আল্লাহ তা'আলাকে উদ্দেশ্য করা, লোক দেখানো এবং মানুষের প্রশংসা কুড়ানোর মানসিকতা পরিহার করে একমাত্র

আল্লাহ তা'আলার সন্তুষ্টি অর্জনকে উদ্দেশ্য করার নামই হল ইখলাস। আমল যদি ইখলাসশূন্য হয়, ইখলাস থেকে বিচ্যুত হয় তাহলে তা বান্দার পক্ষে না গিয়ে তার বিরুদ্ধে চলে যায়। আবূ হুরাইরা রাযি. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: 'কিয়ামতের দিন সর্বপ্রথম যার বিচার করা হবে, সে হলো এমন ব্যক্তি, যে শহীদ হয়েছিল। তাকে হাজির করা হবে এবং আল্লাহ তার নিয়ামতের কথা তাকে বলবেন। আর সে তাকে দেয়া সকল নিয়ামতের কথা স্বীকার করবে। তখন আল্লাহ তাকে বলবেন, তুমি কী কাজ করে এসেছ? সে বলবে, আমি আপনার পথে যুদ্ধ করেছি, শেষ পর্যন্ত শহীদ হয়েছি। আল্লাহ বলবেন: তুমি মিথ্যা বলেছ। তুমি তো যুদ্ধ করেছ লোকে তোমাকে বীর বলবে, এ উদ্দেশ্যে। আর তা বলা হয়েছে। অতঃপর নির্দেশ দেয়া হবে, এবং তাকে টেনে উপুড় করে জাহান্নামে নিক্ষেপ করা হবে।

অন্য এক হাদীসে বর্ণিত হয়েছে: مَنْ تَوَضَّأَ فَأَحْسَنَ الْوُضُوْءَ ثُمَّ أَتَى الْجُمُعَةَ فَاسْتَمَعَ وَأَنْصَتَ. غُفِرَ لَهُ مَا بَيْنَهُ وَبَيْنَ الْجُمُعَةِ 'যে ব্যক্তি উত্তমরূপে ওযু করে জুমআর নামাযে হাজির হবে এবং মনোযোগের সাথে খুতবা শুনবে,ও চুপ থাকবে, এই জুমআ থেকে অন্য জুমআ পর্যন্ত তার সকল গুনাহ মাফ করে দেয়া হবে' (মুসলিম)।

শুক্রবারের সবচে' গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো জুমআর নামায । আর জুমআর নামায হচ্ছে সবচে' মর্যাদাপূর্ণ ও বৈশিষ্ট্যপূর্ণ নামায । ইসলাম জুমআর নামাজের প্রতি বিশেষভাবে গুরুত্ব দেয়া এবং যত্নবান হওয়ার কথা বলেছে। আর এ নামাজের ছাওয়াবও অন্যান্য নামাজের চেয়ে বেশি।

শুক্রবরের আদব হচ্ছে, ভালোভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন হয়ে গোসল করা, আতর ও সুগন্ধি ব্যবহার করা, উত্তম পোশাক পরিধান করা, ইমামের কাছাকাছি বসা, ওয়ায ও নসীহত শোনার জন্য নিজেকে প্রস্তুত করা। আবূ হুরাইরা রাযি. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, 'যে ব্যক্তি শুক্রবারে গোসল করল, ঠিক ফরয গোসল করার মতো এবং সর্বপ্রথম মসজিদে গেল, সে যেন একটি উঁট কুরবানী করল' (বুখারী ও মুসলিম)।

ইমামের নিকটবর্তী স্থানে বসা সম্পর্কে হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,'তোমরা জুমআর নামাজে হাজির হও, ইমামের কাছাকাছি হও, কেননা বান্দা দূরবর্তী হতেই থাকে এ পর্যন্ত যে তাকে জান্নাতেও পিছিয়ে দেয়া হবে, যদিও সে জান্নাতে প্রবেশ করে।

gm¨jøqv‡b †Kivg! শুক্রবারে মসজিদের আসার পর কর্তব্য হবে যিকর, নামায , কুরআন তিলাওয়াত প্রভৃতি ইবাদতে মশগুল হওয়া। খুতবা শুরু হলে একাগ্রচিত্তে মনোযোগের সাথে তা শোনা। এরপর খুশু-খুযুর সাথে নামায আদায় করা এবং নামায শেষে হাদীসে বর্ণিত দু'আগুলো পড়া। তারপর মসজিদে আদায় করলে চার রাকআত সুন্নত আদায় করা। আর ঘরে এসে আদায় করলে দু'রাকআত আদায় করা। তবে ঘরে এসে আদায় করাই উত্তম। বুখারী ও মুসলিমের বর্ণনা থেকে এটাই প্রমাণিত।

শুক্রবারের বর্জনীয় কাজসমূহ

gnZvivg nv‡hixb! যেসব কাজ-কর্মের কারণে জুমআর নামাজের ছাওয়াব নষ্ট হয়ে যায় কিংবা ছাওয়াব কমে যায় সেসব কাজ-কর্ম থেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে বিরত থাকতে বলেছেন। তিনি আমাদেরকে জুমআর জামাতে বিলম্বে হাজির হওয়া থেকে নিষেধ করেছেন।

মুসল্লীদের ঘাড়ের ওপর দিয়ে অতিক্রম করে সামনের কাতারে যাওয়ার চেষ্টা করা থেকে তিনি আমাদেরকে বারণ করেছেন। একবার খুতবা চলাকালে এক ব্যক্তিকে মুসল্লীদের ঘাড়ের ওপর দিয়ে অতিক্রম করতে দেখে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে নিষেধ করে বললেন, 'বসে পড়ো, তুমি তো মানুষকে কষ্ট দিচ্ছ'। যারা এরূপ করত তাদের বিষয়ে নবী সালালাহ আলাইহি ওয়া সালাম আশংকা করতেন যে, তারা এই আয়াতের অন্তর্ভূক্ত হয়ে যায় কি না? وَالَّذِينَ يُؤْذُونَ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ بِغَيْرِ مَا اكْتَسَبُوا فَقَدِ احْتَمَلُوا بُهْتَانًا

وَإِثْمًا مُبِينًا ÔAvi hviv gywgb cyiæl I gywgb bvixi‡`i‡K Zv‡`i KZ †Kv‡bv Ab¨vq QvovB Kó †`q, wbðq Zviv enb Ki‡e Acev` I m¯úó cvcÕ (myiv Avj Avnhve:58)।

জুমআর জামাতে উপস্থিত হয়ে জোরে জোরে যিকর, অথবা কুরআন তিলাওয়াত করে অন্যান্য মুসল্লীর মনোযোগ নষ্ট করে দেয়া থেকেও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম   আমাদেরকে নিষেধ করেছেন। একবার সাহাবায়ে কেরামকে উঁচু আওয়াজে তিলাওয়াত করতে দেখে নবী সালালাহ আলাইহি ওয়া সালাম তাদেরকে নিষেধ করে বললেন : لَايَجْهَرُ بَعْضُكُمْ عَلَى بَعْضٍ بِالْقُرْآنِ 'তোমাদের একজন যেন অন্যজনের ওপর উঁচু আওয়াজে তিলাওয়াত না করে' (আলবানীঃ সহীহুল জামে)।

সবচে' নিকৃষ্ট কাজ হলো পরস্পরে দুনিয়াবী গল্প-গুজব করে মানুষকে কষ্ট দেয়া। যে ব্যক্তি এমন করবে সে জুমআর ফযীলত ও ছাওয়াব থেকে মাহরুম হয়ে যাবে।

আবু হুরাইরা রাযি.থেকে বর্ণিত, নবী সালালাহ আলাইহি ওয়া সালাম ইরশাদ করেছেন:اِذَا قُلْتَ لِصَاحِبِكَ أَنْصِتْ يَوْمَ الْجُمُعَةِ وَالْإِمَامُ يَخْطُبُ فَقَدْ لَغَوْتَ 'জুমআর দিন খুতবা চলাকালে তুমি যদি তোমার সাথিকে বল, 'চুপ করো', তাহলে তুমি   অনর্থক কাজ করলে' (বুখারী ও মুসলিম)।

আলী রাযি. থেকে বর্ণিত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম   বলেন, 'জুমআর দিন খুতবা চলাকালে তুমি যদি তোমার সাথিকে বল, 'চুপ করো', তাহলে তুমি অনর্থক কাজ করলে' আর যে ব্যক্তি অনর্থক কাজ করল তার কোনো জুমআ কবুল হবে না' (আহমদ)।

gnZvivg nv‡hixb! শরীয়মসম্মত ওযর ছাড়া জুমআর নামায তরক করার ভয়াবহ পরিণতি সম্পর্কে নবী সালালাহ আলাইহি ওয়া সালাম আমাদেরকে কঠোরভাবে সতর্ক করেছেন। যে ব্যক্তি বিনা ওযরে জুমআর নামায তরক করে সে গাফলতের ব্যাধিতে আক্রান্ত হয়ে যায় এবং তার কলবে মহর লেগে যায়। আর যার কলবে মহর লেগে যায় তার অন্তরচক্ষু অন্ধ হয়ে যায়, আর তার পরিণতি হয় ভয়াবহ। আবদুল্লাহ ইবনে উমার থেকে সহীহ মুসলিমে বর্ণিত হয়েছে, নবী সালালাহ আলাইহি ওয়া সালাম ইরশাদ করেন:لَيَنْتَهِيَنَّ أَقْوَامٌ عَنْ وَدْعِهِمْ الْجُمُعَاتِ أَوْ لَيَخْتِمَنَّ اللهُ عَلَى قُلُوْبِهِمْ ثُمَّ لَيَكُوْنُنَّ مِنَ الْغَافِلِيْنَ'হয়তো লোকেরা জুমআর নামায   তরক করা থেকে বিরত থাকবে, নতুবা আল্লাহ তাদের হৃদয়ে মহর মেরে দিবেন। তখন তারা নিশ্চিতই গাফেলদের অন্তর্ভুক্ত হয়ে যাবে'(মুসলিম)।

অন্য এক হাদীসে উলেখিত হয়েছে, নবী সালালাহ আলাইহি ওয়া সালাম ইরশাদ করেন : مَنْ تَرَكَ الْجُمُعَةَ ثَلَاثَ مَرَّاتٍ تَهَاوُنًا بِهَا طَبَعَ الله عَلَى قَلْبِهِ 'অবহেলাবশত যে ব্যক্তি তিনটি জুমআ তরক করে, আল্লাহ তার কলবে মহর মেরে দেন' (তিরমিযী, হাসান)।

সুতরাং মুহতারাম হাযেরীন! আসুন আমরা জুমআর নামাজের প্রতি যত্নবান হই এবং জুমআর দিনের আদব রক্ষা করি, তাহলে ইনশাআল্লাহ আমরা জুমআর ফযীলত ও বরকত লাভ করতে সক্ষম হব। আল্লাহ আমাকে ও আপনাকে তাঁর রেজামন্দী অনুযায়ী চলার তাওফীক দান করুন। আমীন।

أَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ: يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا نُودِيَ لِلصَّلَاةِ مِنْ يَوْمِ الْجُمُعَةِ فَاسْعَوْا إِلَى ذِكْرِ اللَّهِ وَذَرُوا الْبَيْعَ ذَلِكُمْ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ. (سورة الجمعة:9)

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِيْ الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ

أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَاسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ وَلِسَائِرِ الْمُؤْمِنِيْنَ، فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمِ

wØZxq LZev

gnZviv¸ nv‡hixb! শুক্রবারের বিশেষ কিছু আমল রয়েছে যা শুধুমাত্র এ দিনের জন্যই খাস। শুক্রবারের ফযীলত ও বরকত লাভ করার জন্য সে আমলগুলোর প্রতি যত্নবান হওয়া জরুরি। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শুক্রবারের ফজরের নামাজে প্রথম রাকআতে সূরা আলিফ লাম আস্‌সাজদাহ এবং দ্বিতীয় রাকআতে সূরা আদ্‌দাহর তিলাওয়াত করতেন। সুতরাং শুক্রবারের প্রথম আমল হলো ফজরের নামাযের দুই রাকআতে এই দুই সূরা পাঠ করা।

শুক্রবারের আরেকটি বিশেষ আমল হলো, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি দরুদ পাঠ করা। হাদীসে শুক্রবার দিন ও রাতে নবী আলাইহিস সালামের প্রতি বেশি বেশি দরুদ পাঠের বিশেষ ফযীলত বর্ণিত হয়েছে। আনাস রাযি. বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সালাম ইরশাদ করেন: أَكْثِرُوْا الصَّلَاةَ عَلَيَّ يَوْمَ الْجُمُعَةِ، فَإِنَّهُ أَتَانِي جِبْرِيْلُ آنِفا عَنْ رَبِّهِ عَزَّ وَجَلَّ فَقَالَ : مَا عَلَى الأَرْضِ مِنْ مُسْلِمٍ يُصَلِّي عَلَيْكَ مَرَّةً وَاحِدَةً، إِلَّا صَلَّيْتُ أَنَا وَمَلَائِكَتِي عَلَيْهِ عَشْرًا. 'শুক্রবারে আমার প্রতি বেশি বেশি দরুদ পাঠ করো। এই মাত্র জিবরীল আমীন আল্লাহর পক্ষ থেকে আমার কাছে এসে বলে গেলেন যে, আল্লাহ তা'আলা বলেছেন, কোনো মুসলমান আপনার প্রতি একবার দরুদ পড়লে আমি তার প্রতি দশটি রহমত নাযিল করবো আর আমার ফেরেশতারা তার জন্য দশবার রহমতের দু'আ করবে'(আলবানী, সহীহুত তারগীব)।

তাছাড়া কুরআনে আল্লাহ তা'আলা নবীজীর প্রতি দরুদ পাঠের আদেশ করেছেন: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا ÔwbðÕq Avjøvn (EaŸ RM‡Z †d‡ikZv‡`i g‡a¨) bexi cksmv K‡ib Ges Zvi †d‡ikZvMY bexi Rb¨ `ÔAv K‡i| †n gwgbMY, †Zvgiv I bexi Ici `iƒ` cvV Ki Ges Zv‡K h_vh_fv‡e mvjvg RvbvIÕ(miv Avj Avnhve:56)।

ইমাম ইবনুল কায়্যিম রাহ. বলেন,Ôivmjjøvn mvjøvjøvû AvjvBwn Iqv mvjøvg n‡jb gvbeK‡jji mi`vi, Avi RgAvi w`b n‡jv mKj w`‡bi mi`vi, ZvB GB w`‡b ivmjjøvn mvjøvjøvû AvjvBwn Iqv mvjøv‡gi cwZ `iƒ` covi Avjv`v ^ewkó¨ i‡q‡Q|

শুক্রবারের আরেকটি বিশেষ আমল হলো, জুমআর নামাযে সূরা জুমআ ও সূরা মুনাফিকুন কিংবা সূরা আ'লা ও গাশিয়া তিলাওয়াত করা।

gnZviv¸ nv‡hixb! শুক্রবারের আরেকটি বিশেষ বৈশিষ্ট্য হলো এই দিনে এমন একটি মুহূর্ত রয়েছে যখন দু'আ করলে দু'আ কবুল হয়। আবু হুরায়রা রাযি. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সালাহু আলাইহি ওয়া সালাম ইরশাদ করেন: فِيْهِ سَاعَةٌ . لَا يُوَافِقُهَا عَبْدٌ مُسْلِمٌ ، وَهُوَ يُصَلِّيَ ، يَسْأَلُ اللهَ شَيْئاً، إِلَّا أَعْطَاهُ إِيَّاهُ 'জুমআর দিনে এমন একটি মুহূর্ত রয়েছে যখন কোনো মুসলমান নামায পড়া অবস্থায় আল্লাহর কাছে কোনো কিছু চাইলে আল্লাহ তাকে অবশ্যই তা দান করেন' (বুখারী ও মুসলিম)।

মহান আল্লাহর পক্ষ থেকে বান্দার প্রতি কত বড় মেহেরবানী! তিনি বান্দাদের জন্য তার রহমতের দরজাগুলো খুলে দেন। যাতে তারা তাঁর কাছ থেকে চেয়ে নেয়। মাহরুম তো সেই যে এ দিনের ফযীলত থেকে মাহরুম হয়, বঞ্চিত তো সেই যে এ দিনের ফযীলত থেকে বঞ্চিত হয়।

gnZviv¸ nv‡hixb! সেই বিশেষ মুহূতর্টি কোন্ মুহূর্ত, এবিষয়ে বিভিন্ন হাদীসে বিভিন্ন সময়ের উল্লেখ রয়েছে। তবে সর্বাধিক গৃহীত মত হলো, আসরের পর হতে সূর্যাস্ত পর্যন্ত। জাবের রাযি. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: يَوْمُ الْجُمُعَةِ ثِنْتَا عَشْرَةَ، يُرِيدُ سَاعَةً، لا يُوجَدُ مُسْلِمٌ يَسْأَلُ اللهَ عَزَّ وَجَلَّ شَيْئًا إِلا آتَاهُ الله عَزَّ وَجَلَّ، فَالْتَمِسُوهَا آخِرَ سَاعَةٍ بَعْدَ الْعَصْرِ 'জুমআর দিন বার ঘন্টার মধ্যে এমন একটি সময় আছে যে, কোনো মুসলিম আল্লাহর কাছে কোনো কিছু চাইলে আল্লাহ তা'আলা অবশ্যই তাকে তা দান করেন। সুতরাং তোমরা আসরের পর শেষ সময়ে কাঙ্খিত সে সময়টির অনুসন্ধান করো' (আবু দাউদ, সহীহ)।

সুতরাং শুক্রবার পুরো দিন এবং এই বিশেষ সময়গুলোতে দুআর প্রতি মনোনিবেশ করা উচিত।

gnZvivg nv‡hixb! আমাদের সবার উচিত জুমআর দিনকে যথার্থরূপে তা'যীম করা, সম্মান করা। জুমআর দিনের সুন্নাতগুলো জেনে গুরুত্বের সাথে তা পালন করা।

তাই আসুন, আমরা জুমআর সুন্নতগুলো বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিযোগিতায় নামি। অতঃপর ভালোভাবে গোসল করি, মিসওয়াক করি, পরিষ্কার ও উত্তম পোশাক পরিধান করি, সকাল-সকাল মসজিদে চলে যাই। আর যেসব কজকর্ম থেকে রাসূলুল্লাহ সালাহু আলাইহি ওয়া সালাম নিষেধ করেছেন সেসব কাজকর্ম ধেকে বিরত থাকি। আদব ও সুন্নাতের প্রতি উদাসিনতা প্রদর্শন না করি। আর জামাআতে শরীক হওয়া এবং সুন্নাত অনুযায়ী আমলের ক্ষেত্রে অলসতা ও অবহেলা না করি।

আল্লাহ তা'আলা আমাদের হিফাযত করুন। জুমআর দিনের করনীয় ও বর্জনীয় বিষয়গুলো যথাযথভাবে পালন করার তাওফীক দান কবুন। আমীন।

اَللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيْمَ وَعَلَى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اَللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنْ آلِ نَبِيِّكَ الطَّيِّبِيْنَ الطَّاهِرِيْنَ وَعَنْ أَزْوَاجِهِ أُمَّهَاتِ الْمُؤْمِنِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনি আমাদেরকে জুমআর দিনের মর্যাদা রক্ষার তাওফীক দান করুন। জুমআর দিন যাতে আপনার নবীর প্রতি বেশি বেশি দরুদ পাঠ করতে পারি সে তাওফীক আমাদের দান করুন। জুমআর দিনের সুন্নত আমলগুলো যথার্থরূপে পাবন্দীর সাথে করে যাওয়ার তাওফীক দান করুন। হে আল্লাহ! আপনি আমাদের সকল গুনাহ-খাতা মাফ করে দিন। আমাদেরকে আপনি পূতপবিত্র করুন। আমাদের পরিবার-পরিজন, আত্মীয়স্বজন, মাতা-পিতা, পাড়া-প্রতিবেশী সবাইকে আপনি মাফ করে দিন। সবাইকে আপনি মুত্তাকী-পরহেযগার ও আপনার দীনের জন্য নিবেদিতপ্রাণ বানান। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهِ : (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

দু‘আ : তাৎপর্য গুরুত্ব ও শর্ত

LZevq hv _vK‡e

১. দুআর হাকীকত ও তাৎপর্য এবং মানুষ বলতেই যে দুআর মুখাপেক্ষী তা তুলে ধরা

২. দুআর আহকাম, শর্ত ও আদব বর্ণনা করা

৩. দুআর ব্যাপারে ভুল ধারণা সম্পর্কে সতর্ককরণ

c_g LZev

الْحَمْدُ لِلَّهِ مُجِيْبِ الدَّعَوَاتِ ، يَقْضِيْ لِعِبَادِهِ الْحَاجَاتِ ، وَيَدْفَعُ عَنْهُمْ بِفَضْلِهِ الْآفَاتِ وَيُفَرِّجُ الْكُرُبَاتِ، أَحْمَدُهُ سُبْحَانَهُ مَا دَامَتِ الْأَرْضُ وَالسَّموَاتُ، وَأَشْهَدُ أَلَّا إِلَهَ إِلَّا اللهُ رَبُّ الْبَرِيَّاتِ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ أَيَّدَهُ رَبُّهُ بِالْآيَاتِ الْبَيِّنَاتِ صَلَّى اللهُ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أُوْلِيْ الْفَضَائِلِ وَالدَّرَجَاتِ، أَمَّا بَعْدُ :

প্রিয় ভাই ও বন্ধুগণ! দু‘আ- মহান রাব্বুল আলামীনের প্রতি বান্দার দীনতা, হীনতা ও বিনয় প্রকাশের একটি বিশেষ মাধ্যম। এর মাধ্যমে বান্দা নিজেকে মহান স্রষ্টার সাথে সম্পর্ক তৈরি করে। বস্তুত সৃষ্টিজগতের সবকিছুই আল্লাহ রাব্বুল আলামীনের মুখাপেক্ষী। সকল কল্যাণ ও উপকার যেমন তার কাছ থেকে আসে– তেমনি বিপদ-আপদ, দুঃখ-কষ্টও একমাত্র তিনিই দূর করতে পারেন। তাঁর হাতেই সব ক্ষমতা। তিনি সকল শক্তির আধার। এ জন্য মহামহিম সর্বময় ক্ষমতার অধিকরী আল্লাহর সামনে বিনয় ভরে নিজের অক্ষমতা কথা প্রকাশ করা এবং তার কাছে শক্তি-সামর্থ্য চাওয়া বান্দার জন্য পূর্ণতার পরিচায়ক। এর মাধ্যমে বান্দার নিজস্ব অবস্থান উন্নত হয়। দিল থেকে অহংবোধ দূর হয় এবং মর্যাদা সমুন্নত হয়।

আল্লাহ তা‘আলা তাঁর বান্দাকে বিভিন্ন বিপদ-আপদ দিয়ে পরীক্ষা করেন। বান্দা যাতে দু‘আর মাধ্যমে তাঁর শরণাপন্ন হয়। তাকে স্মরণে রাখে। সর্বোপরি তাঁর অসীম রহমত লাভে ধন্য হতে পারে।

প্রিয় ভাইয়েরা! আল্লাহর কাছে চাওয়ার মধ্যে কোনো লাজ-লজ্জা বা শরমের কিছু নেই। এটা হীনম্মন্যতারও বহিঃপ্রকাশ নয়। বরং এটাই হলো প্রাচুর্যের চাবিকাঠি, সব ইবাদতের সারকথা। বস্তুত ইবাদতের উদ্দেশ্য হলো নিজের অহংবোধ মিটিয়ে রাব্বুল আলামিনের কাছে সমর্পিত হওয়া। আর এতেই রয়েছে বান্দার অজস্র সম্মান ও মর্যাদা। তাই দু‘আ অনুগত্য বা দাসত্বের বহিঃপ্রকাশ। আর আল্লাহ তা‘আলা বান্দার এমন বিনম্র মনোভাবকে খুব পছন্দ করেন। বান্দা যখন আল্লাহর কাছে তাঁর নিজের প্রয়োজন ও অভাবের কথা তুলে ধরে তখন আল্লাহ তা‘আলা খুব খুশি হন।

আবূ যর রাযি.-এর সূত্রে ইমাম মুসলিম রহ. কর্তৃক বর্ণিত একটি হাদীসে কুদসীতে এসেছে : يَا عِبَادِي: كُلُّكُمْ ضَالٌّ إِلَّا مَنْ هَدَيْتُهُ، فَاسْتَهْدُونِي أَهْدِكُمْ، يَا عِبَادِي: كُلُّكُمْ جَائِعٌ إِلَّا مَنْ أَطْعَمْتُهُ، فَاسْتَطْعِمُونِي أُطْعِمْكُمْ، يَا عِبَادِي: كُلُّكُمْ عَارٍ إِلَّا مَنْ كَسَوْتُهُ، فَاسْتَكْسُونِي أَكْسُكُمْ ‘হে আমার বান্দারা, তোমরা সবাই পথভ্রষ্ট তবে যাকে আমি হিদায়েত করেছি সে ছাড়া। অতএব তোমরা আমার কাছে হিদায়েত তলব করো, আমি তোমদেরকে সঠিক পথের সন্ধান দেব। হে আমার বান্দারা, তোমরা সবাই ক্ষুধার্ত, তবে যাকে আমি অন্ন দিয়েছি সে ছাড়া। অতএব তোমরা আমার কাছেই খাদ্য চাও, আমি তোমাদেরকে খাওয়াব। হে আমার বান্দারা, তোমরা সবাই বস্ত্রহীন তবে যাকে আমি বস্ত্র পরিয়েছি সে ছাড়া। এতএব আমার কাছেই তোমরা পরিধেয় তলব করো, আমি তোমাদেরকে পরিধান করাব’(মুসলিম)।

সুপ্রিয় মুসল্লীবৃন্দ! পৃথিবীতে আল্লাহ তা‘আলা প্রত্যেক বিষয়ের আসবাব রেখেছেন। সৌভাগ্যের জন্য তিনি আসবাব রেখেছেন। দুভার্গ্যের জন্যও আসবাব রেখেছেন। তিনি আসবাব তৈরি করেছেন। এবং আসবাবের সাথে প্রভাব যুক্ত করে দিয়েছেন। আর দু‘আ হলো সে রকম একটি আসবাব। সে উপকরণসমূহের একটি গুরুত্বপূর্ণ ও তাৎপর্যমণ্ডিত উপকরণ। অকূল সমুদ্রে নিমজ্জমান ব্যক্তি যেমন আত্মরক্ষার জন্য আপ্রাণ চেষ্টা করে থাকে। খড়কুটা

যা কিছু পায় তাই আঁকড়ে ধরে বাঁচতে চায়। সম্ভাব্য সব ধরনের উপকরণ অবলম্বন করে। তেমনি বান্দার জন্য যেকোনো বিপদের মূহূর্তে দু'আর বর্ম আঁকড়ে ধরা আবশ্যক। এর মাধ্যমে সে দ্রুত বিপদ থেকে মুক্তি লাভ করতে পারে। নিমজ্জমান ব্যক্তি যেমন হাত পা গুটিয়ে বসে থাকে না, তেমনি বিপদগ্রস্ত ব্যক্তির জন্যও বিপদমুক্তির জন্য দু'আ না করে, বৈধ কোনো উপায়-উপকরণ অবলম্বন না করে নিশ্চিন্তে বসে থাকা সমীচীন নয়।

দু'আ যেহেতু বান্দার প্রকৃত অবস্থান ফুটিয়ে তোলে এবং তার আত্মঅহমিকা দূর করে তাই বান্দার দু'আ আল্লাহর কাছে খুব প্রিয়। কল্যাণ অর্জন ও অকল্যাণ প্রতিহত করার ক্ষেত্রে দু'আর চেয়ে কার্যকর অস্ত্র আর দ্বিতী-য়টি নেই। এজন্য দু'আ হলো সবধরনের কল্যাণ, মঙ্গল ও বরকতের হাতিয়ার। আল্লাহ্ তা'আলা কুরআনের অনেক আয়াতে বান্দাকে দু'আ করার নির্দেশ দিয়েছেন। আল্লাহ তা'আলা বলেন : **وَقَالَ رَبُّكُمُ ادْعُونِي أَسْتَجِبْ لَكُمْ إِنَّ الَّذِينَ يَسْتَكْبِرُونَ عَنْ عِبَادَتِي سَيَدْخُلُونَ جَهَنَّمَ دَاخِرِينَ** Ô†n Avgvi ev›`viv, †Zvgiv Avgv‡K Wv‡Kv| Awg †Zvgv‡`i Wv‡K mvov †`e Ô (miv Avj Mv‡di : 60)।

দু'আর তাৎপর্য হলো ইহ ও পরলৌকিক বিভিন্ন প্রয়োজনে আল্লাহ তা'আলার শরণাপন্ন হওয়া। দু'আ একটি গুরুত্বপূর্ণ ইবাদত। এর মাধ্যমে আল্লাহর সঙ্গে বান্দার বিশেষ যোগসূত্র তৈরি হয়। আল্লাহর প্রতি বান্দার আনুগত্য ও তার প্রতি বিশ্বাস প্রকাশ পায়। আল্লাহর প্রতি আস্থাশীলতা এবং তার মহান শক্তির ওপর নির্ভরতার প্রত্যয় বান্দার অন্তরে দৃঢ়ভাবে স্থাপিত হয়। সারকথা হলো, দু'আ এমন একটি ইবাদত যা একদিকে বান্দার দীনতা, হীনতা, অক্ষমতা ও বিনয়ের প্রকাশ ঘটায়, অপর দিকে আল্লাহর বড়ত্ব, মহত্ব, সর্বব্যাপী ক্ষমতা ও দয়া-মায়ার প্রতি সুগভীর বিশ্বাস গড়ে তুলে। তাই আমাদের উচিত বেশি বেশি দু'আ করা। আমাদের কাজ হবে প্রার্থনা করতে থাকা। দেওয়া না দেওয়ার এখতিয়ার একমাত্র আল্লাহর। তাই বাহ্যিকভাবে কিছু না পেলেও, দু'আ কখনো ছেড়ে দেয়া উচিত নয়। কেননা দু'আর মাধ্যমে আমাদের ইবাদত ও ছাওয়াব অর্জন হয়, যা আখেরাতের বিশেষ পাথেয় হবে।

আবূ দাউদ ও তিরমিযীতে সাহাবী নু'মান ইবনে বাশীরের সূত্রে বর্ণিত হয়েছে যে **الدُّعَاءُ هُوَ الْعِبَادَةُ** 'দু'আই হলো ইবাদত'। আবূ হুরায়রা রাযি. থেকে বর্ণিত এক হাদীসে এসেছে : لَيْسَ شَيْءٌ أَكْرَمَ عَلَى اللهِ سُبْحَانَهُ مِنَ الدُّعَاءِ 'দু'আর চেয়ে আল্লাহ সুবহানাহুর কাছে উত্তম কোনো বস্তু নেই'(ইবনে মাযাহ্, হাসান)। আবূ হুরায়রা রা. থেকে বর্ণিত এক হাদীসে কুদসীতে এসেছে : أَنَا عِنْدَ ظَنِّ عَبْدِي بِي وَأَنَا مَعَهُ إِذَا دَعَانِي 'বান্দা আমার প্রতি যেমন ধারণা করে আমি তার সঙ্গে তেমন আচরণ করি। সে আমাকে যখন ডাকে আমি তখন তার সঙ্গেই থাকি'(মুসলিম)। উবাদা ইবনে সামেত রাযি.-এর সূত্রে বর্ণিত এক হাদীসে এসেছে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : مَا عَلَى الأَرْضِ رَجُلٌ مُسْلِمٌ يَدْعُو اللهَ تَعَالَى بِدَعْوَةٍ إِلَّا آتَاهُ اللهُ إِيَّاهَا، أَوْ كَفَّ عَنْهُ مِنَ السُّوءِ مِثْلَهَا، مَا لَمْ يَدْعُ بِإِثْمٍ أَوْ قَطِيعَةِ رَحِمٍ 'পৃথিবীর বুকে কোনো মুসলমান যখন আল্লাহর কাছে কোনো দু'আ করে আল্লাহ তা'আলা তা কবুল করে তাকে সে বস্তু দান করেন অথবা ওই বিষয়ের সমপর্যায়ের কনো বিপদ সরিয়ে নেন। তবে শর্ত হলো গোনাহ বা আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করার দু'আ না হতে হবে' (তাহাবী, সহীহ)।

মুহতারাম হাযেরীন! দু'আ-প্রার্থনা করতে হবে একমাত্র আল্লাহর কাছেই। নবী, রাসূল, ফেরেশতা, ওলি-আওলিয়া, পীর-মুর্শিদ ও মাজার ইত্যাদির কাছে দু'আ করা চলবে না। বরং তা পরিষ্কার শিরক ও আল্লাহর বিরুদ্ধাচরণ। আল্লাহ তা'আলা বলেন : **وَأَنَّ الْمَسَاجِدَ لِلَّهِ فَلَا تَدْعُوا مَعَ اللَّهِ أَحَدًا** ÔAvi wbðq gmwR`¸‡jv Avjøvni Rb¨| Kv‡RB †Zvgiv Avjøvni mv‡_ Ab¨ KvD‡K †W‡Kv bvÕ (miv Avj wRb : 18)।

দু'আ-প্রার্থনা ও ইবাদত-আরাধনার পাত্র একমাত্র আল্লাহ তা'আলা। তাই আল্লাহর সঙ্গে অন্য কাউকে কখনোই শরীক করা যাবে না। অন্য কারও কাছে দু'আ-প্রার্থনা করা যাবে না। আল্লাহ তা'আলা বলেন : **وَمَنْ يَدْعُ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ لَا بُرْهَانَ لَهُ بِهِ فَإِنَّمَا حِسَابُهُ عِنْدَ رَبِّهِ إِنَّهُ لَا يُفْلِحُ الْكَافِرُونَ** ÔAvi †h Avjøvni mv‡_ Ab¨ Bjvn‡K Wv‡K, †h wel‡q Zvi Kv‡Q cgvY †bB; Zvi wnmve †Kej Zvi i‡ei Kv‡Q| wbðq Kwdiiv mdjKvg n‡e bvÕ (miv Avj-gwgbb : 117)।

যে বা যারা আল্লাহর সঙ্গে অন্য কাউকে শরীক করবে, তারা নিজেদের ওপর সবচে' বড় যুলম করবে যার পরিণতি হবে অনন্ত জাহান্নাম, মর্মন্তুদ আযাব।

দু'আর উত্তম সময়

এক. সিজদা অবস্থায় অধিক পরিমাণে দু'আ করা উচিত। হাদীসে এসেছে : أَقْرَبُ مَا يَكُونُ الْعَبْدُ مِنْ رَبِّهِ وَهُوَ سَاجِدٌ، فَأَكْثِرُوا الدُّعَاءَ 'সেজদারত অবস্থায় বান্দা আল্লাহর সবচেয়ে বেশি নিকটবর্তী থাকে। তাই সেজদারত অবস্থায় বেশি বেশি দু'আ করো' (মুসলিম)।

অন্য এক হাদীসে এসেছে : أَلَا وَإِنِّي نُهِيتُ أَنْ أَقْرَأَ الْقُرْآنَ رَاكِعًا، أَوْ سَاجِدًا، فَأَمَّا الرُّكُوعُ، فَعَظِّمُوا فِيهِ الرَّبَّ عَزَّ وَجَلَّ وَأَمَّا السُّجُودُ، فَاجْتَهِدُوا فِي الدُّعَاءِ، فَقَمِنٌ أَنْ يُسْتَجَابَ لَكُمْ 'শুনে রাখো, রুকূ বা সেজদাবস্থায় তেলাওয়াত করতে আমাকে নিষেধ করা হয়েছে। তাই রুকূ অবস্থায় তোমরা তোমাদের রবের স্তুতি জ্ঞাপন করো আর সেজদাবস্থায় খুব দু'আ করো। কেননা সেজদা অবস্থা দু'আ কবুলের উপযুক্ত সময়' (মুসলিম)।

দুই. আযান ও একামতের মধ্যবর্তী সময়ে দু'আ কবুলের মুহূর্ত। আনাস রা. হতে বর্ণিত: الدُعَاءُ بَيْنَ الأَذَانِ وَالْإِقَامَةِ لَايُرَدُّ 'আযান ও একামাতের মধ্যবর্তী সময়ে দু'আ ফিরিয়ে দেয়া হয় না' (তিরমিযী)।

তিন.রাতের শেষ তৃতীয়াংশে দু'আ করা। সহীহ বুখারীতে আছে : يَنْزِلُ رَبُّنَا تَبَارَكَ وَتَعَالَى كُلَّ لَيْلَةٍ إِلَى السَّمَاءِ الدُّنْيَا حِينَ يَبْقَى ثُلُثُ اللَّيْلِ الآخِرُ، يَقُولُ: مَنْ يَدْعُونِي فَأَسْتَجِيبَ لَهُ مَنْ يَسْأَلُنِي فَأُعْطِيَهُ مَنْ يَسْتَغْفِرُنِي فَأَغْفِرَ لَهُ 'রাতের শেষ তৃতীয়াংশ অবশিষ্ট থাকতে আল্লাহ তা'আলা দুনিয়ার আকাশে অবতরণ করেন। এরপর বলেন, কে আছে আমাকে ডাকবে? আমি তার ডাকে সাড়া দেব। কে আছে আমার কাছে প্রার্থনা করবে আমি তাকে দান করব। কে আছে আমার কাছে ক্ষমা চাইবে আমি তাকে ক্ষমা করে দেব' (বুখারী)।

চার. শুক্রবারের বিশেষ সময়ে দু'আ করা। আবু হুরায়রা রাযি. হতে বর্ণিত 'রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার জুমআর দিনের কথা আলোচনা করে বলেন : فِيهِ سَاعَةٌ لَا يُوَافِقُهَا عَبْدٌ مُسْلِمٌ وَهُوَ قَائِمٌ يُصَلِّي يَسْأَلُ اللهَ تَعَالَى شَيْئًا إِلَّا أَعْطَاهُ إِيَّاهُ 'এদিনে এমন একটি মূহূর্ত আছে যখন নামজী বান্দা আল্লাহর কাছে কোনো কিছু চায় আল্লাহ তাকে তা দেন' (বুখারী ও মুসলিম)।

জুমআর দিনে দু'আ কবুলের এ মূহূর্তটি নির্দিষ্ট করে বলতে গিয়ে ওলামায়ে কেরাম নানা মত প্রকাশ করেছেন। তবে গ্রহণযোগ্য মত হলো, তা আছরের পরের শেষ সময়। হাদীসগ্রন্থ সুনানে আবূ দাউদে এসেছে : يَوْمُ الْجُمُعَةِ ثِنْتَا عَشْرَةَ يُرِيدُ سَاعَةً لَا يُوجَدُ مُسْلِمٌ يَسْأَلُ اللهَ شَيْئًا إِلَّا أَتَاهُ الله فَالْتَمِسُوهَا آخِرَ سَاعَةٍ بَعْدَ الْعَصْرِ 'জুমআর দিনে বারোটি প্রহর তথা সময় রয়েছে। এ সময়ে কোনো মুসলমান আল্লাহর কাছে কোনো কিছু চাইলে আল্লাহ তাকে তা দেন। তোমরা জুমআর দিনের শেষ প্রহর তথা আছরের শেষ সময়ে এ প্রহরটিকে অনুসন্ধান করো' (আবূ দাউদ)।

দু'আ কবুলের আরো কিছু সময় হলো লাইলাতুল কদর, আরাফার দিন, হাজরে আসওয়াদের কাছে, বৃষ্টি বর্ষণের সময় ও নামাজের পর।

দুয়া কবুলের শর্ত

এক. পরিশুদ্ধ বিশ্বাস অর্থাৎ নির্ভেজাল ও খালেস তাওহীদ বুকে ধারণ করে দু'আ করা। আল্লাহ তা'আলা বলেন : **فَادْعُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ** ÔAZtci †Zvgiv Avjøvn‡K Wv‡Kv \`xb‡K Zvi Rb¨B GKwbô K‡i, hw\`I Kwdiiv Zv AcQ›\` K‡iÕ(miv Mwdi : 14)।

হাদীসে কুদসীতে এসেছে : يَا ابْنَ آدَمَ إِنَّكَ لَوْ أَتَيْتَنِي بِقُرَابِ الْأَرْضِ خَطَايَا ثُمَّ لَقِيتَنِي لَا تُشْرِكُ بِي شَيْئًا لَأَتَيْتُكَ بِقُرَابِهَا مَغْفِرَةً 'হে বনী আদম! তুমি যদি যমীন ভর্তি গুনাহ নিয়েও আমার কাছে আস এবং সাক্ষাৎ করো এমতাবস্থায় যে তুমি আমার সাথে কোনো কিছু শরীক করো না, তাহলে আমিও যমীন ভর্তি মাগফিরাত নিয়ে তোমার কাছে হাজির হব' (তিরমিযী, হাসান)।

দুই. খাবার-দাবার ও পোশাক পরিচ্ছদে হারাম বর্জন করে চলা : আবু হুরাইরা রাযি. হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন : أَيُّهَا النَّاسُ إِنَّ اللهَ طَيِّبٌ لَا يَقْبَلُ إِلَّا طَيِّبًا، وَإِنَّ اللهَ أَمَرَ الْمُؤْمِنِينَ بِمَا أَمَرَ بِهِ الْمُرْسَلِينَ، فَقَالَ: **(يَأَيُّهَا الرُّسُلُ كُلُوا مِنَ الطَّيِّبَاتِ وَاعْمَلُوا صَالِحًا إِنِّي بِمَا تَعْمَلُونَ عَلِيمٌ)** وَقَالَ: **(يَأَيُّهَا الَّذِينَ آمَنُوا كُلُوا مِنْ طَيِّبَاتِ مَا رَزَقْنَاكُمْ)**، ثُمَّ ذَكَرَ الرَّجُلَ يُطِيلُ السَّفَرَ أَشْعَثَ أَغْبَرَ، يَمُدُّ يَدَيْهِ إِلَى السَّمَاءِ يَا رَبِّ يَا رَبِّ، وَمَطْعَمُهُ حَرَامٌ وَمَشْرَبُهُ حَرَامٌ وَمَلْبَسُهُ حَرَامٌ وَغُذِيَ بِالْحَرَامِ فَأَنَّى يُسْتَجَابُ لِذَلِكَ Ô†n †jvKmKj! wbðq Avjøvn cwe Î, Ges cwe Î Qvov Ab¨ wKQ wZwb Kej K‡ib bv| Avi

Avjøvn ZvÔAvjv ivmj‡`i‡K †h wel‡qi wb‡`k w`‡q‡Qb gywgb‡`i‡KI †m wel‡qi wb‡`k w`‡q‡Qb| wZwb e‡j‡Qb : Ô†n ivmjMY, †Zvgiv cweÎ I fvj e¯‘ †_‡K LvI Ges mrKg Ki| wbðq †Zvgiv hv Ki †m m¤ú‡K Awg mg¨K ÁvZÕ (miv Avj-gywgbb : 51)। wZwb Av‡iv e‡jb : Ô†n gywgbMY, Avnvi Ki Awg †Zvgv‡`i‡K †h nvjvj wihK w`‡qwQ Zv †_‡K Ges Avjøvni Rb¨ †kvKi Ki, hw` †Zvgiv ZviB Bev`Z KiÕ (miv Avj-evKviv : 172)। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দীর্ঘ সফর থেকে আসা ধূলায় আবৃত-এলোকেশী ব্যক্তির কথা উল্লেখ করলেন, যে আকাশের দিকে হাত প্রলম্বিত করে বলে, ইয়া রাব্বি! ইয়া রাব্বি! অথচ তার খাবার হারাম, তার পানীয় হারাম, তার পরিচ্ছদ হারাম এবং হারামের মাধ্যমেই সম্পন্ন হয়েছে তার ভরণপোষণ। এমতাবস্থায় তার দু'আ কিভাবে কবুল হবে? (মুসলিম)।

তিন. জাগ্রত-হৃদয় ও পোক্ত-আশা নিয়ে দু'আ করা। আবু হুরাইরা রাযি. নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন : ادْعُوا اللَّهَ وَأَنْتُمْ مُوقِنُونَ بِالإِجَابَةِ، وَاعْلَمُوا أَنَّ اللَّهَ لا يَسْتَجِيبُ دُعَاءً مِنْ قَلْبٍ غَافِلٍ لاهٍ 'দু'আ অবশ্যই কবুল হবে এর দৃঢ় বিশ্বাস নিয়ে আল্লাহকে ডাকো। আর জেনে রাখো, আল্লাহ তা'আলা কোনো গাফেল ও উদাসীন হৃদয়ের দু'আ কবুল করেন না' (তিরমিযী, হাসান)।

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِيْ الْقُرآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَاسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ وَلِسَائِرِ الْمُؤْمِنِيْنَ، فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ.

দু'আ : তাৎপর্য গুরুত্ব ও শর্ত

wØZxq LZev

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ خَلَقَ فَسَوَّى وَالَّذِيْ قَدَّرَ فَهَدَى، وأَشْهَدُ أن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ، أَمَّا بَعْد:

দু'আ করার আদবসমূহ

সুপ্রিয় ভাই ও বন্ধুগণ! দু'আর শর্তের পাশাপাশি দু'আর কিছু আদবও রয়েছে। যদি আমরা দু'আর শর্ত ও আদবসমূহ রক্ষা করে দু'আ করি তাহলে আশা করা যায় আল্লাহ আমাদের দু'আ কবুল করবেন। আমাদেরকে শূন্য হাতে ফেরত দেবেন না। তাহলে এবার আসুন শুনে নেই দু'আর আদবগুলো কি:

এক. পবিত্র অবস্থায় দু'আ করা; কেননা দু'আ হলো যিকর। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বিশুদ্ধ বর্ণনায় এসেছে যে তিনি, এমনকি, সালামের উত্তর দেয়ার জন্য একটি দেয়ালে হাত রেখে তায়াম্মুম করেছেন এবং বলেছেন : إِنِّي كَرِهْتُ أَنْ أَذْكُرَ اللَّهَ إِلاَّ عَلَى طُهْرٍ 'পবিত্রতা ছাড়া আল্লাহর যিকর করা আমার কাছে পছন্দনীয় নয়' (ইবনে খুযাইমাহ, সহীহ)।

দুই.দু'হাত ওঠিয়ে প্রার্থনার দু'আ করা। হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন : إِنَّ رَبَّكُمْ تَبَارَكَ وَتَعَالَى حَيِيٌّ كَرِيمٌ يَسْتَحْيِي مِنْ عَبْدِهِ إِذَا رَفَعَ يَدَيْهِ إِلَيْهِ أَنْ يَرُدَّهُمَا صِفْرًا 'নিশ্চয় তোমাদের রব অতি লজ্জাশীল ও মেহেরবান। তাই তাঁর বান্দারা যখন তাঁর কাছে হাত ওঠায় তিনি তাদেরকে শূন্য হাতে ফেরত দিতে লজ্জা পান' (আবু দাউদ)।

বিনয় ও একাগ্রতার সঙ্গে দু'আ করা এবং আল্লাহর অনুগ্রহ লাভ ও তার শাস্তি থেকে বাঁচার প্রবল আগ্রহ নিয়ে দু'আ করা। আল্লাহ রাব্বুল আলামীন বলেন **ادْعُوا رَبَّكُمْ تَضَرُّعًا وَخُفْيَةً:** Ô†Zvgiv †Zvgv‡`i ie‡K WvK Abbq-webq K‡i I Pwcmv‡iÕ (miv Avj-Avivd : 55)।

আল্লাহ তা'আলা আরো বলেন : **إِنَّهُمْ كَانُوا يُسَارِعُونَ فِي الْخَيْرَاتِ وَيَدْعُونَنَا رَغَبًا وَرَهَبًا** ÔZviv mrK‡g cwZ‡hwMZv K‡i Ges Zviv Avgvi Kv‡Q cv_bv K‡i Avkv I fxwZi m‡½ Avi Zviv _v‡K Avgvi cwZ webxZÕ (Avj-Awm¤qv : 90)।

তিন. জোরালোভাবে তাগিদের সাথে দু'আ করা। হাদীসে এসেছে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন : إِذَا دَعَا أَحَدُكُمْ فَلْيَعْزِمْ الْمَسْأَلَةَ، وَلَا يَقُولَنَّ اللَّهُمَّ إِنْ شِئْتَ فَأَعْطِنِي، فَإِنَّهُ لَا مُسْتَكْرِهَ لَهُ 'তোমাদের কেউ যখন দু'আ করবে দৃঢ় তাগিদের সাথে করবে। আর কখনো এরূপ বলবে না যে হে আল্লাহ! আপনি ইচ্ছা করলে আমাকে দিন। কেননা আল্লাহকে বাধ্যকারী কেউ নেই' (বুখারী)।

চার. দু'আয় আল্লাহর হামদ ও রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি দরূদ পেশ করা : হাদীসে এসেছে : سَمِعَ النَّبِيُّ صَلَّى لله عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا يَدْعُو فِي صَلَاتِهِ فَلَمْ يُصَلِّ عَلَى النَّبِيِّ فَقَالَ النَّبِيُّ صَلَّى لله عَلَيْهِ وَسَلَّمَ: عَجِلَ هَذَا، ثُمَّ دَعَاهُ، فَقَالَ لَهُ أَوْ لِغَيْرِهِ: إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلْيَبْدَأْ بِتَحْمِيدِ اللهِ وَالثَّنَاءِ عَلَيْهِ، ثُمَّ لِيُصَلِّ عَلَى النَّبِيِّ ثُمَّ لِيَدْعُ بَعْدُ بِمَا شَاءَ 'একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দেখলেন এক ব্যক্তি দু'আ করছে কিন্তু সে দু'আতে আল্লাহর প্রশংসা ও রাসূলের প্রতি দরূদ পাঠ করেনি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে লক্ষ্য করে বললেন, সে তাড়াহুড়ো করেছে। অতঃপর সে আবার প্রার্থনা করল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে অথবা অন্যকে বললেন, যখন তোমাদের কেউ নামায পড়ে তখন সে যেন আল্লাহ তা'আলার প্রশংসা ও তার গুণগান দিয়ে শুরু করে। অতঃপর রাসূলের প্রতি দরূদ পাঠ করে। এরপর যা ইচ্ছা আল্লাহর কাছে প্রার্থনা করে' (আবূ দাউদ ও তিরমিযী)।

পাঁচ.আল্লাহর সুন্দর নামসমূহ ও তাঁর মহৎ গুণাবলী দ্বারা দু'আ করা। আল্লাহ রাব্বুল আলামীন বলেন: وَلِلَّهِ الْأَسْمَاءُ الْحُسْنَى فَادْعُوهُ بِهَا ÔAvjøvni i‡q‡Q m›`iZg bvgmgM| AZGe †Zvgiv Zv‡K †mme bvg w`‡q Wv‡KvÕ (miv Avj-Avivd : 180)।

ছয়. হাদীসে বর্ণিত বিভিন্ন দু'আর শব্দমালা ব্যবহার করে দু'আ করার চেষ্টা করা। বিশেষ করে যেগুলোতে ইসমে আজম রয়েছে বলে বর্ণনায় এসেছে। সহীহ ইবনে হাব্বানে আবদুল্লাহ ইবনে বুরাইদা থেকে এক বর্ণনায় এসেছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তিকে এই বলে দু'আ করতে শুনলেন : اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ أَنِّي أَشْهَدُ أَنَّكَ أَنْتَ الله لَا إِلَهَ إِلَّا أَنْتَ، الأَحَدُ، الصَّمَدُ، الَّذِي لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ، فَقَالَ: " لَقَدْ سَأَلْتَ اللهَ بِالِاسْمِ الَّذِي إِذَا سُئِلَ بِهِ أَعْطَى، وَإِذَا دُعِيَ بِهِ أَجَابَ وَفِي لَفْظٍ: (لَقَدْ سَأَلْتَ اللهَ بِاسْمِهِ الأَعْظَمِ) 'হে আল্লাহ! আমি আপনার কাছে প্রার্থনা করছি-আমি সাক্ষ্য দিচ্ছি যে আপনি আল্লাহ। আপনি ছাড়া কোনো ইলাহ নেই। আপনি অদ্বিতীয়, অমুখাপেক্ষী, যিনি কাউকে জন্ম দেননি এবং তাকেও কেউ জন্ম দেয়নি। আর কেউ নেই তাঁর সমকক্ষ'। অতঃপর রাসূলুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, 'লোকটি আল্লাহর কাছে ওই নামের মাধ্যমে সওয়াল করেছে যার মাধ্যমে সওয়াল করলে আল্লাহ তা'আলা দেন। যার মাধ্যমে আল্লাহকে ডাকলে তিনি সাড়া দেন। অন্য এক বর্ণনায় এসেছে, 'তুমি আল্লাহর কাছে তাঁর ইসমে আজমের মাধ্যমে প্রার্থনা করেছ' (আবুদাউদ, সহীহ)।

অন্য এক বর্ণনায় এসেছে। আনাস রাযি. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে বসা ছিলেন। এক ব্যক্তি নামাযরত ছিল, অতঃপর সে এই বলে দু'আ করল : اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِأَنَّ لَكَ الْحَمْدَ، لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْمَنَّانُ، يَا بَدِيعَ السَّمَوَاتِ وَالأَرْضِ، يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ، يَا حَيُّ يَا قَيُّومُ، إِنِّي أَسْأَلُكَ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَتَدْرُونَ بِمَا دَعَا اللهَ؟ قَالَ: فَقَالُوا: اللهُ وَرَسُولُهُ أَعْلَمُ، قَالَ: وَالَّذِي نَفْسِي بِيَدِهِ، لَقَدْ دَعَا اللهَ بِاسْمِهِ الأَعْظَمِ، الَّذِي إِذَا دُعِيَ بِهِ أَجَابَ، وَإِذَا سُئِلَ بِهِ أَعْطَى 'হে আল্লাহ! আমি আপনার কাছে প্রার্থনা করছি- এ কথার উসীলায় যে, সকল প্রশংসা আপনার, আপনি ছাড়া কোনো ইলাহ নেই। আপনি দানশীল, আকাশমণ্ডলী ও পৃথিবীর স্রষ্টা, হে মহামহিম ও মহানুভব! হে চিরঞ্জীব ও সর্ব সত্তার ধারক, আমি আপনার প্রার্থনা করছি। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ প্রার্থনা শুনে বললেন, 'তোমরা কি জান, সে কিসের মাধ্যমে আল্লাহর কাছে দু'আকরল'? সাহাবীগণ বললেন,'আল্লাহ

ও তাঁর রাসূলই ভালো জানেন’। তিনি বললেন, ‘যার হাতে আমার আত্মা তাঁর কসম। সে আল্লাহর ইসমে আজম দিয়ে দু‘আ করেছে। যে ব্যক্তি এ নামের মাধ্যমে দু‘আ করবে তার দু‘আ তিনি কবুল করবেন। যে ব্যক্তি এ নামের মাধ্যমে তার কাছে কিছু প্রার্থনা করবে আল্লাহ তাকে দেবেন’(আহমদ, হাসান)।

প্রিয় ভাই ও বন্ধুগণ! শুধু বিপদাপদ বালা-মুসীবতের সময়ই নয়, বরং দু‘আ হবে একজন মুমিনের সব সময়ের সঙ্গী। হাদীসে এসেছে, আবু হুরায়রা রাযি. আনহু বর্ণনা করেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন : مَنْ سَرَّهُ أَنْ يَسْتَجِيبَ الله لَهُ عِنْدَ الشَّدَائِدِ وَالْكَرْبِ فَلْيُكْثِرِ الدُّعَاءَ فِي الرَّخَاءِ ‘কঠিন অবস্থা ও শঙ্কটাপন্ন মুহূর্তে আল্লাহ তা‘আলা যেন দু‘আ কবুল করেন এ আগ্রহ যার থাকবে সে যেন বিপদহীন অবস্থায় বেশি বেশি দু‘আ করে’ (তিরমিযী, হাসান)।

প্রিয় ভাইয়েরা! দু‘আ আমাদের জীবনের অবিচ্ছেদ্য অনুসঙ্গ হওয়া উচিত। অথচ আমরা দু‘আর প্রতি যথার্থ গুরুত্ব দিই না। এটা সত্যিই দুঃখজনক ব্যাপার। নামাযের পূর্বে, নামাযের অভ্যন্তরে, নামাযের পরে আমরা কি দু‘আ করতে অভ্যস্ত? বিভিন্ন অনুষ্ঠানে, বৈঠকে আমরা কি দু‘আ করি? দু‘আর মাধ্যমে কি আমাদের অনুষ্ঠানাদি শুরু এবং শেষ করি। নিভৃতে, একাকী, গভীর রাতে, ফজরের পূর্বে, রাতের শেষাংশে আমরা কি দু‘আ করতে অভ্যস্ত? দু‘আ কি কেবল বিপদাপদের জন্যই? না, কখনো না। আল্লাহর কাছে মিনতি করে দু‘আকারীরা আজ কোথায়? অশ্রুবিসর্জিত নয়নে দু‘আকারীরা আজ কোথায়? যেদিন মুসলমানদের ঈমান শক্ত ছিল, দৃঢ় ছিল; যেদিন মুসলমানদের যাহের-বাতেন তাকওয়া-পরহেজগারীতে ভরপুর ছিল, সে দিন তো কবুল হওয়ার একীন নিয়ে, দৃঢ় প্রত্যাশা নিয়ে মুসলমানগণ দু‘আ করতেন। আর আল্লাহ তা‘আলা তাদের দু‘আ কবুল করতেন। সাহাবী সা‘দ ইবনে আবু ওয়াক্কাস তো মুস্তাজাবুদ্দাওয়াহ (যার দু‘আ কবুল করা হয়) বলেই খ্যাতি পেয়েছিলেন।

সাঈদ ইবন যায়েদ রাযি.-এর ঘটনা শুনুন। জনৈকা মহিলা মিথ্যা দাবি করে বলল যে তিনি তার যমীনের একাংশ অবৈধভাবে দখল করে নিয়েছেন। সাঈদ ইবনে যায়েদ রাযি.- যিনি বেহেশতের সুসংবাদপ্রাপ্ত দশ সাহাবীর একজন- তাঁকে এ ব্যাপারে বলা হলে তিনি বললেন, ‘এটা কি করে সম্ভব! আমি তো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামাকে বলতে শুনেছি, ‘যে ব্যক্তি না-হকভাবে এক বিঘত যমীনও আত্মসাৎ করবে, আল্লাহ কিয়ামতের দিন তাকে সপ্ত যমীনের বেড়ি পরিয়ে দেবেন। এরপর তিনি বললেন, ‘হে আল্লাহ যদি এই মহিলা মিথ্যা বলে থাকে তবে তার চোখ অন্ধ করে দিন। তার ঘরেই তার কবর রচনা করুন। অতঃপর মহিলা অন্ধ হয়ে গেল এবং তার বাড়ির কূপে পড়ে মারা গেল।

প্রিয় ভাইয়েরা! এমন অনেকেই রয়েছে যারা বলে, দু‘আ করে কি লাভ। দু‘আ তো কতোই করলাম। কই, কোনোটাই তো কবুল হলো না! যারা এরূপ বলে তাদের ভেবে দেখা উচিত, তারা কি দু‘আ কবুলের শর্ত পূরণ করে দু‘আ করছে? না কি দু‘আ কবুলের পথে নানাবিধ আবর্জনা ও প্রতিবন্ধকতা রেখেই দু‘আ করে চলেছে। আসলে দু‘আ কবুলের শর্ত আদবসমূহ পূর্ণ করে দু‘আ করলে অবশ্যই তা কবুল হওয়ার কথা। আল্লাহ তা‘আলা আমাদের সবাইকে যথার্থরূপে দু‘আ করার তাওফীক দান করুন।

اَللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيْمَ وَعَلَى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنْ آلِ نَبِيِّكَ الطَّيِّبِيْنَ الطَّاهِرِيْنَ وَعَنْ أَزْوَاجِهِ أُمَّهَاتِ الْمُؤْمِنِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনি আমাদের সকল দু‘আ-মুনাজাত কবুল করুন। আমাদের সকল বৈধ প্রয়োজনগুলো পূরণ করে দিন। যেভাবে দু‘আ করলে আপনি কবুল করেন সেভাবে দু‘আ করার তাওফীক দান করুন। দু‘আর সকল শর্ত ও আদব রক্ষা করে দ‘আ করার তাওফীক দিন। হে আল্লাহ! আপনি আমাদেরকে শূন্য হাতে ফেরত দেবেন না। হে আল্লাহ! একমাত্র আপনিই আমাদের রব, মাবুদ, আপনিই সর্বময় ক্ষমতার

অধিকারী, একমাত্র আপনিই ধনী আর আমরা গরীব, আপনার দয়া না হলে আমরা একটি নিঃশ্বাসও নিতে পারব না। তাই কেবল আপনার দরবারেই দু'আর জন্য আমরা হাজির হই। হে আল্লাহ আপনি আমাদেরকে শূন্য হাতে ফেরত দেবেন না। হে আল্লাহ! আপনি আমাদেরকে সকল প্রকার শিরক ও নেফাক থেকে রক্ষা করুন। আমাদেরকে সৎপথে চলার তাওফীক দিন। সিরাতুল মুস্তাকীমে প্রতিষ্ঠিত থাকার তাওফীক দিন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهُ : (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

মাহে রমজানের শেষ দশকে মেহনত-মুজাহাদা

LZevq hv _vK‡e

১. মাহে রমজানের শেষ দশকে মেহনত-মুজাহাদা

২. রমজানের শেষ দশক যাপনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদর্শ কি তা উল্লেখ করা

৩. আল্লাহর সাথে বান্দার সম্পর্ক মজবুত করা ও তার নৈকট্য লাভে মেহনত-মুজাহাদা

c_g LZev

اَلْحَمْدُ لِلّٰهِ مُعِزِّ مَنْ أَطَاعَهُ وَاتَّقَاهُ، مُجِيْبِ دَعْوَةَ الدَّاعِيْ إِذَا دَعَاهُ وَهَادِيْ مَنْ تَوَجَّهَ إِلَيْهِ وَاسْتَهْدَاهُ، وَأَشْهَدُ أَنْ لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ نَبِيَّنَا مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ صَلَّى اللهُ وَسَلَّمَ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ، أَمَّا بَعْدُ:

wcÖq gymwjøqvb! মাহে রমজানের মুবারক দিনগুলো বিদায় নিচ্ছে এক-এক করে। পবিত্র রজনীগুলোও এক-এক করে পরিণত হচ্ছে বিগত ইতিহাসে। মাহে রমজানের বরকতময় রাত ও দিনগুলো চলে যাচ্ছে আমাদের আমলের সাক্ষী হয়ে। আমরা যা গচ্ছিত রাখছি তার সংরক্ষক হিসেবে। মাহে রমজানে দিন-রাতগুলো আমাদের আমলের গুদামঘর, আমাদের আমলের সঞ্চয়-ব্যাংক যা কিয়ামতের ময়দানে হাজির হবে আমাদের সঞ্চিত আমলের পুঙ্খানুপুঙ্খ রেকর্ড নিয়ে। আর সেদিন রাব্বুল আলামীন ডেকে বলবেন: يَا عِبَادِيْ إِنَّمَا هِيَ أَعْمَالُكُمْ أُحْصِيْهَا لَكُمْ ثُمَّ أُوَفِّيْكُمْ إِيَّاهَا، فَمَنْ وَجَدَ خَيْراً فَلْيَحْمَدِ اللهَ، وَمَنْ وَجَدَ غَيْرَ ذَلِكَ فَلَا يَلُوْمَنَّ إِلَّا نَفْسَهُ 'হে আমার বান্দারা! এগুলো তো তোমাদের আমল, যা আমি তোমাদের জন্য হিসাব করছি। অতএব যে ভালো পাবে সে যেন আল্লাহর প্রশংসা করে, আর যে অন্যরকম পাবে সে যেন নিজেকে ছাড়া অন্য কাউকে দোষারোপ না করে' (মুসলিম)।

fvB‡qiv Avgvi ! পবিত্র মাহে রমজান বিদায়ের ঘন্টা বাজাচ্ছে। রমজানের শেষ দশক আমাদের দ্বার প্রান্তে। যদি আমরা বিগত দিনগুলোতে সিয়াম সাধনার যথার্থতা রক্ষায় অলসতা করে থাকি, তাহলে সামনের দিনগুলোতে যারপরনাই চেষ্টা করে যাওয়ার প্রত্যয় পোষণ করতে হবে। মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমজানের শেষ দশক যেভাবে যাপন করেছেন সেভাবে যাপনের সাধনা করতে হবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমজানের প্রথম বিশ দিনের রাতগুলো নামায ও নিদ্রা উভয়টির মধ্যদিয়ে কাটাতেন, আর শেষ দশ দিন কাটাতেন অস্বাভাবিক পরিশ্রম করে। এ দশ দিন তিনি বিছানা পরিত্যাগ করতেন, স্ত্রীসঙ্গ পরিত্যাগ করতেন, বরং স্ত্রীগণকেও ইবাদাতের জন্য জাগিয়ে দিতেন। আলী ও ফাতিমা রাযি. এর দরজায় কড়া নাড়তেন এবং বলতেন, 'তোমারা কি উঠবে না? নামায পড়বে না?' তিনি দরজায় কড়া নাড়তেন এবং বলতেন:

وَأْمُرْ أَهْلَكَ بِالصلاةِ وَاصْطَبِرْ عَلَيْهَا لاَ نَسْأَلُكَ رِزْقاً نَّحْنُ نَرْزُقُكَ وَالْعَاقِبَةُ لِلتَّقْوَى

ÔAvi †Zvgvi cwievi-cwiRb‡K mvjvZ Av`v‡qi Av‡`k `vI Ges wb‡RI Zvi Ici AwePj _vK| Avwg †Zvgvi Kv‡Q †Kvb wihK PvB bv| AvwgB †Zvgv‡K wihK †`B Avi ïf cwiYvg †Zv gËvKx‡`i Rb¨Õ(mix Zv-nv, AvqvZ 120)।

তিনি তাঁর স্ত্রীদের ঘরে যেতেন এবং ডেকে বলতেন, 'ওঠো হে ঘরবাসিনী! দুনিয়ায় পোশাকে আচ্ছাদিতদের অনেকেই কিয়ামতের দিন হাজির হবে বিবস্ত্র হয়ে'।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজেও মাহে রমজানের শেষ দশকে ইবাদাতের মাধ্যমে রাত্রিযাপন করতেন, পাশাপাশি পরিবারের সদস্যদের মধ্যে যারা সক্ষম তাদের কাউকে না জাগিয়ে ক্ষান্ত হতেন না।

wcq †kvZvgÐjx! কেউ হয়তো প্রশ্ন করতে পারেন, রাত জেগে কিয়ামুল লাইলের নামায পড়া ফরয ওয়াজিবের বাইরে একটা অতিরিক্ত আমল। আর আমি তো আমার জিম্মায় থাকা আবশ্যিক নামাযগুলো যথার্থরূপেই আদায় করছি। এতটকু কি দায়িত্ব থেকে অব্যাহতি পাওয়ার জন্য যথেষ্ট নয়? উত্তরে বলা যায় যে, আবশ্যিক নামাযগুলো তো বাধ্যতামূলকভাবে পড়তেই হবে। তবে এ নামাযগুলো যে যথার্থরূপে আদায় হচ্ছে, এতে কোনো ত্রুটিবিচ্যুতি হচ্ছে না, এ ব্যাপারে কি কেউ গ্যারান্টি দিতে পারবে? এখান থেকেই তো সুন্নত-নফলের নামাজের প্রয়োজনীয়তার কথা আসে। কেননা সুন্নত-নফল নামায ফরয নামাজের অপূর্ণতাগুলো শুধরিয়ে পরিপূর্ণতা দান করে। সুনানে আবু দাউদের এক বর্ণনায় এসেছে: আল্লাহ তা'আলা বলবেন: انْظُرُوْا فِيْ صَلَاةِ عَبْدِيْ أَتَمَّهَا أَمْ نَقَصَهَا؟ فَإِنْ كَانَتْ تَامَّةً كُتِبَتْ لَهُ تَامَّةً وَإِنْ كَانَ انْتَقَصَ مِنْهَا شَيْئاً قَالَ انْظُرُوْا هَلْ لِعَبْدِيْ مِنْ تَطَوُّعٍ فَإِنْ كَانَ لَهُ تَطَوُّعٌ قَالَ أَتِمُّوْا لِعَبْدِيْ فَرِيْضَتَهُ مِنْ تَطَوُّعِهِ ثُمَّ تُؤْخَذُ الأَعْمَالُ عَلَى ذَاكُمْ 'আমার বান্দার নামায পরখ করে দেখো, সে কি তা পূর্ণাঙ্গভাবে আদায় করেছে, না কি অপূর্ণাঙ্গভাবে আদায় করেছে? যদি তার নামায পূর্ণাঙ্গ হয়ে থাকে, তাহলে তা পূর্ণাঙ্গরূপেই লেখা হবে। আর যদি তাতে কোনো অপূর্ণতা থেকে থাকে, তবে দেখো, আমার বান্দার কোনো নফল নামায আছে কি না। যদি নফল নামায থেকে থাকে, তাহলে তা দিয়ে আমার বান্দার ফরয নামায পরিপূর্ণ করে দাও। অতঃপর অন্যান্য আমল এভাবেই নেয়া হবে' (আবু দাউদ, সহীহ)।

ফরয নামায পরিপূর্ণরূপে আদায় করার ব্যাপারে নিশ্চিত হলেও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণে আমাদেরকে নফল নামাজের প্রতি আগ্রহী হতে হবে। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছিলেন আমাদের জন্য উত্তম আদর্শ।

রমজানে শেষ দশকের বিশেষ একটি ফযীলত এই যে, এ দশ দিনে শবে কদরের সাক্ষাৎ পাওয়ার আশা করা যায়। আর লায়লাতুল কদর এক হাজার মাস থেকেও উত্তম। ইমাম নখঈ রহ. বলেন: jvqjvZj K`i GK nvRvi ivZ †_‡K DËg nIqvi A_- jvqjvZj K`‡ii Avgj jvqjvZj K`i Qvov GK nvRvi gv‡mi Avgj †_‡K DËg| এক হাজার মাস হিসেব করলে তিরাশি বছর চার মাস দাঁড়ায়। তাহলে বুঝতেই পারছেন লায়লাতুল কদর কত বেশি মর্যাদাবান, কত বেশি দামি। সুবহানাল্লাহ!

লায়লাতুল কদর সম্পর্কে বুখারী ও মুসলিমে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : مَنْ قَامَ لَيْلَةَ الْقَدْرِ إِيْمَاناً وَاحْتِسَاباً غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ 'যে ব্যক্তি ঈমানসহ আল্লাহর কাছে ছাওয়াব প্রাপ্তির আশায় কদরের রাতে ইবাদত করল, তার অতীত জীবনের সকল গুনাহ ক্ষমা করে দেয়া হলো' (বুখারী ও মুসলিম)।

অধিক নির্ভরযোগ্য মতানুসারে লায়লাতুল কদর মাহে রমজানের শেষ দশকের একটি রাত। আল্লাহ তা'আলা এ রাতের ইলম বান্দাদের থেকে গোপন করে রেখেছেন তাদের প্রতি রহমতস্বরূপ। যাতে তারা মাহে রমজানের শেষ দশ রজনীতে লায়লাতুল কদর অনুসন্ধান করতে গিয়ে অধিক ইবাদত-বন্দেগীতে মশগুল হয়। নামায , দু'আ ও যিকরের মাধ্যমে রাত্রিযাপন করে। অতঃপর এ দশ রাতের মেহমনতে আল্লাহর অধিক নৈকট্য অর্জনের সুযোগ পায়। তিনি লায়লাতুল কদরকে বান্দাদের পরীক্ষার উদ্দেশ্যেও গোপন করেছেন যাতে লায়লাতুল কদর অনুসন্ধানে কে অধিক নিবেদিত ও ঐকান্তিক তা পরিস্কার হয়ে যায়।

wcq gmwj øqvb! লায়লাতুল কদর চেনার কিছু আলামতও রয়েছে। এসব আলামতের মধ্যে বিশুদ্ধ আলামত হলো: কদরের রাতান্তে যখন সকাল হবে, সেদিনকার সূর্যোদয় হবে সাদা হয়ে কিরণহীন অবস্থায়। উবায় ইবনে কাব রাযি. থেকে সহীহ মুসলিমের এক বর্ণনায় এসেছে, রাসূলুলালাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: وَأَمَارَتُهَا أَنْ تَطْلُعَ الشَّمْسُ فِيْ صَبِيْحَةِ يَوْمِهَا بَيْضَاءَ لَا شُعَاعَ لَهَا 'আর তার আলামত হলো সেদিনকার সকালের সূর্যোদয় ঘটবে সাদা আকারে, যার কোনো কিরণ থাকবে না' (মুসলিম)।

অবশ্য এ আলামতটিও কদরের রাত অতিক্রান্ত হওয়ার পর সকাল বেলায় জানা যাবে। এর হেকমতও লায়লাতুল কদর অনুসন্ধানে বান্দাদেরকে অধিক পরিশ্রমী করে তোলা, এবং যারা এ রাতের ফযীলত পাওয়ার জন্য পরিশ্রম করেছে তাদেরকে আনন্দিত করা।

হাদীসের বর্ণনা অনুযায়ী সত্যস্বপ্নের মাধ্যমেও লায়লাতুল কদর কবে তার জ্ঞান লাভ করা যেতে পারে। ইবনে উমর রাযি. থেকে বুখারী ও মুসলিমের একটি বর্ণনায় এসেছে। তিনি বলেন, 'রাসালুলাাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কয়েকজন সাহাবী নিদ্রারত অবস্থায় দেখেন যে, লায়লাতুল কদর রমজানের শেষ সাত দিনের মধ্যে অবস্থিত। রাসালুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, 'আমি দেখছি যে তোমাদের স্বপ্ন লায়লাতুল কদর রমজানের শেষ সাত দিনে হওয়ার ব্যাপারে এক হয়েছে। অতঃপর যে ব্যক্তি লায়লাতুল কদর তালাশ করতে চায় সে যেন এই সাত দিনে তালাশ করে' (মুসলিম)।

রাসালুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে লায়লাতুল কদর কবে তা দেখানো হয়েছিল। হাদীসে এসেছে, রাসুলুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : إِنِّي أُرِيتُ لَيْلَةَ الْقَدْرِ، ثُمَّ أُنْسِيتُهَا أَوْ نُسِّيتُهَا، فَالْتَمِسُوهَا فِي الْعَشْرِ الأَوَاخِرِ فِي الْوَتْرِ 'আমাকে লায়লাতুল কদর দেখানো হয়েছিল, এরপর তা আমাকে ভুলিয়ে দেয়া হয়। তাই রমজানের শেষ দশকে বেজোড় (রাতে) তোমরা লায়লাতুল কদর তালাশ করো। আর আমি নিজেকে দেখেছি পানি ও কাদায় সিজদা দিতে'(বুখারী)।

প্রিয় মুসল্লিয়ান! রমজানের শেষ দশকের একটি আমল হলো ইতিকাফ করা। ইতিকাফ হলো এই মুবারক দিনগুলোয় ইবাদত-বন্দেগীর উদ্দেশ্যে মসজিদে অবস্থান ও রাতযাপন করা। ইতিকাফ শরীয়তসম্মত একটি আমল হওয়ার ব্যাপারে আল কুরআনে ইঙ্গিত রয়েছে। ইরশাদ হয়েছে : **وَأَنْتُمْ عَاكِفُونَ فِي الْمَسَاجِدِ** ÔG Ae¯'vq †h †Zvgiv gmwR‡` BwZKvdiZÕ(miv Avj evKviv:187)।

ইতিকাফ বিষয়ে সহীহ বুখারীতে বর্ণিত দীর্ঘ এক হাদীসের শেষাংশে রয়েছে : مَنْ كَانَ اعْتَكَفَ مَعِي فَلْيَعْتَكِفْ الْعَشْرَ الأَوَاخِرَ فَقَدْ أُرِيْتُ هَذِهِ اللَّيْلَةَ ثُمَّ أُنْسِيْتُهَا 'যে আমার সাথে ইতিকাফ করতে চায় সে যেন শেষ দশকে ইতিকাফ করে, কেননা এই রাত আমাকে দেখানো হয়েছিল, পরে আমাকে তা ভুলিয়ে দেয়া হয়েছে' (বুখারী)। তাই যার শক্তি সামর্থ্য আছে তার উচিত হবে ইতিকাফে বসে শেষ দশকের রাতগুলো যাপন করা।

ইতিকাফকারী নিজেকে দুনিয়া থেকে বিচ্ছিন্ন করে ফেলে একনিষ্ঠভাবে আল্লাহর আনুগত্য, দু'আ-মুনাজাত, যিকর ইত্যাদির জন্য সে নিজেকে মসজিদে আঁটকে ফেলে। দুনিয়াবী সকল দৌড়ঝাঁপ থেকে মুক্ত হয়ে সে মসজিদের পবিত্র আবহে নিজেকে আবদ্ধ করে ফেলে। মন ও শরীর উভয়টাকেই সে নিরঙ্কুশভাবে রাব্বুল আলামীনের দরবারে সঁপে দেয়। যা কিছু আল্লাহকে সন্তুষ্ট করে শুধু তাতেই নিজেকে সংশিষ্ট করে নেয়। আর এভাবে সে শুধুই আল্লাহর জন্য হয়ে যায়। যা করলে আল্লাহ রাযি হন শুধু তাতেই নিজেকে নিয়োজিত করে।

mwcq gmwjøqvb! ইতিকাফের তাৎপর্য হলো, সৃষ্টজীব থেকে সম্পর্ক ছিন্ন করে আল্লাহর সাথে সম্পর্ক স্থাপনের জন্য সুনির্দিষ্ট বলয়ের মধ্যে নিজেকে আবদ্ধ করে নেয়া। আর আল্লাহ সম্পর্কে বান্দার জ্ঞান যত বাড়বে, আল্লাহর মহব্বত হৃদয়ে যত পোক্ত হবে, আল্লাহর ডাকে সাড়া দিতে যতটুকু অগ্রসর হবে, দুনিয়ার প্রতি প্রেম ভালোবাসা ততই অর্ন্তহিত হবে।

ইতিকাফ হলো, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সঙ্গে পালিত জিবরীল আলাইহি ওয়া সাল্লামের সুন্নত। জিবরীল আ. প্রতি রমজানেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে কুরআন শুনাতেন এবং নিজেও তাঁর থেকে শুনতেন। আর যে বছর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওয়াফাত হয় সে বছর তিনি দু'বার কুরআন শুনান এবং শোনেন (বুখারী ও মুসলিম)।

ইবনে আব্বাস রাযি.এর বর্ণনায় বুখারীতে আরো এসেছে : كَانَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَجْوَدَ النَّاسِ، وَكَانَ أَجْوَدُ مَا يَكُوْنُ فِيْ رَمَضَانَ حِيْنَ يَلْقَاهُ جِبْرِيْلُ، فَيُدَارِسُهُ الْقُرْآنَ وَكَانَ جِبْرِيْلُ عَلَيْهِ السَّلَامُ يَلْقَاهُ كُلَّ لَيْلَةٍ مِنْ رَمَضَانَ فَيُدَارِسُهُ الْقُرْآنَ، فَلَرَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ حِيْنَ يَلْقَاهُ جِبْرِيْلُ أَجْوَدُ بِالْخَيْرِ مِنَ الرِّيحِ الْمُرْسَلَةِ 'রাসূলুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অধিক দানকারী ছিলেন, তবে তিনি সবচে' বেশি দান করতেন যখন জিবরীল আ. তাঁকে কুরআন শুনাতেন। আর জিবরীল আ. রমজানের প্রতি রাতেই তার সাথে সাক্ষাৎ করতেন এবং তাঁকে কুরআন শেখাতেন। যখন জিব্রিল আ. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে সাক্ষাৎ করতেন তখন তিনি বেগবান বাতাস থেকেও অর্থকড়ি ব্যয়ের ক্ষেত্রে অধিক দানশীল হতেন' (বুখারী ও মুসলিম)।

ইতিকাফের ফযীলত

প্রিয় ভাই ও বন্ধুগণ! রমজানের শেষ দশকের রাতগুলোর যেকোনো একটিতে শবে কদর রয়েছে। আর শবে কদরের ইবাদত তিরাশি বছর চার মাস ইবাদত করার চেয়েও উত্তম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্ল-াম শবে কদর প্রাপ্তির আশা নিয়েই ইতিকাফ করতেন। তিনি প্রথম দশকেও ইতিকাফ করেছেন, মধ্য দশকেও করেছেন, এরপর শেষ দশকে। এ ব্যাপারে তিনি বলেন: ‘আমি প্রথম দশকে ইতিকাফ করেছি, এরপর মধ্য দশকে, এরপর আমাকে দেয়া হয়েছে এবং বলা হয়েছে যে, তা শেষ দশকে। অতএব তোমাদের মধ্যে যার ইতিকাফ করা পছন্দ হয় সে যেন ইতিকাফ করে (মুসলিম)।

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ، أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ .

মাহে রমজানের শেষ দশক

wØZxq LZev

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ، أَحْمَدُهُ سُبْحَانَهُ وَأَشْكُرُهُ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ نَبِيَّنَا مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، صَلَّى اللهُ وَسَلَّمَ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ، أَمَّا بَعْدُ:

wcq gmwjøqvb! রাসূলুলালাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইতিকাফ করা কখনো বাদ দেননি। তিনি প্রতি বছর দশ দিন ইতিকাফ করতেন। আর যে বছর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ওয়াফাত ফরমান, সে বছর তিনি বিশ দিন ইতিকাফ করেন। ওপরন্তু যখন তাঁর স্ত্রীগণ ইতিকাফ করতে প্রতিযোগিতা শুরু করলেন, তিনি ইতিকাফ করা ছেড়ে দিলেন এবং তা শাওয়ালের প্রথম দশকে কাজা করে নিলেন (বুখারী)।

ইতিকাফ অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এমন বিষয় থেকে নিজেকে দূরে রেখেছেন, যা তার জন্য বৈধ ছিল। যেমন স্ত্রীসঙ্গ ও নিদ্রাগমন। রমজানের শেষ দশকে কঠোর মেহনতি হওয়া এবং লুঙ্গি বেঁধে নেয়ার ব্যাপারে আয়েশা রাযি. থেকে যে বর্ণনা পাওয়া যায়, তার অর্থ এটাই।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে তাঁর পবিত্র স্ত্রীগণও ইতিকাফ করতেন। এমনকি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওয়াফাতের পরও তাঁরা ইতিকাফ করেছেন। এমনকি আয়েশা রাযি. থেকে এক বর্ণনায় এসেছে যে, জনৈকা ইস্তেহাযাগ্রস্তা স্ত্রী একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে এ অবস্থায় ইতিকাফ করলেন যে, তিনি রক্তিম ও হরিদ্রা বর্ণের রক্ত দেখতে পাচ্ছিলেন। তিনি যখন নামায পড়তেন আমরা তখন হয়তো তাঁর নিচে প্লেট রেখে দিতাম।

প্রিয় মুসল্লিয়ান! আসুন এবার আমরা ইতিকাফের কিছু আহকাম ও মাসাইল নিয়ে আলোচনা করি।

১. রাসূলুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদর্শের অনুসরণ করে ইতিকাফের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য চেষ্টা করা।

২. নিয়ত করে ইতিকাফ শুরু করে দেয়ার পর ইতিকাফ পূর্ণ করা জরুরী নয়।

৩. কমপক্ষে কত দিন ইতিকাফ করলে ইতিকাফ হিসেবে ধরা হবে, বিষয়টি অনির্দিষ্ট। তবে ইতিকাফকারী যেদিন থেকে ইতিকাফ শুরু করতে ইচ্ছুক, সেদিন সূর্যাস্তের পূর্বেই তাকে নিজ ইতিকাফের জায়গায় পৌঁছে যেতে হবে।

৪. নিজের জন্য একটা জায়গা বেছে নেয়া জরুরী, যেখানে নীরবে আল্লাহর যিকর-আযকার করতে পারবে। প্রয়োজনের সময় আরাম করতে পরবে। কাপড় পরিবর্তন করতে পারবে। পরিবারের কেউ এলে তার সাথে সাক্ষাৎ করতে পারবে।

৫. ইতিকাফকারী মসজিদের বিভিন্ন প্রান্তে নফল নামায আদায় করতে পারবে। তবে ইতিকাফকারীর জন্য উত্তম হলো অধিক নড়াচড়া ও নফল নামায   না পড়া। এর প্রথম কারণ, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লাম, নিজেকে লুকিয়ে রাখা যায়, মসজিদের অভ্যন্তরে এমন একটি জায়গা তৈরি করে নিতেন। আর দ্বিতীয় কারণ যখন কেউ নামায পড়ার জায়গায় বসে থাকে তখন ফেরেশতারা তার প্রতি রহমত বর্ষণের দু'আ করতে থাকে (বুখারী)।

৬. ইতিকাফ অবস্থায় স্বামী-স্ত্রী মিলিত হওয়া, চুম্বন,স্পর্শ নিষেধ। যেমন আল্লাহ রাব্বুল আলামীন বলেন : وَلا تُبَاشِرُوهُنَّ وَأَنْتُمْ عَاكِفُونَ فِي الْمَسَاجِدِ Ô†Zvgiv gmwR‡` BwZKvdiZ Ae¯'vq ¯¿x‡`i mv‡_ wgwjZ n‡e bvÕ (miv Avj-evKviv : 187)।

ইতিকাফ অবস্থায় মসজিদ থেকে বের হওয়া না হওয়ার ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলোর প্রতি নজর দিতে হবে।

এক. মানবীয় প্রয়োজনে বের হওয়ার অনুমতি আছে। যেমন পায়খানা, প্রস্রাব, পানাহার - যদি তা মসজিদে পৌঁছে দেওয়ার মত কেউ না থাকে। অনুরূপভাবে যে মসজিদে ইতিকাফ করা হচ্ছে তাতে যদি জুমআর নামায না হয়, তাহলে জুমআ আদায়ের জন্য অন্য মসজিদে যাওয়ার অনুমতি আছে।

দুই. এমন সব নেক-আমল বা ইবাদত-বন্দেগীর জন্য বের হওয়া যাবে না, যা ইতিকাফকারীর জন্য অপরিহার্য নয়। যেমন রোগীর সেবা করা, জানাজায় অংশ নেয়া ইত্যাদি। তবে যদি ইতকিাফের শুরুতে এ জাতীয় কোনো শর্ত করে নেয়া হয়, তবে তার কথা ভিন্ন।

তিন. এমন সকল কাজের জন্য মসজিদ থেকে বের হওয়া যাবে না যা ইতিকাফ বিরোধী। যেমন ক্রয়-বিক্রয়, চাষাবাদ ইত্যাদি। ইতিকাফ অবস্থায় এ সকল কাজের জন্য মসজিদ থেকে বের হলে ইতিকাফ বাতিল হয়ে যাবে।

wcq fvB I eÜMY! আমাদের সমাজে একটা অশুভ চিত্র দেখা যায়, আর তা হলো, রমজানের শুরুতে তারাবীহ নামাজের সময় মসজিদ পূর্ণ থাকে। তবে যতই দিন যেতে থাকে ততই মুসল্লীদের সংখ্যা কমে যেতে থাকে। একজন মুমিনের জন্য এভাবে হিম্মত হারা হয়ে যাওয়া আদৌ উচিত নয়। রমজানের সওগাত কুড়াতে গিয়ে অলসতা একজন খাঁটি মুমিনের আচরণ হতে পারে না। তারাবীহ নামাজে অংশ না নিয়ে অনেকেই আবার খেল-তামাশায় মত্ত হয়ে পড়ে। এটা মাহে রমাজানের পবিত্রতার প্রতি বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন বই অন্য কিছু নয়। যারা গাফেল তাদের সতর্ক হওয়া উচিত। যারা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুরসরণের দাবি করে তাদেরকেও সচেতন হতে হবে। শবেকদর পাওয়ার জন্য রাত জেগে মেহনত করতে হবে। নামাজে মাশগুল হতে হবে। এটা সত্যিই অবর্ণনীয় ক্রটি ও দুর্ভাগ্য যে এমন একটি রজনীর খবর দেয়া হল যার ইবাদত তিরাশি বছর ইবাদাতের সমান। অথচ এ রজনীকে পাওয়ার জন্য ইবাদত না করে হেলাফেলায় সময় কাটিয়ে দেওয়া হল।

যে ব্যক্তি মাহে রমজানকে উদ্যম-উৎসাহে শুরু করল, পুরো রমজান কাঙ্খিত সিয়াম সাধনায় কাটানোর প্রেরণা নিয়ে শুরু করল, অথচ কিছুদূর না এগোতেই হিম্মত হারিয়ে ফেলল, এরূপ ব্যক্তি আল্লাহর জন্য নিবেদিত মুমিন হতে পারে না। আমাদের পূর্বসুরীদের ব্যাপারে তো আল্লাহ তা'আলা বলেছেন : كَانُوا قَلِيلًا مِنَ اللَّيْلِ مَا يَهْجَعُونَ، وَبِالْأَسْحَارِ هُمْ يَسْتَغْفِرُونَ. Ôiv‡Zi mvgvb¨ AskB Giv Nwg‡q KvUv‡Zv| Avi iv‡Zi †kl cn‡i Giv ¶gv PvIqvq iZ _vKZÕ (miv AvhÑhwiqvZ:17-18)।

তাঁরা রাতের অধিকাংশ ইবাদত-বন্দেগীর মাধ্যমে কাটানোর পরও কেন ইসতেগফার করতেন, আল্লাহর কাছে ক্ষমা চাইতেন? আল্লাহর হক আদায়ের ক্ষেত্রে কোনো ক্রটি হয়ে গেল কি না এই অনুভূতি থেকেই তাঁরা এরূপ করতেন।

মুহতারাম হাযেরীন! আসুন আমরা সেই ব্যক্তিদের মতো হই যাদের ব্যাপারে আল্লাহ তা'আলা বলেছেন : وَالَّذِينَ يُؤْتُونَ مَا آتَوْا وَقُلُوبُهُمْ وَجِلَةٌ أَنَّهُمْ إِلَى رَبِّهِمْ رَاجِعُونَ. ÔAvi hviv hv `vb K‡i Zv fxZ-Kw¤úZ ü`‡q K‡i _v‡K GRb¨ †h, Zviv Zv‡`i i‡ei w`‡K cZ¨veZbkxjÕ (miv Avj gwgbb:60)।

আমাদের মনে রাখতে হবে যে, আপনি আমি ঈমানের যে নিয়ামত পেয়েছি, তা একমাত্র আল্লাহ তা'আলার অনুগ্রহেই। তাই আমাদের বলা উচিত : الْحَمْدُ لِلَّهِ الَّذِي هَدَانَا لِهَذَا وَمَا كُنَّا لِنَهْتَدِيَ لَوْلَا أَنْ هَدَانَا الله Ômg¯cksmv Avjøvni, whwb Gi Rb¨ Avgv‡`i‡K wn`v‡qZ w`‡q‡Qb| Avi Avgiv wn`v‡qZ cvIqvi wQjvg bv, hw` bv Avjøvn Avgv‡`i‡K wn`v‡qZ w`‡ZbÕ(miv Avj-Avivd:43)।

সকল নিয়ামত আল্লাহ তা'আলার পক্ষ হতে এবং তিনি ইচ্ছে করলে যেকোনো নিয়ামত মুহূর্তের মধ্যে ছিনিয়ে নিতে পারেন। এমনকি আল্লাহ তা'আলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ওহীর যে নিয়ামত দিয়েছেন তাও তিনি নির্দ্বিধায় ছিনিয়ে নিতে পারেন। ইরশাদ হয়েছে : وَلَئِنْ شِئْنَا لَنَذْهَبَنَّ بِالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ ثُمَّ لا تَجِدُ لَكَ بِهِ عَلَيْنَا وَكِيلا ÔAvi Awg B"Qv Ki‡j †Zvgvi Kv‡Q Inxi gva¨‡g hv cwV‡qwQ Zv Aek¨B wb‡q wb‡Z cviZvg; AZtci G wel‡q Avgvi weiæ‡× †Zvgvi Rb¨ †Kv‡bv Kgweavqk †c‡Z bv| (miv Avj Bmiv:86)।

তাই ইবাদত-বন্দেগী করে দম্ভ ও গর্ব করার আদৌ কোন যৌক্তিকতা নেই। বরং আমাদের প্রত্যেকের হৃদয়ে আমল কবুল না হওয়ার আশঙ্কা রাখতে হবে। কেননা আল্লাহর পাকড়াও সম্পর্কে ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা ছাড়া অন্য কেউ নিরাপত্তাবোধ করে না। আর আল্লাহ তা'আলা তো কেবল মুত্তাকী ব্যক্তিদের নেক-আমলই কবুল করেন।

তাই আমাদের উচিত, মাহে রমজানের বাকি দিনগুলোতে প্রচুর মেহনত করা। আমাদের আমল কবুল হচ্ছে কি না সে ব্যাপারে হৃদয়ে শঙ্কা ও ভয় রাখা। আল্লাহ যাদের আমল কবুল করেন তাদের পর্যায়ে নিজেদেরকে নিয়ে যাওয়া। এ ব্যাপারে অক্লান্ত পরিশ্রম ও মেহনত করে যাওয়া।

প্রিয় মুসল্লিয়ান! শবেকদরের সাক্ষাৎ পেলে আমাদের উচিত হবে, আল্লাহর কাছে অধিক পরিমাণে ক্ষমা চাওয়া। আয়েশা রাযি. কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে দু'আ শিখেয়েছেন তা পড়া। অর্থাৎ: اللَّهُمَّ إِنَّكَ عَفُوٌّ تُحِبُّ الْعَفْوَ فَاعْفُ عَنِّيْ 'হে আল্লাহ! আপনি অতি ক্ষমাশীল, আপনি ক্ষমা করা পছন্দ করেন, তাই আমাকে ক্ষমা করে দিন' (তিরমিযী, সহীহ)।

اَللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيْمَ وَعَلَى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اَللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنْ آلِ نَبِيِّكَ الطَّيِّبِيْنَ الطَّاهِرِيْنَ وَعَنْ أَزْوَاجِهِ أُمَّهَاتِ الْمُؤْمِنِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

ইয়া আল্লাহ! আপনি আমাদেরকে মাহে রমজানের হক পুরোপুরি আদায় করার তাওফীক দান করুন। রমজানের বাকি দিনগুলো যেন উত্তমভাবে কাটাতে পারি সে তাওফীক আমাদেরকে দান করুন। শেষ দশকে যেন আমাদের প্রত্যেকেই অত্যন্ত মেহনত ও পরিশ্রম করতে পারি সে তাওফীক আমাদেরকে দান করুন। ইয়া রাব্বাল আলামীন! আপনার রাসূল যেভাবে রমজান যাপন করেছেন আমাদেরকে সেভাবে রমজান যাপনের তাওফীক দান করুন। আমাদেরকে ইতিকাফ করার তাওফীক দান করুন। হে আল্লাহ! আপনি আমাদেরকে লায়লাতুল কদর পাওয়ার জন্য শেষ দশকে মেহনত করার তাওফীক দান করুন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهُ : (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

সাদকায়ে ফিতর ও ঈদের নামায

LZevq hv _vK‡e

১. রমজান শেষে একজন মুসলমানের করণীয়
২. সামাজিক পরিমণ্ডলে পারস্পরিক সাহায্য-সহযোগিতা বিষয়ে ইসলামী মূল্যবোধের আলোচনা
৩. ঈদের নামাজের তাৎপর্য ও আহকাম

c_g LZev

اَلْحَمْدُ لِلّٰهِ الْبَرِّ الْجَوَادِ الْكَرِيْمِ، الْقَابِضِ الْبَاسِطِ الرَّحْمَنِ الرَّحِيْمِ، أَحْمَدُهُ تَعَالَى عَلَى فَضْلِهِ الْعَظِيْمِ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، أَمَرَنَا بِصِلَةِ الْأَرْحَامِ، وَالصَّدَقَةِ عَلَى الْفُقَرَاءِ وَالْأَيْتَامِ، وَأَشْهَدُ أَنَّ نَبِيَّنَا مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ صَلَّى اللهُ وَسَلَّمَ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ. أَمَّا بَعْدُ :

hv iwL mevi Z‡i †mB ïa i‡e,
†gvi mv‡_ †Wv‡e bv †m, iv‡L Zv‡i m‡e|

wcq Dcw¯wZ! মাহে রমজান এসেছিল মেহমান হয়ে, অনেক সওগাত নিয়ে। এখন সে বিদায় নিয়ে চলে যাওয়ার উপক্রম করেছে দীর্ঘ এগার মাসের জন্য। আমরা এ মেহমানের আতিথিয়েতায় কতটুকু সফল হলাম তা ভেবে দেখা উচিত।

অতএব, আসুন আমরা রমজানের বাকী দিনগুলোতে তাওবা, ইস্তেগফার করি। আল্লাহর কাছে ক্ষমা চাই। বেশি বেশি সৎকর্ম ও নেক-আমল করি। মহান আল্লাহর কাছে কাকুতি মিনতি ও অনুনয় বিনয় করি। আশা করা যায়, আল্লাহ তা'আলা আপনার আমার যাবতীয় সীমালংঘন ও ত্রুটি বিচ্যুতি মোচন করে দিবেন। অপূর্ণতাকে পূর্ণ করে দেবেন।

wcq †kvZvgÐjx! আল্লাহ তা'আলা এ মাসের শেষের দিকে গুরুত্বপূর্ণ কিছু ইবাদত বিধিবদ্ধ করেছেন, যা বাস্তবায়নে ঈমান বৃদ্ধি পায়, ইবাদত-বন্দেগী পূর্ণতা পায় এবং নেয়ামত পরিপূর্ণতা লাভ করে।

আল্লাহ তা'আলা এ মাসে আমাদের জন্য সাদকায়ে ফিতর, তাকবীর এবং ঈদের নামায শরীয়তের অন্তর্ভুক্ত করেছেন। এজন্য আমরা আল্লাহ তা'আলার হামদ ও ছানা এবং শুকরিয়া আদায় করি।

এসব কাজের মধ্যে একটি হল সাদকায়ে ফিতর। সাদকায়ে ফিতর রোযাদারের অনর্থক, অশ্লীল কথা ও কাজ পরিশুদ্ধকারী এবং এতে রয়েছে অভাবী মানুষের জন্য আহারের ব্যবস্থা।

রমজানের রোযা শেষ করার ফলে যে সাদকা ওয়াজিব হয়, তাকেই সাদকায়ে ফিতর বলে। সাদকায়ে ফিতর মুসলমানদের প্রতি আল্লাহর বিশেষ করুণা। রোযা পালনের সময় যেসব ত্রুটি-বিচ্যুতি সংঘটিত হয় তা পুষিয়ে দেয়ার জন্য সাদকায়ে ফিতরের ব্যবস্থা করা হয়েছে।

ঈদের দিন সকালে সুবহে সাদিকের সময় যে ব্যক্তি জীবিকা নির্বাহের অত্যাবশ্যকীয় উপকরণ যথা পরিধেয় বস্ত্র, থাকার ঘর এবং আহার্য দ্রব্যাদি ছাড়া নেসাব পরিমাণ যেকোনো সম্পদের মালিক থাকবে, সাদকায়ে ফিতর তার ওপরই ওয়াজিব। জামহূর ফুকাহার মতানুযায়ী যে ব্যক্তি ঈদের দিন পরিবারের এক দিন এক রাতের খাবারের অতিরিক্ত এক সা' পরিমাণ খাদ্যের মালিক থাকবে তার ওপর সাদকায়ে ফিতর ওয়াজিব।

সাদকায়ে ফিতর শরীয়তের বিধানভুক্ত হওয়ার বিষয়টি আবদুল্লাহ ইবনে উমর রাযি. থেকে বর্ণিত হাদীস দ্বারা প্রমাণিত। তিনি বলেন: فَرَضَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ زَكَاةَ الْفِطْرِ مِنْ رَمَضَانَ، صَاعاً مِنْ تَمْرٍ أَوْ صَاعاً مِنْ شَعِيْرٍ ôivmjjøvn mvjøvjøvû AvjvBwn Iqv mvjøvg igRvb †k‡l mv`Kv‡q wdZi GK mvô †LRi A_ev GK mvô he wbaviY K‡i‡Qbô (মুসলিম)।

শরীয়তে সাদকায়ে ফিতর বিধিবদ্ধ হওয়ার দু'টি হেকমত রয়েছে। প্রথম হেকমতটি হল, রোযাদারের রোযাকে

পবিত্র বা কলুষমুক্ত করা। কোনো রোযাদার যখন রোযা রাখা অবস্থায় বেহুদা কোনো কাজকর্ম করে কিংবা কোনো গুনাহের কাজে লিপ্ত হয় তখন তার জন্য এটা জরুরী হয়ে পড়ে যে, সে তার ঐ রোযাকে এসব কদর্যতা থেকে পবিত্র করবে। সাদকায়ে ফিতর দ্বারা প্রথমত গুরুত্বপূর্ণ এ কাজটি সম্পন্ন হয়ে থাকে।

এদিকে ইশারা করেই আবদুল্লাহ ইবনে আব্বাস রাযি. বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রোযাদারের জন্য সাদকায়ে ফিতর আদায় অপরিহার্য করে দিয়েছেন, যা সিয়াম পালনকারীর অনর্থক ও অশ্লীল কথা-কাজ পরিশুদ্ধকারী এবং অভাবী মানুষের জন্য আহারের ব্যবস্থাকারী। অতএব যে ব্যক্তি ঈদের নামাজের পূর্বে তা আদায় করবে তা সাদকায়ে ফিতর হিসেবে গ্রহণযোগ্য হবে। আর যে ঈদের নামাজের পর আদায় করবে তা অপরাপর (নফল) সাদকা হিসেবে গণ্য হবে (আবু দাউদ)।

সাদকায়ে ফিতরের দ্বিতীয় হেকমত হলো, এতীম-অসহায়, অভাবী ও নিঃস্ব মানুষের প্রতি সহানুভূতি প্রদর্শন করা। ঈদের দিন গরীব-মিসকীনদের যেন ধনীদের কাছে হাত পাততে না হয় এবং তারাও যেন ধনীদের আনন্দের সাথে আনন্দে মেতে উঠতে পারে, সেজন্যই শরীয়তে সাদকায়ে ফিতরের ব্যবস্থা রাখা হয়েছে। বস্তুতঃ সাদকায়ে ফিতর দ্বারা অভাবী মানুষের অভাবের যন্ত্রণা ও দুঃখ-কষ্ট কিছুটা হলেও লাঘব হয়।

mv`Kv‡q wdZi IqvwRe nIqvi kZ©vejx: সাদকায়ে ফিতর ওয়াজিব হওয়ার জন্য প্রথম শর্ত হলো মুসলমান হওয়া। কোনো অমুসলিমের ওপর সাদকায়ে ফিতর ওয়াজিব নয়। যদি কোনো কাফিরের এমন কিছু মুসলমান আত্মীয়-স্বজন থাকে যাদের ভরণ-পোষণ সে করে থাকে তথাপি তার ওপর সাদকায়ে ফিতর ওয়াজিব হবে না। কেননা সাদকা একটি ইবাদত। যা কোনো অমুসলমানের ওপর ওয়াজিব হয় না।

সাদকায়ে ফিতর ওয়াজিব হওয়ার দ্বিতীয় শর্ত হলো, নেসাব পরিমাণ সম্পদের মালিক হওয়া। ইমাম আবূ হানীফা রহ. এর মতানুযায়ী সাড়ে সাত ভরি স্বর্ণ অথবা সাড়ে বায়ান্ন ভরি রৌপ্য কিংবা এই দু'টির কোনো একটির মূল্যের সমপরিমাণ অন্যকোনো সম্পদের মালিক হওয়া। আর জামহূর ফুকাহার মতানুযায়ী, ঈদের দিন নিজের ও পরিবারের এক দিন এক রাতের খরচ বাদে অতিরিক্ত এক সা' পরিমাণ খাদ্যের মালিক হওয়া। যার ওপর সাদকায়ে ফিতর ওয়াজিব সে নিজের পক্ষ থেকে এবং পোষ্যদের পক্ষ থেকেও তা আদায় করবে।

সাদকায়ে ফিতর ওয়াজিব হওয়ার তৃতীয় শর্ত হলো, ওয়াক্ত বা সময় হওয়া। আর তা হলো, ঈদের দিন সুবহে সাদিকের পর। অবশ্য জামহূর উলামায়ে কিরাম বলেন, সাদকায়ে ফিতর আদায় করার সময়টি রমজান মাস শেষ হওয়ার সাথে সাথেই শুরু হয়ে যায়। অর্থাৎ রমজানের শেষ দিন সূর্য অস্ত যাওয়ার পর থেকে।

সাদকায়ে ফিতর ঈদের নামাজের পূর্বেই আদায় করে শেষ করতে হবে। নামায শেষ হয়ে যাওয়ার পর যদি কেউ আদায় করে তবে তা সাধারণ সাদকা হিসেবে গণ্য হবে। সাদকায়ে ফিতর হিসেবে নয়।

কোনো ব্যক্তি যদি নিজের ভরণ-পোষণ নিজেই করতে সক্ষম হয়, তাহলে সে নিজের সাদকায়ে ফিতর নিজেই আদায় করবে। অনুরূপভাবে তাদেরও সাদকায়ে ফিতর সে আদায় করবে যাদের ভরণ-পোষণ করা তার ওপর ওয়াজিব। যেমন, স্ত্রী, মাতা, ছেলে-মেয়ে, চাকর-বাকর প্রভৃতি; যদিও ছেলে-মেয়েরা ছোট হওয়ার কারণে রোযা রাখতে সক্ষম না হয়।

হাদীস শরীফে এ কথার সমর্থন রয়েছে। যেমন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: ابْدَأْ بِنَفْسِكَ ثُمَّ بِمَنْ تَعُوْلُ ÔZwg wb‡RiUv w`‡q ïiæ Ki‡e| Zvici hv‡`i fiY-†cvlY K‡iv Zv‡`iUv w`‡qÕ|

যার ওপর সাদকায়ে ফিতর ওয়াজিব হবে এমন ব্যক্তির যে সন্তান ঈদের দিন সুবহে সাদিকের পূর্বে জন্মগ্রহণ করে তার পক্ষ থেকেও পিতাকে সাদকায়ে ফিতর আদায় করতে হবে। আর যে সন্তান সুবহে সাদিকের পরে জন্মগ্রহণ করে, তার পক্ষ থেকে পিতাকে সাদকায়ে ফিতর আদায় করতে হবে না। তবে যদি আদায় করে দেয় তাহলে কোনো ক্ষতি হবে না। এমতাবস্থায় সে নফল সাদকার ছাওয়াব পাবে।

যে ব্যক্তি কোনো কারণে রোযা রাখতে পারে না তার ওপরও সাদকায়ে ফিতর ওয়াজিব। আর যারা রাখে তাদের ওপরও ওয়াজিব। উভয়ের মধ্যে কোনো পার্থক্য নেই।

সাদকায়ে ফিতর গম, গমের আটা বা গমের ছাতু দ্বারা আদায় করলে অর্ধ সা' এবং যব, খেজুর ও কিশমিশ দ্বারা আদায় করলে এক সা করে করতে হবে। এক সা'তে ৩.৭৫ কেজি হয়ে থাকে।

প্রিয় ভাইয়েরা! সাদকায়ে ফিতর আদায় করুন। সাদকায়ে ফিতরের সামান্য জিনিস আপনার কাছে থেকে গেলে তা আপনার ধন-সম্পদকে বাড়াবে না। আপনার বিলাসিতায়ও নতুন মাত্রা যোগ করবে না। মনে রাখবেন-

g½j Kievi kw³B ab

wejvm ab bq

আল্লাহ তা'আলা আমাদের সকলের রোযা কবুল ও মনযুর করুন। আমাদের সাদকায়ে ফিতর কবুল করুন।

أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِي وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ

সাদকায়ে ফিতর ও ঈদের নামায

wØZxq LZev

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ، أَحْمَدُهُ سُبْحَانَهُ وَأَشْكُرُهُ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ نَبِيَّنَا مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ صَلَّى اللهُ وَسَلَّمَ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ، أَمَّا بَعْدُ :

gnZvivg nv‡hixb! মহান আল্লাহ তা'আলা মুসলমানদেরকে দু'টি বরকতময় ঈদ দান করেছেন, যার প্রত্যেকটি আগমন করে গুরুত্বপূর্ণ ইবাদত ও ইসলামের রুকনসমূহ থেকে একটি রুকন আদায় করার পর। কল্যাণময় এই দুই ঈদে একদিকে যেমন নানাবিধ উপকারিতা ও ভালাই রয়েছে তেমনি অন্যদিকে রয়েছে জাহেলী যুগের আনন্দ উৎসবের পরিবর্তে উত্তম বদলা।

আনাস রাযি.বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মদীনায় আসেন তখন মুশরিকদের জন্য বছরের দু'টি দিন নির্ধারিত ছিল। তারা এ দিন দু'টোতে খেলাধূলা করত। আনন্দ করত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জিজ্ঞেস করলেন, এ দু'টো দিন কী? সাহাবীগণ জবাবে বললেন, আমরা জাহেলী যুগে এসব দিনে খেলাধূলা ও আনন্দফূর্তি করতাম। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: إِنَّ اللهَ أَبْدَلَكُمْ بِهِمَا يَوْمَيْنِ خَيْراً مِنْهُمَا: يَوْمَ الْفِطْرِ وَيَوْمَ الأَضْحَىْ 'আল্লাহ তা'আলা এ দিন দু'টোকে উত্তম দু'টি দিন দ্বারা পরিবর্তন করে দিয়েছেন। তন্মধ্যে একটি হলো ঈদুল ফিতর, অন্যটি হলো, ঈদুল আযহা' (আবু দাউদ, নাসাঈ)।

mwcq gmjgxe›`! ঈদ বা আনন্দ-উৎসবের দিন আগেও ছিল এখনও আছে। তবে শরীয়ত সমর্থিত ঈদ বা উৎসব দ্বারা আল্লাহ তা'আলার নৈকট্য ও ছাওয়াব অর্জিত হয়। পক্ষান্তরে মানুষ কর্তৃক প্রবর্তিত উৎসবসমূহ দ্বারা কেবল ভ্রষ্টতা ও গোমরাহীই বেড়ে চলে।

শরীয়ত সমর্থিত ঈদগুলো হলো, ঈদুল ফিতর, ঈদুল আযহা, জুমআ। এগুলো ছাড়া যত ঈদ আছে সবই জাহেলী ঈদ, যা মানুষকে আল্লাহ থেকে দূরে সরিয়ে দেয়। গোমরাহ ও পথভ্রষ্ট করে। যেমন- ঈদে মিলাদুন্নবী।

শরীয়ত প্রবর্তিত ঈদ তৎপর্যে ঘেরা। এতে অসংখ্য উপকারিতা ও হেকমত নিহিত আছে। ঈদ ইসলামের স্বচ্ছ ও নির্মল আকীদা-বিশ্বাসের ধারক-বাহক, যা যে কোনো মানুষের জন্য অনেক বড় নেয়ামত।

ঈদ তাৎপর্যপূর্ণ হওয়ার কারণ হলো, এর দ্বারা আল্লাহ তা'আলার মহত্ব ও বড়ত্ব প্রকাশ করা হয় এবং তাঁর গুণাবলী বর্ণনা করা হয়। সেই সাথে এ সাক্ষ্য দেওয়া হয় যে, তিনিই প্রকৃত মাবুদ- সমস্ত মুসলমান দু'আ, আশা এবং সাহায্য প্রার্থনাসহ সকল ইবাদতের মাধ্যমে যার নৈকট্য লাভ করে। ইবাদতের ক্ষেত্রে কেউ তার সাথে কাউকে শরীক সাবস্ত করে না। যেমন আল্লাহ তা'আলা বলেন: وَأَنَّ الْمَسَاجِدَ لِلَّهِ فَلَا تَدْعُوا مَعَ اللَّهِ أَحَداً ÔAvi wbðq gmwR`¸‡jv Avjøvni B Rb¨| Kv‡RB †Zvgiv Avjøvni mv‡_ Ab¨ KvD‡K †W‡Kv bvÕ (miv Avj wRbb: 18)।

ঈদ উদযাপনের দ্বারা মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যা করতে বলেছেন তা পালন করা; যা করতে নিষেধ করেছেন তা থেকে বিরত থাকা; তাঁর খবরসমূহের সত্যায়ন করা এবং তার আনীত শরীয়ত অনুযায়ী আল্লাহর ইবাদত করাসহ একথার সাক্ষ্যও দেওয়া হয় যে, তিনি আল্লাহ তা'আলার বান্দা ও প্রেরিত রাসূল।

ঈদ ইসলামী বিধি-বিধান বর্ণনারও একটি বড় মাধ্যম। কেননা সেদিন ইমাম সাহেব ইসলামের অনেক গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আলোকপাত করে থাকেন।

ঈদ মানুষের চরিত্রকে সৌন্দর্যমণ্ডিত করে এবং তাকে সঠিক পথে পরিচালিত করে। কেননা ঈদ মানুষকে ধৈর্য, সহনশীলতা ও সহমর্মিতার প্রতি উৎসাহ দেয়। সেই সাথে তা মানুষের অন্তরকে হিংসা, বিদ্বেষ ইত্যাদি থেকে পবিত্র করে। কারণ ঈদের দিন মানেই হলো– আনন্দ ও ইসলামী ভ্রাতৃত্ব রক্ষার দিন।

ঈদের নামাজের পূর্বে সাদকায়ে ফিতর আদায়ের মাধ্যমে মুসলমানদের পরস্পরের মাধ্যে ভ্রাতৃত্বের সম্পর্ক উজ্জীবিত হয় এবং এর ফলে তাদের সামাজিক বন্ধনও সুদৃঢ় হয়। যেমন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্ল-াম বলেন: أَغْنُوْهُمْ فِيْ هَذَا الْيَوْم 'তোমরা ঈদের দিনে গরীবদেরকে ধনী বানাও' (দারু কুতনী, সহীহ)।

ঈদ ইসলামী বিধি-বিধানকে সহজ করে এবং তার মর্যাদাকে উন্নীত করে। কেননা সেদিন আল্লাহ তা'আলা সাদকায়ে ফিতর আদায় করা ওয়াজিব করেছেন এবং সমস্ত হালাল খাবারকে বৈধ করেছেন যেমনটি রমজানের রোযার পূর্বে বৈধ ছিল। যেমন আল্লাহ তা'আলা বলেন: يَاأَيُّهَا الَّذِينَ ءامَنُواْ لاَ تُحَرِّمُواْ طَيِّبَاتِ مَا أَحَلَّ اللهُ لَكُمْ وَلاَ تَعْتَدُواْ إِنَّ اللهَ لاَ يُحِبُّ الْمُعْتَدِينَ وَكُلُواْ مِمَّا رَزَقَكُمُ اللهُ حَلاَلاً طَيِّباً وَاتَّقُواْ اللهَ الَّذِى أَنتُم بِهِ مُؤْمِنُونَ Ô†n gwgbMY! Avjøvn hv nvjvj K‡i‡Qb †m¸‡jv‡K †Zvgiv nvivg K‡iv bv Ges mxgvj•Nb K‡iv bv| wbðq Avjøvn mxgvj•NbKvix‡`i cQ›` K‡ib bv| Avjøvn ZvÔAvjv †Zvgv‡`i‡K †hme nvjvj I cweÎ wihK w`‡q‡Qb Zv †_‡K †Zvgiv LvI Ges Avjøvn‡K fq K‡iv, hvi cwZ †Zvgiv gwgbÕ (miv Avj gwq`v:87)।

রমজান মাস সমাপ্ত হওয়ার পর আল্লাহ তা'আলা আমাদের জন্য তাকবীর পাঠ করার বিধান দিয়েছেন। যেমন তিনি বলেছেন: وَلِتُكْمِلُواْ الْعِدَّةَ وَلِتُكَبِّرُواْ اللهَ عَلَى مَا هَدَاكُمْ وَلَعَلَّكُمْ تَشْكُرُون Ôhv‡Z †Zvgiv MYbv cY K‡iv Ges †Zvgv‡`i †n`v‡qZ `vb Kivi `iæY Avjøvn ZvÔAvjvi gnZ eYbv K‡iv hv‡Z †Zvgiv KZÁZv ¯xKvi K‡ivÕ (miv evKviv: 185)।

ঈদের দিন পুরুষগণ পরিস্কার পরিচ্ছন্ন হয়ে সুগন্ধী মেখে উত্তম পোশাক পরিধান করে বের হবে। নতুন কাপড় অত্যাবশ্যকীয় নয়। তবে তাদের জন্য রেশমী পোশাক পরিধান করা এবং স্বর্ণালঙ্কার ব্যবহার করা জায়েয নেই। কেননা তা পুরুষদের জন্য হারাম।

ঈদুল ফিতরের দিনে করণীয়-

১. ঈদের দিন গোসল করার মাধ্যমে পরিষ্কার পরিচ্ছন্নতা অর্জন করা সুন্নত। কেননা এ দিন সকল মানুষ সালাত আদয়ের জন্য মিলিত হয়। যে কারণে জুমআর দিনে গোসল করা সুন্নত সে কারণেই ঈদের দিন ঈদের সালাতের পূর্বে গোসল করাও সুন্নত। ইবনে উমর রাযি. সম্পর্কে এক বর্ণনায় এসেছে: صَحَّ عَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّهُ كَانَ يَغْتَسِلُ يَوْمَ الْفِطْرِ قَبْلَ أَنْ يَغْدُوَ إِلَى الْمُصَلَّى 'ইবনে উমর রাযি. থেকে বিশুদ্ধ সূত্রে বর্ণিত যে, তিনি ঈদগাহে বের হওয়ার পূর্বে গোসল করে নিতেন' (বর্ণনায় ঈমাম মালেক)।

২. ঈদের নামাজের জন্য বের হওয়ার আগে কিছু খাওয়া। আনাস রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন: كَانَ رَسُوْلُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لايَغْدُو يَوْمَ الفِطْرِ حَتَّى يَأْكُلَ تَمَرَاتٍ، وَيَأْكُلُهُنَّ وِتْراً 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলইহি ওয়া সালাম ঈদুল ফিতরের দিন খেজুর না খেয়ে বের হতেন না, আর তিনি খেজুর খেতেন বে-জোড় সংখ্যক' (বুখারী)।

৩. পায়ে হেঁটে ঈদগাহে যাওয়া। সাঈদ ইবনুল মুসাইয়িব রহ. বলেন : سُنَّةَ الْفِطْرِ ثَلاثٌ: الْمَشْيُ إِلَى الْمُصَلَّى، وَالأَكْلُ قَبْلَ الْخُرُوْجِ وَالاغْتِسَالُ 'ঈদুল ফিতরের সুন্নত তিনটি: ১. ঈদগাহে পায়ে হঁটে যাওয়া; ২. বের হওয়ার পূর্বে খাওয়া; ৩. গোসল করা।

৪. এক পথে ঈদগাহে গমন ও অন্যপথে ফিরে আসা। হাদীসে এসেছে : كَانَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا كَانَ يَوْمُ عِيدٍ خَالَفَ الطَّرِيقَ 'নবী করীম সা. ঈদের দিনে আসা ও যাওয়ার পথ পরিবর্তন করতেন'(বুখারী)।

৫. ঈদের নামায ঈদগাহে গিয়ে পড়া। অর্থাৎ বিনা ওজরে শহরের কোনো মসজিদে ঈদের নামায না পড়া। হাদীসে এসেছে : كَانَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْرُجُ يَوْمَ الْفِطْرِ وَالأَضْحَى إِلَى الْمُصَلَّى 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঈদুল ফিতর ও ঈদুল আযহার দিন ঈদগাহের উদ্দেশ্যে বের হতেন' (বুখারী)।

৬. পায়ে হেঁটে ঈদগাহে যাওয়া। হাদীসে এসেছে : عَنْ عَلِيٍّ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ: مِنْ السُّنَّةِ أَنْ تَخْرُجَ إِلَى

الْعِيْدِ مَاشِياً 'আলী রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন,' সুন্নত হলো ঈদের নামাজের উদ্দেশ্যে তুমি পায়ে হেঁটে যাবে'(তিরমিযী, হাসান)

৭. ঈদগাহে যাওয়ার উদ্দেশ্যে ঘর থেকে বের হওয়ার সময় থেকে নামায পর্যন্ত তাকবীর দেয়া। তাকবীরের শব্দমালা হলো: اللهُ أَكْبَرُ اللهُ أَكْبَرُ لَا إِلَهَ إِلَّا اللهُ، وَاللهُ أَكْبَرُ اللهُ أَكْبَرُ وَلِلَّهِ الْحَمْدُ

৮. ঈদের দিন সাধ্যমতো উত্তম কাপড় পরিধান করাও সুন্নত। রাসূলুল্লাহ সালালাহ আলাইহি ওয়া সাল্লামের একটি বিশেষ জুব্বা ছিল, যা তিনি দুই ঈদে পরতেন (ইবনে খুযাইমা)।

৯. ঈদের দিন পরিবারের সদস্যদেরকে নিয়ে আনন্দ উৎসব করাও মুস্তাহাব। তবে তা যেন বৈধ পন্থায় এবং শরীয়তসিদ্ধভাবে হয়।

১০. ঈদের দিন সাদকায়ে ফিতর দান করা। ঈদের দু'একদিন পূর্বেও সাদকায়ে ফিতর দিয়ে দেয়া বৈধ।

মুহতারাম মুসল্লীবৃন্দ! ঈদ একটি পবিত্র অনুষ্ঠান। দুঃখের বিষয় আমরা এই ঈদকে অবৈধ বিনোদনে ভরিয়ে তুলি, যা কখনো মুসলমানের জন্য উচিত নয়। ঈদের দিনে যুবতী মেয়েদের দামী দামী কাপড় পরিধান করে খোলা মাথায় বেপর্দা অবস্থায় মহল্লায় মহল্লায় দল বেঁধে ঘুরে বেড়ানো যেন আজ রেওয়াজ হয়ে গেছে। অনেক ক্ষেত্রে তারা অভিভাবকহীন অবস্থায় চলাফেরা করে, যা একজন মুসলিম মহিলার জন্য কোনো অবস্থাতেই উচিত নয়। এভাবে ঈদ উদযাপনে ঈদের মর্যাদা দারুণভাবে ক্ষুন্ন হচ্ছে এবং সংশ্লিষ্টরা কঠিন গোনাহের ভাগী হচ্ছে, যার পরিণাম খুবই ভয়াবহ।

পরিশেষে বলতে চাই, ইসলাম একটি সুন্দর ও কুসংস্কার বর্জিত ধর্ম। এর প্রতিটি রীতিনীতি পালনের মধ্যে রয়েছে জীবনের সার্থকতা। তাই আমাদের উচিত, ঈদের মর্যাদা রক্ষার্থে যথাসাধ্য চেষ্টা করা এবং ঈদ উদযাপনের নামে যেসব শরীয়ত বিরোধী কাজকর্ম প্রচলিত আছে সেগুলো প্রতিরোধ করা। আল্লাহ তা'আলা আমাদের সকলকে তাওফীক দান করুন। আমীন।

إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى عَبْدِكَ وَرَسُوْلِكَ نَبِيِّنَا مُحَمَّدٍ، وَارْضَ اللَّهُمَّ عَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ، وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّينِ.

হে আল্লাহ! আপনি আমাদের মাহে রমজানের সকল রোযা কবুল করুন। আমাদের সবাইকে যথাযথভাবে সাদকায়ে ফিতর আদায় করার তাওফীক দিন।

হে আল্লাহ! আপনি আমাদেরকে ঈদের পবিত্রতা রক্ষা করার তাওফীক দান করুন। ঈদের দিন যেন বিনোদনের নামে অবৈধ কাজে জড়িয়ে না পড়ি সে তাওফীক আমাদের সবাইকে দান করুন। হে আল্লাহ ভিনদেশী সংস্কৃতির সয়লাব থেকে আমাদেরকে হিফাযত করুন। আমাদের পরিবার পরিজনকে হিফাযত করুন। হে আল্লাহ আমাদের মা- বোনদেরকে পর্দা-পুশীদা বজায় রাখার তাওফীক দিন। হে আল্লাহ! আমাদের দেশে যারা অপসংস্কৃতি ছড়াচ্ছে তাদেরকে আপনি হিদায়েত নসীব করুন। আমাদেরকে আপনি আমর বিল মারুফ ওয়া নাহী আনিল মুনকারের দায়িত্ব পালনের তাওফীক দিন। আপনি আমাদের প্রত্যেককে দীনের আহবানকারী বানান।

হে আল্লাহ! মুসলিম উম্মাহ্কে আপনি হিফাযত করুন। মুসলিমদেশসমূহকে আপনি শত্রুমুক্ত করুন। সমস্ত পৃথিবীর মুসলমানদেরকে আপনি দীনদার পরহেজগার বানিয়ে দিন। মুসলমানদেরকে আপনি মর্যাদাপূর্ণ জীবনযাপনের তাওফীক দান করুন। হে আল্লাহ! আপনি আমাদের দেশের ওপর শান্তি বর্ষণ করুন। আপনি যে পথে চললে রাযি-খুশি থাকেন আমাদের কর্ণধারদেরকে সে পথে পরিচালিত করুন। তাদের হৃদয়ে দীনের মহব্বত সৃষ্টি করে দিন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

سُبْحَانَ رَبِّكَ رَبِّ الْعِزَّةِ عَمَّا يَصِفُونَ*وَسَلَامٌ عَلَى الْمُرْسَلِينَ*وَالْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ

যিকরল্লাহ বা আল্লাহ তা'আলার স্মরণ

LZevq hv _vK‡e

১. মুসলমানের জীবনে যিকরের গুরুত্ব তুলে ধরা
২. সর্বাবস্থায় আল্লাহর যিকরের প্রতি উৎসাহ দান
৩. আল্লাহর সাথে বান্দার সম্পর্ক সুদৃঢ়করণ
৪. যারা উদাসীন ও গাফেল তাদের থেকে হুঁশিয়ার করা

c_g LZev

الْحَمْدُ لِلّٰهِ حَمْدَ الشَّاكِرِيْنَ، وَالصَّلاةُ وَالسَّلامُ عَلَى خَيْرِ الذَّاكِرِيْنَ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَى آلِهِ وَصَحْبِهِ أَجْمَعِيْنَ ، أَمَّا بَعْدُ :

wcq fvB I eÜMY! আমি আমার নিজেকে এবং আপনাদের সবাইকে তাকওয়া তথা আল্লাহ-ভীতি অর্জনের ব্যাপারে অসিয়ত করছি। অতএব আপনারা প্রকাশ্যে এবং গোপনে– সর্বাবস্থায় আল্লাহকে ভয় করুন, তাঁর ইবাদত করুন, তাঁর তরে সিজদায় লুটিয়ে পড়ুন এবং সকল প্রকার ভালো কাজে নিমগ্ন থাকুন। এতে আপন-ারা উভয় জাহানে সফল হবেন। কৃতকার্য হবেন। কামিয়াবী আপনাদের পদচুম্বন করবে।

mwcq †kvZvgÐjx! নিশ্চয় মানুষের অন্তরসমূহ অন্যসব প্রাণীর অন্তরসমূহের মতোই। জীবন রক্ষা ও প্রাণশক্তি বৃদ্ধির জন্য মানুষের যেমনি বিভিন্ন উপাদান-উপকরণের প্রয়োজন তেমনি প্রয়োজন অন্যান্য প্রাণীদেরও।

এ ব্যাপারে সকল বুদ্ধিমান লোকেরা একমত যে, লোহায় যেমন মরিচা ধরে তেমনি অন্তরেও মরিচা ধরে। গাছপালা ও ফসলাদি যেমন তৃষিত হয় তেমনি অন্তরও তৃষিত হয়। পশুর স্তন যেমন দুধশূন্য হয়ে শুকিয়ে যায় তেমনি অন্তরও শুকিয়ে যায়। তাই স্বচ্ছকরণ ও সিঞ্চিতকরণ– দুটোই অন্তরের জন্য অতীব প্রয়োজন। কেননা এগুলো অন্তরকে মরিচামুক্ত করে ও তার পিপাসা নিবারণ করে।

প্রতিটি মানুষ তার জীবদ্দশায় শত্রুবেষ্টিত। চতুর্দিক থেকে তাকে ঘিরে রেখেছে অসংখ্য দুশমন। এসব দুশনের মধ্য থেকে একটি বড় দুশমন হলো–নফসে আম্মারা। তা মানুষকে ধ্বংসের ঘাটিতে নিয়ে যায়। অনুরূপভাবে কুপ্রবৃত্তি ও শয়তান হলো মানুষের আরো দু'টি শত্রু। কেননা এরাও মানব জীবনকে ধ্বংস ও বরবাদ করে দেয়।

সুতরাং এসব শত্রুর হাত থেকে নিস্কৃতি লাভের জন্য মানুষের প্রয়োজন এমন কিছু হাতিয়ারের, যা তাকে নিরাপত্তা দিবে, তার ভয় দূর করবে এবং তার অন্তরকে প্রশান্ত রাখবে।

মানুষের এসব শত্রুকে পরাভূতকরণ এবং মানবাত্মার যাবতীয় রোগ নিরাময়ের ক্ষেত্রে সবচে' বেশি কার্যকর ভূমিকা পালন করে যে জিনিস– তাহলো আল্লাহর যিকর। যিকর মানুষের অন্তরকে স্বচ্ছ ও আলোকিত করে। রুগ্ন ও অসুস্থ অন্তরকে সুস্থ করে তুলে।

Avjøvgv Bebj Kwq¨g in. e‡jbÑ Awg Be‡b ZvBwgqv in.†K ej‡Z k‡bwQÑ ÔgvQi Rb¨ †hgb cwbi c‡qvRb †Zgwb Aš‡ii Rb¨ whK‡ii c‡qvRb| A_vr gvQ †hgb cwb Qvov evP‡Z cv‡i bv †Zgwb Aši I wh Ki Qvov RxweZ _v‡K bvÕ|

†n Avjøvni ev›`vMY! আল্লাহ তা'আলা ও বান্দার মাঝে যে সম্পর্ক তা শুধু ভোর বেলার দুআর সাথে সীমাবদ্ধ নয়। সীমাবদ্ধ নয় বিকেল বেলার দুআর সাথেও। আমাদের অনেকের বেলায় দেখা যায়, আমরা গোটা দিবসের মধ্যে একটু আধটু সময় আল্লাহকে স্মরণ করি, মশগুল হই তার যিকরে। এরপর আর কোনো খবর থাকে না। সারাদিন কেটে যায় গাফেল অবস্থায়। একটি বারের জন্যও স্মরণ করা হয় না পরমপ্রিয় মাওলা আল্লাহ তা'আলাকে। কোনো বিধি-নিষেধের তোয়াক্কা না করে যেভাবে মনে চায় সেভাবেই করতে থাকি দুনিয়ার কাজ। মনে রাখবেন, এ হলো ধোঁকা ও প্রতারণামূলক দীনদারী। এরূপ দীনদারী আল্লাহর কাম্য নয়।

আল্লাহ তা'আলা মানুষের কাছ থেকে যে দীনদারী চান তাহলো, মানুষ দিনে রাতে, সকালে সন্ধ্যায়– এক

কথায় ২৪টি ঘণ্টাই সে আল্লাহ তা'আলার সাথে সম্পর্ক বজায় রাখবে, তাকে স্মরণ করবে। যেখানে, যেভাবেই থাকুক না কেন এক মুহূর্তের জন্যও সে তাকে ভুলে যাবে না। তাকে বিস্মৃত হবে না। মোটকথা তার জীবনের প্রতিটি কাজ পরিচালিত হবে আল্লাহর মর্জি মুতাবিক এবং তার দেওয়া বিধি-বিধানের সীমানায় আবদ্ধ থেকে। এতে তার জীবন সুখ-শান্তি ও সমৃদ্ধিতে ভরে উঠবে এবং রক্ষা পাবে সে যাবতীয় বিপদাপদ থেকে।

প্রতিটি মুসলমানকে ইসলাম এ বিষয়ে উদ্বুদ্ধ করে যে, সে যেন তার প্রতিপালকের সাথে গভীর সম্পর্ক বজায় রাখে। যদ্বারা তার অন্তর পরিশুদ্ধ হয়, হৃদয় পবিত্র হয় এবং সে তার প্রতিপালকের কাছেই সাহায্য ও মদদ কামনা করে। অন্যের কাছে নয়।

এ জন্যই পবিত্র কুরআন ও হাদীসে আল্লাহ তা'আলার সাথে গভীর সম্পর্ক সৃষ্টির উদ্দেশ্যে সর্বদা অধিক পরিমাণে যিকর করার কথা খুব গুরুত্বের সাথে বলা হয়েছে। যেমন আল্লাহ তা'আলা বলেন: يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اذْكُرُوا اللهَ ذِكْرًا كَثِيرًا ، وَسَبِّحُوهُ بُكْرَةً وَأَصِيلا Ô†n Cgvb`viMY! †Zvgiv Avjøvn ZvÔAvjv‡K AwaK cwigv‡Y ¯§iY K‡iv Ges mKvj I mÜ¨vq Zvi cweÎZv eYbv K‡iv‡Õ (miv Avj Avnhve: 41-42)।

মুমিনদের বিভিন্ন গুণাবলীর মধ্যে এটাও একটি যে তারা বেশি বেশি আল্লাহর তা'আলার যিকর করে। ইরশাদ হয়েছে : وَالذَّاكِرِينَ اللَّهَ كَثِيرًا وَالذَّاكِرَاتِ أَعَدَّ اللهُ لَهُمْ مَغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا ÔAvjøvn‡K AwaK ¯§iYKvix ciæl I bvix, Zv‡`i Rb¨ Avjøvn gvMwdivZ I gnvb cwZ`vb c¯Z †i‡L‡QbÕ (miv Avj Avnhve: 35)।

অন্যত্র ইরশাদ হয়েছে : وَاذْكُرُوا اللهَ كَثِيرًا لَعَلَّكُمْ تُفْلِحُونَ ÔAvi †Zvgiv Avjøvn ZvÔAvjv‡K AwaK cwigv‡Y ¯§iY K‡iv| hv‡Z †Zvgiv mdj n‡Z cv‡ivÕ (miv Avj RgAv: 10)।

আরো ইরশাদ হয়েছে : فَاذْكُرُونِي أَذْكُرْكُمْ وَاشْكُرُوا لِي وَلَا تَكْفُرُونِ Ô†Zvgiv Avgv‡K ¯§iY K‡iv| Awg †Zvgv‡`i‡K ¯§iY KieÕ (miv Avj evKviv: 152)।

অন্য এক আয়াতে এসেছে : وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ ÔAvjøvni ¯§iYB me‡P‡q eoÕ (miv Avj AvbKveZ: 45)।

সহীহ বুখারীর হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : كَلِمَتَانِ حَبِيْبَتَانِ إِلَى الرَّحْمَنِ خَفِيفَتَانِ عَلَى اللِسَانِ ، ثَقِيْلَتَانِ فِي الْمِيْزَانِ : سُبْحَانَ اللهِ وَبِحَمْدِهِ ، سُبْحَانَ اللهِ الْعَظِيْمِ 'দু'টি কালেমা এমন আছে যা আল্লাহ তা'আলার কাছে খুব প্রিয়, পড়তেও খুব সহজ এবং মীযানের পালায় খুব ভারী। কালেমা দু'টি হলো, সুবহানালাহি ওয়া বিহামদিহি সুবহানালাহিল আযীম' (বুখারী)।

একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাহাবীদেরকে বললেন : أَلا أُنَبِّئُكُمْ بِخَيْرِ أَعْمَالِكُمْ وَأَرْفَعِهَا فِي دَرَجَاتِكُمْ، وَخَيْرٍ لَكُمْ مِنْ إِعْطَاءِ الذَّهَبِ وَالْفِضَّةِ، وَخَيْرٍ لَكُمْ مِنْ أَنْ تَلْقَوْا عَدُوَّكُمْ، فَيَضْرِبُوا أَعْنَاقَكُمْ، وَتَضْرِبُوا أَعْنَاقَهُمْ؟ قَالُوا: وَمَا ذَاكَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: ذِكْرُ اللهِ 'আমি কি তোমাদেরকে এমন একটি আমলের কথা বলব না যা যাবতীয় আমল হতে উত্তম, তোমাদেরকে সর্বাধিক মর্যাদা দানকারী, আর আল্লাহর রাস্তায় স্বর্ণ ও রৌপ্য খরচ করার চেয়েও অনেক উত্তম, আর এর থেকেও উত্তম যে তোমরা তোমাদের শত্রুর মুখোমুখী হবে, অতঃপর তারা তোমাদের ঘারে আঘাত করবে এবং তোমরাও তাদের ঘারে আঘাত করবে। সাহাবায়ে কিরাম বললেন, সেটা কী, ইয়া রাসূলালাহ? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, 'তা হলো আল্লাহর যিকর' (তাবারানী: আদদুয়া, সহীহ)।

অন্য এক হাদীসে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : مَنْ قَالَ : سُبْحَانَ اللهِ وَبِحَمْدِهِ غُرِسَتْ لَهُ نَخْلَةٌ فِيْ الْجَنَّةِ 'যে ব্যক্তি সুবহানালাহি ওয়াবি হামদিহী পাঠ করবে তার জন্য জান্নাতে একটি খেজুরবৃক্ষ রোপন করা হবে' (তিরমিযী, হাসান)।

আল্লাহর বান্দাগণ! আল্লাহ তা'আলার যিকর এমনই এক আমল যার উসীলায় তিনি বিপদাপদ, বালা-মুসীবত ও জীবনের নানাবিধ সংকট দূর করেন। শুধু তাই নয়, আল্লাহ তা'আলা যিকরকারীদের জিহ্বাকে ঐরকম সুসজ্জিত ও সৌন্দর্যমণ্ডিত করেন যেমন তিনি আলো দ্বারা দর্শকের দৃষ্টিকে আলোকময় করেন।

গাফেল অন্তঃকরণ হলো– অন্ধ চোখ, বধির কান এবং অকেজো হাতের ন্যায়।

nvmvb emix in. e‡jb, †Zvgiv wZb wRwb‡mi g‡a¨ ¯v` Zvjvk K‡iv| bvgv‡R, whK‡i Ges KiAvb wZjvIqv‡Z| hw` †Zvgiv Gm‡ei g‡a¨ ¯v` cvI Z‡e †Zv fv‡jv| Ab¨_vq SS‡e †h, Avjøvn ZvÔAvjv I †Zvgv‡`i g‡a¨ m¤ú‡Ki `iRv eÜ Av‡Q|

আদম সন্তান যখন অচেতন হয় কিংবা আল্লাহর কথা বেমালুম ভুলে যায়, তখনই সে ছোট-বড় বিভিন্ন পাপে লিপ্ত হয়। কেননা আল্লাহর স্মরণ মানুষকে এমনই এক পূর্ণ জীবনীশক্তি দান করে যার বর্তমানে সে নিজেকে জাহান্নামের অতল গহ্বরে ঠেলে দিতে কিংবা মহান আল্লাহর অসন্তুষ্টিতে ফেলতে পারে না।

পক্ষান্তরে যে ব্যক্তি যিকর করে না কিংবা তার কথা ভুলে যায় সে মৃত সমতুল্য। শয়তান তাকে যে কোনো অপকর্মে লিপ্ত করাতে বিন্দুমাত্র পিছপা হয় না।

আল্লাহ তা'আলা বলেন : وَمَنْ يَعْشُ عَنْ ذِكْرِ الرَّحْمَنِ نُقَيِّضْ لَهُ شَيْطَانًا فَهُوَ لَهُ قَرِينٌ ÔAvi †h cig KiæYvg‡qi whKi †_‡K wegL _v‡K Awg Zvi Rb¨ GK kqZvb‡K wb‡qwRZ Kwi| d‡j †m n‡q hvq Zvi m½xÕ (miv hLiæd: 36)।

অন্যত্র আল্লাহ তা'আলা বলেন : وَمَنْ أَعْرَضَ عَنْ ذِكْرِي فَإِنَّ لَهُ مَعِيشَةً ضَنْكًا وَنَحْشُرُهُ يَوْمَ الْقِيَامَةِ أَعْمَى ÔAvi †h Avgvi ¯§iY †_‡K gL wdwi‡q wb‡e, Zvi RxweKv msKxY n‡e Ges Awg Zv‡K wKqvgZ w`e‡m AÜ Ae¯vqÕ (miv Zvnv: 124)।

আল্লাহ তা'আলা আরো বলেন : أَلَمْ يَأْنِ لِلَّذِينَ آمَنُوا أَنْ تَخْشَعَ قُلُوبُهُمْ لِذِكْرِ اللَّهِ وَمَا نَزَلَ مِنَ الْحَقِّ وَلَا يَكُونُوا كَالَّذِينَ أُوتُوا الْكِتَابَ مِنْ قَبْلُ فَطَالَ عَلَيْهِمُ الْأَمَدُ فَقَسَتْ قُلُوبُهُمْ وَكَثِيرٌ مِنْهُمْ فَاسِقُونَ Ôhviv Cgvb G‡b‡Q Zv‡`i ü`q wK Avjøvni ¯§i‡Y Ges †h mZ¨ bwhj n‡q‡Q Zvi Kvi‡Y weMwjZ nIqvi mgq nqwb? Avi Zviv †hb Zv‡`i gZ bv nq, hv‡`i‡K BZtc‡e wKZve †`qv n‡qwQj, Zvici Zv‡`i Ici w`‡q `xNKvj AwZµvš nj, AZtci Zv‡`i Ašimgn KwVb n‡q †Mj| Avi Zv‡`i AwaKvskB dvwmKÕ (miv nv`x`: 16)।

অন্যত্র ইরশাদ হয়েছে : يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُلْهِكُمْ أَمْوَالُكُمْ وَلَا أَوْلَادُكُمْ عَنْ ذِكْرِ اللَّهِ وَمَنْ يَفْعَلْ ذَلِكَ فَأُولَئِكَ هُمُ الْخَاسِرُونَ Ô†n Cgvb`viMY! ab m¤ú` I mšvb-mšwZ †hb †Zvgv‡`i‡K wbKi †_‡K Mv‡dj bv iv‡L, hviv Gi|c Ki‡e Zviv wbðqB ¶wZM¯ n‡eÕ (miv gbwdKb : 9)।

ইবনে আব্বাস রাযি. বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: الشَّيْطَانُ جَاثِمٌ عَلَى قَلْبِ ابْنِ آدَمَ . فَإِذَا سَهَا وَغَفَلَ وَسْوَسَ ، فَإِذَا ذَكَرَ اللهَ خَنَسَ 'শয়তান বনী আদমের অন্তরে জেঁকে বসে থাকে। অতঃপর সে যখন যিকর করে তখন সে পালিয়ে যায়। পক্ষান্তরে সে যখন গাফেল ও যিকরবিহীন অবস্থায় থাকে তখন সে তার অন্তরে বিভিন্ন রকমের ওয়াসওয়াসা দিতে থাকে (অর্থাৎ ধোঁকা ও নানাবিধ অশীল চিন্তা ভাবনার উদ্রেক করে) [তাযকিরাতুল হুফ্ফায, মাউকুফ]।

হে মুসলমানগণ! যতক্ষণ আপনাদের সাথে আল্লাহর যিকর থাকবে ততক্ষণ আপনাদের কোনো ভয় নেই। নেই কোনো চিন্তা ও দুর্ভাবনা। কেননা যিকরের কারণে আল্লাহ তা'আলা আপনাদেরকে সকল প্রকার চিন্তা ও বিপদাপদ থেকে হিফাযত করবেন। পবিত্র কুরআনে আল্লাহ তা'আলা বলেন : الَّذِينَ آمَنُوا وَتَطْمَئِنُّ قُلُوبُهُمْ بِذِكْرِ اللَّهِ أَلَا بِذِكْرِ اللَّهِ تَطْمَئِنُّ الْقُلُوبُ Ôhviv wekvm ¯vcb K‡i Ges Zv‡`i Aši Avjøvni whKi Øviv kwš jvf K‡i ; †R‡b †i‡Lv, Avjøvni whKi ØvivB Ašimgn kwš cvqÕ (miv iv`: 28)।

বুখারী ও মুসলিমে বর্ণিত একটি হাদীসে কুদসীতে আছে- আল্লাহ তা'আলা বলেন : أَنَا عِنْدَ ظَنِّ عَبْدِي بِي، وَأَنَا مَعَهُ إِذَا ذَكَرَنِي، فَإِنْ ذَكَرَنِي فِي نَفْسِهِ ذَكَرْتُهُ فِي نَفْسِي، وَإِنْ ذَكَرَنِي فِي مَلَأٍ ذَكَرْتُهُ فِي مَلَأٍ خَيْرٍ مِنْهُمْ 'আমি বান্দার সাথে তার ধারণা অনুযায়ী ব্যবহার করে থাকি। যখন বান্দা আমাকে স্মরণ করে তখন আমি তার সাথে থাকি। যখন সে আমাকে মনে মনে স্মরণ করে তখন আমিও তাকে মনে মনে স্মরণ করি। আর যখন সে আমাকে কোনো মজলিসের মধ্যে স্মরণ করে আমি তাকে তার মজলিসের চেয়ে উত্তম মজলিস অর্থাৎ ফেরেশতাদের মজলিসে স্মরণ করি'(বুখারী ও মুসলিম)।

আটা পিষা ও ঘরের অন্যান্য কাজ আঞ্জাম দেয়ার জন্য একদা আলী ও ফাতেমা রাযি. নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর কাছে একজন খাদেম প্রার্থনা করলেন। তখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, 'আমি কি তোমাদেরকে এমন একটি জিনিসের কথা বলব না যা খাদেমের চেয়েও তোমাদের বেশি উপকারে আসবে? যখন তোমরা বিছানায় যাবে তখন ৩৩ বার সুবহানাল্লাহ, ৩৩বার আলহামদুলিল্লাহ এবং ৩৪বার আলাহু আকবার পাঠ করবে। এ হলো মৌখিক হিসেবে ১০০ বার কিন্তু মীযানের পালায় ১০০০ বার পাঠ করার ছাওয়াব ওজন করা হবে।

আলী রাযি. বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর মুখ থেকে একথা শুনার পর আমি

কোনোদিন এ আমলটি পরিত্যাগ করিনি। এ সময় এক ব্যক্তি বলে উঠল, আপনি কি তা সিফফীন যুদ্ধের ভয়াবহ রাতেও পরিত্যাগ করেননি? জবাবে আলী রাযি. বললেন– না, সে রাতেও আমি এ আমল পরিত্যাগ করিনি' (আহমদ)।

আবু মূসা রাযি. থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, যে ব্যক্তি আল্লাহর যিকর করে আর যে ব্যক্তি আল্লাহর যিকর করে না, তাদের দৃষ্টান্ত জীবিত ও মৃতের সমতুল্য' (বুখারী, মুসলিম)।

জীবন সবার কাছে প্রিয় আর মৃত্যুকে সবাই ভয় করে। বর্ণিত হাদীস দ্বারা বুঝা যায়, যারা যিকর করে না, তারা জীবিত থাকা সত্ত্বেও মৃতের ন্যায়।

মু'আয ইবনে জাবাল রাযি. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, মানুষকে কবরের আজাব থেকে নাজাত দানকারী আল্লাহর যিকর থেকে বড় আর কোনো ইবাদত নেই (আহমদ)।

gnZvivg nv‡hixb! উলেখিত আলোচনা দ্বারা বুঝা যাচ্ছে, যিকর হলো এমন একটি আমল, যদ্বারা অন্তরে শান্তি আসে, শয়তান পাপকর্ম করানোর সুযোগ পায় না। আল্লাহর পক্ষ থেকে বান্দার যাবতীয় প্রয়োজন পূর্ণ হয়ে যায়। তাছাড়া আরো হাজারো ফায়দা তো আছেই। তাই আসুন, আমরা হৃদয় জাগ্রত রেখে জিহ্বা দিয়ে যিকর করি। সবসময় যিকর চালু রাখি। শুধু মনে মনে যিকর নয়, বরং প্রতিদিন নিয়মিত কিছু সময় হলেও আমরা মৌখিক যিকর করি এবং ২৪ ঘণ্টা প্রতিটি কাজে আল্লাহকে স্মরণ রাখি। আল্লাহ তা'আলা আমাদের তাওফীক দান করুন। আমীন।

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ، أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيْمْ .

যিকরল্লাহ বা আল্লাহ তা'আলার স্মরণ

wØZxq LZev

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ أَمَرَنَا بِذِكْرِهِ وَوَعَدَ الذَّاكِرِيْنَ اللهَ كَثِيْراً وَالذَّاكِرَاتِ مَغْفِرَةً وَأَجْراً عَظِيْماً وَالصَّلاةُ وَالسَّلامُ عَلَى رَسُوْلِهِ وَعَلى آلِهِ وَأَصْحَابِهِ صَلاَةً وَتَسْلِيْماً كَثِيْراً كَثِيْراً، أَمَّا بَعْد :

wcq fvB I eÜMY! আমাদের মধ্যে এমন অনেকেই আছেন যারা যিকর করেন ঠিক, কিন্তু যিকরের অর্থ বুঝেন না। ফলে তাদের অন্তর আল্লাহ তা'আলার বড়ত্ব ও তার মর্যাদা অনুধাবন থেকে বহু দূরে অবস্থান করে। অতএব হে মুসলমানগণ! আপনাদের উচিত, যিকরের অর্থ বুঝে খুব বেশি পরিমাণে যিকর করা। যাতে আপনারা কামিয়াবি অর্জন করতে পারেন। লাভ করতে পারেন পরিপূর্ণ সফলতা।

কেউ হয়তো প্রশ্ন করতে পারে যে, অন্যান্য আমলের তুলনায় যিকর এত বেশি উপকারী কেন? কেন তার মর্যাদা তুলনামূলকভাবে অনেক বেশি। এ প্রশ্নের জবাব হলো, আল্লাহ তা'আলা সমস্ত ইবাদতের জন্য একটা পরিমাণ নির্ধারণ করেছেন। সুনির্দিষ্ট করেছেন এগুলো আদায়ের সময়সীমা। কিন্তু যিকরের জন্য না কোনো পরিমাণ তিনি নির্ধারণ করেছেন, না কোনো সময় নির্দিষ্ট করেছেন। বরং তিনি অপরিমিতভাবে বেশি পরিমাণে যিকর করার নির্দেশ দিয়েছেন।

আবু হুরাইরা রাযি. থেকে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, 'তোমরা ঢাল লও। আমরা বললাম, ইয়া রাসূলালাহ! কোনো শত্রু উপস্থিত হয়েছে কি? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, তা নয়, বরং তোমরা জাহান্নাম থেকে বাঁচো ও জান্নাত নিশ্চিত করো। তোমরা বলো: سُبْحَانَ اللهِ، وَالْحَمْدُ لِلّٰهِ، وَلَا إِلَهَ إِلَّا اللّٰهُ، وَاللّٰهُ أَكْبَرُ কেননা কেয়ামতের দিন এ বাক্যগুলো নাজাতদানকারী হিসেবে আগে আগে আসবে এবং এগুলোই হলো, স্থায়ী সৎকাজ (হাকেম)।

স্থায়ী সৎকাজ হওয়ার অর্থ হলো, এগুলো আখেরাতের ফসল এবং এর ছাওয়াব আখেরাতের জন্য অবশিষ্ট থাকবে।

মুসলিম শরীফে বর্ণিত এক হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, 'যে ব্যক্তি লা ইলাহা ইলালাহ বলে এবং আল্লাহ ছাড়া অন্যান্য উপাস্যকে অস্বীকার করে, তার রক্ত, সম্পদ পবিত্র হয়ে যায় আর তার হিসাব আল্লাহর কাছে নির্ধারিত হয়ে যায়।

প্রতিটি মুসলমানের একথা জেনে রাখা উচিত যে, হুযূরে কলব তথা আল্লাহর স্মরণে জাগ্রত হৃদয় নিয়ে নিয়মিতভাবে যে যিকর করা হয় সেই যিকরই হলো সবচেয়ে উপকারী যিকর। আর অমনোযোগ ও অন্যমনষ্ক হয়ে যিকর করার দ্বারা খুব একটা ফায়দা হয় না। যেমন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : اِعْلَمُوْا أَنَّ اللهَ لَا يَقْبَلُ الدُّعَاءَ مِنْ قَلْبٍ لَاهٍ 'আর তোমরা জেনে রাখো যে, আল্লাহ তা'আলা অমনোযোগী অন্তরের দু'আ কবুল করেন না' (তিরমিযী, হাকেম)।

অন্য এক হাদীসে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, 'যখন কোনো কওম এমন কোনো মজলিস থেকে উঠে আসে যে মজলিসে আল্লাহর যিকর করা হয়নি; তারা যেন মৃত গাধার পাশ থেকে উঠে এল। (কিয়ামতের দিন) এই মজলিস তাদের জন্য আফসোসের কারণ হবে' (আবু দাউদ, হাকেম)।

যে মজলিসে বেহুদা ও অনর্থক কথাবার্তা বলা হয়, শুধু দুনিয়াবী আলোচনা করা হয় এবং আল্লাহর যিকর করা হয় না, সেই মজলিসকে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খুবই অপছন্দ করতেন এবং এ ধরনের মজলিসে উপস্থিত হওয়া থেকে বিরত থাকার জন্য তিনি নির্দেশ দিতেন। এতদসত্ত্বেও কেউ যদি এ ধরনের কোনো মজলিসে উপস্থিত হয়ে যায়, তার ব্যাপারে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : مَنْ جَلَسَ فِيْ مَجْلِسٍ فَكَثُرَ فِيْهِ لَغَطُهُ فَقَالَ قَبْلَ أَنْ يَقُوْمَ مِنْ مَجْلِسِهِ ذَالِكَ : سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ، أَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلا أَنْتَ، أَسْتَغْفِرُكَ وَأَتُوْبُ إِلَيْكَ. إِلَّا كَفَّرَ اللهُ لَهُ مَا كَانَ فِيْ مَجْلِسِهِ ذَالِكَ 'কেউ যদি এমন কোনো মজলিসে বসে যেখানে বেশী পরিমাণে বেহুদা কথাবার্তা বলা হয় আর সে ওই মজলিস থেকে উঠে যাওয়ার পূর্বে বলে, سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ، أَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا أَنْتَ، أَسْتَغْفِرُكَ وَأَتُوْبُ إِلَيْكَ 'পবিত্র মহান হে আল্লাহ, আমাদের রব, প্রশংসা আপনারই। আমি সাক্ষী দিচ্ছি যে, আপনি ছাড়া কোনো ইলাহ নেই। আমি আপনার কাছে ক্ষমা চাচ্ছি এবং আপনার কাছেই তাওবা করছি' তাহলে আল্লাহ তা'আলা তার ওই মসজলিসে যা ভুলত্রুটি ছিল তা মাফ করে দেবেন' (তিরমিযী ও ইবনে মাজাহ)।

اَللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيْمَ وَعَلَى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنْ آلِ نَبِيِّكَ الطَّيِّبِيْنَ الطَّاهِرِيْنَ وَعَنْ أَزْوَاجِهِ أُمَّهَاتِ الْمُؤْمِنِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনি আমাদেরকে সকল প্রকার বালা-মুসীবত ও বিপদ-আপদ থেকে হিফাযত করুন। আমাদের অভাব দূর করে দিন। আমাদের ব্যবসা-বাণিজ্য ও কৃষিকর্মে বরকত দিন। আমাদেরকে হালাল কামাই করার তাওফীক দিন।

হে দয়ালু প্রভু! আমাদের যাবতীয় পেরেশানী দূর করে দিন। আমাদের কামাই-রুজিতে বরকত দিন। আমাদের ছেলে-মেয়েদেরকে দীনদার, মুত্তাকী ও পরহেযগার বানিয়ে দিন।

হে পরমপ্রিয় মাওলা! দয়া করে আপনি গোটা পৃথিবীতে সুখ-শান্তির ফয়সালা করুন। প্রতিটি দেশে আপনার পছন্দনীয় শাসক নিযুক্ত করুন এবং ইসলাম ও মুসলমানদের শত্রুদের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর তাওফীক দিন।

أَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ :يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُلْهِكُمْ أَمْوَالُكُمْ وَلَا أَوْلَادُكُمْ عَنْ ذِكْرِ اللهِ وَمَنْ يَفْعَلْ ذَلِكَ فَأُولَئِكَ هُمُ الْخَاسِرُوْنَ.

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهُ : (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

যেভাবে স্বাগত জানাব মাহে রমজানকে এবং রোযার কিছু আহকাম ও আদব

LZevq hv _vK‡e

১. মাহে রমজানের আগমণ উপলক্ষে মানসিকভাবে প্রস্তুতি নেয়ার ব্যাপারে উৎসাহ দান

২. রমজানের মুবারক দিনগুলো যথার্থরূপে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ

৩. রোযার কিছু ফযীলত, আহকাম ও মাসাইল বর্ণনা

c_g LZev

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ اخْتَصَّ شَهْرَ رَمَضَانَ بِفَرِيْضَةِ الصِّيَامِ وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلا اللهُ وَحْدَهُ لا شَرِيْكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ نَبِيَّنَا مُحَمداً عَبْدُهُ وَرَسْولُهُ صَلَّى اللهُ وَسَلَّمَ وَبَارَكَ عَلَيْهِ وَعَلى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلى يَوْمِ الدِّينِ، أَمَّا بَعْدُ :

Avjøvn †_‡K `‡i, cv‡c-Ab¨v‡q
Kv‡ji kb¨ M‡f jxb n‡q n‡q
†Mvbv‡ni Kwjgvq Weš ü`‡q
L‡m †M‡Q hvi Rxeb †_‡K ARm ¶Y
igRvb Zvi `iRvq, wbevK `wo‡q
ingZ, gvMwdivZ, gw³i kZ AvnŸvb wb‡q|

gnZvivg nv‡hixb! আল্লাহ তা‘আলা আমাদের জন্য রেখেছেন বড়-বড় কিছু উপলক্ষ্য, মৌসুম, যা শাণিত করে আমাদের হৃদয়ে ঈমানকে, আন্দোলিত করে অন্তরাত্মায় পবিত্র সব অনুভূতি। বাড়িয়ে দেয় আমাদের ভেতর ইবাদত-বন্দেগীর জযবা। রমজান তেমনই এক মৌসুম। রমজান মুসলমানদের জন্য আল্লাহ তা‘আলার হাদিয়া। রমজান আমাদেরকে দেয় ঐক্য, ভ্রাতৃত্ব, স্বচ্ছতা, সহমর্মিতা, আত্মীয়তার বন্ধন রক্ষা,পবিত্রতা, সবর ও শৌর্যবীর্যের দীক্ষা। রমজান একটি সুমিষ্ট ঝর্নাধারা। ইবাদতকারীদের জন্য নিরাপদ ক্ষেত্র, আনুগত্যকারীদের জন্য দুর্বার দুর্গ। যারা পাপী তাদের জন্য রমজান একটি বড় সুযোগ, যাতে তারা তাদের গুনাহ থেকে তাওবা করতে পারে। তাদের জীবন-ইতিহাসে স্বচ্ছ কিছু অধ্যায় রচিত করতে পারে। তাদের জীবনকে ভরে দিতে পারে উত্তম আমলে, উৎকৃষ্ট চরিত্রে।

wcq gmjøxe›`! মাহে রমজান কুরআন নাযিলের মাস। মাহে রমজান নেক-আমলের ছাওয়াব বহুগুণে বেড়ে যাওয়ার মাস। দরজা বুলন্দ হওয়ার মাস। গুনাহ মোচন হওয়ার মাস। পদস্খলন থেকে সোজা হয়ে দাঁড়ানোর মাস। এ মাসে জান্নাতের দরজাসমূহ খুলে দেয়া হয়। জাহান্নামের দরজাসমূহ বন্ধ করে দেয়া হয়। শয়তানকে আবদ্ধ করে রাখা হয়। যে ব্যক্তি এ মাসে ঈমান জাগ্রত রেখে, আল্লাহর কাছে ছাওয়াবের আশায় রোযা রাখে ও কিয়ামুলাইল করে, আল্লাহ তার অতীতের সকল গুনাহ মাফ করে দেন।

মাহে রমজান মহিমান্বিত মাস। রহমত, বরকত ও মাগফিরাতের মাস। এ মাসে উমরা আদায় হজের সম-তুল্য।

আর আদমসন্তানের সকল আমলই তার নিজের, তবে মাহে রমজানের রোযা আল্লাহর। আল্লাহ নিজেই এর প্রতিদান দেবেন। হাদীসে এসেছে: كُلُّ عَمَلِ ابْنِ آدَمَ لَهُ إِلَّا الصِّيَامَ فَإِنَّهُ لِيْ وَأَنَا أَجْزِيْ بِهِ (আল্লাহ তা‘আলা বলেন)‘আদম সন্তানের প্রতিটি আমল তার নিজের, রোযা ছাড়া, নিশ্চয় রোযা আমার এবং আমিই এর প্রতিদান দিই’ (বুখারী)।

gnZvivg gmwjøqvb! আপনারা রমজানের চাঁদ দেখে রোযা রাখুন। চাঁদ দেখার একদিন বা দুইদিন পূর্ব থেকে রোযা রাখা শুরু করবেন না। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরূপ করতে নিষেধ করেছেন। তবে যদি কারও গত রমজানের কাযা রোযা থেকে থাকে তবে রমজানের এক দু'দিন পূর্বেও আদায় করা যাবে। যদি কোনো ব্যক্তির প্রতিসপ্তাহে সোমবার ও বৃহস্পতিবার রোযা রাখার অভ্যাস থেকে থাকে আর রমজান শুরু হওয়ার আগের দিন সোমবার অথবা বৃহস্পতিবার হয়, তবে তার জন্যও ওই দিন রোযা রাখা বৈধ হবে।

wcq fvB‡qiv! শাবানের উনত্রিশ তারিখের সন্ধ্যায় পশ্চিম-আকাশ অস্পষ্ট থাকায় যদি চাঁদ দেখা না যায় তবে শাবানের ত্রিশ তারিখকে সন্দেহের দিন বলা হয়। এই দিন রোযা রাখা নিষিদ্ধ। তাই এই দিন রোযা রাখবেন না। সহীহ্ বুখারীতে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: لاَ تَصُوْمُوْا حَتَّى تَرَوْهُ فَإِنْ غُمَّ عَلَيْكُمْ فَأَكْمِلُوا الْعِدَّةَ ثَلاَثِيْنَ 'তোমরা চাঁদ না দেখে রোযা রেখো না। যদি আকাশ ঘোলাটে থাকে তবে (শাবানের) ত্রিশ দিন পূর্ণ করো' (বুখারী)।

যদি কেউ নিশ্চিতরূপে চাঁদ দেখে তাহলে তার উচিত হবে কর্তৃপক্ষকে খবর দেয়া। আর যখন সরকারিভাবে রেডিও অথবা অন্যকোনো মিডিয়ার মাধ্যমে রমজান শুরু অথবা শেষ হওয়ার ঘোষণা দেয়া হয় তখন এ ঘোষণা অনুযায়ী আমল করাও জরুরি। কেননা এ ক্ষেত্রে সরকারি ঘোষণাই চূড়ান্ত।

†kvZvgÐjx! রমজানের রোযা ইসলামের একটি স্তম্ভ। আল্লাহর তা'আলার পক্ষ থেকে ফরয করে দেয়া একটি বিধান। তাই রমজানের রোযা অস্বীকার করার কোনো সুযোগ নেই। ইরশাদ হয়েছে:يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ Ô†n gwgbMY, †Zvgv‡`i Ici wmqvg dih Kiv n‡q‡Q, †hfv‡e dih Kiv n‡qwQj †Zvgv‡`i ceeZx‡`i Ici| hv‡Z †Zvgiv ZvKIqv Aej¤b KiÕ (miv: Avj evKviv:183)।

অন্যত্র ইরশাদ হয়েছে: شَهْرُ رَمَضَانَ الَّذِي أُنْزِلَ فِيهِ الْقُرْآنُ هُدًى لِلنَّاسِ وَبَيِّنَاتٍ مِنَ الْهُدَى وَالْفُرْقَانِ فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ ÔigRvb gvm, hv‡Z KiAvb bwhj Kiv n‡q‡Q gvb‡li Rb¨ wn`v‡qZ¯i/c Ges wn`v‡q‡Zi m¯úó wb`kbvejx I mZ¨-wg_¨vi cv_K¨Kvixi/‡c| mZivs †Zvgv‡`i g‡a¨ †h gvmwU‡Z Dcw¯Z n‡e, †m †hb Zv‡Z wmqvg cvjb K‡iÕ (miv Avj evKviv:185)।

সুতরাং প্রত্যেক প্রাপ্তবয়স্ক, সুস্থ মস্তিষ্কসম্পন্ন, মুকীম, সামর্থ্যবান মুসলিমের ওপর রোযা রাখা ফরয । নারী-পুরুষ নির্বিশেষে রোযা রাখা ফরয । অমুসলিমের ওপর রোযা রাখা ফরয নয়। অপ্রাপ্তবয়স্ক শিশুর জন্যও রোযা রাখা ফরয নয়। তবে যদি রোযা রাখতে কষ্ট না হয় তাহলে রোযা রাখার অভ্যাস গড়ে-তোলার জন্য তাদেরকে রোযা রাখার নির্দেশ দেয়া উত্তম হবে। কেননা সাহাবায়ে কিরাম রাযি. তাঁদের বাচ্চাদেরকে রোযা রাখার নির্দেশ দিতেন। বাচ্চাদের কেউ ক্ষুধায় কাঁদতে শুরু করলে কোনো খেলনা দিয়ে সূর্যাস্ত পর্যন্ত ভুলিয়ে রাখতেন।

gnZvivg nv‡hixb! ছেলেদের বেলায় তিনটি আলামত পরিলক্ষিত হলে প্রাপ্তবয়স্ক বলে ধরে নেয়া হবে।

১. স্বপ্নদোষ বা অন্যকোনো কারণে বীর্যপাত হলে।

২. যৌনাঙ্গের ঊর্ধ্বভাগে কেশ দেখা দিলে।

৩. বয়স পনেরো বছর পূর্ণ হলে।

অবশ্য মেয়েদের জন্য চতুর্থ একটি আলামত রয়েছে। আর তা হলো মাসিক দেখা দেয়া। যদি দশ বছর বয়সের কিশোরীরও মাসিক দেখা দেয়, তাহলে তাকে পূর্ণবয়স্ক বলে ধরা হবে।

ছেলে বা মেয়ে প্রাপ্তবয়স্ক হলে শরীয়তের সকল আদেশ-নিষেধ পালন করা আবশ্যক হয়ে পড়বে। আর এ সময় ছেলেমেয়েকে যথা নিয়মে শরীয়তের আদেশ-নিষেধ মানতে বাধ্য করার মধ্যেই নিহিত ছেলেমেয়েদের প্রতি প্রকৃত আদর সোহাগ ও মায়া-মমতা করা।

যারা অপ্রাপ্তবয়স্ক, অথবা পাগল, অথবা অপারগ অশীতিপর বৃদ্ধ এদের ওপর রোযা রাখা ফরয নয়। যারা স্থায়ীভাবে অপারগ যেমন বৃদ্ধ ও অসুস্থ ব্যক্তি, যাদের ভালো হওয়ার সম্ভাবনা নেই, তারাও রোযা রাখবে না। তবে প্রতিদিনের রোযার পরিবর্তে একজন মিসকীনকে খাবার খাওয়াবে। যদি অসুস্থ ব্যক্তির সুস্থ হওয়ার সম্ভাবনা থাকে এবং রোযা রাখা তার পক্ষে কষ্টকর না হয়, অথবা ক্ষতিকর না হয়, তাহলে তাকে অবশ্যই রোযা রাখতে হবে। কেননা এ অবস্থায় সে অপারগ নয়, তার কোনো উযর নেই, যার কারণে রোযা ভাঙ্গা বৈধ হবে। আর যদি এমন হয় যে রোযা রাখা তার পক্ষে কঠিন, তবে ক্ষতিকর নয়, তবে সে রোযা ভঙ্গ করবে। কেননা এ অবস্থায় রোযা রাখা তার জন্য মাকরুহ হবে। আর যদি রোযা রাখা তার জন্য ক্ষতিকর হয়, তবে সে অবশ্যই রোযা ভঙ্গ করবে; কেননা এ অবস্থায় রোযা রাখা হারাম বলে বিবেচিত হবে। তবে যখন সুস্থ হবে তখন বিগত রোযাগুলো কাযা করে নিবে। আর যদি সুস্থ হওয়ার আগেই মারা যায় তবে সে দায়মুক্ত থাকবে।

গর্ভবতী নারীর পক্ষে রোযা রাখা কষ্টকর হলে রোযা ভাঙ্গা বৈধ হবে। পরবর্তীকালে, গর্ভাবস্থায় অথবা সন্তান প্রসবের পর, যখন সহজ বলে মনে হবে তখন রোযাগুলো কাযা করে নিবে। দুগ্ধদানকারী মহিলারও যদি দুগ্ধদান করার কারণে কষ্ট হয়, অথবা রোযা রাখার ফলে দুধ কমে গিয়ে সন্তানের খাদ্য ঘাটতি ঘটে, এমতাবস্থায় রোযা ভঙ্গের অনুমতি রয়েছে। তবে পরবর্তীকালে তাকে এ রোযাগুলো রাখতে হবে।

মুসাফির ব্যক্তির জন্য যদি রোযা রাখা সহজ হয় তাহলে সে রোযা রাখবে। আর যদি রোযা রাখা সহজ না হয়, তাহলে রোযা ভঙ্গ করবে। পক্ষান্তরে যদি এমন হয় যে, রোযা রাখা না রাখা উভয়টাই তার জন্য সমান, তাহলে রোযা রাখাটাই উত্তম বলে গণ্য হবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আমল দ্বারা এমনটাই প্রমাণিত। ওপরন্তু যদি রোযা রেখে থাকে, তাহলে রোযা রাখার দায়িত্ব থেকেও অব্যাহতি পাওয়া গেল। আর মাহে রমজানের ফযীলত ও বরকতও পাওয়া গেল।

যদি সফরের কারণে রোযা রাখা কষ্টকর হয়, তাহলে রোযা রাখা মাকরুহ হবে। কষ্ট যদি অতিরিক্ত হয়, তাহলে রোযা রাখা হারাম হবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা বিজয়ের বছর রমজান মাসে মক্কা অভিমুখে রওনা হন। এ সময় তিনি রোযা অবস্থায় ছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলা হল যে, রোযা রেখে মানুষের খুব কষ্ট হচ্ছে। আপনি কি করেন তার দিকে মানুষ চেয়ে আছে। অতঃপর আসরের পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক পেয়ালা পানি তলব করলেন। তিনি তা উর্ধ্বে ওঠালেন যাতে মানুষ দেখতে পারে। অতঃপর তিনি তা পান করলেন আর লোকজন তাঁর দিকে তাঁকিয়ে ছিল। এরপর তাঁকে বলা হলো যে, কিছু লোক রোযা রেখেই চলেছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, ওরা অবাধ্য, ওরা অবাধ্য (মুসলিম)।

যে ব্যক্তি রোযা রাখা অবস্থায় দিনের বেলায় সফর করে তার জন্য উচিত ওই দিনের রোযা পূর্ণ করা। আর যদি পূর্ণ করা কষ্টকর হয় তবে রোযা ভঙ্গ করবে এবং পরবর্তী সময়ে কাজা করবে।

হায়েয ও নেফাসগ্রস্ত মহিলারা রোযা রাখবে না, তবে যদি সেহরির সময় শেষ হওয়ার সামান্য আগেই পবিত্রতা অর্জন করে, তবে সেদিন অবশ্যই রোযা রাখবে। তবে হায়েয ও নিফাসগ্রস্ত মহিলাদের যেসব রোযা ভাঙ্গা পড়বে তা কাযা করে নিতে হবে।

বেরাদারানে ইসলাম! মাহে রমজানে তারাবীর নামায একটি গুরুত্বপূর্ণ ইবাদত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাহে রমজানে কিয়ামুলাইল অর্থাৎ ইবাদতের মাধ্যমে রাত্রিযাপনের প্রতি গুরুত্ব দিয়ে বলেছেন: مَنْ قَامَ رَمَضَانَ إِيْمَاناً وَاحْتِسَاباً غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ 'যে ব্যক্তি রমজানে ঈমানের সাথে সওয়াবের আশায় কিয়ামুলাইল করবে তার অতীতের সকল গুনাহ মাফ করে দেয়া হবে' (বুখারী ও মুসলিম)।

আর তারাবীর নামায হলো কিয়ামুলাইলেরই একটি অংশ। তাই আসুন, আমরা এই নামায যথার্থরূপে আদায় করি। সুন্দরভাবে আদায় করি। ইমাম যতক্ষণ থাকেন ততক্ষণ আমরাও তার পেছনে থাকি। কেননা যে ব্যক্তি ইমাম প্রস্থান করা পর্যন্ত তার সাথে কিয়ামুলাইল করল, তার আমলনামায় পূর্ণ রাত্রিযাপনের ছাওয়াব লিখা হল, যদিও সে পরে বিছানায় গিয়ে ঘুমিয়ে থাকে।

যারা ইমাম তাদেরকে এ ব্যাপারে যথেষ্ঠ সচেতন হতে হবে। যারা তার পেছনে দাঁড়িয়ে থাকে তাদের ব্যাপারে ইমামদের গুরুত্ব দিতে হবে। অতঃপর তারাবীর নামায যেন সুন্দরভাবে আদায় হয় সেদিকে তাদেরকে সজাগ দৃষ্টি রাখতে হবে। তারাবীর নামাজে ধীরস্থিরতা বজায় রাখতে হবে। দ্রুত তারাবীহ শেষ করে অব্যাহতি নেয়ার প্রবণতা থেকে ইমাম সাহেবদেরকে মুক্ত হতে হবে। কেননা এরূপ করলে নিজেকে ও যারা তার পেছনে রয়েছে সবাইকে কল্যাণ থেকে বঞ্চিত করা হবে। আর আল্লাহ তা'আলা তাঁর বান্দাদের সুন্দর আমল দেখতে চান, দ্রুত আমল অথবা অসুন্দর অধিক আমল দেখার কথা কোথাও লেখা নেই।

أَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ: الَّذِي خَلَقَ الْمَوْتَ وَالْحَيَاةَ لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا وَهُوَ الْعَزِيزُ الْغَفُورُ (سورة الملك : 2)

أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِي وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ

যেভাবে স্বাগত জানাব মাহে রমজানকে এবং রোযার কিছু আহকাম ও আদব

ওZxq LZev

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِي اخْتَارَ لِلْخَيْرَاتِ أَوْقَاتاً وَأَيَّاماً، أَحْمَدُهُ سُبْحَانَهُ وَأَشْكُرُهُ، وَأَشْهَدُ أَن لَّا إِلٰهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، كَتَبَ الْمَغْفِرَةَ لِمَنْ صَامَ رَمَضَانَ إِيمَاناً وَاحْتِسَاباً، وَأَشْهَدُ أَنَّ نَبِيَّنَا مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ صَلَّى اللهُ وَسَلَّمَ وَبَارَكَ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِينَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّينِ أَمَّا بَعْدُ:

gmwjøqv‡b †Kivg! আল্লাহ তা'আলার সকল বিধানেই রয়েছে বহুমুখী কল্যাণ। মাহে রমজানের সিয়াম সাধনা, দিনের বেলায় খানাপিনা ও কাম প্রবৃত্তিকে দমনের মধ্যেও আল্লাহ তা'আলা নিহিত রেখেছেন নানাবিধ কল্যাণ। দুনিয়া ও আখেরাতের কামিয়াবি। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলোঃ

এক. শয়তান ও কুপ্রবৃত্তির ক্ষমতা দুর্বল করাঃ রক্তমাংশের চাহিদা পূরণের জন্য রীতিমতো খাদ্য, পানীয় গ্রহণ ও যৌনসম্ভোগ চরিতার্থকরণ কুপ্রবৃত্তিকে বেপরওয়া করে তোলে, উদ্ধত করে তোলে। কুপ্রবৃত্তির তাড়নায় মানুষ সকল প্রকারের পাপাচারে লিপ্ত হয়। তাই কুপ্রবৃত্তিকে দুর্বল করার জন্য রোযার কোনো বিকল্প নেই।

দুই. যিকর ও ফিকিরের জন্য অন্তর খালি করাঃ কেননা প্রবৃত্তির চাহিদা প্রতিনিয়ত পুরণ করে যাওয়ায় হৃদয়ে একপ্রকার অন্ধত্ব চলে আসে। হৃদয় শক্ত হয়ে যায়। এর বিপরীতে ক্ষুধা ও পিপাসা মানুষের অন্তরকে আলোকিত করে, নরম করে। হৃদয়ের কঠিন অবস্থা দূর করে হৃদয়কে বিনম্র করে দেয়। যিকর ও ফিকিরের জন্য হৃদয়কে খালি করে দেয়।

তিন. রোযার মাধ্যমে ধনী ব্যক্তিরা আল্লাহর নেয়ামতের কদর ও মূল্য বুঝতে সক্ষম হয়। আল্লাহর অনুগ্রহের কথা বুঝতে সক্ষম হয়। কেননা অনুগ্রহ ও নেয়ামতের মূল্যায়ন মানুষ তখনই করতে শেখে যখন তা হারিয়ে যায়। রোযার দিনে খাদ্য ও পানীয় থেকে বিরত রেখে এই নেয়ামত হারিয়ে যাওয়ার অনুভূতি মানুষের মধ্যে জাগিয়ে তোলা হয়। পাশাপাশি রোযা রাখার মাধ্যমে অভাবী ও বঞ্চিত মানুষের দুরাবস্থা সম্পর্কে ধারণা লাভ করা সম্ভব হয়।

চার. রোযা মানুষের শিরা-উপশিরাকে সঙ্কুচিত করে। আর এ শিরা-উপশিরা শয়তানের প্রবেশ ও চলাচলের পথ। রোযার মাধ্যমে শয়তানের ওয়াসওয়াসা স্তিমিত হয়, যৌনপ্রবৃত্তির আন্দোলন ঝিমিয়ে পড়ে। এ কারণেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রোযাকে যৌনপ্রবৃত্তির দমনকারী বলে আখ্যায়িত করেছেন। হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ يَا مَعْشَرَ الشَّبَابِ مَنْ اسْتَطَاعَ مِنْكُمُ الْبَاءَةَ فَلْيَتَزَوَّجْ وَمَنْ لَمْ يَسْتَطِعْ فَعَلَيْهِ بِالصَّوْمِ فَإِنَّهُ لَهُ وِجَاءٌ 'হে যুবকেরা! তোমাদের মধ্যে যে সামর্থ্য রাখে সে যেন বিবাহ করে। কেননা বিবাহ দৃষ্টি অবনত রাখে ও লজ্জাস্থানের সুরক্ষা দেয়। আর যে বিবাহের সামর্থ্য রাখে না সে যেন রোযা রাখে। কারণ এটা তার যৌনপ্রবৃত্তিকে দমনকারী' (বুখারী)।

gnZvivg nv‡hixb! কেবল বৈধ-পানাহার ও যৌনসম্ভোগ থেকে দিনের বেলায় বিরত থাকলেই রোযার হক আদায় হয়ে যাবে না; বরং এর সাথে প্রয়োজন রয়েছে সকল হারাম ও অবৈধ কাজ থেকে সর্বাবস্থায় বিরত থাকার। আল্লাহ তা'আলা যা কিছু হারাম করেছেন তা সর্বাবস্থায় বর্জন করে আল্লাহর নৈকট্য অর্জনকে জীবনের অন্যতম উদ্দেশ্য হিসেবে নিতে হবে। যেমন মিথ্যা, যুলম-অন্যায়, মানুষের জান-মাল ও মান-ইজ্জতের ওপর চড়াও হওয়া ইত্যাদি থেকে সকল অবস্থায় বিরত থাকতে হবে। হাদীসে এসেছে: مَنْ لَمْ يَدَعْ قَوْلَ الزُّورِ وَالْعَمَلَ بِهِ فَلَيْسَ لِلَّهِ حَاجَةٌ فِي أَنْ يَدَعَ طَعَامَهُ وَشَرَابَهُ 'যে ব্যক্তি মিথ্যা কথা ও কাজ বর্জন করল না, সে তার খাদ্য ও পানীয় বর্জন করুক, এতে আল্লাহর কোনো প্রয়োজন নেই' (বুখারী)।

জাবের রাযি. বলেন: ÔZwg hLb †ivhv ivL‡e ZLb †Zvgvi Kvb, †PvL I wRnŸv †hb wg_¨v I nvivg †_‡K †ivhv iv‡L| Zwg cwZ‡ekx‡K Kó †`qv eRb K‡iv, †ivhvi w`‡b †hb †Zvgvi I ci kvšwkó I Mv¤¢x‡hi fve †Q‡q _v‡K| Avi †Zvgvi †ivhv ivLvi w`b I bv ivLvi w`b †hb mgvb bv nqÕ|

সালাফে সালেহীনদের ব্যাপারে এমনও বর্ণিত আছে যে, রোযা রাখা অবস্থায় তারা মসজিদে বসে থাকতেন। তাঁদের বক্তব্য ছিল: Avgiv Gfv‡e Avgv‡`i †ivhv‡K wndvhZ Kwi, Avi KviI MxeZ Kwi bv|

gmwjøqv‡b †Kivg! রমজান মাস কুরআনের মাস। ইবনে আব্বাস রাযি. এর বর্ণনা অনুযায়ী এ মাসে বায়তুল-ইজ্জত থেকে পুরো কুরআন লাওহে মাহফুজে অবতীর্ণ হয়েছে কদরের রাতে। মাহে রমজান সমাগত হলে ইমাম যুহরী রহ. বলতেন:

ÔGUv †Zv KiAvb wZjvIqvZ Avi Lvevi LvIqv‡bvi gvmÕ। ইবনে আবদুল হাকীম রহ. বলেন: igRvb G‡j Bgvg gwjK in. nv`x‡mi cvV I Avn‡j Bj‡gi mv‡_ ^eVK Kiv †_‡K cwi‡q †h‡Zb| KiAvb L‡j wZwb wZjvIqv‡Z gk¸j n‡Zb|

প্রিয় মুসল্লিয়ানে কিরাম! রমজান মাস রাত-দিন মুজাহাদার মাস। দিনের বেলায় রোযা ও রোযাদারসুলভ চরিত্র আঁকড়ে ধরা এবং রাতের বেলায় নামাজের মাধ্যমে মুজাহাদা করা। সালেহ-নেককার ব্যক্তিদের সাদৃশ্য অবলম্বনের জন্য সচেষ্ট হওয়া। Dgi iwh. DevB Be‡b Kve I Zvgxg Av`-`vix iwhqvjvû Avbûgv‡K igRvb gv‡m Bgvgw Ki‡Z ej‡Zb| KiAvb wZjvIqvZKvix GK ivKv'Av‡Z `BkZ AvqvZ chš wZjvIqvZ K‡i †dj‡Zb| GgbKx Zviv `xNmgq wKqv‡gi d‡j jwV‡Z fi w`‡q `vov‡Zb| me‡n mv‡`K wbKUeZx nIqvi AvM chš Zviv †h‡Zb bv|

রমজান মাস বেশি বেশি দান খয়রাত করার মাস। ইবনে আব্বাস রাযি. থেকে এক বর্ণনায় এসেছে: كَانَ رَسُولُ اللَّهِ أَجْوَدَ النَّاسِ، وَكَانَ أَجْوَدَ مَا يَكُونُ فِي رَمَضَانَ 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছিলেন মানুষের মধ্যে সবচে' বেশি দানশীল। আর রমজানে তার বদান্যতা আরো বেড়ে যেত' (বুখারী)।

রমজন মাসে সকল নেক-আমলের ছাওয়াব বেড়ে যায়। তাই দান-খয়রাতের ছাওয়াবও বেড়ে যায়। রমজান মাসে দান খয়রাতের মাধ্যমে রোযাদার, যিকরকারী ও রাত্রিযাপনকারীদেরকে সাহায্য করা হয়।

ওপরন্তু রোযা ও সাদকা একত্রিত হওয়া গোনাহের মাগফিরাত ও জাহান্নাম থেকে রক্ষা পাওয়ার জন্য অধিক কার্যকরী। আবুদ-দারদা রাযি. বলেন: صَلُّوا فِي ظُلْمَةِ اللَّيْلِ رَكْعَتَيْنِ لِظُلْمَةِ الْقُبُورِ، صُومُوا يَوْماً شَدِيداً حَرُّهُ لِحَرِّ يَوْمِ النُّشُورِ، تَصَدَّقُوا بِصَدَقَةٍ لِشَرِّ يَوْمٍ عَسِيرٍ Ô†Zvgiv Ke‡ii Avavi †_‡K evPvi Rb¨ iv‡Zi Avav‡i `ÕivKvAvZ bvgvh c‡ov| wKqvgZ w`e‡mi Mig †_‡K evPvi Rb¨ cPÐ Mi‡gi w`‡b †ivhv iv‡Lv| Avi KwVb w`‡bi AKj¨vY †_‡K evPvi Rb¨ †Zvgiv mv`Kv K‡ivÕ|

আর রোযার মধ্যে ভুলত্রুটি হওয়া স্বাভাবিক। সাদকা সেসব ভুলত্রুটি শুধরিয়ে রোযাকে পরিশুদ্ধ করে দেয়।

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ، اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

হে আল্লাহ! রহমত, মাগফিরাত ও জাহান্নামের আগুন থেকে মুক্তির মাস মাহে রমজান, এ মাসে আপনি আমাদের সবাইকে মাফ করে দিন। আপনি আমাদের জানা-অজানা সকল গুনাহ ক্ষমা করে দিন। আপনি যথার্থরূপে আমাদেরকে সিয়াম সাধনার তাওফীক দান করুন। এই পবিত্র মাসে আপনি আমাদেরকে ছোট-বড় সকল পাপ থেকে বেঁচে থাকার তাওফীক দান করুন। আমাদের রোযা যেন শুধুই ক্ষুধা ও পিপাসার নামান্তর না হয় সে তাওফীক দান করুন। আপনি আমাদেরকে যথার্থরূপে কিয়ামুল্লাইল করার তাওফীক দান করুন। কুরআনের মাসে আপনি আমাদের সবাইকে বেশি বেশি কুরআন তিলাওয়াতের তাওফীক দান করুন। আমরা যেন জীবনের প্রতিটি ক্ষেত্রে কুরআনুল কারীমের অনুসরণ করতে পারি সে তাওফীক দান করুন। এই পবিত্র মাসে মুসলিম উম্মাহ্‌র ওপর আপনি রহমত বর্ষণ করুন। বিশ্বের সকল মুসলমানকে আপনি মর্যাদাপূর্ণ জীবনযাপনের তাওফীক দান করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهِ : (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

ইসলামে ইবাদত: ভাব ও তাৎপর্য

LZevq hv _vK‡e

১. ইবাদতের উদ্দেশ্য বর্ণনা

২. ইসলামে ইবাদতের অর্থ ও তাৎপর্য

৩. ইসলামে ইবাদতের আকার-প্রকৃতি

৪. বৈধকাজ ছাওয়াব অর্জনের আশায় সম্পাদন করলে তা ইবাদতে পরিণিত হয়, এ বিষয়ে ব্যাখ্যা দেয়া

c_g LZev

اَلْحَمْدُ لِلّٰهِ مُعِزِّ مَنْ أَطَاعَهُ وَاتَّقَاهُ، وَمُذِلِّ مَنْ أَضَاعَ أَمْرَهُ وَعَصَاهُ، وَفَّقَ أَهْلَ طَاعَتِهِ لِمَا يُحِبُّهُ وَيَرْضَاهُ، أَحْمَدُهُ عَلَى جَزِيْلِ كَرَمِهِ وَمَا أَوْلَاهُ، وَأَشْكُرُهُ عَلَى آلَائِهِ الْجَسِيْمَةِ وَمَا أَسْدَاهُ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ لَا رَبَّ سِوَاهُ، وَلَا نَعْبُدُ إِلَّا إِيَّاهُ، وَأَشْهَدُ أَنَّ نَبِيَّنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ خَيْرُ عَبْدٍ اجْتَبَاهُ، وَأَفْضَلُ رَسُوْلٍ اصْطَفَاهُ، اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَمَنْ كَانَ هَوَاهُ تَبَعاً لِهُدَاهُ، أَمَّا بَعْدُ : فَاتَّقُوا اللهَ عِبَادَ اللهِ حَقَّ التَّقْوَى، وَعَظِّمُوا أَوَامِرَهُ وَاجْتَنِبُوْا نَوَاهِيْهِ، أَمَّا بَعْدُ :

মানব ও জিন সৃষ্টির রহস্য

m¤§vwbZ gmjøxe›`! আমাদের আজকের খুতবার বিষয় হচ্ছে, ইসলামে ইবাদত বলতে কী বুঝায় এবং কী তার উদ্দেশ্য। প্রাজ্ঞ উপস্থিতি, প্রজ্ঞার দাবি হল সকল কাজে লক্ষ্য বা উদ্দেশ্য থাকা। উদ্দেশ্যবিহীন ও অনর্থক কাজ এড়িয়ে চলা। সে নীতিতে বিচার করলে অবশ্যই মানতে হবে, মহাপ্রজ্ঞাময় সৃষ্টিকর্তা আল্লাহ তা'আলা কোনো কিছুই বিনা উদ্দেশ্যে সৃষ্টি করেননি। তাঁর সকল কর্মেই রয়েছে অপার হিকমত। সুতরাং এ মহাবিশ্ব ও তাতে বিদ্যমান কোনো কিছুই উদ্দেশ্যহীন নয়। কিছুই তিনি অযথা-অনর্থক সৃষ্টি করেননি। এ প্রসঙ্গে তিনি বলেন: وَمَا خَلَقْنَا السَّمَاءَ وَالْأَرْضَ وَمَا بَيْنَهُمَا بَاطِلًا ذَلِكَ ظَنُّ الَّذِينَ كَفَرُوا فَوَيْلٌ لِلَّذِينَ كَفَرُوا مِنَ النَّارِ ÔAvi Avmgvb, Rwgb Ges G `‡qi g‡a¨ hv Av‡Q Zv Awg Ab_K mwó Kwiwb| GUv Kv‡di‡`i avi Yv, mZivs Kv‡di‡`i Rb¨ i‡q‡Q Rvnvbv‡gi `‡fvMÕ (miv mv`: 27)।

জিন-ইনসানের সৃষ্টিও এ ধারার বাইরে নয়। বরং প্রজ্ঞাময় সৃষ্টিকর্তা তাদেরকে যে এক মহান উদ্দেশ্যে এ ধরায় পাঠিয়েছেন সে সম্বন্ধে স্পষ্ট করে বলেন : وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبُدُونِ. مَا أُرِيدُ مِنْهُمْ مِنْ رِزْقٍ وَمَا أُرِيدُ أَنْ يُطْعِمُونِ ÔAvi Awg wRb I gvbl‡K †Kej GRb¨B mwó K‡iwQ †h, Zviv Avgvi Bev`Z Ki‡e| Awg Zv‡`i Kv‡Q †Kv‡bv wihK PvB bv, Avi Awg PvB bv †h, Zviv Avgv‡K Lvevi w`‡eÕ (miv Avh-hwiqvZ : 56-57)।

সুতরাং সৃষ্টির উদ্দেশ্য তাঁর ইবাদত করা এবং তাঁর আরোপিত নির্দেশ বাস্তবায়ন করা।

ইবাদতের অর্থ কি?

wcq åvZe›`! ইবাদত একটি ব্যাপক অর্থবোধক শব্দ। যার মূল হচ্ছে, দীন ও ধর্মকে একমাত্র আল্লাহর জন্য একনিষ্ঠ করা। যাবতীয় বন্দেগী হবে কেবলমাত্র তাঁরই নিমিত্তে। মন নিবিষ্ট থাকবে তাঁরই প্রতি ভয়, আগ্রহ ও ভালবাসায়। সকল ইবাদত উদযাপিত হবে তাঁরই জন্য, আপনার নামায তাঁরই জন্য, রোযা তাঁরই জন্য, দোয়া তাঁরই নিকট, আপনি বাধিত হবেন তাঁরই কাছে, আপনার ভয় তাঁরই জন্য, ভালোবাসা-কামনা-বাসনা, নির্ভরতা-তাওয়াক্কুল সব তাঁরই ওপর। কারণ; ذَلِكَ بِأَنَّ اللهَ هُوَ الْحَقُّ وَأَنَّ مَا يَدْعُونَ مِنْ دُونِهِ هُوَ الْبَاطِلُ وَأَنَّ اللهَ هُوَ الْعَلِيُّ الْكَبِيرُ ÔAvi GUv GRb¨ †h, wbðq AvjøvnB mZ¨ Ges Zviv Zvi cwie‡Z hv‡K Wv‡K, Avek¨B Zv ewZj| Avi wbðq Avjøvn †Zv mg"P, mgnvbÕ (miv n¾ : 62)।

হে মুসলিম ভ্রাতৃবৃন্দ! ইসলামী শরীয়তে ইবাদত একটি ব্যাপক বিষয়, যা দুনিয়া-আখিরাত উভয় জগতের যাবতীয় কল্যাণকে শামিল করে। যার তাত্বিকতাকে ভাষায় এভাবে ব্যক্ত করা যায়- هِيَ اسْمٌ جَامِعٌ لِكُلِّ مَا يُحِبُّهُ اللهُ وَيَرْضَاهُ مِنْ الأَقْوَالِ وَالأَعْمَالِ الظَّاهِرَةِ وَالْبَاطِنَةِ অর্থাৎ, ইবাদত বাহ্যিক ও আভ্যন্তরীণ এমন কথা ও কাজ যা মহান আল্লাহ পছন্দ করেন ও ভালবাসেন।

প্রতিটি মুসলিমকে যথার্থভাবেই জানা উচিত যে, সে নিছক আল্লাহর বান্দা ও গোলাম। সুতরাং সে দাসত্বের পরিচয় কিভাবে তুলে ধরা যায়, তার সার্বিক তৎপরতা ও প্রচেষ্টা কেবল এর মধ্যেই সীমাবদ্ধ থাকবে।

ইবাদতের শ্রেণীবিভাগ

m¤§wbZ †kvZvgÐjx! মহান আল্লাহর অপার করুণা, তিনি মানবজাতির জন্য বিভিন্ন ইবাদতের অনুমোদন দিয়েছেন। কিছু ইবাদত দিয়েছেন যা মন ও অনুভূতি দিয়ে পালন করতে হয়, যাকে ইবাদতে কলবিয়া বলে। সবকিছু একেবারে আল্লাহর নিমিত্তে পালন করার মানসিক সঙ্কল্প, তাঁর সন্তুষ্টি ও কৃপা লাভের আশা পোষণ করা এসবই কলবী ইবাদত। কিছু আছে শারীরিক ইবাদত, শরীরের অঙ্গ-প্রত্যঙ্গের মাধ্যমে যা সম্পাদন করতে হয়, যাকে ইবাদতে বাদানিয়্যা বলে। দৈনন্দিন পাঁচ ওয়াক্ত সালাত, রমযানের সিয়াম পালন এরই অন্তর্ভুক্ত। আরো আছে অর্থ-সম্পদকেন্দ্রিক ইবাদত, যাকে ইবাদতে মালিয়া বলে। সম্পদের মাধ্যমে যা আদায় করতে হয়। যেমন যাকাত, উশর ও সাদকা-ফিতরা ইত্যাদি যা একজন বান্দা স্বীয় প্রতিপালকের সন্তুষ্টি অর্জনের জন্য আদায় করে থাকে। আবার কিছু ইবাদত আছে যা সম্পাদন করতে অর্থ ও শরীর উভয়ের প্রয়োজন হয়। যেমন হজ্ব, আল্লাহর রাস্তায় জিহাদ ইত্যাদি।

মহান আল্লাহর আরো দয়া ও কৃপা যে, তিনি যেমনি করে ফরয ইবাদতের অনুমোদন দিয়েছেন তেমনি প্রতিটি ফরযের পাশাপাশি অনুমোদন দিয়েছেন নফলেরও। নফল সালাত, নফল সওম, নফল যাকাত, নফল হজ্ব ও উমরা। এ সবই আমাদের ঈমানের মজবুতির জন্য, নেক-আমলের আধিক্য ও দারাজাত বুলন্দির সুযোগ সৃষ্টির জন্য। সবই মহান রবের অন্তহীন কৃপা। অপার রহমত ও দয়া। তাঁর গুণগান শেষ করা যাবে না, তিনি তেমনই যেমন বর্ণনা করেছেন তিনি নিজে।

ইবাদত কবুল হওয়ার শর্ত

m¤§wbZ nv‡hix‡b gRwjm! মহান আল্লাহর বিশালতা ও মাহাত্ম পরিমাপ করা সৃষ্টির পক্ষে অসম্ভব। কারণ সৃষ্টির জ্ঞান সীমিত, তার উপলব্ধি-অনুভূতি সবই সীমিত। এই সীমিত জ্ঞান ও অনুভূতি দ্বারা মহান ও অসীম আল্লাহকে আয়ত্ব করা কিছুতেই সম্ভব নয়। তাই বান্দার একমাত্র কাজ হলো তাঁর হুকুম তামিল করা। কোনো দিকে না তাকিয়ে সর্বান্তকরণে তাঁকে মান্য করা। তাঁর পক্ষ থেকে অনুমোদিত ও নির্দেশিত ইবাদতগুলো পালন করে যাওয়া। মানুষের পক্ষে যেহেতু তাঁর বড়ত্বের সীমা সম্বন্ধে জানা অসম্ভব তাই তাঁর সম্মান ও শানের সাথে প্রযোজ্য ইবাদত কী হতে পারে সে বিষয়ে সঠিক সিদ্ধান্তে আসাও তার পক্ষে সম্ভব নয়। সুতরাং সে নিজ হতে কোনো ইবাদত আবিষ্কারের যোগ্য নয়। তার দাসত্বের বহিঃপ্রকাশ কেবল মহামহীমের নির্দেশ নিঃশর্তভাবে পালন করার মধ্যেই সীমিত। আর সে নির্দেশ পালনই হচ্ছে মূলতঃ ইবাদত। মানুষ যেমনিভাবে ইবাদত নিজ হতে আবিষ্কার করতে পারে না যৌক্তিক কারণে, সেই একই কারণে সে ইবাদত পালনের পদ্ধতি কি হবে সেটি নিরূপণ করাও তার পক্ষে সম্ভব নয়। তাই এ ক্ষেত্রেও তাকে মহান আল্লাহর দেয়া পদ্ধতির ওপর নির্ভর করতে হবে, যাতে ইবাদত আদায়ের পদ্ধতিও মহান আল্লাহর শানের সাথে সঙ্গতিপূর্ণ হয়।

সুতরাং আমাদেরকে বুঝতে হবে, মহান আল্লাহ প্রদত্ত এ শরীয়ত পরিপূর্ণ। তাতে সংযোজন ও বিয়োজনের কোনো সুযোগ নেই। আল্লাহ বলেন : الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا ÔAvR Awg †Zvgv‡`i Rb¨ †Zvgv‡`i `xb‡K cY Ki jvg Ges †Zvgv‡`i I ci Avgvi wbqvgZ m¤úY Ki jvg Avi †Zvgv‡`i Rb¨ `xb wnmv‡e cQ›` Ki jvg Bmjvg‡KÕ (miv Avj gv‡q`v : 3)।

আল্লাহ প্রদত্ত যাবতীয় ইবাদত কবুল হবার জন্য মৌলিক শর্ত দুটি:

এক. ইবাদত ও আমল সম্পাদিত হতে হবে কেবলমাত্র মহান আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে। রিয়া- লৌকিকতা ও খ্যাতি অর্জনের মোহমুক্ত হতে হবে। ইরশাদ হচ্ছে : وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ ÔAvi Zv‡`i‡K †Kej GB wb‡`k †`qv n‡qwQj †h, Zviv †hb Avjøvni Bev`Z K‡i ZviB Rb¨ `xb‡K GKwbô K‡iÕ (miv Avj-ewq¨bvn : 5)।

দুই. ইবাদত আদায় হতে হবে সঠিক পদ্ধতিতে- আল্লাহ প্রদত্ত নিয়ম ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নত অনুযায়ী। অনথ্যায় তা হবে কেবলই নিজের খেয়াল খুশির অনুসরণ। আল্লাহ তা‘আলা ইরশাদ করেন : فَإِنْ لَمْ يَسْتَجِيبُوا لَكَ فَاعْلَمْ أَنَّمَا يَتَّبِعُونَ أَهْوَاءَهُمْ وَمَنْ أَضَلُّ مِمَّنَ اتَّبَعَ هَوَاهُ بِغَيْرِ هُدًى مِنَ اللَّهِ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ÔAZtci Zviv hw` †Zvgvi AvnŸv‡b mvov bv †`q, Zvn‡j †R‡b ivL, Zviv †Zv wb‡R‡`i †Lqvj Lwki AbmiY K‡i| Avi Avjøvni w`Kwb‡`kbv Qvov †h wb‡Ri †Lqvj Lwki AbmiY K‡i Zvi †P‡q AwaK c_åó Avi †K? wbðq Avjøvn Rwjg KIg‡K wn`v‡qZ K‡ib bvÕ (miv Avj Kvmvm: 50)।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন : وَإِيَّاكُمْ وَ مُحْدَثَاتِ الْأُمُورِ، فَإِنَّ كُلَّ بِدْعَةٍ ضَلَالَةٌ ‘তোমরা (অপ্রমাণিত) নতুন নতুন বিষয়াদি হতে সতর্ক থাকবে, কারণ প্রত্যেক বিদআত গোমরাহী’ (আবূ দাউদ ও তিরমিযী, তিনি হাদীসটিকে হাসান সহীহ বলে মন্তব্য করেছেন)।

অভ্যাসগত-মুবাহ কাজও সওয়াবের নিয়তে সম্পাদন করলে নেক-আমলে পরিণত হয়

Bmjvg‡cgx wcÖq fvB‡qiv! প্রাত্যহিক জীবনে নানা প্রয়োজনে আমাদেরকে বিভিন্ন কাজ করতে হয়। আঞ্জাম দিতে হয় নানা ক্ষেত্রে নানা দায়িত্ব। সাংসারিক জীবনে পিতা-মাতার খেদমত, স্ত্রী-সন্তানদের ভরণ-পোষণ ইত্যাদি। সামাজিক জীবনে পাড়া-পড়শীর খোঁজ-খবর, দরিদ্র-অসহায়দের সমস্যা সমাধান, আর্ত মানবতার সেবা। রাষ্ট্রীয় জীবনে একটি সুন্দর দেশ গঠন কল্পে নানাবিধ ভূমিকা রাখতে হয় আমাদেরকে। তদ্রূপ ব্যক্তি জীবনে নিজ প্রয়োজনে অনেক কাজই আমাদের করতে হয়। এসব প্রয়োজনীয় কাজ নিয়তের মাধ্যমে আমরা সওয়াব ও আল্লাহর নৈকট্য লাভের কাজে পরিণত করতে পারি। পারি আমাদের পূন্যের ভাণ্ডারকে সমৃদ্ধ করতে। প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে এ বিষয়ে সুন্দর দিকনির্দেশনা দিয়েছেন। যেমন একজন মুসলিম পিতা-মাতার খেদমতের মাধ্যমে আল্লাহর ইবাদত করতে পারে, হাদীস শরীফে বর্ণিত হয়েছে : عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ العَاصِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى نَبِيِّ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاسْتَأْذَنَهُ فِي الْجِهَادِ، فَقَالَ : أَ حَيٌ وَالِدَاكَ ؟ قَالَ: نَعَمْ، قَالَ: فَفِيهِمَا فَجَاهِدْ ‘আবদুল্লাহ বিন আমর ইবনুল আস রাদিয়ালাহু আনহুমা থেকে বর্ণিত, জনৈক ব্যাক্তি নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট এসে জিহাদে অংশগ্রহণের অনুমতি প্রার্থনা করল, নবীজী সা. তাকে জিজ্ঞেস করলেন, ‘তোমার পিতা-মাতা কি জীবিত আছেন’? সে বলল, ‘হ্যাঁ’। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, ‘তুমি গিয়ে তাদের পেছনে জিহাদ কর’ (অর্থাৎ, তাদের খেদমতে চেষ্টা-শ্রম ব্যয় কর)’ (বুখারী)।

প্রিয় শ্রোতামণ্ডলী! লক্ষ্য করে দেখুন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এখানে পিতা-মাতার খেদমতকে ময়দানী জিহাদের সাথে তুলনা করেছেন। সুতরাং কেউ খাঁটি নিয়তে আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে মাতা-পিতার খেদমত করলে কাফিরদের বিরুদ্ধে জিহাদের ছাওয়াব পাবে। প্রিয় ভাইয়েরা, আত্মীয়তার বন্ধন অটুট রাখার চেষ্টা করা আল্লাহর ইবাদত, কারণ এর মাধ্যমে আপনি আল্লাহর নির্দেশ পালন করছেন। আল্লাহ বলেন : وَاتَّقُوا اللَّهَ الَّذِي تَسَاءَلُونَ بِهِ وَالْأَرْحَامَ إِنَّ اللَّهَ كَانَ عَلَيْكُمْ رَقِيبًا ÔAvi †Zvgiv Avjøvn‡K fq Ki, hvi gva¨‡g †Zvgiv G‡K Ac‡ii Kv‡Q PvI| Avi fq Ki i³-m¤úwKZ AvZ¥x‡qi e¨vcv‡iÕ (miv Avb wbmv : 1)।

অনুরূপভাবে সন্তানাদি ও সাংসারিক প্রয়োজনে ব্যয় করাও আল্লাহর ইবাদত এবং ছাওয়াবের কাজ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাদ ইবনে আবী ওয়াক্কাস রাযি.-কে লক্ষ্য করে বলেন : إِنَّكَ لَنْ تُنْفِقَ نَفَقَةً تَبْتَغِيْ بِهَا وَجْهَ اللَّهِ إِلَّا أُجِرْتَ عَلَيْهَا حَتَّى مَا تَجْعَلُ فِي فَمِ امْرَأَتِكَ.‘আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে তুমি যে ব্যয়ই করবে, তাতে ছাওয়াব প্রাপ্ত হবে। এমনকি যে খাবার তুমি নিজ স্ত্রীর মুখে তুলে দেবে, তাতেও’ (বুখারী)।

একইভাবে আপনার ব্যবসা-বাণিজ্য, চাকরি-বাকরি, বিবাহ-শাদি, চারিত্রিক নিষ্কলুষতা বজায় রাখা, দৃষ্টি অবনত রাখা সব কিছুই ইবাদত। কারণ এসবের মাধ্যমে মহান আল্লাহর নির্দেশ পালন করা হয়।

সুতরাং সম্মানিত ভাইসব! আমাদের ইবাদত কেবলমাত্র কিছু আরকান-আহকাম বাস্তবায়নের মধ্যেই সীমাবদ্ধ নয়। সামগ্রিক বিচারে আবশ্যিক বিষয়াদি পালন করা এবং নিষেধাবলী পরিহার করাই হলো ইবাদত।

সম্মনিত ভ্রাতৃবৃন্দ! যখনই আপনি আল্লাহর সন্তুষ্টির আশায় অনুগত চিত্তে নিষিদ্ধ কাজ পরিহার করবেন তখনই সেটি ইবাদত হিসাবে গৃহীত হবে। এ কারণেই জনৈক মনীষী তাকওয়ার সংজ্ঞা দিতে গিয়ে বলেন : أَنْ تَعْمَلَ بِطَاعَةِ اللهِ، عَلَى نُوْرٍ مِنَ اللهِ، تَرْجُو بِذَلِكَ ثَوَابَ اللهِ، وَأَنْ تَتْرُكَ مَعْصِيَةَ اللهِ، عَلَى نُوْرٍ مِنَ اللهِ، تَخَافُ عِقَابَ اللهِ ‘ZvKIqv n‡jv Avjøvni c¶ †_‡K ci¯‿v‡ii Avkvq Zvi wb‡`k I Ab‡gv`b mv‡c‡¶ Zvi AvbMZ¨ Kiv Ges Avjøvni kw¯‿i f‡q Zvi wb‡`kbvi Av‡jv‡K Aciva I Aeva¨Zv cwiZ¨vM Kiv◌ֽ|

সুতরাং একজন মুসলিম তার যাবতীয় কাজ কেবলমাত্র নিয়তের মাধ্যমে ইবাদতে পরিণত করতে পারে। মানবতার কল্যাণে আল্লাহর সন্তুষ্টির আশায় যে কাজই সে করবে সেটিই ইবাদত বলে গণ্য হবে। দেখুন মানবতার কল্যাণে সামন্য একটু ভূমিকা রাখলে আল্লাহ তা‘আলা কত অপরিসীম পুরস্কারের ব্যবস্থা রেখেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: مَا مِنْ مُسْلِمٍ يَغْرِسُ غَرْساً وَلَا يَزْرَعُ زَرْعاً فَيَأْكُلُ مِنْهُ إِنْسَانٌ أَوْ طَائِرٌ إِلَّا كَانَ لِغَارِسِهِ الأَوَّلِ أَجْرٌ ‘কোনো মুসলিম বৃক্ষ রোপন করলে কিংবা ক্ষেত-কৃষি করলে, তা থেকে যদি কোনো মানুষ কিংবা পাখি কিছু খায় তবে তার বিনিময়ে প্রথম রোপনকারীর জন্য ছাওয়াব রয়েছে’ (বুখারী ও মুসলিম)।

সুবহানাল্লাহ! প্রিয় মুসলিম ভাইয়েরা, রাব্বুল আলামীন কত সুন্দর ব্যবস্থা রেখেছেন আমাদের জন্য। রাস্তা থেকে কষ্টদায়ক কিছু অপসারণ করা থেকে নিয়ে রাষ্ট্রীয় কাজে ভূমিকা রাখা আর রাতে বিনিদ্র থেকে সেজদারত থাকা সবই ইবাদত। বড়ই সৌভাগ্যবান তারা, যারা তাদের সময়কে এমন মূল্যবান কাজে অতিবাহিত করতে সক্ষম হয়।

ইবাদত হতে হবে পূর্ণ আন্তরিকতায় ও একাগ্রচিত্তে এবং তা পালন করতে হবে সর্বোচ্চ সুন্দর পদ্ধতিতে

weÁ gmwjg åvZe›`! স্রষ্টার সন্তুষ্টি অর্জনের মধ্যেই সৃষ্টির কল্যাণ ও কামিয়াবি নিহিত। তাই সুবিবেচনার দাবী হল, সে ইবাদত নিরবচ্ছিন্নভাবে করে যাওয়া, কখনো বিরক্ত ও নিরাসক্ত না হওয়া। মহান আল্লাহ তা‘আলা বলেন : وَاعْبُدْ رَبَّكَ حَتَّى يَأْتِيَكَ الْيَقِينُ ÔAvi Zwg gZ¨ Avmv Aewa Avcb i‡ei Bev`Z K‡iv◌ֽ (miv Avj wnRi: 99)।

ইবাদতেই আমাদের কল্যাণ, এটিই কামিয়াবির একমাত্র রাস্তা, তাই তা আদায় করতে হবে সর্বোচ্চ আন্তরিকতার সাথে, সর্বাধিক সুন্দর পদ্ধতিতে। শুধুমাত্র দায়িত্ব পালন ও রুটিনের অনুসরণই যাতে বিবেচ্য না হয়। সে ধরণের ইবাদতের মাধ্যমেই কেবল মহান রবের সন্তুষ্টি অর্জিত হবে। প্রশান্ত হবে হৃদয়-মন। শীতল হবে চক্ষু। উদ্বেলিত হবে অন্তর তৃপ্তি ও আনন্দে। মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রিয় সহচর বিলাল রা. কে লক্ষ্য করে বলেন : أَرِحْنَا بِهَا يَا بِلَالُ الصَّلَاةَ ‘(বিলাল!) সালাতের মাধ্যমে আমাদেরকে প্রশান্তি দাও’ (তাবারানী, সহীহ)।

আরও বলছেন : جُعِلَتْ قُرَّةُ عَيْنِيْ فِيْ الصَّلَاةِ ‘আমাদের চোখের শীতলতা (প্রশান্তি) রাখা হয়েছে নামাজের মধ্যে’ (নাসাঈ, হাসান-সহীহ)।

অর্থাৎ সালাতের মাধ্যমে আমার মন প্রশান্তি লাভ করে, চোখ জুড়িয়ে যায়।

ইবাদতে বাড়াবাড়ি ও অতিরঞ্জন নিষিদ্ধ

প্রাজ্ঞ উপস্থিতি, ইতোমধ্যে আমরা জেনেছি যে, মহান আল্লাহর ইবাদতেই বান্দার যাবতীয় কল্যাণ নিহিত। বান্দার সফলতা ও স্বার্থকতা তাঁর আনুগত্যের মধ্যেই। তবে তা হতে হবে সহনীয় মাত্রায়। সামর্থ্যের সাথে সঙ্গতি

রেখে। ইবাদতে আগ্রহ থাকা আবশ্যক। তাই চাপ নিয়ে ইবাদত করতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. নিরুৎসাহিত করেছেন কঠোরভাবে। তিনি বলেন: إِيَّاكُمْ وَالْغُلُوَّ، فَإِنَّمَا أَهْلَكَ مَنْ كَانَ قَبْلَكُمْ الْغُلُوِّ ‘তোমরা অতিরঞ্জন ও বাড়াবাড়ি থেকে সতর্ক থাকো, কেননা বাড়াবাড়ি তোমাদের পূর্ববর্তীদের ধ্বংস করে দিয়েছে’ (আহমদ, তিরমিযী ও ইবন মাজাহ)।

বাড়াবাড়ি ও অতিরঞ্জন কোনো কল্যাণ বয়ে আনে না বরং এটি একটি ধ্বংসাত্মক প্রবণতা। তাই নবী সাল্লাল্লাহু আলইহি ওয়া সালাম বারবার উম্মতকে তা থেকে সতর্ক করেছেন। এক হাদীসে এসেছে :

وَعَنِ ابْنِ مَسْعُوْدٍ رَضِيَ اللهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ هَلَكَ الْمُتَنَطِّعُوْنَ قَالَهَا ثَلَاثًا

.‘আবদুল্লাহ ইবন মাসউদ রাযি. থেকে বর্ণিত, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন, অযথা কঠোরতা অবলম্বনকারীরা ধ্বংস হয়ে গেছে। তিনি কথাটি তিন বার বলেছেন’(মুসলিম)।

m¤§wbZ nv‡hixb! সাহাবী আবদুল্লাহ বিন আমর ইবনুল আস রাযি. সম্বন্ধে আপনারা নিশ্চয় জানেন, তিনি সারা দিন রোযা রাখতেন এবং সারা রাত ইবাদতে অতিবাহিত করতেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে ডেকে বললেন: ‘আমাকে অবহিত করা হয়েছে যে, তুমি নাকি দিনভর রোযা রাখো আর রাতভর ইবাদতে ব্যস্ত থাক? আমি বললাম, ‘হ্যাঁ’, ইয়া রাসূলালাহ! তখন নবীজী বললেন, তুমি এমনটি করবে না। রোযা রাখবে আবার রাখা ছেড়ে দেবে; অনুরূপভাবে রাতে ঘুমাবে আবার জেগে ইবাদত করবে। কারণ তোমার ওপর তোমার শরীরের হক আছে, তোমার ওপর তোমার দুই চোখের হক আছে, তোমার ওপর তোমার স্ত্রীর হক আছে, তোমার ওপর তোমার সাক্ষাতপ্রার্থীদের হক আছে। তোমার জন্য বরং মাসে তিন দিনের রোযাই যথেষ্ট। কারণ একটি নেক-আমলের বিনিময়ে তোমাকে দশগুণ ছাওয়াব দেয়া হবে। আর তখন এটা সারা বছর রোযা রাখার সমতুল্য হবে। আমি বললাম, ইয়া রাসূলালাহ! আমি আরো সামর্থ্য রাখি। তিনি বললেন, তাহলে আল্লাহর নবী দাউদ আ.–এর মত রোযা রাখ। এর বেশি করতে যেও না। আমি বললাম দাউদ আ.-এর রোযা কেমন ছিল? তিনি বললেন, অর্ধ বছর। বৃদ্ধ বয়সে আবদুল্লাহ বিন আমর রাযি. আফসোস করে বলতেন, হায়! আমি যদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দেয়া ছাড় গ্রহণ করতাম’ (বুখারী ও মুসলিম)।

m¤§wbZ Dcw¯ wZ! ইবাদত নিজ সামর্থ্য অনুযায়ী করা দরকার। ইবাদতের হক আদায় করে নিজের মনের প্রফুলতা বজায় রেখে যতটুকু করা যায় ততটুকুই উত্তম। তার অতিরিক্ত করলে তা হবে বাড়াবাড়ি, যা কখনোই শরীয়ত কারো কাছ থেকে চায় না। ইবাদতে বাড়াবাড়ি এক সময় বান্দাকে ইবাদতের প্রতি বীতশ্রদ্ধ ও বিরক্ত করে তোলে।

wcq gmwjg åvZe›`! একদিন অনেক ইবাদত করা আর অন্য দিন মোটেও না করা, তারচেয়ে অধিক গ্রহণযোগ্য ও উত্তম হলো প্রতিদিন কিছু কিছু করা। ইবাদত তো অনেক, তাই প্রতিটি মুসলিমের উচিত নিজ নিজ সামর্থ্য অনুযায়ী প্রতিদিনই নিজ রবের ইবাদতে মশগুল থাকা। যেহেতু আনুগত্যই আল্লাহর চাহিদা তাই এ আনুগত্যের বহিঃপ্রকাশ প্রতিদিনই হবে, সেটিই বাঞ্ছনীয়। আল্লাহ আমাদেরকে তাঁর চাহিদা মোতাবেক ইবাদত করার তাওফীক দান করুন। তিনিই সকল কিছুর ওপর ক্ষমতাবান। আল্লাহ তা‘আলা আমাদেরকে সঠিকভাবে তাঁর ইবাদত পালনের তাওফীক দান করুন। আমীন।

أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِي وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ

ইসলামে ইবাদত: ভাব ও তাৎপর্য

wØZxq LZev

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ يَذْكُرُ مَنْ ذَكَرَهُ، وَيَزِيْدُ مَنَ شَكَرَهُ، وَيَتُوْبُ عَلَى مَنْ تَابَ إِلَيْهِ وَاسْتَغْفَرَهُ، وَيُعَذِّبُ مَنْ جَحَدَهُ وَكَفَرَ، أَحْمَدُهُ عَلَى سَابِغِ نِعَمِهِ وَأَسْأَلُهُ الْمَزِيدَ مِنْ فَضْلِه، وَأَشْهَدُ أَن لَّا إِلَٰهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ أَمَرَ الْمُؤْمِنِيْنَ بِتَقْوَاهُ، وَأَشْهَدُ أَنَّ نَبِيَّنَا مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ أَفْضَلُ الذَّاكِرِيْنَ وَقُدْوَةَ الشَّاكِرِيْنَ، صَلَّى اللهُ وَسَلَّمَ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ، أَمَّا بَعْدُ : فَاتَّقُوا اللهَ حَقَّ التَّقْوَىْ، وَاسْتَمْسِكُوا بِالْعُرْوَةِ الْوُثْقَى.

আল্লাহ তা'আলার দাসত্বের মধ্যেই বান্দার প্রকৃত ইয্যত ও মর্যাদা

m¤§wbZ gmjøxe›`! আল্লাহ তা'আলার উবুদিয়ত তথা দাসত্ব করা প্রতিটি বান্দার অবশ্য করণীয়। এ দাসত্ব বান্দার মর্যাদার নিদর্শন, সম্মানের মুকুট। বরং বলা যায় পৃথিবীর সকল অর্জন ও সামগ্রীর মধ্যে সবচে' মূল্যবান অর্জন এটি। তাই তো আমরা দেখতে পাই পৃথিবীর সর্বাধিক সম্মানিত ও সফল ব্যক্তিত্ব রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মহান আল্লাহর পক্ষ থেকে এই উবুদিয়তের গুণ উল্লেখ করেই সম্বোধন করা হলো। এটি একটি স্পষ্ট প্রমাণ যে বান্দার সকল অর্জনের মধ্যে আল্লাহর নিকট সর্বাধিক মর্যাদাপূর্ণ অর্জন হলো উবুদিয়তের গুণ অর্জন। ইসরা ও মিরাজ যেটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের শ্রেষ্ঠত্ব প্রমাণিত হবার অন্যতম অনুষঙ্গ, সেই গুরুত্বপূর্ণ ও মর্যাদাপূর্ণ বিষয়টি বর্ণনার সময়ও পবিত্র কুরআনে দাসত্বের গুণটি উল্লেখ করা হয়েছে, ইরশাদ হয়েছে : **سُبْحَانَ الَّذِي أَسْرَى بِعَبْدِهِ لَيْلًا مِنَ الْمَسْجِدِ الْحَرَامِ إِلَى الْمَسْجِدِ الْأَقْصَى الَّذِي بَارَكْنَا حَوْلَهُ لِنُرِيَهُ مِنْ آيَاتِنَا إِنَّهُ هُوَ السَّمِيعُ الْبَصِيرُ** 'cweÎ gnvb †m mËv, whwb Zvi ev›`v‡K iv‡Z wb‡q wM‡q‡Qb gmwR`j nvivg †_‡K gmwR`j AvKmv chš, hvi Av‡kcv‡k Awg eiKZ w`‡qwQ, †hb Awg Zv‡K Avgvi wKQ wb`kb †`Lv‡Z cwi| wZwbB me‡kvZv, me`óv' (miv Avj Bmiv: 1)।

বিষয়টিকে বিবেচনায় আনলে অতি সহজে হৃদয়ঙ্গম করা যায় যে, উবুদিয়ত বান্দার সম্মানের মুকুট, শ্রেষ্ঠত্বের নিদর্শন। তাই সকল কথায় ও কাজে মহান আল্লাহর দাসত্বকে ধারণ করে নিজেদের মর্যাদা বৃদ্ধির রাস্তায় অগ্রসর হওয়া উচিত। এতেই রয়েছে আমাদের ইহকালীন ও পরকালীন জীবনের কল্যাণ ও শান্তি। মহান আল্লাহ তাকে সবচেয়ে মর্যাদাসম্পন্ন ও সম্মানজনক অভিধায় সম্ভাষণ করেছেন, আর তা হচ্ছে উবুদিয়ত তথা দাসত্বের সম্ভাষণ।

ইবাদত বিষয়ে একটি বিভ্রান্তি

m¤§wbZ Dcw¯wZ, ইবাদত বিষয়ক আলোচনা থেকে আশা করি আমরা এর মর্ম সম্বন্ধে মোটামুটি ধারণা পেয়েছি যে, জীবনের সার্বিক পর্বে আল্লাহর রেযামন্দি ও সন্তুষ্টির জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণ-অনুকরণে যাবতীয় কার্যাদি পরিচালনা করাই হলো ইবাদত। তাই কোনো নিয়মতান্ত্রিক আনুষ্ঠানিকতার সাথে তাকে সীমাবদ্ধ করে ফেলা ইবাদত সম্বন্ধে অজ্ঞাতারই বহিঃপ্রকাশ। অতীব পরিতাপের সাথে বলতে হচ্ছে উল্লেখযোগ্য সংখ্যক মানুষ ইবাদতের এ মর্ম বুঝতে ভুল করেছে এবং এর সঠিক জ্ঞান থেকে অনেক দূরে সরে গিয়েছে। এসব লোককে তিনভাগে ভাগ করা যায়:

এক. এরা ইবাদতকে আংশিকভাবে বুঝেছে। তাদের মতে ইবাদত আল্লাহ প্রদত্ত কতিপয় অনুষ্ঠানের মধ্যে সীমাবদ্ধ। এর বাইরে কোনো ইবাদত নেই। যেমন সালাত, সওম, হজ্ব, যাকাত ইত্যাদি। এ ছাড়া জীবন পরিচালনায় মানুষ স্বাধীন। সেখানে আল্লাহপ্রদত্ত কোনো নিয়ম-নীতি মানুষ মানতে বাধ্য নয়। এটি ইবাদত সম্বন্ধে অসম্পূর্ণ জ্ঞান। ভুল ধারণা। আল্লাহ তা'আলা বলেন : **أَفَتُؤْمِنُونَ بِبَعْضِ الْكِتَابِ وَتَكْفُرُونَ بِبَعْضٍ فَمَا جَزَاءُ مَنْ يَفْعَلُ ذَلِكَ مِنْكُمْ إِلَّا خِزْيٌ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيَوْمَ الْقِيَامَةِ يُرَدُّونَ إِلَى أَشَدِّ الْعَذَابِ وَمَا اللهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ** '†Zvgiv wK wKZv‡ei wKQ As‡k Cgvb ivL Avi wKQ Ask A¯xKvi Ki? mZivs †Zvgv‡`i g‡a¨ hviv Zv K‡i `wbqvi Rxe‡b jvÃbv Qvov Zv‡`i Kx cwZ`vb n‡Z cv‡i? Avi wKqvg‡Zi w`‡b Zv‡`i‡K KwVbZg Avhv‡e wb‡¶c Kiv n‡e| Avi †Zvgiv hv Ki, Avjøvn †m m¤ú‡K Mwdj bb' (miv Avj evKiv: 85)।

দুই.এরা ইবাদত আল্লাহ ছাড়া অন্যের নিমিত্তে সম্পাদন করে। গাইরুল্লাহর বিধানের আনুগত্য করে। গাইরুল্লাহর নামে যবেহ করে। গাইরুল্লাহর নামে শপথ করে, বিপদ ও রোগ মুক্তির জন্য গাইরুল্লাহর কাছে প্রার্থনা করে ইত্যাদি। অথচ মহান আল্লাহ বলছেন : أَمَّنْ يُجِيبُ الْمُضْطَرَّ إِذَا دَعَاهُ وَيَكْشِفُ السُّوءَ وَيَجْعَلُكُمْ خُلَفَاءَ الأَرْضِ أَئِلَهٌ مَعَ اللهِ قَلِيلًا مَا تَذَكَّرُونَ Ôeis wZwb, whwb wbiæcv‡qi AvnŸv‡b mvov †`b Ges wec` `ixfZ K‡ib Avi †Zvgv‡`i‡K hwg‡bi cwZwbwa evbvb| Avjøvni mv‡_ wK Ab¨ †Kv‡bv Bjvn Av‡Q? †Zvgiv KgB Dc‡`k MnY K‡i _vKÓ (miv Avb bvgj: 62)।

তিন.এদের অবস্থা হল, এরা ইবাদত আল্লাহর উদ্দেশ্যেই সম্পাদন করে। এদের ইখলাসে কোনো ত্রুটি নেই। কিন্তু ইবাদতটি সম্পাদন করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম   প্রদর্শিত পদ্ধতি ভিন্ন অন্য পদ্ধতিতে। তাই এদের ইবাদতও প্রত্যাখ্যাত।

সহীহ বুখারী ও মুসলিমে আয়েশা রাদিয়ালাহু আনহা থেকে বর্ণিত হয়েছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন:

مَنْ أَحْدَثَ فِيْ أَمْرِنَا هَذَا مَا لَيْسَ مِنْهُ فَهُوَ رَدٌّ.'যে ব্যক্তি আমাদের এই দীনে নতুন কিছু সংযোজন করবে যা এর অন্তর্ভুক্ত নয়, তা হবে প্রত্যাখ্যাত' (বুখারী ও মুসলিম)।

সুতরাং যে ব্যক্তি আল্লাহ প্রদত্ত দীনের ওপর কিছু বাড়ালো, তাঁর দেয়া বিধানের সাথে নিজের পক্ষ থেকে কিছু সংযোজন করল, সে কি ইবাদত ও দাসত্বের পরিপূর্ণ হক আদায় করল? দাসত্বে কি নিজের পক্ষ থেকে সংযোজন-বিয়োজনের চিন্তা করা যায়? তাহলে তা কবুল হবার আশা করা যায় কিভাবে? এরা মূলতঃ আল্লাহর দাসত্ব ত্যাগ করেছে। আর গ্রহণ করেছে প্রবৃত্তি ও শয়তানের দাসত্ব। মহান আল্লাহ এ থেকে বান্দাদের সতর্ক করেছেন। ইরশাদ হয়েছে : أَفَرَأَيْتَ مَنِ اتَّخَذَ إِلَهَهُ هَوَاهُ وَأَضَلَّهُ اللهُ عَلَى عِلْمٍ وَخَتَمَ عَلَى سَمْعِهِ وَقَلْبِهِ وَجَعَلَ عَلَى بَصَرِهِ غِشَاوَةً فَمَنْ يَهْدِيهِ مِنْ بَعْدِ اللهِ أَفَلَا تَذَكَّرُونَ ÔZ‡e Zwg wK Zv‡K j¶¨ K‡iQ, †h Zvi cewË‡K Avcb Bjvn ewb‡q wb‡q‡Q? Zvi Kv‡Q Ávb Avmvi ci Avjøvn Zv‡K c_åó K‡i‡Qb Ges wZwb Zvi Kvb I Aš‡i †gvni †g‡i w`‡q‡Qb| Avi Zvi †Pv‡Li Ici ¯vcb K‡i‡Qb AveiY| AZGe Avjøvni ci †K Zv‡K wn`v‡qZ Ki‡e? Zvici I wK †Zvgiv Dc‡`k MnY Ki‡e bvÓ? (miv Avj Rwmqv: 23)।

প্রিয় বন্ধুগণ! বান্দা তার রবের ইবাদত করবে, তবে কত দিন? তার শেষ সীমানা কোথায়? এ প্রশ্নের জবাব মহান আল্লাহ নিজেই দিচ্ছেন, বলছেন : وَاعْبُدْ رَبَّكَ حَتَّى يَأْتِيَكَ الْيَقِينُ ÔAvi BqvKxb Z_v gZ¨ Avmv chš Zwg †Zvgvi i‡ei Bev`Z KiÓ (miv Avj wnRi: 99)।

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَبَارِكْ عَلى مُحَمَّدٍ وَعَلى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلى آلِ إِبْراهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ .

হে আল্লাহ! আপনি আমাদেরকে যথার্থরূপে ইবাদত আদায়ের তাওফীক দান করুন। ইবাদতরে সঠিক অর্থ ও তাৎপর্য বুঝার তাওফীক দান করুন। হে আল্লাহ আপনি আমাদেরকে আপনার আবেদ হিসেবে কবুল করুন। জীবনের সকল ক্ষেত্রে আপনার ইবাদত ও দাসত্ব করার তাওফীক দিন। হে আল্লাহ ! আম্বিয়ায়ে কেরাম, সালিহীনগণ যেভাবে আপনাকে ইবাদত করেছেন আমাদেরকেও সেভাবে ইবাদত করার তাওফীক দিন। হে আল্লাহ! আপনি আমাদের ইবাদতের যাবতীয় ভুলত্রুটি ক্ষমা করে দিন। আপনি আমাদের সকল ইবাদত কবুল ও মঞ্জুর করুন। আমীন, ইয়া আরহামার রাহিমীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهِ : (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

সুন্নতের অনুসরণ

LZevq hv _vK‡e

১. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি মহব্বতের হাকীকত বয়ান

২. ইবাদত কখনো কবুল হবে না যদি না তা সুন্নত মুতাবিক হয়

৩. 'মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসূল এ কথায় ঈমান আনার অর্থ একনিষ্ঠভাবে তাঁর অনুসরণ করা

c_g LZev

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ فَتَحَ لَنَا أَبْوَابَ الْهُدَى بِمَنْ جَعَلَهُ خَيْرَ الْأَنَامِ، وَجَعَلَ أُمَّتَهُ خَيْرَ الْأُمَمِ وَجَعَلَ الذِّلَّةَ وَالصَّغَارَ عَلَى مَنْ خَالَفَ أَمْرَهُ مِنْ ذَوِيْ الْإِجْرَامِ، نَحْمَدُهُ عَلَى مَا أَسْبَغَ الْأَنَامَ مِنْ جَزِيْلِ الْإِنْعَامِ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، صَلَّى اللهُ وَسَلَّمَ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ، أَمَّا بَعْدُ:

gnZvivg nv‡hixb! আমাদের মাঝে এমন কে আছেন, যিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ভালোবাসেন না? এমন কে আছেন যিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর পছন্দের জিনিসকে পছন্দ করেন না? এমন কে আছেন যিনি আখেরাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাথী হওয়ার আশা রাখেন না?

এমন কে আছেন যিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর শাফায়াতের প্রত্যাশা করেন না?

হ্যাঁ, সবাই তা চায়। সবাই রাসূলুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর শাফায়াতের প্রত্যাশা করে। সবাই তাঁকে ও তাঁর মুহাব্বতের জিনিসকে মুহাব্বত করার মাধ্যমে আল্লাহ তা'আলার নৈকট্য অর্জন করতে চায়। কিন্তু প্রশ্ন হলো, এর পথ ও পদ্ধতি কি? কিভাবে তা লাভ করা যায়?

হ্যাঁ, এর পথ একটিই। পদ্ধতি একটিই। আর সেটা হলো, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর আনুগত্য করা। তাঁর সুন্নতকে নিজের জীবনে বাস্তবায়ন করা। এ কারণেই মহান আল্লাহ তা'আলা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর প্রতি মহব্বত ও ভালোবাসাকে অত্যাবশ্যক করে দিয়েছেন। অতএব, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর প্রতি ভালোবাসা ছাড়া ঈমানই পূর্ণতা লাভ করবে না।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মহব্বতের আলামত হলো, তাঁর অনুসরণ-অনুকরণ করা এবং তাঁর সুন্নতের ইত্তিবা করা। এ ব্যাপারে পবিত্র কুরআনে অসংখ্য আয়াত রয়েছে। হাদীসেও রয়েছে অসংখ্য প্রমাণ। নিম্নে কুরআন ও হাদীস থেকে কয়েকটি প্রমাণ উল্লেখ করা হল:

কোরআনের প্রমাণ:

আল্লাহ তা'আলা বলেন : قُلْ أَطِيعُواْ اللّهَ وَالرَّسُولَ فإِن تَوَلَّوْاْ فَإِنَّ اللّهَ لاَ يُحِبُّ الْكَافِرِينَ ÔeĮ, †Zvgiv Avjøvn I Zvi ivm‡ji AvbMZ¨ Ki| Zvici hw` Zviv gL wdwi‡q †bq, Z‡e wbðq Avjøvn Kvwdi‡`i‡K fvjev‡mb bvÕ (miv Av‡j-Bgivb: 32)।

Ab¨ GK Avqv‡Z G‡m‡Q : يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ أَطِيعُواْ اللّهَ وَأَطِيعُواْ الرَّسُولَ وَأُوْلِي الأَمْرِ مِنكُمْ فَإِن تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللّهِ وَالرَّسُولِ إِن كُنتُمْ تُؤْمِنُونَ بِاللّهِ وَالْيَوْمِ الآخِرِ ذَلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلاً Ô†n gwgbMY, †Zvgiv AvbMZ¨ Ki Avjøvni I AvbMZ¨ Ki ivm‡ji Ges †Zvgv‡`i ga¨ †\_‡K KZ‡Zi AwaKvwi‡`i| AZtci †Kvb wel‡q hw` †Zvgiv gZwe‡iva Ki Zvn‡j Zv Avjøvn I ivm‡ji w`‡K cZ¨vcY KivI hw` †Zvgiv Avjøvn I †kl w`‡bi cwZ Cgvb ivL| GwU DËg Ges cwiYv‡g DrKóZiÕ (miv wbmv: 59)।

আল্লাহ তা'আলা আরো বলেন : مَنْ يُطِعِ الرَّسُولَ فَقَدْ أَطَاعَ اللّهَ وَمَن تَوَلَّى فَمَا أَرْسَلْنَاكَ عَلَيْهِمْ حَفِيظاً Ô†h ivm‡ji AvbMZ¨ Kij, †m AvjøvniB AvbMZ¨ Kij| Avi †h wegL nj, Z‡e Awg †Zvgv‡K Zv‡`i Ici ZËveavqK K‡i †ciY KwiwbÕ (miv wbmv: 80)।

অন্যত্র ইরশাদ হয়েছে : قُلْ إِن كُنتُمْ تُحِبُّونَ اللّهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللّهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَاللّهُ غَفُورٌ رَّحِيمٌ Ôej, hw` †Zvgiv Avjø‡K fvjevm, Zvn‡j Avgvi AbmiY Ki, Avjøvn †Zvgv‡`i‡K fvjevm‡eb Ges †Zvgv‡`i cvcmgn ¶gv K‡i †`‡eb| Avi Avjøvn AZ¨š— ¶gvkxj, cig `qvjyÕ(miv Av‡j Bgivb:32)।

তিনি আরো বলেন : وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَلَا مُؤْمِنَةٍ إِذَا قَضَى اللهُ وَرَسُولُهُ أَمْرًا أَنْ يَكُونَ لَهُمُ الْخِيَرَةُ مِنْ أَمْرِهِمْ وَمَنْ يَعْصِ اللهَ وَرَسُولَهُ فَقَدْ ضَلَّ ضَلَالًا مُبِينًا ÔAvjøvn I Zvi ivmj †Kv‡bv Kv‡Ri Av‡`k Ki‡j †Kv‡bv Cgvb`vi cyiæl I Cgvb`vi bvixi †m wel‡q G AwaKvi †bB †h, †m Avjøvn I Zvi ivm‡ji Av‡`k Agvb¨ K‡i| Avi †h Avjøvn I Zvi ivm‡ji bvdigvbx K‡i †m cKvk¨ c_åóZvq cwZZ nqÕ (miv Avnhve: 36)।

হাদীসের প্রমাণ :

ivmjjøvn mvjøvjøvû AvjvBwn Iqv mvjøvg e‡jb : وَإِنَّهُ مَنْ يَعِشْ مِنْكُمْ فَسَيَرَىْ اخْتِلَافاً كَثِيْراً فَعَلَيْكُمْ بِسُنَّتِيْ وَسُنَّةِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ الْمَهْدِيِّيْنَ عَضُّوْا عَلَيْهَا بِالنَّوَاجِذِ وَإِيَّاكُمْ وَمُحْدَثَاتِ الأُمُورِ فَإِنَّ كُلَّ بِدْعَةٍ ضَلَالَةٌ 'আর তোমাদের কেউ বেঁচে থাকলে সে বহু মতভেদ দেখতে পাবে। তখন তোমাদের অপরিহার্য কর্তব্য হবে– আমার সুন্নত এবং হেদায়েতপ্রাপ্ত খোলাফায়ে রাশেদীনের সুন্নত অনুসরণ করা। তোমরা এ সুন্নতকে খুব মজবুতভাবে আঁকড়ে ধরে থাকো এবং সমস্ত বিদআত থেকে বিরত থাকো। কেননা প্রতিটি বিদআতই ভ্রষ্টতা' (আবু দাউদ, তিরমিযী)।

অন্য এক হাদীসে এসেছে :

كُلُّ أُمَّتِيْ يَدْخُلُوْنَ الْجَنَّةَ إِلَّا مَنْ أَبَىْ قَالُوْا وَمَنْ يَأْبَىْ قَالَ مَنْ أَطَاعَنِيْ دَخَلَ الْجَنَّةَ وَمَنْ عَصَانِيْ فَقَدْ أَبَىْ

'আবু হুরাইরা রাযি. নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন যে, আমার প্রতিটি উম্মত জান্নাতে যাবে। তবে যে অস্বীকার করে সে নয়। সাহাবায়ে কেরাম বললেন, অস্বীকারকারী কে? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, যে আমার অনুকরণ করল সে জান্নাতে যাবে। আর যে আমার নাফরমানী করল, সে-ই অস্বীকারকারী' (বুখারী)।

সুন্নতের বাইরে বিদআত নির্ভর অক্লান্ত মেহনত-মুজাহাদ করে কোনো লাভ নেই। হাদীসে এসেছে : الْقَصْدُ فِي السُّنَّةِ خَيْرٌ مِنَ الاجْتِهَادِ فِي الْبِدْعَةِ ÔmbœZ Aej¤^b K‡i ga¨gcš'vq Pjv, we`AvZ Aej¤^b K‡i AKvš— †gnbZ Kivi †P‡q DËgÕ (Be‡b nvRi)|

وَعَنْ مُجَاهِدٍ قَالَ :كُنَّا مَعَ ابْنِ عُمَرَ رَحِمَهُ اللهُ فِيْ سَفَرٍ فَمَرَّ بِمَكَانٍ فَحَادَ عَنْهُ، فَسُئِلَ لِمَ فَعَلْتَ ذٰلِكَ؟ قَالَ : رَأَيْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَلَ هَذَا فَفَعَلْتُ ÔgRvwn` in. e‡jb, ÔAvgiv GK`v GK md‡i Be‡b Dgi iwh.-Gi m‡½ wQjvg| Pj‡Z Pj‡Z GK¯'v‡b wM‡q wZwb iv¯—v †Q‡o Ab¨ w`‡K †M‡jb| Zv‡K wR‡Ám Kiv n‡jv, Ô†Kb Avcwb GgbwU Ki‡jb?Õ DË‡i wZwb ej‡jb, ÔAvwg ivmjjøvn mvjøvjøvû AvjvBwn Iqv mvjøvg‡K Giƒc Ki‡Z †`‡LwQ| ZvB Avwg I Zvi AbKi‡Y GgbwU K‡iwQÕ (Avng`)|

gnZ¡ I djvdj! ইত্তেবায়ে সুন্নতের বহু ইতিবাচক ফলাফল রয়েছে। আসুন আমরা এসব ফলাফলের মধ্যে গুরুত্বপূর্ণ কয়েকটি নিয়ে আলোচনা করি।

এক. ক্ষতিকর ও গর্হিত মতানৈক্য থেকে সুরক্ষা : পরস্পরে নিন্দিত মতবিরোধ ও ক্ষতিকর মতানৈক্য অত্যন্ত গর্হিত কাজ। আর এ থেকে কেবল আল্লাহ তা'আলা ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর আনুগত্যের মাধ্যমেই বেঁচে থাকা সম্ভব। যেমন আল্লাহ তা'আলা বলেন : وَأَطِيعُواْ اللّهَ وَرَسُولَهُ وَلاَ تَنَازَعُواْ فَتَفْشَلُواْ وَتَذْهَبَ رِيحُكُمْ وَاصْبِرُوَاْ إِنَّ اللهَ مَعَ الصَّابِرِينَ Ô†Zvgiv Avjøvn I Zvi ivm‡ji AvbMZ¨ Ki| Ges †Zvgiv ci¯úi weev‡` wjß n‡qv bv| Zvn‡j †Zvgiv mvnmnviv n‡q hv‡e Ges †Zvgv‡`i kw³ wbt‡kl n‡q hv‡e| Avi †Zvgiv %ah ai, wbðq Avjøvn ^ahkxj‡`i mv‡_ Av‡QbÕ (miv Avbdvj: 46)।

Dc‡ii AvqvZ †_‡K cZxqgvb n‡"Q †h, mb‡Zi B‡Ëev Kiv Ges Zv‡K AvK‡o aivB n‡"Q Avjøvn I Zvi ivm‡ji AvbMZ¨ Kiv| Avi wb›`bxq GL‡Zjvd ev gZv‰bK¨ †_‡K †e‡P _vKvi GKgvÎ c_ nj AvbMZ¨|

দুইঃ রাসূলুল্লাহ সালালহু আলাইহি ওয়া সালাম কর্তৃক নিন্দিত ফেরকা থেকে বেঁচে থাকা এবং নাজাতপ্রাপ্ত ফেরকার সাথে জুড়ে থাকার সুযোগ পাওয়া যায় ইত্তেবায়ে সুন্নতের মাধ্যমে। হাদীসে এসেছে : لَيَأْتِيَنَّ عَلَى أُمَّتِيْ مَا أَتَى عَلَى بَنِيْ إِسْرَائِيْلَ حَذْوَ النَّعْلِ بِالنَّعْلِ وَإِنَّ بَنِي إِسْرَائِيْلَ تَفَرَّقَتْ عَلَى اثْنَتَيْنِ وَسَبْعِيْنَ مِلَّةً وَتَفْتَرِقُ أُمَّتِيْ عَلَى ثَلَاثٍ وَّسَبْعِيْنَ مِلَّةً كُلُّهُمْ فِيْ النَّارِ إِلَّا مِلَّةً وَاحِدَةً، قَالُوْا مَنْ هِيَ يَا رَسُوْلَ اللهِ قَالَ : مَا أَنَا عَلَيْهِ وَأَصْحَابِيْ 'আবদুল্লাহ ইবনে উমর রা. থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন বনী ইসরাঈলের ওপর যেমন এসেছিল আমার উম্মতের ওপর হুবহু ঐরকম আসবে একেবারে জুতায় জুতায় মিলে যাওয়ার মতো। বনী ইসরাঈল বাহাত্তর দলে বিভক্ত হয়েছিল। আর আমার উম্মত বিভক্ত হবে তিহাত্তর দলে। তন্মধ্যে একটি ছাড়া সবক'টি দলই জাহান্নামে যাবে। সাহাবায়ে কেরাম বললেন, সে জান্নাতী দল কোনটি ইয়া রাসুলালাহ? তিনি বললেন, আমি ও আমার সাহাবাগণ যার ওপর আছি' (তিরমিযী,সহীহ)।

এ হাদীসে রাসূলুল্লাহ ও তাঁর সাহাবীগণ যে আকীদা-বিশ্বাসের ওপর ছিলেন, যে আমল ও কর্মপন্থার ওপর ছিলেন, তা আঁকড়ে ধরাই জাহান্নামের আগুন থেকে মুক্তির পথ বলে ব্যক্ত করা হয়েছে।

তিনঃ ইত্তেবায়ে সুন্নতের মাধ্যমে হিদায়েত হাসিল হয়। আবু হুরায়রা রাযি. থেকে বর্ণিত এক হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন : إِنِّي قَدْ تَرَكْتُ فِيْكُمْ شَيْئَيْنِ لَنْ تَضِلُّوْا بَعْدَهُمَا كِتَابَ اللهِ وَسُنَّتِي وَلَنْ يَتَفَرَّقَا حَتَّى يَرِدَ عَلَيَّ الْحَوْضَ 'আমি তোমাদের মাঝে দু'টি জিনিস রেখে যাচ্ছি। এ দু'টির পর তোমরা কখনোই পথভ্রষ্ট হবে না। একটি হলো, আল্লাহর কিতাব আর অন্যটি হলো আমার সুন্নত। জিনিস দু'টো তোমাদের থেকে ততক্ষণ পর্যন্ত পৃথক হবে না যতক্ষণ পর্যন্ত আমি হাউজে কাউসারের কাছে উপনীত হবো' (হাকেম, হাসান)।

চার. ইত্তেবায়ে সুন্নতের মাধ্যমে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জামাআতভুক্ত হওয়া যায়, আর সুন্নতের ইত্তেবা ছেড়ে দেয়ার অর্থ হল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জামাআত থেকে বের হয়ে যাওয়া।

আনাস ইবনে মালেক রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন, একবার তিন ব্যক্তি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর বিবিগণের ঘরে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর ইবাদতের পরিমাণ সম্পর্কে প্রশ্ন করতে আসলেন। যখন তাদেরকে এ সম্পর্কে জানানো হলো তখন যেন তাদের নিকট তা খুব কম মনে হলো। এমতাবস্থায় তাদের একজন বলল, আরে! নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাথে আমাদের কী তুলনা! তাঁর তো পূর্বাপর সমস্ত গোনাহ মাফ করে দেয়া হয়েছে। অতঃপর তাদের একজন বলল, আজ থেকে আমি সর্বদা সারারাত জেগে নামায পড়ব। আরেকজন বলল, আমি দিনের বেলা সর্বদা রোযা রাখব। কখনো রোযা ভাঙ্গব না। তৃতীয়জন বললেন, আমি সর্বদা মহিলাদের সংস্পর্শ থেকে বিরত থাকব, কখনো বিবাহ করব না। এসময় নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের কাছে আসলেন এবং বললেন, 'তোমরাই সেই লোক, যারা এমন এমন বলেছে? শোন, আল্লাহর শপথ করে বলছি, আমি আল্লাহ তা'আলাকে তোমাদের চেয়ে বেশি ভয় করি। তথাপি আমি রোযা রাখি এবং রোযা ভঙ্গ করি। নামায পড়ি আবার ঘুমাই। আমি মহিলাদের বিয়েও করি। অতএব যে ব্যক্তি আমার সুন্নত থেকে মুখ ফিরিয়ে নিবে সে আমার দলভুক্ত নয়'(বুখারী)।

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সুন্নত থেকে বিমুখ থাকার দু'টি পর্যায় রয়েছে। একটি হলো গুনাহের পর্যায় আর অন্যটি হলো কুফরীর পর্যায়।

যদি কেউ অলসতা ও অবহেলাবশত সুন্নত তরক করে তবে তা হবে গুনাহের পর্যায়। অর্থাৎ এরূপ করার কারণে সে শুধু গুনাহগার হবে; ঈমানহারা হবে না।

পক্ষান্তরে যদি কেউ সুন্নতকে অবজ্ঞা করে, অস্বীকার করে, দোষারোপ করে তাহলে তা হবে কুফরীর পর্যায়। কেননা সুন্নতের ওপর দোষারোপ করা, তার সমালোচনা করা ও ত্রুটি-বিচ্যুতি বের করা– এক প্রকার কুফরীই বটে।

আল্লাহ আমাদের সবাইকে যথার্থরূপে সুন্নতের অনুসরণ করার তাওফীক দান করুন।

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ، أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ.

সুন্নতের অনুসরণ

wØZxq LZev

الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِيْنَ، أَحْمَدُه سُبْحَانَه وَأَشْكُرُه، وَأَشْهَدُ أَن لَّا إِلَه إِلَّا اللهُ وَحْدَه لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ صَلَّى اللهُ وَسَلَّمَ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنَ، أَمَّا بَعْدُ:

gnZvivg nv‡hixb! আমরা ইত্তেবায়ে সুন্নতের ফলাফল নিয়ে আলোচনা করছিলাম।

পাঁচ. ইত্তেবায়ে সুন্নতের আরেকটি ফল হলো ইত্তেবায়ে সুন্নতের মাধ্যমে শয়তানের পথ অনুসরণ থেকে পরিত্রাণ মিলে।

ইবনে মাসউদ রা. থেকে বর্ণিত তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের সামনে একটি রেখা টেনে বললেন- এটা আল্লাহর পথ। এরপর তিনি তার ডানে ও বামে কয়েকটি রেখা টানলেন। অতঃপর তিনি সে দাগটির ডানে ও বামে আরো কয়েকটি ছোট রেখা টানলেন। তারপর তিনি বললেন, এটা আমার রাস্তা, এই বলে তিনি লম্বা রেখাটির দিকে ইশারা করলেন এবং বললেন, এটা আমার রাস্তা আর এগুলো অনেক রাস্তা। যার প্রতিটিতে একজন করে শয়তান বসে সেদিকে তোমাদেরকে আহ্বান করছে। সবশেষে তিনি তার বক্তব্যের সমর্থনে এ আয়াত তিলাওয়াত করলেন: وَأَنَّ هَذَا صِرَاطِي مُسْتَقِيماً فَاتَّبِعُوهُ وَلاَ تَتَّبِعُوا السُّبُلَ فَتَفَرَّقَ بِكُمْ عَن سَبِيلِهِ ذَلِكُمْ وَصَّاكُمْ بِهِ لَعَلَّكُمْ تَتَّقُونَ ÔAvi GwU †Zv Avgvi †mvRv c_| mZivs †Zvgiv Zvi AbmiY Ki Ges Ab¨vb¨ c_ AbmiY K‡iv bv, Zvn‡j Zv †Zvgv‡`i‡K Zvi c_ †_‡K wew”Qb K‡i †`‡e| G¸‡jv wZwb †Zvgv‡`i‡K wb‡`k w`‡q‡Qb, hv‡Z †Zvgiv ZvKIqv Aej¤^b Ki|Õ (miv AvbAvg: 153)।

অতএব যে ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সুন্নতের ইত্তেবা করল সে সিরাতে মুস্তাকীমের ইত্তেবা করল এবং শয়তানের যাবতীয় পথ থেকে নিরাপদ রইল।

†Kv‡bv GK eo Av‡jg e‡jb, †ewkifvM, †Mvgivnx I åóZv KiAvb I nv`xm‡K k³ fv‡e AvK‡o bv aivi Kvi‡YB n‡q _v‡K| †hgb Bgvg hnix in. e‡jb- ÔAvgv‡`i DjvgvMY ej‡Zb, mbZ‡K AvK‡o aivB n‡”Q bvRv‡Zi c_Õ|

Bgvg gv‡jK in. e‡jb, ÔmbZ n‡”Q bn Av.-Gi wKkwZi b¨vq| †h Zv‡Z Av‡ivnY Ki‡e †m gyw³ cv‡e| Avi †h Av‡ivnY bv K‡i wcQ‡b †_‡K hv‡e †m Wy‡e gi‡e| GUv GRb¨ †h, mbZ I kixqZB n‡”Q H wmiv‡Z g¯vKxg ev mij-mnR c_, hv ev›`v‡`i‡K Avjøvn chš— †cŠ‡Q †`q| Avi ivmj n‡jb G wmiv‡Z g¯vKx‡gi AwfÁ c_c`kKÕ|

ছয়. ইত্তেবায়ে সুন্নতের আরেকটি ফল হলো, এর মাধ্যমে আল্লাহর দীনের পুরোটাই হাসিল করা সম্ভব হয়। আর তা এজন্য যে, দীনের অর্থ হলো আল্লাহ ছাড়া অন্য কারো ইবাদত করা যাবে না। আর কোন্টা ইবাদত কোন্টা ইবাদত না, তা নির্ণয়ের জন্য আল কুরআন ও সুন্নতে রাসূলের আশ্রয় নেয়া ছাড়া অন্য কোনো উপায় নেই। এ কারণে ইবাদত হলো কুরআন ও হাদীসনির্ভর, যুক্তিনির্ভর নয়। আয়েশা রাযি.-এর বর্ণনা অনুযায়ী,

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর চরিত্র হলো– কুরআন। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সুন্নত গোটা দীনকে শামিল করে আছে।

সাত: ইত্তেবায়ে সুন্নতের সপ্তম ফল হল উম্মতের ওপর থেকে সকল প্রকার লাঞ্ছনা ও অপমান দূর হয়ে যাওয়া। অর্থাৎ যখন উম্মতে মুহাম্মদী সুন্নতের অনুসরণ করতে থাকবে তখন তাদের যাবতীয় লাঞ্ছনা ও অপমান দূর হয়ে যাবে।

কেননা সুন্নতই হলো দীন। আর দীন পরিত্যাগ করার কারণে উম্মতের ওপর নেমে আসে লাঞ্ছনা ও অপমান।

আট: ইত্তেবায়ে সুন্নতের অষ্টম ফল হলো, মুসলিম জাতি যেসব রোগে আক্রান্ত সেসব রোগ ও তার চিকিৎসার বর্ণনাও সুন্নতের মধ্যে রয়েছে। যেমন:

‘সাওবান রাযি. থেকে বর্ণিত এক হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন– অচিরেই অমুসলিম সম্প্রদায়গুলো পরস্পর পরস্পরকে মুসলমানদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানাবে যেভাবে খাবারের বরতনের দিকে আহারকারীদেরকে আহবান করা হয়। তখন কেউ বলল, ‘ইয়া রাসূলালাহ! সেদিন কি আমরা সংখ্যায় কম হবো’? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, ‘না, তোমরা তখন সংখ্যায় বেশিই হবে। কিন্তু সেদিন তোমরা হবে বন্যার পানিতে ভেসে যাওয়া খরকুটোর মতো। তোমাদের শত্রুদের অন্তর থেকে তোমাদের ভয় উঠিয়ে নেয়া হবে এবং তোমাদের অন্তরে ঢেলে দেয়া হবে– ‘ওয়াহান’। একজন জিজ্ঞেস করল, ইয়া রাসূলালাহ! ওয়াহান কী জিনিস? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জবাবে বললেন– ‘ওয়াহান হলো, দুনিয়াকে মহব্বত করা এবং মৃত্যুকে অপছন্দ করা’ (আহমদ, আবু দাউদ)।

এ হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের রোগ ও অবস্থার বর্ণনা দিয়েছেন। তিনি বলেছেন– অচিরেই অমুসলিম সম্প্রদায়গুলো পরস্পর পরস্পরকে মুসলমানদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানাবে, যেভাবে খাবারের বরতনের দিকে আহারকারিদেরকে আহবান করা হয়।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এ কথা অক্ষরে অক্ষরে বর্তমানে বাস্তবায়িত হচ্ছে। আর তা এভাবে যে, আজ গোটা সাম্রাজ্যবাদী শক্তিগুলো একত্রিত হয়ে বিভিন্ন নিয়ামত ও কল্যাণে ভরপুর মুসলিম দেশগুলোর বিরুদ্ধে ঝাপিয়ে পড়ছে। এমতাবস্থায় সুন্নতের যথার্থ অনুসরণের মাধ্যমে আল্লাহর কাছে নিজেদের ইজ্জত বাড়িয়ে নেয়া ছাড়া আমাদের কোন গত্যান্তর নেই। দুনিয়ার মহব্বত হৃদয় থেকে তিরোহিত করে মৃত্যুকে সন্তুষ্টচিত্তে আলিঙ্গন করার জন্য বলিষ্ঠ ঈমান ও আমলের দ্বারা নিজেদেরকে প্রস্তুত রাখা ছাড়া আমাদের সামনে অন্য কোনো উপায় নেই।

নয়: ইত্তেবায়ে সুন্নতের নবম ফল হলো, এর মাধ্যমে সকল প্রকার ফিতনা ও আল্লাহর আযাব থেকে নিজেদেরকে বাঁচিয়ে রাখা সম্ভব হয়। আল্লাহ তা‘আলা বলেন : لَا تَجْعَلُوا دُعَاءَ الرَّسُولِ بَيْنَكُمْ كَدُعَاءِ بَعْضِكُمْ بَعْضًا قَدْ يَعْلَمُ اللهُ الَّذِينَ يَتَسَلَّلُونَ مِنْكُمْ لِوَاذًا فَلْيَحْذَرِ الَّذِينَ يُخَالِفُونَ عَنْ أَمْرِهِ أَنْ تُصِيبَهُمْ فِتْنَةٌ أَوْ يُصِيبَهُمْ عَذَابٌ أَلِيمٌ Ô†Zvgiv ci¯úi‡K †hfv‡e Wv‡Kv ivmj‡K †mfv‡e †W‡Kv bv; †Zvgv‡`i g‡a¨ hviv Pwcmv‡i m‡i c‡o Avjøvn Aek¨B Zv‡`i‡K Rv‡bb| AZGe hviv Zvi wb‡`‡ki weiæ×vPiY K‡i Zviv †hb Zv‡`i Ici wechq †b‡g Avmv A_ev hšYv`vqK Avhve †cšQvi fq K‡iÕ (miv bi: 63)।

এ আয়াত দ্বারা বুঝা যায় যে, যারা সুন্নতের বিরোধিতা করবে তারা বিভিন্ন রকম ফিতনা ও কঠিন শাস্তির সম্মুখীন হবে। অর্থাৎ তাদের মধ্যে কুফরী, মুনাফেকী ও বিদআতের মতো ভয়াবহ বিষয়সমূহের উদ্ভব ঘটবে, যার ফলশ্রুতিতে তারা কঠিন ও মর্মন্তুদ শাস্তির সম্মুখীন হবে।

পক্ষান্তরে যারা সুন্নতে রাসূলের অনুসরণ করবে তারা এসব ফিতনা ও শাস্তি থেকে নিরাপদ থাকবে।

GKevi GK †jvK Bgvg gv‡jK in. Gi †L`g‡Z nwRi n‡q ejj, †n Bgvg! Awg Igiv Kivi Biv`v K‡iwQ| Bgvg gv‡jK in. ej‡jbÑ Zvn‡j Zwg Bnivg ev‡av| †jvKwU ejj, Awg Bnivg evae wVK, Z‡e Zv g`xbvi gmwR` †_‡K| Bgvg gv‡jK in. ej‡jbÑ erm! ivmjjøvn mvjøvjøvû AvjvBwn Iqv mvjøvg †Zv hj ûjvBdv †_‡K Bnivg †e‡a‡Qb|

AZGe Zwg hw` Zvi we‡iwaZv K‡i g`xbvi gmwR` †_‡K Bnivg ev‡av Z‡e †Zv Awg †Zvgvi Ici wdZbv wbcwZZ nIqvi Avk¼v KiwQ| Gici wZwb Zvi e³‡e¨i mg_©‡b G AvqvZ wZjvIqvZ Ki‡jb: فَلْيَحْذَرِ الَّذِينَ يُخَالِفُونَ عَنْ أَمْرِهِ أَنْ تُصِيبَهُمْ فِتْنَةٌ أَوْ يُصِيبَهُمْ عَذَابٌ أَلِيمٌ ÔAZGe hviv Zvi Av‡`‡ki weiæ×vPviY K‡i Zviv G wel‡q mZK †nvK †h, wechq Zv‡`i‡K ¯úk Ki‡e A_ev hšYv`vqK kw¯ Zv‡`i‡K Mvm Ki‡eÕ (miv bi: 63)।

†n Avjøvni ev›`vMY! তাই আমাদের উচিত, প্রথমত ব্যক্তিগত জীবনে সুন্নত প্রতিষ্ঠা করা। কেননা ব্যক্তিগত জীবনে সুন্নত প্রতিষ্ঠিত হলে সমাজ জীবনে সুন্নত প্রতিষ্ঠিত হবে। সমাজ জীবনে সুন্নত প্রতিষ্ঠিত হলে শহর জীবনে সুন্নত প্রতি-ষ্ঠিত হবে। শহর জীবনে সুন্নত প্রতিষ্ঠিত হলে গোটা দেশে সুন্নত প্রতিষ্ঠিত হবে। দেশে সুন্নত প্রতিষ্ঠিত হলে গোটা জাতির মধ্যে সুন্নত প্রতিষ্ঠিত হবে। আর গোটা জাতির মধ্যে সুন্নত প্রতিষ্ঠিত হওয়ার দ্বারা গোটা ভূপৃষ্ঠে আল্লাহ চাহেন তো সুন্নত প্রতিষ্ঠিত হবে এবং সবকিছু সংশোধন হয়ে যাওয়ার কারণে সর্বত্র শান্তির সুবাতাস বইতে থাকবে। আল্লাহ তা'আলা আমাদের সবাইকে সুন্নত অনুযায়ী জীবন গঠন করার তাওফীক নসীব করুন। আমীন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيْمَ وَعَلَى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اَللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنْ آلِ نَبِيِّكَ الطَّيِّبِيْنَ الطَّاهِرِيْنَ وَعَنْ أَزْوَاجِهِ أُمَّهَاتِ الْمُؤْمِنِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনি আমাদেরকে আপনার নবীর সুন্নতের অনুসরণের তাওফীক দান করুন। জীবনের প্রতিটি ক্ষেত্রে যেন সুন্নতকে সমুন্নত রাখতে পারি সেই তাওফীক আমাদেরকে দান করুন। সকল প্রকার বিদআত থেকে আমাদেরকে হিফাযত করুন। সুন্নত পরিপন্থি কাজকর্ম থেকে আমাদেরকে হিফাযত করুন।

হে আল্লাহ! আপনি আমাদেরকে সকল প্রকার বালা-মুসীবত ও বিপদ-আপদ থেকে হেফাযত করুন। আমাদের অভাব দূর করে দিন। আমাদের ব্যবসা-বাণিজ্য ও কৃষিকর্মে বরকত দিন। আমাদেরকে হালাল কামাই করার তাওফীক দান করুন।

ইয়া রাব্বাল আলামীন! আমাদের যাবতীয় পেরেশানী দূর করে দিন। আমাদের ছেলে-মেয়েদেরকে দীনদার, মুত্তাকী ও পরহেযগার বানিয়ে দিন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهُ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

বিদআত থেকে হুঁশিয়ারী

LZevq hv _vK‡e

১. বিদআতের ভয়াবহ ক্ষতি ও প্রভাব

২. দীনে কোনো বিদআত সংযোজন থেকে হুঁশিয়ার করা

৩. বিদআত তৈরির কারণগুলো কি কি তা বর্ণনা করা

c_g LZev

اَلْحَمْدُ للهِ رَبِّ الْعَالَمِيْنَ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَاشَرِيْكَ لَهُ مُخْلِصاً لَهُ الدِّيْنَ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ الصَّادِقُ الأَمِيْنُ، صَلَّى اللهُ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ، وَسَلَّمَ تَسْلِيْماً كَثِيْراً، أَمَّا بَعْدُ :

mwcq gmjgvb`! মানবতা যখন মূর্খতায় আচ্ছন্ন ছিল, বিশ্বাস আচরণ ও জীবনবোধ ছিল অন্ধকারে নিমজ্জিত, আখলাক ও চরিত্রের ঘটেছিল চরম অধঃপতন, তখন আল্লাহ তা'আলা প্রিয় নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এ পৃথিবীতে প্রেরণ করেন, যার প্রধান দায়িত্ব ছিল মানুষকে তাদের প্রবৃত্তির পূজা ও বাপ-দাদার অন্ধ অনুকরণ থেকে মুক্ত করে সত্যের পথে নিয়ে আসা; তাঁর অনুসরণের প্রতি দাওয়াত দেয়া; তাঁর সুন্নতের অনুসরণ করতে বলা।

অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মানুষকে আল্লাহর পথে ডাকলেন, তখন একদল দুর্ভাগা তাঁর সে দাওয়াত প্রত্যাখ্যান করল। কিন্তু শেষ পর্যন্ত আল্লাহ তা'আলা তাঁর বাণীকেই সুউচ্চ মর্যাদায় অধিষ্ঠিত করলেন। তাঁর দীনকে প্রতিষ্ঠিত করলেন। এবং ততদিন পর্যন্ত তাঁর রাসূলকে পৃথিবী হতে উঠিয়ে নিলেন না, যতদিন না তাঁর রিসালাতের দায়িত্ব পূর্ণ হল, আমানত আদায় হল, উম্মতের কল্যাণ কামনা করে দীনের সবকিছু তিনি বুঝিয়ে দিলেন এবং আমাদেরকে রেখে গেলেন শুভ্র-সরল-সত্য পথে, যার রাত দিনের মতোই সমুজ্জ্বল।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আশংকা করেছিলেন যে, পৃথিবী থেকে তাঁর প্রস্থানের পর মানুষ আবার প্রবৃত্তি পূজায় নিমগ্ন হবে, তাঁর অনুসরণ ছেড়ে দিবে। অন্যকে অনুসরণ করবে ও তাঁর সুন্নত বর্জন করবে। এজন্যই তিনি ফিতনার আশংকা প্রকাশ করেছেন, বলেছেন সুন্নতের অবলুপ্তির কথা, বিদআতের প্রসার লাভের কথা।

wcq gmwjgvb! কুরআন ও হাদীস অসংখ্যবার আমাদেরকে সুন্নতের অনুসরণ ও বিদআত পরিত্যাগ করতে বলেছে। সাহাবী, তাবেয়ী, উলামা-মাশায়েখগণও আমাদের সুন্নতের অনুসরণ এবং বিদআত বর্জনের গুরুত্ব তুলে ধরে বক্তব্য দিয়েছেন, লেখনী চালিয়েছেন।

কুরআনুল কারীম সুন্নতের অনুসরণ বিষয়ক আয়াতে ভরপুর। কুরআন এ কথাও বলছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণই আল্লাহকে ভালবাসার নিদর্শন। ইরশাদ হচ্ছে : **قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ** ÔeÞj, hw` †Zvgiv Avjøvn‡K fvjevm, Zvn‡j Avgvi AbymiY Ki, Avjøvn †Zvgv‡`i‡K fvjevm‡eb Ges †Zvgv‡`i cvcmgn ¶gv K‡i †`‡eb| Avi Avjøvn AZ¨š— ¶gvkxj, cig `qvjÕ (miv Av‡j Bgivb:32)।

আল কুরআন আমাদেরকে অবহিত করেছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নত ছেড়ে দেয়ার অর্থই হলো প্রবৃত্তির অনুসরণ। ইরশাদ হয়েছে : **فَإِنْ لَمْ يَسْتَجِيبُوا لَكَ فَاعْلَمْ أَنَّمَا يَتَّبِعُونَ أَهْوَاءَهُمْ وَمَنْ أَضَلُّ مِمَّنْ اتَّبَعَ هَوَاهُ بِغَيْرِ هُدًى مِنَ اللهِ** ÔAZtci Zviv hw` †Zvgvi Avn¡v‡b mvov bv †`q, Zvn‡j †R‡b ivL, Zviv †Zv wb‡R‡`i †Lqvj Lkxi AbymiY K‡i| Avi Avjøvni w`Kwb‡`kbv Qvov †h wb‡Ri †Lqvj Lkxi AbymiY K‡i Zvi †P‡q AwaK c_åó Avi †K?Õ(miv Avj Kvmvm:50)।

আর যারা প্রবৃত্তির পূজারী তারা নিঃসন্দেহে সুন্নত পরিত্যাগকারী। আল্লাহ তা‘আলা বলেন : وَمَنْ أَعْرَضَ عَنْ ذِكْرِي فَإِنَّ لَهُ مَعِيشَةً ضَنكًا وَنَحْشُرُهُ يَوْمَ الْقِيَامَةِ أَعْمَى ÔAvi †h Avgvi ¯§iY †_‡K gL wdwi‡q †b‡e, Zvi Rb¨ n‡e wbðq GK msKwPZ Rxeb Ges Avwg Zv‡K wKqvgZ w`e‡m Ifv‡ev AÜ Ae¯vq Ô (miv Zvnv:124)।

বিদআতীদের অবস্থা এমনই। তারা সংকীর্ণ, তাদের মন অপ্রশস্ত। তাদের অন্তরে প্রশান্তি নেই, স্থিরতা নেই। তারা অস্থির। কেননা শান্তি ও হিদায়েত একমাত্র রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণের মধ্যে নিহিত। আর যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নত অনুসরণ করে সে কখনো বিভ্রান্ত হয় না, পথভ্রষ্ট হয় না। ইরশাদ হয়েছে : فَمَنْ اتَّبَعَ هُدَايَ فَلا يَضِلُّ وَلا يَشْقَى ÔAZtci †h Avgvi wn`v‡q‡Zi AbmiY Ki‡e †m wec_Mvgx n‡e bv Ges `fvMv I n‡e bvÕ (miv Zvnv:123)।

আয়েশা রাযি. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: مَنْ أَحْدَثَ فِيْ أَمْرِنَا هَذَا مَا لَيْسَ مِنْهُ فَهُوَ رَدٌّ ‘দীনের ব্যাপারে যে ব্যক্তি নতুন কিছু আবিষ্কার করে, তার সে আবিষ্কার প্রত্যাখ্যাত হবে’ (বুখারী)।

অন্য এক হাদীসে বর্ণিত হয়েছে: জাবের রাযি. বলেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন কোনো বক্তৃতা দিতেন, তখন তাঁর চোখ লাল হয়ে যেত, কণ্ঠ উঁচু হয়ে যেত। তাঁর ক্রোধ বেড়ে যেত, যেন তিনি কোনো সেনাবাহিনীকে হুঁশিয়ার করে বলছেন, তোমাদের শত্রুরা তোমাদের ওপর সকালেই আক্রমণ করবে, কিংবা, বিকেলেই আক্রমণ করবে। কাজেই সতর্ক হও। তিনি বলতেন, আমি আর কিয়ামত এভাবে প্রেরিত হয়েছি, এই বলে তিনি তার মধ্যমা ও শাহাদাত অঙ্গুলি মেলাতেন। এরপর বলতেন: সর্বোত্তম কথা হলো আল্লাহর কিতাব, সর্বোত্তম হিদায়েত হলো রাসূলের (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের) সুন্নত, সর্বনিকৃষ্ট বিষয় হলো দীনের নামে নতুন সৃষ্টি (বিদআত), আর প্রতিটি বিদআতই বিভ্রান্তি (মুসলিম)।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেন: مَنْ رَغِبَ عَنْ سُنَّتِيْ فَلَيْسَ مِنِّيْ ‘যে ব্যক্তি আমার সুন্নত থেকে বিমুখ হবে, সে আমার দলভুক্ত নয়’ (মুসলিম)।

আসলে কারো কথা ও কাজ থেকে কোনো ধারণা নেয়ার ক্ষেত্রে মূল গুরুত্বের বিষয় হলো বক্তা ও কর্তার উদ্দেশ্য ও নিয়ত। কিন্তু অধিকাংশ মানুষ অন্য কারো কথা বা কাজের বিপরীতে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে এ বিষয়গুলো মোটেই খেয়াল রাখে না। বক্তা ও কর্তার পারিপার্শ্বিক অবস্থা, তাদের উদ্দেশ্য ও নিয়ত ইত্যাদি বিবেচনা না করেই সিদ্ধান্ত গ্রহণ করে ফেলে। অথচ অনেক সময় এমনও হয় যে, মন্দ কোনো শব্দ বা বাক্য মুখ ফসকে বের হয়ে গেছে। কিন্তু বক্তার মন্দ কোনো উদ্দেশ্য ছিল না। আবার অনেক সময় বক্তার ব্যবহৃত শব্দ শ্রুতিমধুর হয় কিন্তু উদ্দেশ্য থাকে মন্দ। যেমন ইবনুল কায়্যিম রহ. উল্লেখ করেন, 'একই কথা দুই ব্যক্তি বলে; কিন্তু এ কথার মাধ্যমে একজন চূড়ান্ত বিভ্রান্তি ও ভ্রষ্টতার ইচ্ছা করে অন্যজন সর্বোচ্চ সংশোধন ও ইসলাহের ইচ্ছা করে'। এখন কার উদ্দেশ্য কী? এটা বোঝা যাবে কিভাবে? এটা বুঝতে হবে বক্তার কথার ধরণ, বক্তার চাল-চলন ও মতাদর্শ থেকে। এজন্যই আনন্দের আতিশয্যে কেউ যদি বলে ফেলে اللَّهُمَّ أَنْتَ عَبْدِيْ وَأَنا رَبُّكَ 'হে আল্লাহ আপনি আমার বান্দা, আর আমি আপনার রব' তাহলে এই ব্যক্তিকে কাফির বলা যাবে না। কারণ এ কথার মাধ্যমে সে নিজকে ইলাহ দাবি করার ইচ্ছা করেনি; বরং অতি আনন্দের কারণে উল্টো কথা তার মুখ ফসকে বের হয়ে গিয়েছে।

gnZvivg nv‡hixb! ধারণা পোষণের ক্ষেত্রে উল্লিখিত নীতিই প্রান্তিকতা ও বেইনসাফী থেকে মুসলমানদেরকে বাঁচায়। সালাফে সালেহীন এ নীতির ওপর অটল ছিলেন এবং পরবর্তী মুসলিম উম্মাহর অনাগত সদস্যদের জন্যও তারা দিকনির্দেশনা দিয়ে গেছেন। হায় আফসোস! আজ আমরা কোথায় আর সালাফে সালেহীনের নীতি কোথায়?

সালাফে সালেহীন অন্যের হোঁচট খাওয়ায়, তার স্খলনে, আনন্দ প্রকাশ করতেন না এবং আচার-আচরণে ও লেনদেনের ক্ষেত্রে কারো প্রতি মন্দ ধারণা পোষণ করতেন না। আর সালাফে সালেহীন মর্ম ও উদ্দেশ্যের বিবেচনা করতেন, শব্দের বিবেচনা করতেন না। তাই তো জনৈক আলিম বলেছেন, 'অনেক সময় বক্তব্যের শব্দগুলো হয় কর্কশ কিন্তু উদ্দেশ্য হয় ভালোবাসা ও আন্তরিকতা প্রকাশ করা। আবার কখনো কখনো কোনো কাজকে অপছন্দনীয় মনে হয় তবে তা না করেও কোনো উপায় থাকে না।

কথা ও কাজের ক্ষেত্রে মর্ম ও উদ্দেশ্যই যেহেতু মূল বিবেচ্য বিষয়, সেহেতু অন্যের কথা ও কাজের মর্ম ও উদ্দেশ্য বোঝার চেষ্টা না করে, কোনো ওজর বা সমস্যা ছিলো কি না তা তালাশ না করে অন্যের কথা ও কাজের মন্দ দিকটাকে বড় করে প্রকাশ করাই হলো মন্দ ধারণা। যেসব কথার দুটি মর্ম হতে পারে- একটি ভালো আর অপরটি মন্দ। সে ক্ষেত্রে মন্দ দিকটি প্রাধান্য দেয়া কী করে বৈধ হতে পারে? আর মনের খবর জানা এবং সে বিষয়ে কোনো সিদ্ধান্ত গ্রহণের অধিকার তো কোনো মানুষের নেই। মানুষের মনের সুপ্ত বিষয় ও গোপন ইচ্ছা একমাত্র আল্লাহ তা'আলাই জানেন। সুতরাং এসব বিষয়ে হিসাব-নিকাশের অধিকারও একমাত্র আল্লাহর। মানুষের কর্তব্য হলো জাহির বা বাহ্যিক অবস্থার ওপর সিদ্ধান্ত দেয়া। আবদুল্লাহ ইবনে উতবা রহ. বর্ণনা করেন, আমি উমর রাযি. কে বলতে শুনেছি: إِنَّ أُنَاسًا كَانُوا يُؤْخَذُونَ بِالْوَحْيِ فِي عَهْدِ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمْ وَإِنَّ الْوَحْيَ قَدِ انْقَطَعَ، وَإِنَّمَا نَأْخُذُكُمُ الآنَ بِمَا ظَهَرَ لَنَا مِنْ أَعْمَالِكُمْ، فَمَنْ أَظْهَرَ لَنَا خَيْرًا أَمِنَّاهُ وَقَرَّبْنَاهُ وَلَيْسَ إِلَيْنَا مِنْ سَرِيرَتِهِ شَيْءٌ اللهُ يُحَاسِبُهُ فِي سَرِيرَتِهِ، وَمَنْ أَظْهَرَ لَنَا سُوءًا لَمْ نَأْمَنْهُ وَلَمْ نُصَدِّقْهُ، وَإِنْ قَالَ إِنَّ سَرِيرَتَهُ حَسَنَةٌ Ôbex AvjvBwnm mvjøv‡gi hvgvbvq †jvK‡`i wel‡q Inxi gva¨‡g wm×vš MnY Kiv nZ| Avi GLb Inx eÜ n‡q †M‡Q| ZvB Avgiv †Zvgv‡`i wel‡q ewn¨K Avgj †`‡L wm×vš MnY Kie| mZivs Avgv‡`i mvg‡b †h fv‡jv KvR cKvk Ki‡e Zv‡K wbivcËv †`e Ges ^bKU¨ `vb Kie| Zvi †Mvcb wel‡qi †¶‡Î Avgv‡`i †Kv‡bv `wqZ †bB| Avi †h Avgv‡`i mvg‡b g›` cKvk Ki‡e Avgiv Zv‡K wekvm Kie bv Ges wbivcËvI w`e bv| hw`I †m e‡j †h, Zvi †Mvcb w`KUv fv‡jvÕ (বুখারী)।

mZivs gnZvivg nv‡hixb! আমাদের উচিৎ নিজদের কথা ও কাজের হিসাব নেয়া, কার ব্যাপারে কি ধারণা পোষণ করছি তার হিসাব নেয়া। কার ব্যাপারে কী মন্তব্য করছি তা খুঁটিয়ে দেখা। আর সব সময় কুরআনের এ আয়াতটি স্মরণ রাখা : **وَلَا تَقْفُ مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ إِنَّ السَّمْعَ وَالْبَصَرَ وَالْفُؤَادَ كُلُّ أُولَئِكَ كَانَ عَنْهُ مَسْئُولا** Ôth wel‡q †Zvgvi †Kv‡bv Ávb (ev Rvbv †kvbv) †bB †m wel‡qi wcQ‡b c‡ov bv| wbðq Kvb, †PvL I ü`q c‡Z¨KwU m¤ú‡K wRÁvmv Kiv n‡eÕ(miv Avj Bmiv:36)।

قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِي وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ

মন্দ ধারণা প্রসঙ্গ

wØZxq LZev

اَلْحَمْدُ للهِ رَبِّ الْعَالَمِيْنَ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِيْنَ ، أَمَّا بَعْدُ:

gnZvivg nv‡hixb! মন্দ ধারণা সৃষ্টি হওয়ার বাহ্যিক কিছু কারণ উলামায়ে কেরাম চিহ্নিত করেছেন। এ কারণগুলো থেকে যদি আমরা বেঁচে থাকতে পারি তাহলে মন্দ ধারণা পোষণের এ ভয়ানক ব্যাধি থেকে আমরা মুক্ত থাকতে পারব ইনশাআল্লাহ। মানুষ যখন মন্দ চরিত্রের অধিকারী এবং মন্দ ধারণা পোষণকারী লোকদের পরিবেশে বেড়ে ওঠে তখন তার মাঝেও এ অশুভ প্রকৃতি লালিত হয়। আর খারাপ বন্ধু-বান্ধবের সাথে ওঠা-বসা করলেও মানুষের মধ্যে বিভিন্ন মন্দ গুণের সৃষ্টি হয়। এছাড়া মানুষ যখন নফসের অনুসরণ করে তখনও সে ভিত্তিহীন ধারণা পোষণে লিপ্ত হয়ে পড়ে। কেননা কোনো কিছুর ভালোবাসা সেক্ষেত্রে মানুষকে অন্ধ ও বধির বানিয়ে

দেয়। তাই দেখা যায় নফসের অনুসরণ করে মানুষ যখন কারো প্রতি ঝুঁকে পড়ে তখন সে ঝোঁক ও আকর্ষণ তাকে সেই ব্যক্তির দোষ-ত্রুটি ভুলিয়ে দেয়। ফলে সে আর ঐ ব্যক্তির দোষ-ক্রটি দেখতে পায় না। আর এই ঝোঁক ও আকর্ষণ তাকে ঐ ব্যক্তি সম্পর্কে সুধারণা পোষণে উদ্বুদ্ধ করে যদিও বাস্তবে ঐ ব্যক্তি ভুল করে থাকে। অপর দিকে মানুষকে যখন কেউ রাগিয়ে দেয়, তখন সে ঐ লোককে আর ভালোবাসে না। আর কারও প্রতি হৃদয়ের ঝোঁক হারিয়ে ফেলাই ঐ লোক সম্পর্কে মন্দ ধারণা পোষণ করা এবং ঐ লোকের ভুল-ত্রুটি তালাশে প্ররোচিত করে। যদিও বাস্তবে লোকটি সৎ ও নির্দোষ হয়।

এমন মানুষ অহরহই পাওয়া যায়, যে নিজের ব্যক্তিত্বে মুগ্ধ ও ধোকাগ্রস্ত। ফলে সব সময় সে মনে করে, আমি হকের ওপর আছি, আর অন্যরা আছে বাতিলের উপর। সে নিজকে পবিত্র ভাবে এবং অন্যদেরকে দেখে ঘৃণার চোখে। এ প্রকৃতিটি তার মধ্যে অন্যের প্রতি ভয়ানক ধরণের মন্দ ধারণা পোষণের মানসিকতা তৈরি করে।

মুহতারাম হাযেরীন! বর্তমান যুগে মুসলিম সমাজে মন্দ ধারণা পোষণের ব্যাধি ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে এবং এটা এমন এক মহাবিপদ হয়ে দেখা দিয়েছে, যা মুসলিম সমাজের ঐক্য ও সংহতি ধ্বংস করে দিচ্ছে এবং মুসলমানদের সামাজিক শক্তি করে দিচ্ছে। ফলে মুসলমানরা অভ্যন্তরীণ ও বহিরাগত চ্যালেঞ্জের মোকাবেলায় দারুনভাবে ব্যর্থ হচ্ছে।

gnZvivg nv‡hixb! নিশ্চয়ই মন্দ ধারণা, প্রকৃত অবস্থা না জেনেই কারও ওপর দ্রুত অভিযোগ চাপিয়ে দেয়ার প্রবণতা, আমাদের সময়ের অনেক মানুষকেই আতঙ্কগ্রস্ত করেছে এবং করছে। মন্দ ধারণার কারণে অনেক সালেহ ও নেককার ব্যক্তিকে মানুষ বর্জন করছে যদিও এ বর্জনের পেছনে শরীয়তসিদ্ধ আদৌ কোনো কারণ নেই। এমনকি সে ব্যক্তি নিজেও তার সাথে অন্যের শত্রুতার কোনো কারণ খুঁজে পায় না। আর এসবই ঘটে পাপাশ্রিত অনুমান ও ধারণার কারণে; গীবত ও মিথ্যাচারে মতো জঘন্য অপরাধের সাথে জড়িত থাকার কারণে। আর এভাবেই নিরপরাধ ব্যক্তিরা শিকার হচ্ছে কষ্ট-যাতনার, যা প্রকাশ্য পাপ ও অন্যায়। ইরশাদ হয়েছে: **وَالَّذِينَ يُؤْذُونَ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ بِغَيْرِ مَا اكْتَسَبُوا فَقَدِ احْتَمَلُوا بُهْتَانًا وَإِثْمًا مُبِينًا** Ôhviv gÖwgb bi-bvix‡K hšYv †`q Ggb Aciv‡ai Kvi‡Y hv Zviv K‡iwb, Zviv Acev` I m¯úó cv‡ci †evSv enb Ki‡eÕ (miv Avj-Avnhve: 58)।

মুহতারাম হাযেরীন! আমাদের কাছে যখন সুস্পষ্ট হয়ে গেল যে, মন্দ ধারণা একটি ধ্বংসাত্মক বিপদ তখন এর প্রতিকার আবশ্যক, যেন এ ব্যাধি প্রকট আকার ধারণ করতে না পারে এবং আমাদেরকে ও আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে ধ্বংস করতে না পারে।

মন্দ ধারণা থেকে পরিত্রাণের উপায় হলো, যে কোনো অবস্থায় মানুষের প্রতি সুধারণা পোষণ করা। আর কারো সম্পর্কে কোনো মতামত বা সিদ্ধান্ত দেয়ার আগে ভালো করে চিন্তা ভাবনা করা এবং মন্দ ধারণা পোষণ করা থেকে সম্পূর্ণ বিরত থাকা। কারণ মন্দ ধারণা করে ভূল করার চেয়ে সুধারণা পোষণ করে ভুল করা উত্তম। উমর রাযি. বলেন: وَلَا تَظُنَّنَّ بِكَلِمَةٍ خَرَجَتْ مِنْ امْرِئٍ مُسْلِمٍ شَرًّا، وَأَنْتَ تَجِدُ لَهَا فِي الْخَيْرِ مَحْمَلاً Ô†Zvgvi gÖwgb fvB‡qi K_vi hw` fv‡jv D‡Ïk¨ Mn‡Yi †Kv‡bv AeKvk cvI Zvn‡j g› D‡Ïk¨ MnY K‡iv bvÕ|

মন্দ ধারণা থেকে পরিত্রাণের আরেকটি উপায় হলো খুঁটিয়ে-খুঁটিয়ে মানুষের দোষ-ক্রুটি তালাশ না করা। মন্দ ধারণা সৃষ্টি হয় এমন কোনো কাজ যদি কেউ করেও বসে, তাহলেও মনে করা যে, বৈধ কোনো ওজর বা অপারগতাবশত হয়তো সে এরূপ করেছে।

মানুষের বাহ্যিক ও প্রকাশ্য অবস্থার ওপর নির্ভর করেই কারো সম্পর্কে কোনো সিদ্ধান্ত প্রদান করা। আর যা কিছু অভ্যন্তরীণ-অপ্রকাশ্য তা আল্লাহর কাছে সোপর্দ করা। আর নিজের ছেলে-সন্তানকে মানুষের ব্যাপারে মন্তব্য করার ক্ষেত্রে ইসলামী শিষ্টাচার ও আদব-আখলাকের অনুকরণ অনুসরণের ওপর গড়ে তোলা। ওপরে বর্ণিত বিষয়গুলোর চর্চা ও অনুসরণ মন্দ ধারণা পোষণ ও তার বিধ্বংসী পরিণতি থেকে মুসলিম সম্প্রদায়কে হিফাযত করবে বলে আশা করা যায়। আল্লাহ আমাদেরকে তাওফীক দান করুন।

اَللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيْمَ وَعَلَى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنْ آلِ نَبِيِّكَ الطَّيِّبِيْنَ الطَّاهِرِيْنَ وَعَنْ أَزْوَاجِهِ أُمَّهَاتِ الْمُؤْمِنِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনি আমাদেরকে সকল প্রকার মন্দ ধারণা থেকে হিফাযত করুন। মন্দ কাজ ও কথা থেকে হিফাযত করুন। হে আল্লাহ! আপনি আমাদেরকে পরিচ্ছন্ন হৃদয় ধারণ করার তাওফীক দান করুন। প্রকাশ্য-অপ্রকাশ্য সকল প্রকার গুনাহ থেকে আপনি আমাদের হিফাযত করুন। হে আল্লাহ! মুসলিম উম্মাহকে আপনি হিফাযত করুন। মুসলিম উম্মাহর ওপর থেকে সকল বালা-মুসিবত উঠিয়ে নিন। মুসলিমবিশ্বকে আপনি দারিদ্র্য মুক্ত করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهِ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

গুনাহ থেকে তাওবা করা

LZevq hv _vK‡e

১. আল্লাহর দিকে ফিরে যাওয়া

২. আল্লাহর সাথে সম্পর্ক ঠিক করে নেয়ার ব্যাপারে মানুষদেরকে দীক্ষিত করা

৩. আল্লাহর রহমত থেকে নিরাশ না হওয়া

c_g LZev

اَلْحَمْدُ لله الْمَلِكِ الْوَهَّابِ الرَّحِيْمِ التَّوَّابِ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ بِلَا شَكٍّ وَلَا ارْتِيَابِ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الْمَآبِ وَسَلَّمَ تَسْلِيْماً كَثِيْراً، أَمَّا بَعْدُ:

প্রিয় ভাই ও বন্ধুগণ! এ পৃথিবীতে মানুষের দায়িত্ব হলো আল্লাহর ইবাদত করা। মানুষকে এ উদ্দেশ্যেই সৃষ্টি করা হয়েছে। তাই কেউ যদি কোনো ভালো কাজ করে তবে সে তা নিজের উপকারের জন্যই করে। তার ওপর অর্পিত দায়িত্ব আদায়ের অংশ হিসেবেই করে। পক্ষান্তরে কেউ যদি গুনাহের কাজ করে তবে সে তার ওপর অর্পিত দায়িত্বে অবহেলার কারণেই করে। তার নিজের ক্ষতি হিসেবেই তা করে। মানুষের গুনাহ যতোই বাড়ুক তা আল্লাহর শানে আদৌ কোনো ক্ষতির কারণ হতে পারে না। অনুরূপভাবে নেক আমলও আল্লাহর কোনো উপকারে আসে না।

প্রিয় ভাইয়েরা! গুনাহ হলো ঘৃণ্য আবর্জনা যা সর্বাবস্থায় বর্জন করা আবশ্যক। গুনাহের এ আবর্জনা আমরা যদিও চোখে দেখি না, তার গন্ধ অনুভব করি না; কিন্তু মানুষের অন্তরে এর প্রভাব লক্ষণীয়। মানুষ পাপের পর পাপ করতে থাকে এবং এক সময় তার অন্তর ঢেকে যায়। আল্লাহ তা'আলা বলেন : **كَلَّا بَلْ رَانَ عَلَى قُلُوبِهِم مَّا كَانُواْ يَكْسِبُونَ** ÔKL‡bv bq, eis Zviv hv ARb KiZ ZvÑB Zv‡`i Aš—imgn‡K †X‡K w`‡q‡QÕ (miv Avj-gZvdwddxb:14)।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : إِنَّ الْمُؤْمِنَ إِذَا أَذْنَبَ كَانَتْ نُكْتَةٌ سَوْدَاءُ فِي قَلْبِهِ، فَإِنْ تَابَ وَنَزَعَ وَاسْتَغْفَرَ، صُقِلَ قَلْبُهُ، فَإِنْ زَادَ زَادَتْ، فَذَلِكَ الرَّانُ الَّذِي ذَكَرَهُ اللهُ فِي كِتَابِهِ 'মুমিন বান্দা যখন কোনো গুনাহ করে, তখন তার অন্তরে একটি কালো দাগ পড়ে। আর যদি সে তাওবা করে নেয়, বিরত হয়ে যায়, আল্লাহর কাছে ক্ষমা চায় তবে তার অন্তর মসৃণ হয়ে যায়। আর যদি সে আরো করে তবে দাগ আরো বেড়ে যায়, এটাই হলো অন্তর আচ্ছাদিত হয়ে যাওয়া যার উল্লেখ আল্লাহ তাঁর কিতাবে করেছেন'(ইবনে মাজাহ, হাসান)।

এসব গুনাহ, যারপর বান্দা তাওবা করে না, ইস্তিগফার করে না, বান্দার অন্তরে স্তুপীকৃত হতে থাকে এমনকি এক পর্যায়ে কঠিন আবরণের রূপ পরিগ্রহ করে, যা অন্তরকে একেবারে ঢেকে ফেলে।

প্রিয় ভাইয়েরা! কাপড়ের ওপর যদি একের পর এক ময়লা জমতে থাকে আর তা ধোয়া না হয় তাহলে কী অবস্থা হবে আপনারাই বলুন! অন্তরের অবস্থা ঠিক একই রকম। যদি গুনাহ জমতে থাকে আর তাওবা করা না হয়, ইস্তিগফার করা না হয়, তাহলে না-ধোয়া কাপড়ের মতোই তা ময়লায় ভারাক্রান্ত ও আচ্ছাদিত হয়ে যাবে।

প্রিয় ভাই ও বন্ধুগণ! আমরা তো রাতদিন পাপ করেই যাচ্ছি। পাপ করার পর হয়তো অনেক দিন গুজরে যায়, অথচ তাওবা করা হয় না, ইস্তিগফারের জন্য আল্লাহর কাছে হাত দরায করা হয় না। গুনাহ থেকে মাফ চাওয়া হয় না। এটা খুবই দুঃখজনক ব্যাপার। নিশ্চয় পবিত্রতা ও প্রকৃত পরিচ্ছন্নতা হলো অন্তরের পবিত্রতা, অনন্তরের পরিচ্ছন্নতা। কাপড়ের পরিচ্ছন্নতা দিয়ে কী হবে, যদি পাপের বোঝায় ভারাক্রান্ত থাকে হৃদয়; পাপের ময়লায়

আচ্ছাদিত থাকে অন্তরাত্মা?

এমন তো অনেকেই আছে যাদের কাপড় অনেক পরিষ্কার; কিন্তু তাদের অন্তর আবর্জনায় পরিপূর্ণ। পাপের আধিক্যে দুর্গন্ধময়। তাদের অন্তর গুনাহের ময়লায় মলিন। তারা একের পর এক পাপ করে চলে, অন্যায় করে চলে; কিন্তু তাওবা থেকে গাফেল থাকে, ইস্তিগফার থেকে গাফেল থাকে। মানুষ যদি তার প্রকৃত চেহারা উম্মোচিত করে, তাহলে তার নিজের কাছে ও মানুষের কাছে তার কি আদৌ কোনো মূল্য থাকবে? আর কিয়ামতের ময়দানে আল্লাহ তা'আলার কাছে তার কোনো মূল্য থাকার প্রশ্নই ওঠে না।

প্রিয় ভাই ও বন্ধুগণ! সকল মানুষই পাপ করে, গুনাহ করে। তবে পার্থক্য হলো কেউ কেউ পাপ করার সাথে সাথে তাওবা করে নেয়। নিজের অন্তরকে পবিত্র করে নেয়। লজ্জিত হয়ে, অনুতপ্ত হয়ে আল্লাহর কাছে ফিরে আসে, কৃত পাপের জন্য ক্ষমা চায়। পক্ষান্তনে অনেকেই এমন আছে যাদের অন্তরে পাপ স্তুপীকৃত হতে থাকে অথচ সে তাওবা করে নিজকে পবিত্র করে না। আল্লাহর কাছে ঐকান্তিকভাবে ক্ষমা চেয়ে নিজের অন্তরকে মসৃণ করে না।

প্রিয় ভাই ও বন্ধুগণ! আল্লাহর কাছে গুনাহ মাফ চাওয়ার দরজা সদা উন্মুক্ত। ইস্তিগফারের দরজা সদা উন্মুক্ত, যাতে আমরা তাওবা করে অন্তরের আবর্জনা থেকে নিজদেরকে পবিত্র করে নিতে পারি। আল্লাহ তো আমাদেরকে তাওবা করতে আহ্বান করছেন। কৃত গুনাহের ব্যাপারে ক্ষমা প্রার্থনা করতে বলছেন, যাতে আমাদের অন্তর ভারমুক্ত হয়। গুনাহের বোঝা মুক্ত হয়। অন্তরের প্রশান্তি ফিরে আসে। হৃদয়ের শান্তভাব ফিরে আসে। আল্লাহ তা'আলা বলেন : **قُلْ يَا عِبَادِيَ الَّذِينَ أَسْرَفُوا عَلَى أَنْفُسِهِمْ لا تَقْنَطُوا مِنْ رَحْمَةِ اللهِ إِنَّ اللَّهَ يَغْفِرُ الذُّنُوبَ جَمِيعاً إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ** ÔeØj, Ô‡n Avgvi ev›`vMY, hviv wbR‡`i Ici evovevwo K‡iQ †Zvgiv Avjøvni ingZ †_‡K wbivk n‡qv bv, Aek¨B Avjøvn mKj cvc ¶gv K‡i w`‡eb, wbðq wZwb ¶gvkxj, cig `qvjÕ (miv Avh-hgvi:53)।

প্রিয় ভাই ও বন্ধুগণ! আল্লাহর নামসমূহের মধ্যে দু'টি নাম التَّوَّابُ الْغَفُوْرُপরম ক্ষমশীল, তাওবা কবুলকারী। মহামহিম আল্লাহ তা'আলার এ মহান নাম দু'টি তাঁর ক্ষমা ও তাওবা কবুল করার অর্থ জ্ঞাপক। পবিত্র মহান আল্লাহ তা'আলা তাঁর বান্দাদের তাওবা কবুল করেন এবং তাদের ত্রুটি-বিচ্যুতি মাফ করে দেন। মূসা আলাইহিস সালাম অনিচ্ছাকৃতভাবে এক ব্যক্তিকে হত্যা করে তাওবা করেছিলেন আল্লাহ তা'আলা তাঁর ঘটনা উল্লেখ করে বলেন : قَالَ رَبِّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي فَاغْفِرْ لِي فَغَفَرَ لَهُ إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ Ô†m ejj, Ô†n Avgvi ie, wbðq Awg Avgvi bd‡mi cwZ hjg K‡iwQ, mZivs Avcwb Avgv‡K ¶gv K‡i w`bÕ| AZtci wZwb Zv‡K ¶gv Ki‡jb| wbðq wZwb AwZ ¶gvkxj, cig `qvjÕ (miv Avj-Kvmvm:16)।

আদম আলাইহিস সালামের তাওবা কবুল সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন :

ثُمَّ اجْتَبَاهُ رَبُّهُ فَتَابَ عَلَيْهِ وَهَدَى وَعَصَى آدَمُ رَبَّهُ فَغَوَى ÔGes Av`g Zvi i‡ei ûKg Agvb¨ Kij; d‡j †m weåvš nj| Gici Zvi ie Zv‡K g‡bvbxZ Ki‡jb, AZtci Zvi ZvIev Kej Ki‡jb Ges Zv‡K c_wb‡`k Ki‡jbÕ (miv Zvnv:121-122)।

আল্লাহ তা'আলা বান্দার তাওবা কবুল করেন এবং গুনাহ ক্ষমা করে দেন। আল্লাহ তা'আলা বলেন: **وَهُوَ الَّذِي يَقْبَلُ التَّوْبَةَ عَنْ عِبَادِهِ وَيَعْفُو عَنِ السَّيِّئَاتِ وَيَعْلَمُ مَا تَفْعَلُونَ** ÔAvi wZwbB Zvi ev›`v‡`i ZvIev Kej K‡ib Ges cvcmgn ¶gv K‡i †`b| Avi †Zvgiv hv Ki, wZwb Zv Rv‡bbÕ (miv Avk-kiv:25)।

তাওবা বান্দাকে পরিচ্ছন্ন করে সফলতার পথে নিয়ে যায়। এ সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন: **وَتُوبُوا إِلَى اللهِ جَمِيعاً أَيُّهَا الْمُؤْمِنُونَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ** Ô†n gwgbMY, †Zvgiv mK‡jB Avjøvni wbKU ZvIev Ki| hv‡Z †Zvgiv mdjKvg n‡Z cviÕ (miv Avb-bi:31)।

এ সম্পর্কে আল্লাহ তা'আলা আরো বলেন: **يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا تُوبُوا إِلَى اللهِ تَوْبَةً نَصُوحاً عَسَى رَبُّكُمْ أَنْ يُكَفِّرَ عَنْكُمْ سَيِّئَاتِكُمْ وَيُدْخِلَكُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَار.** Ôতn Cgvb`viMY, †Zvgiv Avjøvni Kv‡Q ZvIev Ki, LwU ZvIev ; Avkv Kiv hvq, †Zvgv‡`i ie †Zvgv‡`i cvcmgn †gvPb Ki‡eb Ges †Zvgv‡`i‡K Ggb RvbœvZmg‡n c‡ek Kiv‡eb hvi cv`‡`‡k bnimgn cewnZÕ(miv AvZ-Zvnixg:8)।

যারা তাওবাকারী, পবিত্রতা অর্জনকারী আল্লাহ তা'আলা তাদেরকে পছন্দ করেন। ইরশাদ হয়েছে: **إِنَّ اللَّهَ يُحِبُّ التَّوَّابِينَ وَيُحِبُّ الْمُتَطَهِّرِينَ** Ôwbðq Avjøvn ZvÔAvjv ZvIevKvix‡`i‡K fvjev‡mb Ges wZwb cweÎZv ARbKvix‡`i‡KI fvjev‡mbÕ (সূরা আল বাকারা:২২২)।

আম্মার বিন ইয়াসির রাযি. থেকে বর্ণিত, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, 'হে মানব জাতি! তোমরা আল্লাহর কাছে তাওবা কর, আমি প্রতি দিন একশতবার তাওবা করি' (মুসলিম)।

আবু হুরায়রা রাযি. বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, 'নিশ্চয় আমি আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করি, আমি তার কাছে দৈনিক সত্তরবারের বেশি তাওবা করি' (বুখারী)।

আনাস রাযি থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, আল্লাহ তাঁর বান্দার তাওবার কারণে খুব খুশি হন। যখন বান্দা তার কাছে তাওবা করে তখন বান্দা যে অবস্থায় থাকুক না কেন আল্লাহ তার ডাকে সাড়া দেন।

ইবনে আব্বাস রাযিআল্লাহু আনহুমা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, 'আদম সন্তান একটি স্বর্ণের উপত্যকার মালিক হলে, আরো দু'টি স্বর্ণের উপত্যকার মালিক হওয়ার আশা পোষণ করবে, তবুও তার মুখ পূর্ণ হবে না একমাত্র মাটি ছাড়া। আল্লাহ তা'আলা প্রত্যেক তাওবাকারীকে ক্ষমা করে দেন' (বুখারী)।

আর তাওবা কেবল আল্লাহ তা'আলাই কবুল করতে পারেন, অন্য কারো তাওবা কবুল অথবা গুনাহ মাফ করার ক্ষমতা নেই। আল্লাহ তা'আলা বলেন : **أَلَمْ يَعْلَمُوا أَنَّ اللَّهَ هُوَ يَقْبَلُ التَّوْبَةَ عَنْ عِبَادِهِ وَيَأْخُذُ الصَّدَقَاتِ وَأَنَّ اللَّهَ هُوَ التَّوَّابُ الرَّحِيمُ** ÔZviv wK Rv‡b bv †h, wbðq Avjøvn Zvi ev›`v‡`i ZvIev Kej K‡ib Ges mv`Kv MnY K‡ib| Avi wbðq Avjøvn ZvIev KejKvix, cig `qvjÕ (miv AvZ-ZvIev:104)।

হাদীসে এসেছে। আবূ মূসা আল আশআরী রযি. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : إِنَّ اللَّهَ يَبْسُطُ يَدَهُ بِاللَّيْلِ لِيَتُوبَ مُسِيءُ النَّهَارِ، وَيَبْسُطُ يَدَهُ بِالنَّهَارِ لِيَتُوبَ مُسِيءُ اللَّيْلِ، حَتَّى تَطْلُعَ الشَّمْسُ مِنْ مَغْرِبِهَا 'আল্লাহ তা'আলা রাতের বেলায় তাঁর হাত প্রসারিত করেন যাতে দিনের বেলার গুনাহগাররা তাওবা করতে পারে এবং দিনের বেলা তিনি তাঁর হাত প্রসারিত করেন, যাতে রাতের গুনাহগারর তাওবা করতে পারে। সূর্য পশ্চিম আকাশ থেকে উদয় হওয়ার আগ পর্যন্ত তিনি এরূপ করবেন' (মুসলিম)।

আল্লাহ তা'আলার 'আল গাফুর' ও 'আত-তাওয়াব' নামের প্রতি ঈমান আনয়নের চাহিদাই হলো আল্লাহর দিকে ধাবিত হওয়া, আল্লাহর কাছে কাকুতি মিনতি প্রকাশ করা, তাঁর কাছে ক্ষমা চাওয়া ও তাওবা করা এবং তার রহমত থেকে নিরাশ না হওয়া।

তাওবা দ্রুত করা আবশ্যক, বিলম্ব করা কোনোক্রমেই সমীচীন নয়। আল্লাহ তা'আলা ও তাঁর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসসালাম) তাওবা করার নির্দেশ দিয়েছেন। তাই আল্লাহ ও তাঁর রাসূলের নির্দেশ দ্রুততার সাথে পালন করা উচিত। কারণ, বান্দা জানে না দেরি করলে তার তাওবা করার সুযোগ হবে কি না। যেহেতু যেকোনো সময় তার মৃত্যু এসে যেতে পারে, তাই তাওবার সুযোগ নাও হতে পারে। অন্যায় কাজ বারবার করার মাধ্যমে অন্তর কঠিন হয়ে যায় এবং আল্লাহ থেকে দূরত্বের সৃষ্টি হয়, ঈমান দুর্বল হয়ে যায়। কারণ, ঈমান আল্লাহর আনুগত্যের মাধ্যমে বৃদ্ধি পায় এবং অবাধ্যতার মাধ্যমে হ্রাস পায়। বারবার অপরাধ করার দ্বারা অপরাধ করার মানসিকতা তৈরি হয়। কেউ যদি কোনো বিষয়ের ক্ষেত্রে সীমা অতিক্রম করে ফেলে, তবে তা থেকে ফিরে আসা

কঠিন হয়ে দাঁড়ায়, তার ওপর শয়তান বিজয়ী হয়ে যায় এবং বড়-বড় অপরাধ করার প্রেরণা দেয়। এ জন্য উলামায়ে কিরাম বলেন, সকল ধরনের অপরাধ কুফরী বৃদ্ধি করে। মানুষ ধাপে ধাপে এক অপরাধ থেকে আরেক অপরাধে পা রাখে। এক পর্যায়ে দীন থেকে সে সম্পূর্ণভাবে বিচ্যুত হয়ে পড়ে।

প্রিয় ভাই ও বন্ধুগণ! আল্লাহ তা'আলা আমাদেরকে খাঁটিভাবে তাওবা করতে বলেছেন। ইরশাদ হয়েছে : **يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا تُوبُوا إِلَى اللهِ تَوْبَةً نَصُوحاً** Ô†n Cgvb`viMY, †Zvgiv Avjøvni Kv‡Q Zvlev Ki, LwwU Zvlev Ô(miv AvZ-Zvnixg:8)।

হাফেয ইবনে কাছীর রহ. তাওবায়ে নাসুহা তথা খাঁটি তাওবার সংজ্ঞায় বলেন, ÔmZ¨ I `p Zvlev, hv gvb‡li cvcmgn g‡Q †`q, Ges wewি¶ß Ae¯v‡K GKwÎZ K‡i wVK K‡i †`q| Avi †m †hme wbP KvR KiZ Zv †_‡K wdwi‡q Av‡bÕ|

উমর রাযি. বলেন, Ô†h Zvlevi d‡j gvbl ¸bv‡ni w`‡K Avi wd‡i hvq bvÕ| সংক্ষেপে বলা যায় তাওবায়ে নাসূহা হলো, যে তাওবায় নিম্নবর্ণিত পাঁচটি গুণ পাওয়া যায় :

এক. একনিষ্ঠতার সাথে তাওবা করা। তাওবায় আল্লাহর প্রতি ভালবাসা ও তাঁর মাহাত্ম্যের প্রতি সম্মান প্রদর্শন, তাঁর কাছে কল্যাণের আশা করা এবং তাঁর শাস্তি থেকে ভয় পাওয়া ইত্যাদির উপস্থিতি অত্যন্ত জরুরী। এ ছাড়া তাওবা দ্বারা পার্থিব কোনো বস্তু কামনা না করা অথবা সৃষ্টজীবের কাছে কিছু প্রার্থনা না করা। যদি এরূপ করা হয় তবে সে ব্যক্তির তাওবা কবুল হবে না, বরং ধরা হবে যে, সে অসৎ উদ্দেশ্য নিয়ে তাওবা করেছে। সে আল্লাহর কাছে ঐকান্তিকভাবে তাওবা করেনি বরং সে একটা নির্দিষ্ট উদ্দেশ্যেকে কেন্দ্র করে তাওবা করেছে।

দুই. কৃত গুনাহের জন্য লজ্জিত হওয়া ও হীনতা প্রকাশ করা এবং এ মনোভাব প্রকাশ করা যে, এ তাওবা কবুল না হলে পুরো জীবনটাই বৃথা যাবে। সাথে সাথে আল্লাহ তা'আলা গুনাহের জন্য যে শাস্তি নির্ধারণ করে রেখেছেন, তা স্মরণ করা এবং সে ব্যাপারে আতঙ্কিত হওয়া।

তিন. অতি দ্রুত গুনাহের কাজ ত্যাগ করা। কেননা বিলম্ব হলে অপরাধে অভ্যস্ত হয়ে যাওয়ার সমূহ আশঙ্কা থেকে যায়। যদি কোনো ফরয বা ওয়াজিব ছেড়ে দিয়ে থাকে, তবে অবশ্যই তা সম্পাদন করে নিবে। যেমন যাকাত, হজ ইত্যাদি। কোনো গুনাহে নিমজ্জিত থাকাবস্থায় তাওবা করে কোনো লাভ নেই। যেমন কেউ সুদ খাওয়া থেকে তাওবা করল; কিন্তু সর্বদা সুদের কাজ-কর্মে জড়িত রইল; এ ধরনের তাওবা দ্বারা কোনো লাভ হবে না; বরং তার তাওবা হবে হাসি-তামাশা ও বিদ্রুপের নামান্তর। এর দ্বারা সে আল্লাহ ও তাঁর আয়াতসমূহের সাথে তাচ্ছিল্যপুর্ণ আচরণ করল, যা তাকে আল্লাহর রহমত থেকে আরো দূরে সরিয়ে দেবে। কিংবা কেউ তাওবা করল যে, কখনো সে জামাতের সাথে নামায ত্যাগ করবে না, তার পরেও সে জামাত ত্যাগ করতে থাকলো, এমতাবস্থায় তার এ তাওবায় আদৌ কোনো ফল হবে না।

যদি কেউ মানুষের কোনো হক নষ্ট করে থাকে, তবে সে হক আদায় করার পরই তাকে তাওবা করতে হবে, অন্যথায় তার তাওবা সঠিক বলে গণ্য হবে না। যদি কোনো ব্যক্তি অন্যের সম্পদ অন্যায়ভাবে হস্তগত করে অথবা তার কাছে থাকা অন্যের সম্পদ অস্বীকার করে, তবে উক্ত ব্যক্তির সম্পদ ফিরিয়ে না দেয়া পর্যন্ত তাওবা শুদ্ধ হয়েছে বলে গণ্য হবে না। যদি উক্ত সম্পদের মালিক মারা গিয়ে থাকে, তবে তার উত্তরাধিকারীদের কাছে তা ফিরিয়ে দিতে হবে। কোনো উত্তরাধিকারী জীবিত না থাকলে বাইতুল মালে তা জমা করতে হবে। আর যদি কোনো উপায় খুঁজে না পাওয়া যায়, তাহলে ওই ব্যক্তির নামে তা সদকা করে দিতে হবে। যদি কোনো মুসলমানের গীবত করে অপরাধ করে থাকে, তবে তার গীবত ত্যাগ করে তারপর তাওবা করা জরুরী।

চার. কৃত অপরাধে পুনরায় ফিরে না যাওয়ার সুদৃঢ় সিদ্ধান্ত নিতে হবে। যদি কেউ বলে, আমি তাওবা করেছি এবং সুদৃঢ় সিদ্ধান্ত নিয়েছি যে, আর কখনো ওই অপরাধ করব না, কিন্তু সে বারবার একই অপরাধ করতে থাকে, তবে তার তাওবা কবুলযোগ্য হবে না। কারণ, তার এ তাওবা হচ্ছে সাময়িক তাওবা, যার দ্বারা দীন বা দুনিয়ার কোনো উপকারের সম্ভাবনা নেই।

পাঁচ. তাওবা কবুলের সময় শেষ হওয়ার আগেই তাওবা করা। তাওবা কবুলের সময় শেষ হয় দু'ভাবে: সবার জন্য এক সাথে। নির্দিষ্ট কোনো ব্যক্তির জন্য এককভাবে।

(ক) পশ্চিম দিক থেকে সূর্য উদয় হলে সবার ক্ষেত্রে তাওবার সময় শেষ হয়ে যাবে। তখন আর কারো তাওবা কাজে আসবে না। আল্লাহ তা'আলা বলেন : **يَوْمَ يَأْتِي بَعْضُ آيَاتِ رَبِّكَ لا يَنْفَعُ نَفْساً إِيمَانُهَا لَمْ تَكُنْ آمَنَتْ مِنْ قَبْلُ أَوْ كَسَبَتْ فِي إِيمَانِهَا خَيْراً** Ôthw`b †Zvgvi i‡ei wb`kbmg‡ni wKQ cKvk cv‡e, †mw`b †Kv‡bv e¨w³ iB Zvi Cgvb DcKv‡i Avm‡e bv, †h c‡e Cgvb Av‡bwb, wKsev †m Zvi Cgv‡b †Kv‡bv Kj¨vY ARb K‡iwbÕ(সূরা আল আনআম:১৫৮)।

নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, যে ব্যক্তি পশ্চিম দিকে সূর্য উদয় হওয়ার আগে তাওবা করবে আল্লাহ তা'আলা তার তাওবা কবুল করবেন'(মুসলিম)।

(খ) মৃত্যুর সময় উপস্থিত হলে আর তাওবা কবুলের সুযোগ থাকে না। আল্লাহ তা'আলা বলেন: **وَلَيْسَتِ التَّوْبَةُ لِلَّذِينَ يَعْمَلُونَ السَّيِّئَاتِ حَتَّى إِذَا حَضَرَ أَحَدَهُمُ الْمَوْتُ قَالَ إِنِّي تُبْتُ الآنَ** ÔAvi Zvlev bvB Zv‡`i, hviv Ab¨vq KvR Ki‡Z _v‡K Ae‡k‡l hLb Zv‡`i Kv‡iv gZ¨ G‡m hvq, ZLb †m e‡j, Awg GLb Zvlev KijvgÕ (miv Avb-wbmv:18)।

আবদুল্লাহ ইবন উমর রাযি. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, আল্লাহ তা'আলা ততক্ষণ পর্যন্ত বান্দার তাওবা কবুল করে থাকেন যতক্ষণ না রুহ বের হয়ে যাওয়ার গরগর শব্দ শুরু হয়' (তির-মিযী)।

প্রিয় ভাই ও বন্ধুগণ! নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাওবা করার সময় উযু করে দু'রাকাত নামায পড়ার ব্যাপারে তাগিদ দিয়েছেন। আলী রাযি. থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : 'কোনো ব্যক্তি যদি গুনাহ করার পর উত্তমরূপে উযু করে, অতঃপর দু'রাকাত নামায পড়ে এবং আল্লাহর কাছে ক্ষমা চায় তবে আল্লাহ তাকে অবশ্যই মাফ করে দিবেন' (আহমদ)। এ হাদীসের সত্যতার পক্ষে আরেকটি হাদীস রয়েছে। আর তা হলো- উমর রাযি. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: তোমাদের মধ্যে যদি কেউ উত্তমরূপে উযু করে, এবং বলে : أَشْهَدُ أَنَّ لَّا إِلَهَ إِلَّا اللّٰهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ তাহলে আল্লাহ তা'আলা তার জন্য বেহেশতের দরজাসমূহ উন্মুক্ত করে দেন' (মুসলিম)।

আল্লাহ তা'আলা আমাদের সকলকে তাওবা করার তাওফীক দান করুন।

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ, أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيْمُ .

গুনাহ থেকে তাওবা করা

wØZxq LZev

اَلْحَمْدُ للهِ رَبِّ الْعَالَمِيْنَ، وَالصَّلاةُ وَالسَّلامُ عَلَى المَبْعُوْثِ رَحْمَةً لِلْعَالَمِيْنَ، نَبِيِّنَا مُحَمَّدٍ الصَّادِقِ الأَمِينِ، وَعَلَى آلِهِ وَصَحْبِهِ أَجْمَعِيْنَ، وَالتَّابِعِيْنَ وَتَابِعِيْهِمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّينِ، أَمَّا بَعْدُ:

তাওবার ফলাফল

প্রিয় ভাই ও বন্ধুগণ! তাওবা মানুষকে পরিশুদ্ধ করে শাশ্বত সৌভাগ্য এবং দুনিয়া ও আখেরাতে হায়াতে তাইয়েবার অধিকারী বানায়। ইরশাদ হয়েছে : مَنْ عَمِلَ صَالِحًا مِنْ ذَكَرٍ أَوْ أُنْثَى وَهُوَ مُؤْمِنٌ فَلَنُحْيِيَنَّهُ حَيَاةً طَيِّبَةً وَلَنَجْزِيَنَّهُمْ أَجْرَهُمْ بِأَحْسَنِ مَا كَانُوا يَعْمَلُونَ ‘†h gwgb Ae¯vq †bK Avgj Ki‡e, ciæl †nvK ev bvix, Awg Zv‡K cweÎ Rxeb `vb Kie Ges Zviv hv KiZ Zvi Zjbvq Aek¨B Awg Zv‡`i‡K DËg cwZ`vb †`eÓ(miv Avb-bvnj:97)।

পবিত্র কুরআনের উল্লিখিত আয়াতে নেক আমলের কথা বলা হয়েছে। আর নেক আমল হলো যার মধ্যে নিম্নলিখিত তিনটি শর্ত পাওয়া যায় :

এক. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলইহি ওয়া সাল্লামের আদর্শ মুতাবিক হওয়া। ইরশাদ হয়েছে : وَمَا آتَاكُمُ الرَّسُولُ فَخُذُوهُ وَمَا نَهَاكُمْ عَنْهُ فَانْتَهُوا وَاتَّقُوا اللّٰهَ إِنَّ اللّٰهَ شَدِيدُ الْعِقَابِ Ôivmj †Zvgv‡`i hv †`q Zv MnY Ki, Avi hv †_‡K †m †Zvgv‡`i wb‡la K‡i Zv †_‡K weiZ nI Ges Avjøvn‡KB fq Ki, wbðq Avjøvn kw¯c`v‡b K‡VviÓ (miv Avj nvki:7)।

দুই. একমাত্র আল্লাহর উদ্দেশ্যে একনিষ্ঠ হয়ে আমল করা। ইরশাদ হয়েছে : وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللّٰهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ ÔAvi Zv‡`i‡K †Kej GB wb‡`k †`qv n‡qwQj †h, Zviv †hb Avjøvni Bev`Z K‡i ZviB Rb¨ `xb‡K GKwbô K‡iÓ (miv Avj evBwqbvn:5)

তিন. সঠিক আকীদা পোষণ করে আমল করা। ইরশাদ হয়েছে : مَنْ عَمِلَ صَالِحًا مِنْ ذَكَرٍ أَوْ أُنْثَى وَهُوَ مُؤْمِنٌ فَلَنُحْيِيَنَّهُ حَيَاةً طَيِّبَةً وَلَنَجْزِيَنَّهُمْ أَجْرَهُمْ بِأَحْسَنِ مَا كَانُوا يَعْمَلُونَ Ô†h gwgb Ae¯vq †bK Avgj Ki‡e, ciæl †nvK ev bvix, Awg Zv‡K cweÎ Rxeb `vb Kie Ges Zviv hv KiZ Zvi Zjbvq Aek¨B Awg Zv‡`i‡K DËg cwZ`vb †`eÓ (miv Avb-bvnj:96)।

উক্ত আয়াতে নেক আমল করার সাথে সাথে মুমিন হওয়ার শর্ত করা হয়েছে। আর মুমিন হলো সে, যার আকীদাগত সঠিক ভিত্তি রয়েছে।

তাওবার একটি সুফল হলো : নিরাপত্তা ও হিদায়াত লাভ। ইরশাদ হয়েছে : الَّذِينَ آمَنُوا وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُمْ بِظُلْمٍ أُولَئِكَ لَهُمُ الْأَمْنُ وَهُمْ مُهْتَدُونَ Ôhviv Cgvb G‡b‡Q Ges wbR Cgvb‡K hj‡gi mv‡_ mswgkY K‡iwb, Zv‡`i Rb¨B wbivcËv Ges ZvivB wn`vqvZcvßÓ(miv Avj AvbAvg:82)।

পাপকর্ম পূন্যে রূপান্তরিত হওয়া তাওবার আরেকটি সুফল: ইরশাদ হয়েছে : إِلَّا مَنْ تَابَ وَآمَنَ وَعَمِلَ عَمَلًا صَالِحًا فَأُولَئِكَ يُبَدِّلُ اللّٰهُ سَيِّئَاتِهِمْ حَسَنَاتٍ وَكَانَ اللّٰهُ غَفُورًا رَحِيمًا Ô70. Z‡e †h ZvIev K‡i, Cgvb Av‡b Ges mrKg K‡i| cwiYv‡g Avjøvn Zv‡`i cvc¸‡jv‡K cY¨ Øviv cwieZb K‡i †`‡eb| Avjøvn AZxe ¶gvkxj, cig `qvj|Ó (miv Avj diKvb: 70)।

আল্লাহর রেযামন্দী অর্জনে ধন্য হওয়াও তাওবার একটি সুফল: ইরশাদ হয়েছে : وَالَّذِينَ إِذَا فَعَلُوا فَاحِشَةً أَوْ ظَلَمُوا أَنْفُسَهُمْ ذَكَرُوا اللّٰهَ فَاسْتَغْفَرُوا لِذُنُوبِهِمْ وَمَنْ يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا اللّٰهُ وَلَمْ يُصِرُّوا عَلَى مَا فَعَلُوا وَهُمْ يَعْلَمُونَ ÔAvi hviv †Kv‡bv Akxj KvR Ki‡j A_ev wbR‡`i cwZ hjg Ki‡j Avjøvn‡K ¯§iY K‡i, AZtci Zv‡`i ¸bv‡ni Rb¨ ¶gv cv_bv K‡i| Avi Avjøvn Qvov †K ¸bvn ¶gv Ki‡e ? Avi Zviv hv K‡i‡Q, †R‡b ï‡b Zv Zviv evi evi K‡i bvÓ (miv Av‡j Bgivb:135)।

প্রিয় ভাই ও বন্ধুগণ! সঠিকভাবে তাওবা করতে পারলে আল্লাহ তা'আলা বান্দার সকল পাপ মোচন করে দেন। কেননা তিনি গাফূর ও গাফ্ফার; তিনি রহমান ও রাহীম। ইরশাদ হয়েছে : **قُلْ يَا عِبَادِيَ الَّذِينَ أَسْرَفُوا عَلَى أَنْفُسِهِمْ لا تَقْنَطُوا مِنْ رَحْمَةِ اللهِ إِنَّ اللَّهَ يَغْفِرُ الذُّنُوبَ جَمِيعاً إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ** Ôej, Ô†n Avgvi ev›`vMY, hviv wbR‡`i Ici evovewo K‡iQ, †Zvgiv Avjøvni ingZ †_‡K wbivk n‡qv bv, Aek¨B Avjøvn mKj cvc ¶gv K‡i w`‡eb, wbðq wZwb ¶gvkxj, cig `qvjÕ (miv Avh-hgvi:53)।

এ আয়াত দ্বারা প্রমাণিত হয় যে, কবীরা গুনাহে অপরাধী ব্যক্তি- মুসলমান, কাফির নয়। আল্লাহ তা'আলা বলেন: **وَمَنْ يَعْمَلْ سُوءاً أَوْ يَظْلِمْ نَفْسَهُ ثُمَّ يَسْتَغْفِرِ اللَّهَ يَجِدِ اللَّهَ غَفُوراً رَحِيماً** ÔAvi †h e¨w³ g›` KvR Ki‡e wKsev wb‡Ri cwZ hjg Ki‡e Zvici Avjøvni Kv‡Q ¶gv PvB‡e, †m Avjøvn‡K cv‡e ¶gvkxj, cig `qvjÕ (miv Avb-wbmv:110)।

অতএব, আমার ভাইয়েরা! আমরা যারা গুনাহে লিপ্ত, চলুন অতি দ্রুত তাওবা করে নিই। আল্লাহর কাছে সকল অন্যায় অপরাধের জন্য ক্ষমা চাই। নিশ্চয় তিনি অতি দয়ালু পরম ক্ষমাশীল।

اَللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيْمَ وَعَلَى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنْ آلِ نَبِيِّكَ الطَّيِّبِيْنَ الطَّاهِرِيْنَ وَعَنْ أَزْوَاجِهِ أُمَّهَاتِ الْمُؤْمِنِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ, আমাদেরকে আপনি তাওবায়ে নাসূহার তাওফীক দান করুন। আমাদের সকল গুনাহ মাফ করে দিন। আমাদেরকে আপনি পূত-পবিত্র করুন। আমাদের গুনাহগুলোকে আপনি ছাওয়াবে রূপান্তরিত করুন। আমাদেরকে সিরাতুল মুস্তাকীমের ওপর প্রতিষ্ঠিত থাকার তাওফীক দান করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهِ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

মুসলিম নারীর পর্দাহীনতা: প্রভাব ও প্রতিকার

LZevq hv _vK‡e

১. পর্দাহীনতার প্রতিকার

২. মুসলিম নারীদেরকে পর্দা করার প্রতি উৎসাহ দান

৩. বর্তমান যুগে ফিতনার একটি বড় দরজা বন্ধকরণ

৪. ফাসাদ ও অপসংস্কৃতির ধ্বজাধারদের থেকে মুসলিম নারীদেরকে সতর্ককরণ

c_g LZev

اَلْحَمْدُ للهِ وَحْدَهُ وَالصَّلاةُ وَالسَّلامُ عَلَى مَنْ لَا نَبِيَّ بَعْدَهُ، وَعَلَى آلِهِ وَصَحْبِهِ أَجْمَعِيْنَ، أَمَّا بَعْدُ :

প্রিয় মুসলিম ভাই ও বন্ধুগণ! বান্দার প্রতি আল্লাহর রহমত-করুণার মধ্যে একটি হলো যে তিনি সকল অকল্যাণ ও অশ্লীলতার দরজা বন্ধ করে দিয়েছেন। তিনি তাদের জন্য সুরক্ষার পর্দা নামিয়ে দিয়েছেন। অতঃপর যে ব্যক্তি এ পর্দা ভেদ করবে অথবা উন্মুক্ত করবে সে সীমালঙ্ঘন ও পাপে নিপতিত হবে। সে তাকওয়ার পোশাক বর্জন করে অকল্যাণে লিপ্ত হবে। কবির ভাষায় :

إِذَا الْمَرْءُ لَمْ يَلْبَسْ ثِيَاباً مِنَ التُّقَى
تَجَرَّدَ عُرْيَاناً وَإِنْ كَانَ كَاسِيا
وَ خَيْرُ خِصَالِ الْمَرْءِ طَاعَةُ رَبِّهِ
وَلاخَيْرَ فِيْمَنْ كَانَ لِلّٰهِ عَاصِياً

ব্যক্তি যদি না পরে তাকওয়ার পোশাক
হলো সে তবে নিরাবরণ উলঙ্গ, হোক না সে পোশাক পরিহিত
রবের আনুগত্য বান্দার সর্বোত্তম গুণ
আর যে পাপী সে তো সকল কল্যাণ থেকে শূন্য।

পাপের পথ বন্ধ করে দেয়াকে আলিমগণ سَدُّ الذَّرَائِع 'মাধ্যমসমূহ বন্ধ করে দেয়া' বলে আখ্যায়িত করেছেন। যা কিছু পাপের পথে নিয়ে যায়, পাপে লিপ্ত হওয়ার জন্য হাতছানি দিয়ে ডাকে সেসব পথ-পথান্তর মাধ্যম ও উসিলাও শরীয়তের দৃষ্টিতে রুদ্ধ। অর্থাৎ সেদিকে পা বাড়ানো যাবে না। তবে যদি সর্বশেষ ঠিকানায় শরীয়তের কোনো স্বীকৃত স্বার্থ নিহিত থাকে তবে তা উন্মুক্ত বলে বিবেচিত। এর বিপরীতে তাতে যদি এ জাতীয় কোনো স্বার্থ নিহিত না থাকে তবে তা চিরতরে রুদ্ধই থেকে যায়, কখনো উন্মুক্ত হয় না।

প্রিয় হাযেরীন! বর্তমানে পর্দাহীতা যে পর্যায়ে পৌঁছেছে তা সত্যিই উদ্বেগজনক। নারীরা আজ বেপর্দায় যত্রতত্র ঘুরে বেড়াচ্ছে। পুরুষের সাথে অবাধে পর্দাহীনভাবে দেখা-সাক্ষাৎ করছে। পরপুরুষকে আকৃষ্ট করার জন্য সৌন্দর্য প্রকাশে তারা পরস্পরে প্রতিযোগিতায় নেমেছে। এরূপ করা নিঃসন্দেহে প্রকাশ্য সীমালঙ্ঘন, বড় মুনকার ও গুনাহ এবং আল্লাহর গযব নাযিল হওয়ার কারণ। পর্দাহীনতার এই ঘৃণ্য ও অশুভ কালচারের পরিণতি হলো অশ্লীলতা প্রকাশ্য রূপ ধারণ করা। নারীকেন্দ্রিক নানা ধরণের অন্যায়-অপরাধ বেড়ে যাওয়া। লজ্জা-শরম বিদায় নেয়া ও দুষ্কর্ম ব্যাপক আকার ধারণ করা।

অতএব হে মুসলমান ভাইয়েরা! আসুন আমরা আল্লাহর শেখানো আদবে মুআদ্দাব হই। আল্লাহর দেয়া বিধান মেনে চলি। আর আমাদের নারীদেরকে হিজাব ও জিলবাবের নির্দেশ দিই। কেননা পর্দা হলো পবিত্রতার উপায়। নাজাত ও নিরাপত্তার উপায়। আল্লাহ তা'আলা বলেন : **يَا أَيُّهَا النَّبِيُّ قُلْ لِأَزْوَاجِكَ وَبَنَاتِكَ وَنِسَاءِ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِنْ جَلَابِيبِهِنَّ ذَلِكَ أَدْنَى أَنْ يُعْرَفْنَ فَلَا يُؤْذَيْنَ وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا** Ô†n bex, Zwg †Zvgvi ¯¿x‡`i‡K, Kb¨v‡`i‡K I gywgb‡`i bvix‡`i‡K ej, ÔZviv †hb Zv‡`i wRjev‡ei wKQ Ask wb‡R‡`i Ici

Swj‡q †`q, Zv‡`i‡K †Pbvi e¨vcv‡i GUvB me‡P‡q KvQvKwQ cšv n‡e| d‡j Zv‡`i‡K Kó †`qv n‡e bv| Avi Avjøvn AZ¨š ¶gvkxj, cig `qvjÔ (miv Avj Avnhve : 59)।

এ আয়াতে আল্লাহ তা'আলা جَلَابِيْبْ শব্দ ব্যবহার করেছেন। জালাবীব جِلْبَابْ এর বহুবচন। জিলবাব হলো নারী তার মাথা হতে পর্দা করার উদ্দেশ্যে যা ঝুলিয়ে দিয়ে সমগ্র শরীরকে ঢেকে নেয়। আল্লাহ তা'আলা সকল মুমিন নারীকে তাদের আকর্ষণীয় ও স্পর্শকাতর স্থানে যেমন বক্ষ, গলা ইত্যাদির ওপর জিলবাব টেনে দিতে বলেছেন। যাতে মুমিন নারীরা যে পূতপবিত্র তা বুঝা যায় এবং তারা ফিতনা ও হয়ারানী থেকে রেহায় পায়।

তাই হে মুমিনগণ! সমাজে যারা নির্বোধ ও বখাটে তাদেরকে কঠোরভাবে দমন করুন। নারীদের জন্য আল্লাহ তা'আলা যেসব বিষয় হারাম করে দিয়েছেন, তা থেকে তাদেরকে বারণ করুন। নারীদেরকে পর্দায় রাখুন। আল্লাহর গযব ও শাস্তিকে ভয় করুন। একটি সহীহ হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্পষ্ট বর্ণনায় বলেছেন : إِنَّ النَّاسَ إِذَا رَأَوْا الْمُنْكَرَ فَلَمْ يُغَيِّروه، أَوْشَكَ أَنْ يَعُمَّهُمُ اللهُ بِعِقَابِهِ 'মানুষ যখন অন্যায়কর্ম দেখে অথচ তা পরিবর্তন করে না, খুবই আশঙ্কা রয়েছে যে আল্লাহ তাদের সবার ওপর তাঁর শাস্তি ব্যাপক করে দেবেন'(আহমাদ, সহীহ)।

অন্যায় প্রতিহত না করা একটি মারাত্মক অপরাধ। বনী ইসরাঈলের মাঝে সংঘটিত অন্যায়কর্মে বাধা না দেয়ার কারণেই বনী ইসরাঈলের প্রতি লানত-অভিসম্পাত এসেছে। কুরআন মাজীদে ইরশাদ হয়েছে : **لُعِنَ الَّذِينَ كَفَرُوا مِنْ بَنِي إِسْرائِيلَ عَلَى لِسَانِ دَاوُدَ وَعِيسَى ابْنِ مَرْيَمَ ذَلِكَ بِمَا عَصَوْا وَكَانُوا يَعْتَدُونَ كَانُوا لا يَتَنَاهَوْنَ عَنْ مُنْكَرٍ فَعَلُوهُ لَبِئْسَ مَا كَانُوا يَفْعَلُونَ** Ôebx BmivC‡ji g‡a¨ hviv Kdix K‡i‡Q Zv‡`i‡K `vE` I gviBqvg cÎ Cmvi g‡L jvbZ Kiv n‡q‡Q| Zv G Kvi‡Y †h, Zviv Aeva¨ n‡q‡Q Ges Zviv mxgvj•Nb KiZ| Zviv ci¯úi‡K g›` †_‡K wb‡la KiZ bv, hv Zviv KiZ| Zviv hv KiZ, Zv KZBbv g›`! (miv Avj-gv‡q`v : 78-79)।

রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সহীহ হাদীসে আরো এসেছে : مَنْ رَأَى مِنْكُمْ مُنْكَرًا فَلْيُغَيِّرْهُ بِيَدِهِ، فَإِنْ لَمْ يَسْتَطِعْ فَبِلِسَانِهِ، فَإِنْ لَمْ يَسْتَطِعْ فَبِقَلْبِهِ، وَذَلِكَ أَضْعَفُ الإِيمَانِ 'তোমাদের মধ্যে যে ব্যক্তি কোনো অন্যায়কর্ম দেখবে সে যেন তা হাত দিয়ে পরিবর্তন করে দেয়। আর যদি না পারে তবে জিহ্বার ব্যবহারে। আর যদি তাও না পারে তবে অন্তর দিয়ে। আর এটা হবে দুর্বলতম ঈমান' (মুসলিম)।

সুপ্রিয় ভাই ও বন্ধুগণ! আল্লাহ তা'আলা তাঁর পবিত্র কিতাবে নারীদেরকে পর্দা করতে বলেছেন। ঘরে অবস্থান করতে বলেছেন। তিনি তাদের বেপর্দা হতে নিষেধ করেছেন। পরপুরুষের সাথে কোমল কণ্ঠে কথা বলতে বারণ করেছেন। তাঁর এ আদেশ-নিষেধাজ্ঞা নারীদের সুরক্ষার জন্যই দিয়েছেন। আল্লাহ তা'আলা বলেন : **يَا نِسَاءَ النَّبِيِّ لَسْتُنَّ كَأَحَدٍ مِنَ النِّسَاءِ إِنِ اتَّقَيْتُنَّ فَلا تَخْضَعْنَ بِالْقَوْلِ فَيَطْمَعَ الَّذِي فِي قَلْبِهِ مَرَضٌ وَقُلْنَ قَوْلاً مَعْرُوفاً وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ وَلا تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الأُولَى وَأَقِمْنَ الصَّلاةَ وَآتِينَ الزَّكَاةَ وَأَطِعْنَ اللهَ وَرَسُولَهُ** '†n bexÑcwZMY, †Zvgiv Ab¨ †Kv‡bv bvixi gZ bI| hw` †Zvgiv ZvKIqv Aej¤b Ki, Z‡e (ciciæ‡li mv‡_) †Kvgj K‡É K_v e‡jv bv, Zvn‡j hvi Aš‡i e¨wa i‡q‡Q †m cjä nq| Avi †Zvgiv b¨vqmsMZ K_v ej‡e| Avi †Zvgiv wbR M‡n Ae¯vb Ki‡e Ges cvK- Rv‡njx h‡Mi gZ †mŠ›`h c`kb K‡iv bv| Avi †Zvgiv mvjvZ Kv‡qg Ki, hvKvZ c`vb Ki Ges Avjøvn I Zvi ivm‡ji AvbMZ¨ Ki| †n bex cwievi, Avjøvn †Zv †Kej Pvb †Zvgv‡`i †_‡K AcweÎZv‡K `ixfZ Ki‡Z Ges †Zvgv‡`i‡K m¤úYi∫‡c cweÎ Ki‡ZÔ (miv Avj Avnhve : 32-33)।

আল্লাহ তা'আলা নবী-পত্নীদেরকে, যারা হলেন উম্মাহাতুল মুমিনীন বা মুমিনদের মা এবং নারীদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ও পবিত্রতম, তাদেরকেই কোমল কণ্ঠে পরপুরুষের সাথে কথা বলা নিষেধ করে দিয়েছেন। কেননা কোমল কণ্ঠে ইনিয়ে-বিনিয়ে কথা বললে, যারা যিনা-ব্যাভিচারের ব্যাধিসম্পন্ন হৃদয়ের অধিকারী তাদের অন্তরে লোভ সৃষ্টি হবে। তারা ধারণা করবে যে এরূপ কোমল কণ্ঠে কথা বলার অর্থ হলো অন্যায় কাজে লিপ্ত হতে রাজি থাকা।

আল্লাহ তা'আলা নারীদেরকে ঘরে অবস্থান করতে বলেছেন। জাহেলীযুগের মতো সৌন্দর্য প্রকাশ করতে নিষেধ করেছেন। যেমন মাথা উন্মুক্ত রাখা, ঘাড় উন্মুক্ত রাখা, বক্ষ উন্মুক্ত রাখা, বাহু ও পায়ের নলা উন্মুক্ত রাখা এবং এ জাতীয় অন্যান্য সৌন্দর্যের জায়গা নিরাবরণ বা উন্মুক্ত করে দেয়া, যা পুরুষদের উত্তেজিত ও প্রলুব্ধ করে এবং পাপে লিপ্ত হতে আগ্রহী করে তোলে। আল্লাহ তা'আলা যদি পূতপবিত্র উম্মাহাতুল মুমিনীনকে এ জাতীয় নির্দেশ দিয়ে থাকেন, তবে অন্যান্য নারীদের প্রতি আল্লাহর তা'আলার এ নিষেধাজ্ঞা আরো কঠিনভাবে বর্তানোই স্বাভাবিক। কেননা অন্য নারীদের ফেতনার আশঙ্কা তো আরও বেশি। আল্লাহ তা'আলা আমাদের নারীদেরকে সকল প্রকার ফেতনা ও হয়রানী থেকে হিফাযত করুন। উল্লিখিত আয়াতের নির্দেশমালায় অন্যান্য নারীরাও যে শামিল তা নিচের আয়াত থেকে অত্যন্ত স্পষ্টভাবে বুঝা যায়। আল্লাহ তা'আলা ইরশাদ করেন : **وَأَقِمْنَ الصَّلاةَ وَآتِينَ الزَّكَاةَ وَأَطِعْنَ اللَّهَ وَرَسُولَهُ** ÔAvi †Zvgiv mvjvZ Kv‡qg Ki, hvKvZ c`vb Ki Ges Avjøvn I Zvi ivm‡ji AvbMZ¨ KiÕ (miv Avj Avnhve : 33)। এ নির্দেশগুলো নবী-পত্নি ও অন্যান্য সাধারণ নারী সবার জন্যই সমান, তাই পর্দার নির্দেশ ও ঘরে অবস্থানের নির্দেশ, যা এ আয়াতের শুরুর অংশে উল্লিখিত হয়েছে, তাও ব্যাপক হওয়াই স্বাভাবিক।

আল্লাহ তা'আলা আরো বলেন : **وَإِذَا سَأَلْتُمُوهُنَّ مَتَاعاً فَاسْأَلُوهُنَّ مِنْ وَرَاءِ حِجَابٍ ذَلِكُمْ أَطْهَرُ لِقُلُوبِكُمْ وَقُلُوبِهِنَّ** ÔAvi hLb bexcZx‡`i Kv‡Q †Zvgiv †Kv‡bv mvgMÖx PvB‡e ZLb c`vi Avovj †_‡K PvB‡e; GwU †Zvgv‡`i I Zv‡`i Aš‡ii Rb¨ AwaKZi cweÎÕ (miv Avj Avnhve : 58)।

পরপুরুষ থেকে নারীরা পর্দার আড়ালে থাকার ব্যাপারে এ আয়াতের বক্তব্য দ্ব্যর্থহীন। এ আয়াতে আল্লাহ তা'আলা এও ব্যক্ত করেছেন যে, পর্দার আড়ালে থাকা নারী-পুরুষ উভয়ের হৃদয়কে পবিত্র রাখে। অশ্লীলতা ও অশ্লীলতার দ্বারপ্রান্তে পৌঁছে দেয়, এমন সব কারণ ও মাধ্যম থেকে উভয়কে হিফাযত করে। উল্লিখিত আয়াতে এ দিকেও ইঙ্গিত রয়েছে যে নারীর খোলামেলা চলাফেরা ও পর্দাহীনতা একটি অশ্লীল ও ঘৃণ্য বিষয় যা কখনো একটি মুসলিম সমাজের রীতি হিসেবে প্রতিষ্ঠা পেতে পারে না।

সুপ্রিয় ভাই ও বন্ধুগণ! শরীয়ত প্রবর্তিত হিজাব সেটি, যাতে আটটি শর্ত পাওয়া যায় :

প্রথম শর্ত : নারীর সমগ্র শরীরই জিলবাব বা বোরকা দিয়ে ঢাকা থাকতে হবে। **يُدْنِينَ عَلَيْهِنَّ مِنْ جَلابِيبِهِنَّ** এই   আয়াতাংশ সেদিকেই ইঙ্গিত করছে। জিলবাব হলো সমগ্র শরীর ঢেকে রাখে এমন পোশাক।

দ্বিতীয় শর্ত : পর্দার উদ্দেশ্যে-পরা পোশাকটাই খোদ সৌন্দর্য না হতে হবে। অর্থাৎ এমন রঙ চড়ানো বা কারুকার্যখচিত না হতে হবে যা পুরুষের লোলুপ দৃষ্টি আকৃষ্ট করে। কেননা আল্লাহ তা'আলা বলেছেন: **وَلا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلَّا مَا ظَهَرَ مِنْهَا** ÔAvi hv mvaviYZ cKvk cvq Zv Qvov Zv‡`i †mŠ›`h Zviv cKvk Ki‡e bvÕ (miv Avb-bi : 31)। 'যা সাধারণত প্রকাশ পায়' এর দ্বারা যা অনিচ্ছা সত্ত্বেও প্রকাশ পায়। সে হিসেবে যদি বোরকা নিজেই সৌন্দর্যবহ হয়, তবে তা পরিধান করা শুদ্ধ হবে না এবং এটাকে হিজাবও বলা হবে না। কেননা হিজাব তো সেটিই যা পরপুরুষ থেকে নারীর সৌন্দর্যকে আড়াল করে রাখে।

তৃতীয় শর্ত : হিজাব এমন মোটা কাপড়ের হতে হবে যা ভেদ করে ভেতরের সৌন্দর্য প্রস্ফূটিত হবে না। আবু হুরায়রা রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন : صِنْفَانِ مِنْ أَهْلِ النَّارِ، لَمْ أَرَهُمَا قَوْمٌ مَعَهُمْ سِيَاطٌ كَأَذْنَابِ الْبَقَرِ يَضْرِبُونَ بِهَا النَّاسَ، وَنِسَاءٌ كَاسِيَاتٌ عَارِيَاتٌ مُمِيلاَتٌ مَائِلاَتٌ، رُءُوسُهُنَّ كَأَسْنِمَةِ الْبُخْتِ الْمَائِلَةِ، لا يَدْخُلْنَ الْجَنَّةَ وَلا يَجِدْنَ رِيحَهَا، وَإِنَّ رِيحَهَا لَيُوجَدُ مِنْ مَسِيرَةِ كَذَا وَكَذَا 'দুই প্রকারের জাহান্নামী আমি এখনো দেখিনি। একপ্রকার হলো, ওই সম্প্রদায় যাদের হাতে গরুর লেজ সদৃশ চাবুক থাকবে। তারা এসব চাবুক দ্বারা (অন্যায়ভাবে) লোকদেরকে প্রহার করতে থাকবে। আর আরেক প্রকার সেসব নারী যারা কাপড় পরিধান করার পরেও উলঙ্গ থাকবে। তারা (পুরুষদেরকে নিজেদের দিকে আকৃষ্ট করবে এবং নিজেরাও (পুরুষদের দিকে) আকৃষ্ট হবে। তাদের মাথা হবে সম্মুখে ঝুঁকে পড়া উটের কুঁজের ন্যায়। তারা জান্নাতে প্রবেশ করতে পারবে না; এমনকি তারা জান্নাতের ঘ্রাণও পাবে না। অথচ জান্নাতের ঘ্রাণ অনেক অনেক দূর থেকেও পাওয়া যাবে' (মুসলিম)।

ইবনে আবদুল বার রহ. বলেন, এ হাদীসে সেসব মহিলার কথা বলা হয়েছে যারা এমন পাতলা ও সূক্ষ্ম পোশাক পরিধান করে যা তাদের দৈহিক সৌন্দর্য ঢাকতে সক্ষম নয়। ফলে দৃশ্যত তাদেরকে কাপড় পরিধান করেছে বলে মনে হলেও বাস্তবে তারা উলঙ্গই থাকে।

চতুর্থ শর্ত : নারীর হিজাব ঢিলেঢালা ও প্রশস্ত হতে হবে। এমন সঙ্কীর্ণ হলে চলবে না, যা নারীর অঙ্গ-প্রত্যঙ্গকে ফুটিয়ে তোলে। কেননা হিজাব পরিধান করার উদ্দেশ্য ফেতনার আশঙ্কা দূর করা। আর এটা অর্জন হয় না যদি ঢিলেঢালা পোশাক পরিধান করা না হয়। সঙ্কীর্ণ পোশাক, তা যদিও শরীরের চামড়ার রঙ ঢেকে রাখে, তবে তা শরীরের ভাঁজগুলো প্রকাশ করে দেয়। উসামা ইবনে যায়েদ রাযি. বলেন, আবু উসামা রাযি. বলেছেন : ‘রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে একটি ঘন পাতলা কাতান পোশাক পরালেন, যা দাহিয়াতুল কালবী রাযি. তাঁকে উপহার হিসেবে দিয়েছিলেন। অতঃপর আমি তা আমার স্ত্রীকে পরিয়ে দিলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন : ‘কী হলো, তুমি যে কাতান পরিধান করলে না? আমি বললাম : হে আল্লাহর রাসূল! আমি তা আমার স্ত্রীকে পরিয়ে দিয়েছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বললেন : مُرْهَا فَلْتَجْعَلْ تَحْتَهَا غِلَالَةً، إِنِّي أَخَافُ أَنْ تَصِفَ حَجْمَ عِظَامِهَا ‘তাকে তুমি এর নিচে একটি আন্তর পোশাক (সেমিস) পরিধান করতে বলবে। কেননা আমি আশঙ্কা করছি যে তার হাড়ের আকৃতি প্রকাশিত হয়ে যাবে’ (মুসনাদে আহমদ। আলবানী রহ. জিলবাবুল মারআতিল মুসলিমা কিতাবে হাদীসটিকে হাসান বলেছেন)।

পঞ্চম শর্ত : হিজাবের ওপর আতর বা সেন্ট ব্যবহার করা যাবে না। এ মর্মে বহু বিশুদ্ধ হাদীস রয়েছে। তন্মধ্যে কয়েকটি নিম্নরূপ : أَيُّمَا امْرَأَةٍ اسْتَعْطَرَتْ فَمَرَّتْ عَلَى قَوْمٍ لِيَجِدُوا مِنْ رِيحِهَا فَهِيَ زَانِيَةٌ ‘যে নারী সুগন্ধি ব্যবহার করে লোকদের পাশ দিয়ে গেল এ উদ্দেশ্যে যে তারা তার সুগন্ধি পাক, তবে সে যিনাকারী-ব্যভিচারী’ (আলবানী:সহীহ আততারগীব)।

আবু হুরায়রা রাযি. বলেন, ‘এক নারী সুগন্ধি ছড়িয়ে তার কাছ দিয়ে অতিক্রম করল। তিনি বললেন : ‘হে আল্লাহর বান্দী! তুমি কি মসজিদের উদ্দেশ্যে রওনা হয়েছ? সে বলল, ‘হ্যাঁ’। তিনি বললেন, ‘এর জন্যই কি সুগন্ধি মাখিয়েছ? সে বলল, ‘হ্যাঁ’। তিনি বললেন, ‘তাহলে তুমি ফিরে যাও এবং গোসল করে নাও। কেননা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি : مَا مِنِ امْرَأَةٍ تَخْرُجُ إِلَى الْمَسْجِدِ تَعْصِفُ رِيحُهَا فَيَقْبَلَ اللهُ مِنْهَا صَلَاتَهَا حَتَّى تَرْجِعَ إِلَى بَيْتِهَا فَتَغْتَسِلَ ‘যদি কোনো নারী সুগন্ধি ছড়িয়ে ছড়িয়ে মসজিদের দিকে বের হয়ে যায়, তবে আল্লাহ তা‘আলা তার নামায কবুল করবেন না, যদি না সে বাড়ি ফিরে এসে গোসল করে নেয়’ (আলবানী : সহীহু ইবনে খুযাইমাহ)।

ষষ্ঠম শর্ত : নারীর পোশাক পুরুষের পোশাকের সাথে সাদৃশ্যপূর্ণ হবে না। আবু হুরাইয়া রাযি. বলেন : لَعَنَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الرَّجُلَ يَلْبَسُ لِبْسَةَ الْمَرْأَةِ، وَالْمَرْأَةَ تَلْبَسُ لِبْسَةَ الرَّجُلِ ‘রাসূলুল্লাহ সালাহ আলাইহি ওয়া সাল্লাম ওই পুরুষের প্রতি অভিসম্পাত করেছেন, যে নারীর পোশাক পরে। আর ওই নারীর প্রতি অভিসম্পাত করেছেন যে পুরুষের পোশাক পরিধান করে’ (আহমদ ও আবূ দাউদ)।

অতঃপর পুরুষ যে ধরনের চাদর, লুঙ্গি, অথাব জামা-কাপড় পরিধান করে নারীও সে ধরনের জামা-কাপড় পরিধান করবে তা ইসলামে অনুমোদিত নয়। কেননা এরূপ করলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অভিসম্পাতের আওতাভুক্ত হতে হবে।

সপ্তম শর্ত : মুসলিম নারীর পোশাক কাফির নারীর পোশাকের সাথে সাদৃশ্যপূর্ণ হবে না। কেননা শরীয়তের বিধান অনুযায়ী মুসলমান নারী ও পুরুষের জন্য কাফিরদের সাদৃশ্য অবলম্বন করা বৈধ নয়। হোক তা তাদের ইবাদত-বন্দেগীর ক্ষেত্রে অথবা ঈদ-পর্ব, পোশাক-আশাক ইত্যাদির ক্ষেত্রে। হাদীসে এসেছে : مَنْ تَشَبَّهَ بِقَوْمٍ فَهُوَ مِنْهُمْ ‘যে ব্যক্তি কোনো জাতির সাথে সাদৃশ্য অবলম্বন করল সে তাদের অন্তর্ভুক্ত হলো’ (আবূ দাউদ)। তাই পাশ্চাত্যের শোরুমগুলোতে কাফিরদের পরিধেয় যেসব পোশাক প্রদর্শিত হয় তা মুসলিম নারীদের জন্য ব্যবহার করা কখনো উচিত নয়।

অষ্টম শর্ত : খ্যাতি ও সুনামের পোশাক না হতে হবে। অর্থাৎ এমন পোশাক যা অন্যদের কাছে অপরিচিত এবং যার দ্বারা মানুষের মাঝে প্রসিদ্ধি অর্জনই মূখ্য হয়ে থাকে। ইবনে উমর রাযি. বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন : مَنْ لَبِسَ ثَوْبَ شُهْرَةٍ فِي الدُّنْيَا، أَلْبَسَهُ اللهُ ثَوْبَ مَذَلَّةٍ يَوْمَ الْقِيَامَةِ، ثُمَّ أَلْهَبَ فِيهِ نَارًا ‘যে ব্যক্তি দুনিয়াতে প্রসিদ্ধির পোশাক পরবে, আল্লাহ্ তা‘আলা তাকে কিয়ামতের দিন লাঞ্ছনার পোশাক পরাবেন, অতঃপর তাতে আগুন ধরিয়ে দিবেন’ (আহমদ ও আবূ দাউদ)।

প্রিয় ভাই ও বন্ধুগণ! আমাদের স্ত্রী কন্যাদেরকে উল্লিখিত শর্ত অনুযায়ী পোশাক পরতে অভ্যস্ত করা দরকার। বরং তাদেরকে এ মর্মে বাধ্য করা জরুরী। হাদীসে এসেছে : كُلُّكُمْ رَاعٍ وَكُلُّكُمْ مَسْؤولٌ عَنْ رَعِيَّتِهِ ‘তোমাদের প্রত্যেকেই তত্ত্বাবধায়ক আর তোমাদের প্রত্যেককে তার অধিনস্তদের সম্পর্কে জিজ্ঞাসা করা হবে’ (বুখারী)। এ ছাড়া পবিত্র কুরআনে নিজকে ও নিজ পরিবারবর্গকে জাহান্নাম থেকে বাঁচানোর স্পষ্ট নির্দেশ এসেছে। আল্লাহ তা‘আলা বলেন : **يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا قُوا أَنْفُسَكُمْ وَأَهْلِيكُمْ نَارًا وَقُودُهَا النَّاسُ وَالْحِجَارَةُ** Ô†n Cgvb`viMY, †Zvgiv wbR‡`i‡K I †Zvgv‡`i cwievi-cwiRb‡K Av¸b n‡Z evPvI hvi Rvjvwb n‡e gvbl I cv_iÕ (miv AvZ-Zvnixg : 6)।

প্রিয় ভাই ও বন্ধুগণ! দৃষ্টিকে স্বাধীন করে দিতে তা নারী-পুরুষ উভয়ের জন্যই ফিতনা বয়ে আনে। দৃষ্টিকে সংযত করলে তা উভয়কে নিরাপদ রাখে। আল্লাহ তা‘আলা ইরশাদ করেন: **قُلْ لِلْمُؤْمِنِينَ يَغُضُّوا مِنْ أَبْصَارِهِمْ وَيَحْفَظُوا فُرُوجَهُمْ ذَلِكَ أَزْكَى لَهُمْ إِنَّ اللهَ خَبِيرٌ بِمَا يَصْنَعُونَ. وَقُلْ لِلْمُؤْمِنَاتِ يَغْضُضْنَ مِنْ أَبْصَارِهِنَّ وَيَحْفَظْنَ فُرُوجَهُنَّ وَلا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلاَّ مَا ظَهَرَ مِنْهَا وَلْيَضْرِبْنَ بِخُمُرِهِنَّ عَلَى جُيُوبِهِنَّ وَلا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلاَّ لِبُعُولَتِهِنَّ أَوْ آبَائِهِنَّ أَوْ آبَاءِ بُعُولَتِهِنَّ أَوْ أَبْنَائِهِنَّ أَوْ أَبْنَاءِ بُعُولَتِهِنَّ أَوْ إِخْوَانِهِنَّ أَوْ بَنِي إِخْوَانِهِنَّ أَوْ بَنِي أَخَوَاتِهِنَّ أَوْ نِسَائِهِنَّ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُنَّ أَوِ التَّابِعِينَ غَيْرِ أُولِي الإِرْبَةِ مِنَ الرِّجَالِ أَوِ الطِّفْلِ الَّذِينَ لَمْ يَظْهَرُوا عَلَى عَوْرَاتِ النِّسَاءِ وَلا يَضْرِبْنَ بِأَرْجُلِهِنَّ لِيُعْلَمَ مَا يُخْفِينَ مِنْ زِينَتِهِنَّ وَتُوبُوا إِلَى اللهِ جَمِيعاً أَيُّهَا الْمُؤْمِنُونَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ** Ôgwgb ciæl‡`i ej, Zviv Zv‡`i `wó‡K mshZ ivL‡e Ges Zv‡`i j¾v¯'v‡bi wnd-vhZ Ki‡e| GUvB Zv‡`i Rb¨ AwaK cweÎ| wbðq Zviv hv K‡i †m m¤ú‡K Avjøvn mg¨K AewnZ| Avi gwgb bvix‡`i‡K ej, Zviv Zv‡`i `wó‡K mshZ ivL‡e Ges Zv‡`i j¾v¯'v‡bi wndvhZ Ki‡e| Avi hv mvaviYZ cKvk cvq Zv Qvov Zv‡`i †mŠ›`h Zviv cKvk Ki‡e bv| Zviv †hb Zv‡`i Iobv w`‡q e¶‡`k‡K AveZ K‡i iv‡L| Avi Zviv †hb Zv‡`i ¯vgx, wcZv, kïi, wbR‡`i †Q‡j, ¯vgxi †Q‡j, fvB, fvB Gi †Q‡j, †ev‡bi †Q‡j, Avcb bvixMY, Zv‡`i Wvb nvZ hvi gwjK n‡q‡Q, Aaxb¯ †hŠbKvgbvg³ ciæl A\_ev bvix‡`i †Mvcb A½ m¤ú‡K AÁ evjK Qvov Kv‡iv Kv‡Q wbR‡`i †mŠ›`h cKvk bv K‡i| Avi Zviv †hb wbR‡`i †Mvcb †mŠ›`h cKvk Kivi Rb¨ m‡Rv‡i c`PviYv bv K‡i| †n gwgbMY, †Zvgiv mK‡jB Avjøvni wbKU Zvlev Ki, hv‡Z †Zvgiv mdjKvg n‡Z cviÕ (miv Avb-bi : 30-31)।

আল্লাহ তা‘আলা এ দুই আয়াতে মুমিনদেরকে তাদের দৃষ্টি সংযত রাখতে এবং তাদের লজ্জাস্থান হিফাযত করতে নির্দেশ দিয়েছেন। যিনা-ব্যাভিচারের মতো জঘন্য অপকর্ম এবং তা থেকে সৃষ্ট নানামুখী ফিতনা থেকে মুসলমানদের রক্ষা করার জন্যই আল্লাহ তা‘আলা এ নির্দেশ দিয়েছেন। কেননা দৃষ্টিকে স্বাধীনতা দেয়া হলে আত্মার ব্যাধি সৃষ্টি ও অপকর্ম সংঘটিত হয়। আর দৃষ্টি সংযত রাখলে তা নিরাপত্তা ও সুরক্ষা দেয়। এ জন্যই আল্লাহ তা‘আলা ইরশাদ করেছেন : **قُلْ لِلْمُؤْمِنِينَ يَغُضُّوا مِنْ أَبْصَارِهِمْ وَيَحْفَظُوا فُرُوجَهُمْ ذَلِكَ أَزْكَى لَهُمْ إِنَّ اللهَ خَبِيرٌ بِمَا يَصْنَعُونَ** Ôgwgb ciæl‡`i ej, Zviv Zv‡`i `wó‡K mshZ ivL‡e Ges Zv‡`i j¾v¯'v‡bi wndvhZ Ki‡e| GUvB Zv‡`i Rb¨ AwaK cweÎÕ (সূরা আন-নূর : ৩)। অতঃপর দৃষ্টি সংযত রাখা ও লজ্জাস্থান হিফাযত করা দুনিয়া ও আখেরাতে মুমিনদের নিরাপত্তা ও পবিত্রতা নিশ্চিত করে। আর দৃষ্টির লাগাম ছেড়ে দেয়া, লজ্জাস্থানের লাগাম ছেড়ে দেয়া দুনিয়া ও আখেরাতে ধ্বংস ডেকে আনে। আল্লাহ তা‘আলা এও জানিয়ে দিয়েছেন যে তিনি মানুষের কর্ম সম্পর্কে সম্যক অবহিত। কোনো কিছুই আল্লাহর কাছে গোপন নয়, থাকতে পারে না। ইরশাদ হয়েছে : **يَعْلَمُ خَائِنَةَ الأَعْيُنِ وَمَا تُخْفِي الصُّدُورُ** ÔP¶mg‡ni wLqvbZ Ges AšÍimgn hv †Mvcb iv‡L wZwb Zv Rv‡bbÕ(miv Mv‡di : 19)।

অন্যত্র ইরশাদ হয়েছে : وَمَا تَكُونُ فِي شَأْنٍ وَمَا تَتْلُو مِنْهُ مِنْ قُرْآنٍ وَلا تَعْمَلُونَ مِنْ عَمَلٍ إِلاَّ كُنَّا عَلَيْكُمْ شُهُوداً إِذْ تُفِيضُونَ فِيه ÔAvi Zwg †h Ae¯’v‡ZB _vK bv †Kb Avi hv wKQ wZjvIqvZ Ki bv †Kb Avjøvni c¶ n‡Z KiAvb †_‡K Ges †Zvgiv †h AvgjB Ki bv †Kb, Avwg †Zvgv‡`i Ici mv¶x _wK, hLb †Zvgiv Zv‡Z wbgM nI| †Zvgvi ie †_‡K †Mvcb _v‡K bv hgx‡bi ev Avmgv‡bi AY cwigvY wKQB Ges Zv †_‡K †QvU ev eo, Z‡e (Gi me wKQB) i‡q‡Q m¯úó wKZv‡eÕ (miv BDbm : 61)।

তাই আসুন আমরা আল্লাহকে ভয় করি। অপকর্মে লিপ্ত হলে আল্লাহ তা'আলা দেখবেন, সীমালঙ্ঘন করলে আল্লাহ তা'আলা দেখবেন এই অনুভূতি সবার হৃদয়ে সদা জাগ্রত রাখি। সর্বোচ্চ পর্যায়ে সতর্ক থেকে আল্লাহ তা'আলার আদেশ-নিষেধ পরিপূর্ণভাবে মান্য করে চলি। আল্লাহ আমাদের সবাইকে তাওফীক দান করুন।

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ، أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهُ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيْمْ .

মুসলিম নারীর পর্দাহীনতা: প্রভাব ও প্রতিকার

wØZxq LZev

اَلْحَمْدُ لله رَبِّ الْعَالَمِيْنَ، اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى عَبْدِكَ وَنَبِيِّكَ مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَصَحْبِهِ أَجْمَعِيْنَ ، أَمَّا بَعْدُ :

আবু হুরাইরা রাযি. রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন। তিনি বলেন : مَنْ كَانَتْ يَعْنِي عِنْدَهُ مَظْلَمَةٌ فِي مَالِهِ أَوْ عِرْضِهِ، فَلْيَأْتِهِ فَلْيَسْتَحِلَّهَا مِنْهُ قَبْلَ أَنْ يُؤْخَذَ أَوْ تُؤْخَذَ، وَلَيْسَ عِنْدَهُ دِينَارٌ وَلا دِرْهَمٌ، فَإِنْ كَانَتْ لَهُ حَسَنَاتٌ أُخِذَ مِنْ حَسَنَاتِهِ فَأُعْطِيَهَا هَذَا، وَإِلَّا أُخِذَ مِنْ سَيِّئَاتِ هَذَا فَأُلْقِيَ عَلَيْهِ ‘যদি কেউ তার ভাইয়ের ওপর যুলম করে থাকে, হোক তা মান-ইজ্জত অথবা সম্পদ বিষয়ক, সে যেন আজই তা থেকে দায়মুক্ত হয়ে নেয়, সে দিন আসার পূর্বে যখন কোনো টাকা পয়সার লেনদেন হবে না। সেদিন যদি তার নেক আমল থেকে থাকে তবে যুলম পরিমাণ নেক আমল তার কাছ থেকে নিয়ে নেয়া হবে। আর যদি নেক আমল না থাকে তবে মাযলুম ব্যক্তির গুনাহ নিয়ে তার ওপর চাপানো হবে’(আহমদ, সহীহ)।

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ، أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيْمُ.

হালাল রিযক উপার্জন এবং হারাম থেকে বেঁচে থাকা

wØZxq LZev

اَلْحَمْدُ لِلّٰهِ عَظِيْمِ الْإِحْسَانِ وَاسِعِ الْفَضْلِ وَالْجُوْدِ وَ الِامْتِنَانِ وَ أَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ وَ أَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ صَلَّى اللهُ وَسَلَّمَ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِيْنَ. أَمَّا بَعْدُ:

মুহতারাম হাযেরীন! দুনিয়ার মায়াজালে জড়িয়ে পড়ার ফেতনা থেকে বেঁচে থাকা প্রত্যেক মুসলমানের অবশ্য কর্তব্য। একজন মুসলমানের প্রেরণা-উদ্দীপনা-উৎকণ্ঠার উৎস হবে দুনিয়া, তা কখনো মেনে নেয়া যায় না। বরং মুসলমানের উচিত দুনিয়াকে আখিরাতের ফসল ফলানোর ক্ষেত্র হিসেবে ব্যবহার করা। হাদীসে এসেছে : রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : تَعِسَ عَبْدُ الدِّينَارِ، وَعَبْدُ الدِّرْهَمِ، وَعَبْدُ الْخَمِيصَةِ، إِنْ أُعْطِيَ رَضِيَ، وَإِنْ لَمْ يُعْطَ سَخِطَ، تَعِسَ وَانْتَكَسَ، وَإِذَا شِيكَ فَلا انْتَقَشَ، طُوبَى لِعَبْدٍ آخِذٍ بِعِنَانِ فَرَسِهِ فِي سَبِيلِ اللهِ، أَشْعَثَ رَأْسُهُ، مُغْبَرَّةٍ قَدَمَاهُ، إِنْ كَانَ فِي الْحِرَاسَةِ كَانَ فِي الْحِرَاسَةِ، وَإِنْ كَانَ فِي السَّاقَةِ كَانَ فِي السَّاقَةِ، إِنْ اسْتَأْذَنَ لَمْ يُؤْذَنْ لَهُ، وَإِنْ شَفَعَ لَمْ يُشَفَّعْ ‘দীনারের পূজারী, দিরহামের পুজারী ও পোশাকের পূজারী ধ্বংস হোক! তাকে দেয়া হলে সে খুশি। আর না দিলে নারাজ। সে ধ্বংস হোক, অধঃপতিত হোক। সে কাঁটাবিদ্ধ হলে তা আর বের করা হয় না। শুভ সংবাদ ওই বান্দার জন্য, যে আল্লাহর পথে তার ঘোড়ার লাগাম ধরা অবস্থায় আছে, ধূলায়-ধুসর কেশ নিয়ে, ধূলোমলিন দুই পা নিয়ে। যদি সে প্রহরার দায়িত্বে থাকে তবে সে পাহারা দেয়। যদি সৈন্যবাহিনীর পশ্চদ্ভাগে থাকা তার দায়িত্ব হয়ে থাকে তবে সে পশ্চাদ্ভাগে থাকে। যদি সে অনুমতি চায়, তাকে অনুমতি দেয়া হয় না। যদি সে সুপারিশ করে, তার সুপারিশ কবুল করা হয় না’(বুখারী)।

হাদীসে উলেখিত দ্বিতীয় প্রকার ব্যক্তি দুনিয়ার লোভ লালসা মুক্ত হয়ে আল্লাহর পথে নিজকে নিবেদিত করে রাখে। দীন রক্ষার ক্ষেত্রে তাকে যখন যে দায়িত্ব দেয়া হয় যথার্থরূপে সে তার দায়িত্ব পালন করে। শত্রুর গতিবিধি দেখার জন্য যদি তাকে পাহারাদার হিসেবে দায়িত্ব দেয়া হয় তাহলে সে অতন্দ্র প্রহরী হয়ে নির্ঘুম রজনী যাপন করে। কখনো বলে না, এ কঠিন দায়িত্ব পালন করা আমার পক্ষে সম্ভব নয়। যদি তাকে সৈন্যবাহিনীর পশ্চাদ্ভাগে থাকার দায়িত্ব দেয়া হয়, তবে সে তাই মেনে নেয়। বলে না, এখানে থাকলে আমার কোনো নাম-দাম হবে না। এ ব্যক্তির অর্থের প্রতি লোভ থাকে না। দুনিয়ার জৌলুস অর্জনের প্রতি লোভ থাকে না। নেতৃত্ব অর্জনের প্রতি লোভ থাকে না। সে নীরবে আল্লাহর পথে কাজ করে যায়। সচেতনভাবে নিজ দায়িত্ব পালন করে যায। ফলে মানুষের কাছে সে থেকে যায় অপরিচিত। তাই যদি সে কোনো নেতার দরবারে প্রবেশের অনুমতি চায়, তাকে গুরুত্বহীন মনে করে অনুমতি দেয়া হয় না। সে যদি কারো জন্য সুপারিশ করে তার সুপারিশ আদৌ কোনো গুরুত্ব পায় না। এ হলো সে ব্যক্তি যার কোনো দাবি আল্লাহ্ তা‘আলা প্রত্যাখ্যান করেন না।

দুনিয়ার প্রতি মোহাবিষ্ট থাকার একটি অশুভ পরিণতি হলো, হালাল-হারামের বাছ-বিচার না করা। যা সামনে

পাওয়া যায়, কোনো রকম যাচাই-বাচাই না করেই তা লুফে নেয়া। আরেকটি অশুভ পরিণতি হলো, ঈমান ও কুফরের দোলাচলে দুলতে থাকা। দুনিয়ার মোহে পড়ে, মানুষ তার ঈমান বিকিয়ে দেয়। দুনিয়ার মোহাবিষ্ট অনেক ব্যক্তিই যদি মুমিন অবস্থায় সকালে উপনীত হয় তবে সন্ধ্যা বেলায় সে কাফের হয়ে যায়। কাফের অবস্থায় সন্ধ্যায় উপনীত হলে সকাল বেলায় সে মুমিন হয়ে যায়। দুনিয়ার প্রতি মোহাবিষ্ট ব্যক্তি আদর্শিক ও চারিত্রিক দৃঢ়তা হারিয়ে ফেলে। সে টাকা পয়সার অনুরক্ত দাসে পরিণত হয়। এ কারণেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুনিয়ার জীবনকে তুচ্ছ জ্ঞান করতে বলেছেন। দুনিয়ায় অপরিচিত অথবা মুসাফিরের মতো থাকতে বলেছেন।

প্রিয় ভাই ও বন্ধুগণ! রিযক যার ভাগ্যে যেটুকু লেখা আছে তা শেষ না করে কেউ এ ধরাধাম পরিত্যাগ করে যাবে না। তাই আসুন, আমরা যথার্তরূপে আল্লাহর তাকওয়া ধারণ করি। পবিত্র ও উত্তম পন্থায় রিযকের সন্ধান করি। জাবের রাযি. থেকে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : لا تَسْتَبْطِئُوا الرِّزْقَ، فَإِنَّهُ لَنْ يَمُوتَ الْعَبْدُ حَتَّى يَبْلُغَهُ آخِرُ رِزْقٍ هُوَ لَهُ، فَأَجْمِلُوا فِي الطَّلَبِ: أَخْذِ الْحَلالِ، وَتَرْكِ الْحَرَامِ 'রিযক দেরিতে আসছে বলে অবৈধ পন্থা অবলম্বন করো না। কেননা কোনো বান্দা ততক্ষণ পর্যন্ত মারা যায় না যতক্ষণ না তার নির্ধারিত শেষ রিযক তার কাছে পৌঁছে যায়। অতঃপর তোমরা হালাল রিযক সুন্দরভাবে তালাশ করো। আর হারাম থেকে বিরত হও' (ইবনে হাব্বান, সহীহ)।

প্রিয় ভাই ও বন্ধুগণ! আল্লাহ তা'আলার তাকওয়া ও ভয়ই সেই মহামূল্যবান চাবি যা বান্দার জন্য সকল রহমত ও বরকতের দরজা উন্মুক্ত করে দেয়। তাকওয়াই হলো অঢেল নিয়ামত-উপঢৌকন পাওয়ার পরীক্ষিত হাতিয়ার। ইরশাদ হয়েছে : **وَلَوْ أَنَّ أَهْلَ الْقُرَى آمَنُوا وَاتَّقَوْا لَفَتَحْنَا عَلَيْهِمْ بَرَكَاتٍ مِنَ السَّمَاءِ وَالْأَرْضِ وَلَكِنْ كَذَّبُوا فَأَخَذْنَاهُمْ بِمَا كَانُوا يَكْسِبُونَ** ÔAvi hw` Rbc`mg‡ni Awaevmxiv Cgvb AvbZ Ges ZvKIqv Aej¤b KiZ Zvn‡j Awg Aek¨B Avmgvb I hgxb †_‡K eiKZmgn Zv‡`i Ici L‡j w`Zvg; wKš' Zviv A¯xKvi Kij| AZtci Zviv hv ARb KiZ Zvi Kvi‡Y Awg Zv‡`i‡K cvKov I Kijvg Õ(miv Avj Avivd:96)।

তাকওয়া হলো সকল খায়ের-ভালাই-র প্রস্রবণ। সকল কল্যাণের আধার। যে ব্যক্তি তাকওয়া অবলম্বন করে আল্লাহ তাকে সকল দুশ্চিন্তা থেকে বের হয়ে আসার পথ করে দেন। সকল সঙ্কট থেকে মুক্তি লাভের উপায় বের করে দেন। তিনি তাকে এমন জায়গা থেকে রিযকের ব্যবস্থা করেন যা সে কল্পনাও করতে পারে না। তাই যে ব্যক্তি আল্লাহকে ভয় করে। তাকওয়া অবলম্বন করে দুনিয়া তার জন্য কখনো সঙ্কীর্ণ হয় না। জীবন-জীবিকা, রিযক-দৌলত তার জন্য সঙ্কুচিত হয় না। ইরশাদ হয়েছে : وَمَنْ يَتَّقِ اللَّهَ يَجْعَلْ لَهُ مَخْرَجًا Ô†h Avjøvn‡K fq K‡i, wZwb Zvi Rb¨ DËi‡Yi c_ ˆZwi K‡i †`bÕ (miv ZvjvK : 2)।

হে আল্লাহর বান্দারা! বরকত ও রহমত হাসিলের আরেকটি কার্যকর মাধ্যম হলো দুআ-প্রার্থনা, আল্লাহর আশ্রয়ে নিজকে সঁপে দেয়া। কেননা তিনি ছাড়া মানুষের জন্য অন্য কোনো আশ্রয়স্থল নেই। তাই যদি রিযকের সঙ্কট দেখা দেয়, রিযকের ব্যাপারে উদ্বেগ-উৎকণ্ঠা বেড়ে যায়, আপনার ধার-দেনা বেড়ে যায়, তবে আপনি আল্লাহর পানে ধাবিত হোন। আল্লাহর দরজায় কড়া নাড়ুন। কেননা যে ব্যক্তি আল্লাহর দরজায় কড়া নাড়ে, আল্লাহ তাঁকে নিরাশ করেন না। তাই আসুন, আমরা আল্লাহর কাছ থেকে চেয়ে নিই। কেননা এমন কেউ নেই, যে তাঁর দরজায় নাছোড়বান্দা হয়ে দাঁড়িয়েছে অথচ তিনি তাকে ফিরিয়ে দিয়েছেন। আল্লাহ তা'আলা আমাদের সবাইকে হালাল রিযক অন্বেষণের তাওফীক দান করুন। হারাম থেকে বেঁচে থাকার তাওফীক দিন।

اَللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيْمَ وَعَلَى آلِ إِبْرَاهِيْم إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنَ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনি আমাদের সবাইকে হালাল রিযক উপার্জনের তাওফীক দান করুন। হারাম থেকে আমাদের সবাইকে বাঁচান। হালাল রিযকের সকল দরজা আমাদের জন্য উন্মুক্ত করে দিন। হে আল্লাহ আপনি আমাদের যথার্থরূপে তাকওয়া অবলম্বনের তাওফীক দিন এবং আমাদের আর্থিক সঙ্কট থেকে উত্তরণের পথ করে দিন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهُ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

নারীর মর্যাদা প্রতিষ্ঠায় ইসলাম

LZevq hv _vK‡e

- ড ইসলামপূর্বযুগে নারীর অবস্থা কি ছিল তা তুলে ধরা
- ড নারীর মর্যাদা প্রতিষ্ঠায় ইসলামের ভূমিকা
- ড যেসব ক্ষেত্রে নারী পুরুষের সমান তা বর্ণনা করা
- ড ইসলামে নারীকে সম্মানিত করার কিছু নিদর্শন

c_g LZev

اَلْحَمْدُ لله عَلَى إِحْسَانِهِ، وَالشُّكْرُ لَهُ عَلَى تَوْفِيْقِهِ وَامْتِنَانِهِ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ الدَّاعِيْ إِلَى رِضْوَانِهِ، اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَصَحْبِهِ وَسَلَّمْ تَسْلِيْماً كَثِيْراً إِلَى يَوْمِ الدِّينِ. أَمَّا بَعْدُ:

প্রিয় হাযেরীন! আজকে আমার আলোচ্য বিষয় ইসলামে নারীর মর্যাদা ও অধিকার। এ বিষয়ে আলোচনার শুরুতেই আমি বলব, ইসলাম নারীকে যে সম্মান ও মর্যাদা দিয়েছে, আর কোনো ধর্ম-দর্শন তা দিতে পারেনি। পৃথিবীর সকল জাতি-ধর্ম, বিদ্যা-দর্শন নারীকে ছোট করেছে, নারীর মানহানী ঘটিয়েছে। পক্ষান্তরে ইসলামই একমাত্র জীবনাদর্শ, যা নারীকে মর্যাদার সুউচ্চ আসনে সমাসীন করেছে।

মুসল্লিয়ানে কেরাম! একজন নারী, জীবনে তিনটি স্তর অতিক্রম করে। প্রথম স্তর হলো, শৈশব থেকে কৈশোর পর্যন্ত। দ্বিতীয় স্তর হলো, যৌবনকাল। আর তৃতীয় স্তর হলো, বার্ধক্য। আমরা লক্ষ্য করলে দেখব, এই তিনটি স্তরের প্রতিটিতেই নারী পুরুষের আদর-যত্নে থাকে পরিপুষ্ট ও সমৃদ্ধ।

প্রথমত তার বাল্যকাল কাটে মা-বাবার স্নেহ-ভালোবাসা ও ভরাট যত্নে। মা-বাবার এই মমতাময় ছায়ার নীচে তার জীবন কাটে স্বর্গীয় নিরাপত্তায়। অতঃপর যৌবনে পদার্পন করার পর ‘স্বামী’ নামক এক কর্তব্যনিষ্ঠ পুরুষ এসে কাঁধে তুলে নেয় তার সকল চাওয়া পাওয়ার দায়িত্ব। অতঃপর বার্ধক্যের দুয়ারে কদম ফেলতেই শত শ্রদ্ধা, মমতা ও হৃদ্যতার ডালি নিয়ে পদতলে উপস্থিত হয় আদরের ছেলে-মেয়েরা। ইসলাম নারীকে এভাবেই দেখেছে আদ্যোপান্ত। আল্লাহ তা‘আলা বলেন : **وَلَهُنَّ مِثْلُ الَّذِي عَلَيْهِنَّ بِالْمَعْرُوفِ وَلِلرِّجَالِ عَلَيْهِنَّ دَرَجَةٌ وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ** ÔAvi bvix‡`i i‡q‡Q wewa †gvZv‡eK AwaKvi| †hgb Av‡Q Zv‡`i (ciæl‡`i) AwaKvi| Avi ciæl‡`i i‡q‡Q Zv‡`i Ici ghv`vÕ (miv Avj evKviv : 228)।

দীনী দায়দায়িত্ব পালনের বহুক্ষেত্রে, হারাম বিষয় পরিত্যাগ করার ক্ষেত্রে, পুন্য অর্জন ও শাস্তি ভোগের ক্ষেত্রে নারীকে করা হয়েছে পুরুষের সমান। ইরশাদ হয়েছে : **مَنْ عَمِلَ صَالِحًا مِنْ ذَكَرٍ أَوْ أُنْثَى وَهُوَ مُؤْمِنٌ فَلَنُحْيِيَنَّهُ حَيَاةً طَيِّبَةً وَلَنَجْزِيَنَّهُمْ أَجْرَهُمْ بِأَحْسَنِ مَا كَانُوا يَعْمَلُونَ** Ô†h gwgb Ae¯vq †bK Avgj Ki‡e, ciæl †nvK ev bvix, Awg Zv‡K cweÎ Rxeb `vb Kie Ges Zviv hv KiZ Zvi Zjbvq Aek¨B Awg Zv‡`i‡K DËg cwZ`vb †`eÕ (miv Avb-bvnj : 97)।

অন্য এক আয়াতে ইরশাদ হয়েছে: **إِنَّ الْمُسْلِمِينَ وَالْمُسْلِمَاتِ وَالْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ وَالْقَانِتِينَ وَالْقَانِتَاتِ وَالصَّادِقِينَ وَالصَّادِقَاتِ وَالصَّابِرِينَ وَالصَّابِرَاتِ وَالْخَاشِعِينَ وَالْخَاشِعَاتِ وَالْمُتَصَدِّقِينَ وَالْمُتَصَدِّقَاتِ وَالصَّائِمِينَ وَالصَّائِمَاتِ وَالْحَافِظِينَ فُرُوجَهُمْ وَالْحَافِظَاتِ وَالذَّاكِرِينَ اللَّهَ كَثِيرًا وَالذَّاكِرَاتِ أَعَدَّ اللَّهُ لَهُمْ مَغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا** Ôwbðq gmwjg ciæl I bvix, gwgb ciæl I bvix, AbMZ ciæl I bvix, mZ¨ev`x ciæl I bvix, ˆahkxj ciæl I bvix, webqvebZ ciæl I bvix, `vbkxj ciæl I bvix, wmqvgcvjbKvix ciæl I bvix, wbR‡`i j¾v¯v‡bi wndvhZKvix ciæl I bvix, Avjøvn‡K AwaK ¯§iYKvix ciæl I bvix, Zv‡`i Rb¨ Avjøvn gvMwdivZ I gnvb cwZ`vb c¯Z †i‡L‡QbÕ (miv Avj Avnhve : 35)।

হ্যাঁ। ইসলাম পুরুষকে নারীর ওপর সীমিত কয়েকটি ক্ষেত্রে প্রাধান্য দিয়েছে প্রকৃতিগত কারণেই। যেমন উত্তরাধিকারসূত্রেপ্রাপ্ত সম্পদের হিসসা, সাক্ষ্য প্রদান, দিয়ত, পরিবারের অভিভাকত্ব, তালাক ইত্যাদি, যা সৃষ্টিগত কারণে ও পুরুষের কাঁধে অর্পিত দায়দায়িত্বের নিরিখে বিধিবদ্ধ করা হয়েছে।

ইরশাদ হয়েছে: **الرِّجَالُ قَوَّامُونَ عَلَى النِّسَاءِ بِمَا فَضَّلَ اللَّهُ بَعْضَهُمْ عَلَى بَعْضٍ وَبِمَا أَنْفَقُوا مِنْ أَمْوَالِهِمْ** Ôciæliv bvix‡`i ZËveavqK, G Kvi‡Y †h, Avjøvn Zv‡`i G‡Ki Ici Ab¨‡K †kôZ¡ `‡q‡Qb Ges †h‡nZ Zviv wbR‡`i m¤ú` †_‡K e¨q K‡iÕ (miv Avb wbmv : 34)।

ইসলাম নারীকে স্বামী বেছে নেয়ার স্বাধীন অধিকার দিয়েছে। নারীর সম্মতি ব্যতীত কেউ তাকে বিয়ে করার বা বিয়ে দেয়ার ক্ষমতা রাখে না। নারীর নারীত্বের ওপর আঘাত করার অধিকার কেউ রাখে না। নারীর ইজ্জত নিয়ে খেলা করার অধিকারও কারো নেই ।

ইসলামে নারীর মর্যাদার এও একটি দিক যে নারী যখন জীবনের প্রথম স্তরে অবস্থান করে এবং কন্যাসন্তান হিসেবে পিতার কাছে থাকে তখন তাদের যত্ন ও লালন পালনকে বেহেশতে প্রবেশের মাধ্যম বলে ঘোষণা করা হয়েছে। হাদীসে এসেছে : مَنْ كَانَ لَهُ ثَلَاثُ بَنَاتٍ فَصَبَرَ عَلَيْهِنَّ، وَأَطْعَمَهُنَّ، وَسَقَاهُنَّ، وَكَسَاهُنَّ مِنْ جِدَتِهِ، كُنَّ لَهُ حِجَابًا مِنَ النَّارِ يَوْمَ الْقِيَامَةِ ‘তোমাদের কারও যদি তিনটি কন্যাসন্তান থাকে এবং তাদের ব্যাপারে সে ধৈর্য ধরে, তাদেরকে খাওয়ায়, পান করায় এবং তাদের আচ্ছাদনের ব্যবস্থা করে তবে এ কন্যাসন্তানরা তার জাহান্নাম থেকে মুক্তির কারণ হবে’ (নাসায়ী)।

অন্য এক হাদীসে এসেছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : مَنْ كَانَتْ لَهُ ثَلَاثُ بَنَاتٍ فَصَبَرَ عَلَى لأْوَائِهِنَّ، وَعَلَى ضَرَّائِهِنَّ دَخَلَ الْجَنَّةَ، زَادَ فِي رِوَايَةِ مُحَمَّدِ بْنِ يُونُسَ: فَقَالَ رَجُلٌ: يَا رَسُولَ اللَّهِ، وَاثْنَتَيْنِ ؟ قَالَ: وَاثْنَتَيْنِ، قَالَ: يَا رَسُولَ اللهِ، وَوَاحِدَةً؟ قَالَ: وَوَاحِدَةً ‘যার তিনটি কন্যাসন্তান থাকবে এবং সে তাদের কষ্ট-যাতনায় ধৈর্য ধরবে, সে জান্নাতে প্রবেশ করবে (মুহাম্মাদ ইবনে ইউনুসের বর্ণনায় এ হাদীসে অতিরিক্ত অংশ হিসেবে এসেছে) একব্যক্তি প্রশ্ন করে বলল, ‘হে আল্লাহর রাসূল! যদি দু’জন হয়? উত্তরে তিনি বললেন, ‘দু’জন হলেও’। লোকটি আবার প্রশ্ন করে বলল, ‘যদি একজন হয় হে আল্লাহর রাসূল!’ তিনি বললেন, ‘একজন হলেও (বাইহাকী: শুআবুল ঈমান, সহীহ)।

মূলত এভাবেই ইসলাম কন্যাদের প্রতি মা-বাবার দৃষ্টি, দরদ, আন্তরিকতা ও মমতা আকর্ষণ করেছে। উৎস-াহিত করেছে তাদের মাধ্যমে নিজদের পরকালকে ধনবান করে তুলতে।

এমনিভাবে নারী যখন জীবনের দ্বিতীয় স্তরে উপনীত হয় এবং বধূ হয়ে স্বামীর ঘরে যায় তখন তার সম্পর্কে ইসলাম বলেছে خَيْرُكُمْ خَيْرُكُمْ لِأَهْلِهِ، وَأَنَا خَيْرُكُمْ لِأَهْلِي ‘তোমাদের মধ্যে সে সর্বোত্তম যে (সদাচারে) তার স্ত্রীর কাছে উত্তম। আর আমি আমার স্ত্রীর কাছে উত্তম’ (তিরমিযী, সহীহ)।

অর্থাৎ যে তার স্ত্রীর সাথে প্রাণপূর্ণ, প্রেমভরা কোমল আচরণে অভ্যস্ত, স্ত্রীর কোনো ভুল-ত্রুটি হলে রেগে আগুন হয়ে যায় না, বরং মমতার শীতল পরশ তাকে ধৈর্যধারণ করতে বাধ্য করে এবং যে স্ত্রীর প্রতি সদয় আচরণ করে ও স্ত্রীর দীনদারীতে সহায়তা দেয় তাকে উত্তম স্বামী বলে অভিহিত করা হয়েছে।

তারপর নারী যখন জননী হন, তখন তার প্রতি সন্তানের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে অত্যন্ত কঠিনরূপে। প্রিয়-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন : فَالْزَمْهَا، فَإِنَّ الْجَنَّةَ تَحْتَ رِجْلَيْهَا ‘মায়ের যত্ন নাও; কেননা জান্নাত তাঁর পায়ের কাছে’(নাসায়ী ও ইবনে মাজাহ, সহীহ)।

তাই সন্তান মায়ের আনুগত্যে যতটা সচেষ্ট হবে, ততোটাই বেহেশতের নিকটবর্তী হবে। আর যতখানি অবাধ্য হবে, ঠিক ততখানিই বেহেশতের সুবাসিত প্রাঙ্গণ থেকে দূরে সরে পড়বে।

ইসলাম নারীকে এভাবেই করেছে মর্যাদার পাত্র। পক্ষান্তরে আধুনিক সভ্যতার দাবিদার বিশ্ব নারীর নারীত্বের ওপর চালিয়েছে ভয়াবহ আগ্রাসন। ছিনিয়ে নিয়েছে নারীর ইজ্জত-আব্রু-সম্মান। নারীকে করেছে সস্তা পণ্যদ্রব্যে পরিণত। নারীর প্রতি আধুনিক সভ্যতার আগ্রাসন জাহিলীযুগের বর্বরতাকে ছাড়িয়ে গিয়েছে বহু বহু গুণে। শত শত পুরুষের লোলুপ দৃষ্টির সামনে নারীকে ছেড়ে দিয়েছে সম্পূর্ণ বিবস্ত্র করে, যা দেখে আবু জেহেল আবু লাহাবের মাথাও লজ্জায় নুয়ে পড়বে। নারীর সৌন্দর্যকে পণ্য করে ব্যবসা করছে ফিল্ম ইন্ডাস্ট্রিজ, সিনেমা-নাটক নির্মাতা

প্রতিষ্ঠান। নারীর সৌন্দর্যকে বিক্রি করা হচ্ছে বিভিন্ন কোম্পানি থেকে উৎপাদিত পণ্যের মোড়কে। নানা ধরনের পণ্যের বিজ্ঞাপনে, টিভি অথবা পত্রিকার পাতায়। নারীর সৌন্দর্যকে বিক্রি করা হচ্ছে রিসপশনিস্টের ডেসকে। উড়ো জাহাজে বিমানবালা রূপে, অথবা হোটেল রেস্টুরেন্টে সেবিকা হিসেবে। পণ্য ও নারী বর্তমানে একাকার। তথাকথিত আধুনিক সভ্যতার ধারক বাহকরা নারীর প্রতি এভাবেই চালিয়েছে সর্বাত্মক আক্রমণ। ছিনিয়ে নিয়েছে নারীর পবিত্র ও মর্যাদাময় সত্তা। পুরুষের অভিভাকত্বের শীতল ছায়া থেকে নারীকে বের করে ছেড়ে দিয়েছে খরতাপ রোদে ঘর্মাক্ত হতে। ঘরের সম্মানজনক দায়িত্ব, সন্তান লালন ও ভবিষ্যৎ প্রজন্ম গড়ার দায়িত্ব, পরিবার গড়ার দায়িত্ব ইত্যাদি থেকে বঞ্চিত করে নারীকে ঠেলে দিয়েছে উন্মুক্ত মাঠে, পুরুষের মতোই মাথার ঘাম পায়ে ফেলে জীবিকা অর্জনের বিক্ষুব্ধ ময়দানে, যেখানে নারীকে মিশতে হচ্ছে সৎ-অসৎ ও ফাসেক-ফুজ্জারদের সাথে। কখনো বা বিক্রি করতে হচ্ছে তার সম্ভ্রম চাকরি রক্ষার প্রয়োজনে। পুরুষ কর্মীদের হাতে শিকার হতে হচ্ছে নানা প্রকার হয়রানির।

আল্লাহ যা হালাল করেছেন আধুনিক সভ্যতার পতকাবাহীরা তা করে দিচ্ছে হারাম। একাধিক বিবাহ আল্লাহ তা'আলা হালাল করেছেন যার মাধ্যমে, প্রায় সকল দেশেই পুরুষের তুলনায় অধিক সংখ্যায় থাকা, নারীরা পুরুষের অভিভাকত্ব পেয়ে যাপন করতে পারে সম্মানজনক ও নিরাপদ জীবন। আধুনিক সভ্যতা পুরুষের জন্য একাধিক বিবাহ হারাম করে বর্ধিত সংখ্যার নারীদের ছেড়ে দিচ্ছে ফেতনা-ফাসাদের পঙ্কিল গহ্বরে অথবা অসহনীয় একাকিত্বের নরকসম যন্ত্রনায়। অন্নবস্ত্রের প্রয়োজনে কাজের সন্ধানে পুরুষের আশ্রয়হীন নারী কখনো কখনো বাধ্য হচ্ছে একাকি পাড়ি জমাতে ভিনদেশে। বাধ্য হচ্ছে মাহরামবিহীন সফর করতে, পরপুরুষদের মাঝে বসবাস করতে, নিজ ইজ্জত-আব্রুকে সদা হুমকির মুখে রেখে অন্নবস্ত্রের জোগান দিতে। আল্লাহর শত্রুরা, মানবতার শত্রুরা এভাবেই নারীকে করেছে বিপর্যস্ত। নারীত্বকে করেছে সর্বার্থে ধ্বংস।

এ চরম অন্যায়-আগ্রাসন সত্ত্বেও ওরা যখন নারীর অধিকার রক্ষক বলে নিজদের প্রচার করে তখন সত্যিই হাসি পায়। এর চেয়েও বেশি আশ্চর্যের উদ্রেক হয় যখন মুসলমানদের অনেককেই দেখা যায় পত্র-পত্রিকা অথবা ইলেকট্রনিক মিডিয়ায় অভিন্ন বোল প্রচার করতে। এ প্রকৃতির লোকদের প্রতিই ইঙ্গিত করে ইরশাদ হয়েছে : كَذَلِكَ قَالَ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ مِثْلَ قَوْلِهِمْ تَشَابَهَتْ قُلُوبُهُمْ ÔG fv‡eB, hviv Zv‡`i c‡e wQj Zviv Zv‡`i K_vi gZ K_v e‡j‡Q| Zv‡`i Ašimgn GKB iKg n‡q wM‡q‡QÕ (miv Avj evKviv : 118)।

প্রিয় হাযেরীন! আজকাল অনেকেই বলে থাকেন, মেয়েরা বাড়ির ভেতর আবদ্ধ পরিবেশে অবস্থান করলে তাদের স্বাস্থ্য নষ্ট হয়ে যাবে। বিভিন্ন রোগ-ব্যাধিতে আক্রান্ত হবে। এ বিষয়ে মৌলিক কথা হলো, প্রথমেই প্রতিটি মুসলমানকে এ বিশ্বাস রাখতে হবে যে, আল্লাহ তা'আলা যেভাবে সমগ্র জাহানের মালিক, সুস্থতা-অসুস্থতারও তিনিই মালিক। সুতরাং আল্লাহর বিধানের অনুসরণ করতে গিয়ে কেউ রোগ-ব্যাধির কবলে পড়বে এটা কেবল অবাস্তবই নয় অযৌক্তিকও বটে।

মুহতারাম শ্রোতামণ্ডলী! 'পর্দার বিধান নারী-স্বাস্থ্যের জন্য ক্ষতিকর>– এ ধরনের উক্তি সত্যের অপলাপ ও একশ ভাগ মিথ্যা বৈ কিছু নয়। কারণ আজ চৌদ্দশ বছর যাবত মুসলিম মা-বোনেরা পর্দার বিধান মেনে আসছেন। পর্দা যদি সত্যিই নারীদের জন্য স্বাস্থ্যহানীর কারণ হতো, তাহলে তো পর্দানশীন প্রতিটি নারীই থাকতো রুগ্ন, অসুস্থ, ব্যাধিগ্রস্ত। তারা হতো দুর্বল, শক্তিহীন ও অক্ষম। কিন্তু বাস্তবতা কি তার উল্টো নয়? জরিপ চালিয়ে দেখা গেছে, পর্দানশীন মেয়েদের তুলনায় বেপর্দা নারীর স্বাস্থ্য অধিক দুর্বল। পর্দা যদি নারী স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হতো, তবে তো পুরুষের তুলনায় নারী মৃত্যুর হার বেশি হতো। অথচ স্বাস্থ্য সংস্থার রিপোর্ট কিন্তু সে কথা বলে না।

পর্দা যদি নারী স্বাস্থ্যের পরিপন্থি হতো, তাহলে পর্দানশীন মেয়েদের বাচ্চারা বেপর্দা নারীদের বাচ্চাদের চেয়ে বেশি সবল ও সুস্থ হতো না। অথচ স্বাস্থ্য সংস্থার জরিপে দেখা গেছে, বেপর্দা নারীর সন্তানের তুলনায় পর্দানশীন নারীর সন্তানই অধিক সুস্থ ও সবল থাকে।

আসল কথা হলো, পর্দার বিধান পালন নয়, পর্দার বিধান বর্জনই নারী স্বাস্থ্যের অবনতির মূল কারণ। এটা আমার নিজের কথা নয়, পাশ্চাত্য মনীষীরাই একথা স্বীকার করেছেন। তারা বলেছেন, পর্দা পরিহারের ফলে সহনশীলতা, বিচার-বুদ্ধি ও কাণ্ডজ্ঞান লোপ পায়। তাই পাশ্চাত্য নারীরা এশীয় নারীদের তুলনায় অধিক পরিমাণে

আত্মহত্যা করে থাকে।

বাস্তব সত্য হলো, 'পর্দার বিধান মেনে চলা এবং অবাধ মেলামেশা থেকে দূরে থাকা নারী স্বাস্থ্যের জন্য ক্ষতি-কর'– এ উক্তির স্বপক্ষে আজ পর্যন্ত একটা যুক্তিও খোঁজে পাওয়া যায়নি। পক্ষান্তরে পর্দার বিধান বর্জনে নারীর স্বাস্থ্যহানী ও চেহারার কোমলতা বিনষ্ট হয়, তা অনেকেই স্বীকার করেছেন।

প্রিয় উপস্থিতি! কোনো নারী যদি আল্লাহ তা'আলা র আদেশ মান্য করে ঘরবাসিনী হয়ে যায় এবং ঘর-দোরের নিয়ন্ত্রণ ও কার্য সম্পাদনের দায়িত্ব স্বীয় কাঁধে তুলে নেয়, তাহলে তাকে স্বাস্থ্যগত ব্যায়ামের জন্য পথে-প্রান্তরে ক্ষুধার্ত বন্য প্রাণীদের মতো ছুটে বেড়াতে হবে না। কারণ ব্যয়ামের লক্ষ্য হলো– ১. শ্বাস-প্রশ্বাস দ্রুততর হওয়া ২. দেহ ঘর্মাক্ত হওয়া ৩. দেহের পরতে পরতে কর্মক্লান্তি অনুভূত হওয়া। মূলত এ কয়টি কার্য হাসিলের জন্যই ব্যায়াম করা হয়। আর গবেষণায় দেখা গেছে, কোনো নারী যদি ঘর-সংসারের কাজকর্ম নিজ হাতে আঞ্জাম দেয়, স্বামীর খেদমত ও স্বীয় সন্তানের স্বাস্থ্য পরিচর্যায় নিজেই শ্রম নিবেদন করে, ঘর-দোর নিজেই পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে সচেষ্ট হয়, তাহলে একদিকে যেমন তার সন্তনেরা সুন্দর ও চমৎকার ভবিষ্যৎ নিয়ে গড়ে ওঠে, তেমনি তার শরীর, স্বাস্থ্য, মন-চিন্তাও থাকে সবল ও পূতঃপবিত্র। মূলত আজকের এই আধুনিক পৃথিবীও সেই স্বাস্থ্যবতী, কর্মপ্রেমী ও সংসারপ্রিয় নারীদের দিকেই তাকিয়ে আছে– যাদের হাতে গড়া সুস্থ-সবল সন্তানেরা অশান্ত, যুদ্ধমুখর এই পতিত পৃথিবীকে শোনাবে নতুন স্বপ্নের কথা, কল্যাণের কথা।

মোট কথা, নারী যদি তার নির্ধারিত আপন ভুবনে এসে যায়, তবেই সে পাবে পূর্ণ নিরাপত্তা– যেখানে তার জীবন, সম্ভ্রম, ব্যক্তিত্ব ও স্বপ্ন নিয়ে তাকে ভুগতে হবে না কোনো সংশয়ে। নিশ্চয়ই ঘরই নারীর ভুবন, নিরাপদ ইলাহী আশ্রয়।

স্কুল, কলেজ ও ভার্সিটির শিক্ষিত ভাইবোনদের জন্য আজ আমাদের দুঃখ হয়। কেননা তাদের অনেকেই ইসলাম সম্পর্কে না জেনে, পাশ্চাত্যের প্ররোচনায় ইসলাম ও ইসলামী বিধি-বিধান যেমনঃ পর্দা, নারী অধিকার ইত্যাদি নিয়ে মিথ্যা সমালোচনা করে ভ্রান্ত পথে ধাবিত হচ্ছেন। আর তাদেরই সমালোচনায় প্রভাবিত হয়ে কিছু নারীও আজ শোগান দিচ্ছে– পর্দাপ্রথা মানবো না, বদ্ধ ঘরে থাকব না'। আমি ঐসব মেয়েদের জিজ্ঞেস করতে চাই, হে নারী! কে তোমাকে বদ্ধ ঘরে আটকে রেখেছে? পর্দার বিধান তো তোমার অমঙ্গল কিংবা ক্ষতির জন্য দেওয়া হয়নি, বরং এ বিধান তো দেওয়া হয়েছে তোমার ইজ্জত ও নিরাপত্তা রক্ষার খাতিরেই। তদুপরি ইসলাম তো তোমাকে জরুরী প্রয়োজনে পর্দা বজায় রেখে ঘরের বাইরে বের হওয়ার অনুমতি দিয়েছে। প্রয়োজন ছাড়া তো পুরুষরাও ঘর থেকে বের হতে চায় না। তবে তুমি কেন বিনা প্রয়োজনে হাটে-ঘাটে ঘুরে বেড়াবে?

أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمْ .

নারীর মর্যাদা প্রতিষ্ঠায় ইসলাম

wØZxq LZev

اَلْحَمْدُ لله حَمْداً كَثِيْراً طَيِّباً مُبَارَكاً فِيْهِ كَمَا يُحِبُّ رَبُّنَا وَيَرْضَى، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، صَلَّىَ اللهُ عَلَيْهِ وَعَلى آلِهِ وَصَحْبِهِ، وَسَلَّمَ تَسْلِيْماً كَثِيْراً، أَمَّا بَعْدُ :

প্রিয় উপস্থিতি! আজ পশ্চিমারা মর্যাদা দানের নামে নারীকে কতটা মর্যাদাহীন করেছে তা ভাবতে গেলেও গা শিউরে ওঠে। বর্তমানে পশ্চিমা জগতে নারীর সতীত্ব যত সস্তা, অন্য কোনো জিনিস মনে হয় তত সস্তা নয়। আপনারা যদি কখনো ইউরোপ-আমেরিকা সফর করে থাকেন তবে দেখবেন, নারী অধিকারের নামে সেখানকার মেয়েদেরকে ঘর থেকে বের করে সমাজের যত ছোট ও নিকৃষ্ট মানের কাজ আছে তার সবই তাদের দ্বারা করানো হচ্ছে। হোটেলে পর্যটকদের রুম ঝাড়ু দেয়া, বিছানার চাদর বদলানো– সব দায়িত্বই মহিলাদের কাঁধে ন্যস্ত। মোটকথা, পুরুষের মনোরঞ্জনের জন্য এমন কোনো কাজ নেই যা তারা করে না।

আমার ভাবতে কষ্ট হয়, কোনো নারী যদি তার পরিবার-পরিজন আর ঘর-সংসার নিয়ে ব্যস্ত থাকে, তাহলে তার এ সুন্দর জীবনকে বলা হয় আবদ্ধ জীবন। সেটাকে বলা হয় গোঁড়ামী আর সেকেলে কাজ। অথচ এই নারীই যখন অল্প কটি টাকার বিনিময়ে বিমানবালা হয়ে হাজারো পুরুষের লোলুপ দৃষ্টির শিকার হয়ে তাদের সেবায় আত্মনিয়োগ করে, তখন সেটা হয় আধুনিকতা আর স্বাধীনতা, তার এই জীবন হয় স্বাধীন জীবন। বাহ! কী চমৎকার দর্শন!

মনে প্রশ্ন জাগে, কোনো পুরুষের জন্য যদি তার কার্যক্ষেত্রটি বন্দীশালা না হয়, তাহলে কোনো নারীর জন্য তার সংসার নামক কর্মক্ষেত্রটি কোন্ যুক্তিতে বন্দীশালা হবে?

মুসলমান ভাইগণ! আজকাল অনেকেই নারী স্বাধীনতার বুলি আউড়িয়ে নারীদেরকেও পুরুষদের কাজে অংশীদার বানাতে চায়। তাদের এসব কথার জবাব দিয়েছেন, তাদেরই এমন কিছু নারী-সহকর্মী যারা এই আন্দোলনে সক্রিয় অংশ নিয়েছিলেন এবং এই আন্দোলনকে সফলকাম করার জন্য ঘর-সংসার, স্বামী-সন্তান সবকিছু ত্যাগ করেছিলেন। কিন্তু আফসোস স্বাধীনতার সেই সোনার হরিণ তারা ধরতে পারেননি।

প্রিয় উপস্থিতি! আমার অত্যন্ত দুঃখ হয় তখন, যখন আধুনিক শিক্ষায় শিক্ষিত কোনো নামকরা পণ্ডিতের মুখ থেকে উচ্চারিত হয়– 'পর্দা নারী শিক্ষার অন্তরায়, উচ্চ শিক্ষার পরিপন্থি।'

এ ব্যাপারে আমার প্রথম কথা হলো– আসলে এ উক্তি একেবারেই অবাস্তব। এর কোনো মৌল ভিত্তি নেই। কেননা ইসলামের ইতিহাসে এমন অনেক বিদূষী মহিলার নাম স্বর্ণাক্ষরে লিপিবদ্ধ আছে যাদের জ্ঞান ও পাণ্ডিত্যের কাছে অনেক পণ্ডিতকে হার মানতে হয়েছে। এসব মহিলা নিজেরাই কেবল শিক্ষিত ছিলেন না, বরং শত শত নরনারীকে তাঁরা বিদ্যা ও জ্ঞানের অমৃত পরিবেশন করে গেছেন। যেমন, আয়েশা রাযি. ফাতেমা রাযি. কারীমা বিনতে আহমাদ র. হযরত হাফসা বিনতে সিরীন র. প্রমুখ। লক্ষ্যণীয় বিষয় হলো, এই জ্ঞান-পাণ্ডিত্য অর্জন করার জন্য তাদের কিন্তু পর্দা ছাড়তে হয়নি। পর্দার আড়ালে থাকা আমার মা ও বোনেরা! আপনারা ইসলামকে আঁকড়ে ধরুন। আল্লাহর দীনকে আঁকড়ে ধরুন। কেননা এই দীনই আপনাদেরকে সম্মানিত করেছে। আপনার মাকামকে উঁচু করেছে। আপনার দীনদারী ও নেক-আমলের বিনিময়ে আপনার জন্য পবিত্র জীবন নিশ্চিত করার ঘোষণা দিয়েছে। ইরশাদ হয়েছে : مَنْ عَمِلَ صَالِحًا مِنْ ذَكَرٍ أَوْ أُنْثَى وَهُوَ مُؤْمِنٌ فَلَنُحْيِيَنَّهُ حَيَاةً طَيِّبَةً وَلَنَجْزِيَنَّهُمْ أَجْرَهُمْ بِأَحْسَنِ مَا كَانُوا يَعْمَلُونَ '†h gwgb Ae¯vq †bK Avgj Ki‡e, ciæl †nvK ev bvix, Awg Zv‡K cwe Î Rxeb `vb Kie Ges Zv‡`i hv KiZ Zvi Zjbvq Aek¨B Awg Zv‡`i‡K DËg cwZ`vb †`e̊ (miv Avb-bvnj:97)।

হে সম্মানিতা নারী! ইসলাম আপনাকে মানবরূপী পশুদের অত্যাচারে নিপতিত হওয়া থেকে রক্ষা করেছে। ইসলামের পূর্বে নারীর যে অমর্যাদাকর অবস্থা ছিল তা স্মরণ করুন। বর্তমানে পাশ্চাত্য বিশ্বে নারীর যে অধঃপতিত, ন্যাক্কারজনক অবস্থা তা স্মরণ করুন। আর জেনে রাখুন, পাশ্চাত্যের ধারায় নারী স্বাধীনতায় আদৌ কোনো কল্যাণ নেই, বরং তা নারীকে দেয় এক নারকীয় জীবন, অসহ্যকর জীবন, যা দুনিয়া ও আখিরাত উভয় জগতেই বয়ে আনে চরম অন্ধকার, মর্মন্তুদ আযাব।

আর মনে রাখবেন আল্লাহ তা'আলা কিভাবে তাঁর আনুগত্যকারী ও তাঁর রাসূলের অনুসরণকারী নারীদেরকে বিশেষ মর্যাদা প্রদান করেছেন। খাদিজা রাযি. কে স্বয়ং আল্লাহ তা'আলা সালাম প্রেরণ করেছেন। আবু হুরায়রা রাযি. বর্ণনা করেন : أَتَى جِبْرِيلُ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللهِ هَذِهِ خَدِيجَةُ قَدْ أَتَتْ، مَعَهَا إِنَاءٌ فِيهِ إِدَامٌ أَوْ طَعَامٌ أَوْ شَرَابٌ، فَإِذَا هِيَ أَتَتْكَ فَاقْرَأْ عَلَيْهَا السَّلَامَ مِنْ رَبِّهَا، وَمِنِّي وَبَشِّرْهَا بِبَيْتٍ فِي الْجَنَّةِ مِنْ قَصَبٍ لَا صَخَبَ فِيهِ وَلَا نَصَبَ 'জিবরীল আলাইহিস সালাম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এলেন। বললেন,'ইয়া রাসূলালাহ! এই তো খাদিজা এসেছে। তাঁর সাথে একটি পাত্র রয়েছে যাতে তরকারি, অথবা খাবার অথবা পানীয় রয়েছে। সে যখন আসবে আপনি তাঁর রবের পক্ষ থেকে তাঁর প্রতি সালাম বলবেন। আমার পক্ষ থেকেও সালাম বলবেন। আর তাঁকে বাঁশ দিয়ে তৈরি বেহেশতের একটি বাড়ির সুসংবাদ দিবেন যাতে কোনো হইহুলোড় নেই, নেই কোনো ক্লান্তি' (বুখারী)।

পরিশেষে বলতে চাই। একমাত্র ইসলামই নারীকে দিয়েছে যথাযথ মর্যাদা। নারীকে তুলে এনেছে অসম্মান ও অমর্যাদার গহ্বর থেকে। বসিয়েছে সম্মানের শিল্পিত আসনে। তাই ইসলাম ছাড়া অন্য কোথাও যদি নারী তার সম্মান ও মর্যাদা তালাশ করে তবে তা হবে কেবল মরীচিকার পেছনে দৌড়ঝাঁপ, যা কেবল নারীর অসম্মান ও গ্লানীকেই বাড়িয়ে দেবে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ على إِبْرَاهِيْمَ وَعلى آلِ إِبْرَاهِيْمِ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اَللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنَ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনি আমাদের নারীদেরকে হিফাযত করুন। নারীর প্রতি যারা আগ্রাসন চালাচ্ছে তাদেরকে আপনি প্রতিহত করুন। তাদের সকল ষড়যন্ত্র বানচাল করে দিন। নারী সম্প্রদায়কে আপনি সঠিক সম্মান ও মর্যাদা বুঝার তাওফীক দান করুন। হে আল্লাহ! নারীদের ইজ্জত-আব্রু হিফাযত করুন। সকল প্রকার হয়রানি থেকে তাদের রক্ষা করুন। ইসলামের শীতল ছায়ায় তারা যাতে পবিত্র জীবন যাপন করতে পারে আপনি সে তাওফীক দান করুন।

হে আল্লাহ! স্ত্রী-কন্যা, মাতা-ভগ্নীর অধিকার আদায়ে আমরা যেন কোনো ত্রুটি না করি আমাদেরকে সে তাওফীক দান করুন। হে আল্লাহ সমস্ত গুনাহ থেকে আপনি আমাদেরকে হিফাযত করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهِ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

নসীহত ও আমানত

LZevq hv _vK‡e

১. দীন হলো নসীহত

২. নসীহতের ফযীলত ও তাৎপর্য

৩. আমানত: অর্থ ও ফযিলত

৪. নসীহত ও আমানত আদায়ে বিচ্যুতি থেকে সতর্ক করা

c_g LZev

اَلْحَمْدُ للهِ الَّذِيْ خَلَقَ الْخَلْقَ لِيَعْبُدُوهُ، وَأَبَانَ آيَاتِهِ لِيَعْرِفُوْهُ، وَأَرْسَلَ رُسُلَهُ وَأَنْبِيَاءَهُ نُصَحَاءَ أُمَنَاءَ لِيَعْرِفَ النَّاسُ طَرِيْقَ الْوُصُولِ إِلَيْهِ، وَأَشْهَدُ أَن لَّا إِلٰهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ، وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ، وَأَشْهَدُ أَنَّ نَبِيَّنَا مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّينِ، أَمَّا بَعْدُ :

Avcbv‡i j‡q weeZ iwn‡Z
Av‡m bvB †Kn Aebx c‡i
mK‡ji Z‡i mK‡j Avgiv
c‡Z¨‡K Avgiv c‡ii Z‡i|

gnZvivg nv‡hixb! আজ আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা রাখব। বিষয়টি এতই জরুরী যে, প্রতিটি মুসলমান নর-নারী তার প্রতি মুখাপেক্ষী। শুধু তাই নয়, প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে পূর্ণ দীন বলে অভিহিত করেছেন এবং সমস্ত নবী-রাসূল তার ওপর আমল করেছেন। বিষয়টি হলো, নসীহত বা কল্যাণকামিতা।

নসীহত কাকে বলে?– এ সম্পর্কে ইমাম খাত্তাবী রহ. ও অন্যান্যরা বলেন, ÔbmxnZ n‡jv, A‡b¨i fv‡jv PvIqv ev Kj¨vY Kvgbv KivÕ|

wcq gmwjøqvb! আল্লাহ তা'আলার একমাত্র মনোনীত দীন হলো ইসলাম। আর ইসলামের মূল ভিত্তি হলো-নসীহত। যেমন নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন،الدِّيْنُ النَّصِيْحَةُ، الدِّيْنُ النَّصِيْحَةُ، الدِّيْنُ النَّصِيْحَةُ، قَالُوْا : لِمَنْ يَا رَسُوْلَ اللهِ؟ قَالَ : للهِ وَلِكِتَابِهِ وَلِرَسُوْلِهِ وَلِأَئِمَّةِ الْمُسْلِمِيْنَ وَعَامَّتِهِمْ 'দীন হলো নসীহত, দীন হলো নসীহত, দীন হলো নসীহত। সাহাবায়ে কেরাম জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রাসূল! নসীহত কার জন্য? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: মহান আল্লাহ, তাঁর কিতাব, তাঁর রাসূল, মুসলমানদের ইমাম এবং সমস্ত মুসলমানের জন্য' (মুসলিম)।

সুতরাং যখন কোনো বান্দা হাদীসে বর্ণিত ক্ষেত্রসমূহের জন্য পরিপূর্ণরূপে নসীহত বা কল্যাণ কামনা করবে তখন তার দীন পূর্ণ হবে। আর এতে যার যতটুকু কমতি থাকবে তার দীন ততটুকু কম থাকবে।

mwcq gmwjøqvb! আল্লাহর জন্য নসীহতের অর্থ, যাবতীয় আমল একমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্য করা এবং তার সন্তুষ্টি অর্জনে আন্তরিক হওয়া। এটা এভাবে করতে হবে যে, প্রতিটি মানুষ নিজকে সত্যিকার অর্থেই আল্লাহ তা'আলার দাস বলে মনে করবে, তাঁর যে কোনো ফয়সালা মেনে নিবে, তিনি যা দিয়েছেন তা নিয়েই তুষ্ট থাকবে, তাঁর আদেশগুলো পালন করবে ও নিষেধগুলো বর্জন করবে এবং উল্লিখিত সকল ক্ষেত্রে আল্লাহর সন্তুষ্টিকেই উদ্দেশ্য ও মকসুদ বানাবে; কোনো অবস্থাতেই লৌকিকতা ও সুনাম-সুখ্যাতি কামনা করবে

না।

আল্লাহর কিতাবের জন্য নসীহতের অর্থ

আল্লাহর কিতাবের জন্য নসীহতের অর্থ হলো, তা তিলাওয়াত করা, তাতে বর্ণিত আদেশ-নিষেধগুলো মেনে চলা, তার বিষয়সমূহের সত্যায়ন করা, ভ্রান্ত মতালম্বীদের রদবদল ও মুলহিদদের অপব্যাখ্যা থেকে তাকে রক্ষা করা এবং এ বিশ্বাস রাখা যে, এটা মহান রাব্বুল আলামীন, আল্লাহ তা'আলা র কালাম, যা ওহীর মাধ্যমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওপর অবতীর্ণ হয়েছে।

আল্লাহর রাসূলের জন্য নসীহতের অর্থ

আল্লাহর রাসূলের জন্য নসীহতের অর্থ হলো, তাঁকে মনেপ্রাণে মহব্বত করা, জাহেরী বাতেনী উভয় দিক দিয়ে তাঁর অনুসরণ করা, তাঁর জীবদ্দশায় ও মৃত্যুর পর তাঁকে সাহায্য করা, তাঁর বক্তব্য ও হেদায়েতকে অন্যসব বক্তব্য ও হেদায়েতের ওপর প্রাধান্য দেয়া ইত্যাদি।

মুসলমানদের ইমামের জন্য নসীহতের অর্থ

মুসলমানদের ইমাম বা শাসকগোষ্ঠির জন্য নসীহতের অর্থ হলো, তাদের সাথে ঘনিষ্ঠ সম্পর্ক রাখা, তাদেরকে ঐসব বিষয়ে সুপরামর্শ দেয়া যেসব বিষয়ে উম্মতের দীন ও দুনিয়ার ফায়দা নিহিত আছে এবং সেই সুপরামর্শ বাস্তবায়নের ক্ষেত্রে তাদেরকে সাহায্য-সহযোগিতা করা। যতক্ষণ পর্যন্ত তারা আল্লাহর নাফরমানীর নির্দেশ না দেয় ততক্ষণ পর্যন্ত তাদের কথা শোনা ও মানা এবং এই বিশ্বাস রাখা যে, তারা আমাদের অনুসরণীয় ব্যক্তি। কেননা এর বিপরীত করা তাদের নির্দেশাবলীর প্রতি বৃদ্ধাঙ্গুলী প্রদর্শন এবং সীমাহীন বিভেদ-বিশৃঙ্খলা সৃষ্টি বৈ কিছু নয়।

সমস্ত মুসলমানের জন্য নসীহতের অর্থ

সমস্ত মুসলমানের জন্য নসীহতের অর্থ হলো, নিজের জন্য যা পছন্দ করা হয় তা তাদের জন্য পছন্দ করা, তাদের জন্য কল্যাণের যাবতীয় দরজা খুলে দেয়া, কল্যাণের প্রতি তাদেরকে উদ্বুদ্ধ করা, মন্দ ও অকল্যাণের যাবতীয় পথ বন্ধ করা এবং তা থেকে তাদেরকে দূরে রাখা। পরস্পরে ভালোবাসা ও ভ্রাতৃত্বের বিনিময় করা, তাদের সৌন্দর্য ও গুণসমূহের প্রচার করা এবং দোষসমূহ গোপন রাখা। যালেম-মাযলুম– উভয়কে সাহায্য করা। তা এভাবে যে, যালেমকে তার যুলম থেকে বিরত রাখা এবং মযলুমকে যুলম থেকে রক্ষা করা।

যখন কোনো সমাজ উল্লিখিত ভিত্তির ওপর প্রতিষ্ঠিত হবে তখন সেখানে সুখ-শান্তি ও সমৃদ্ধি বিরাজ করবে এবং সমাজের লোকজন স্বাচ্ছন্দময় ও প্রশংসনীয় জীবনযাপন করবে।

†n Avjøvni ev›`vMY! পূর্বের আলোচনা দ্বারা একথা পরিস্কার হয়ে গেছে যে, নসীহত বা কল্যাণকামিতা গোটা দীনকে শামিল করে। শামিল করে দীনের ছোট-বড় সকল শাখা-প্রশাখাসহ আল্লাহ ও তার বান্দাদের যাবতীয় হক বা অধিকারসমূহকে।

সুতরাং যেখানে আল্লাহর হক পদদলিত করে হারামকর্ম সম্পাদন করার দুঃসাহস দেখানো হয়, সেখানে কি আল্লাহর জন্য নসীহত থাকে?

এমনিভাবে যেখানে আমানতের খেয়ানত করা হয় এবং লেনদেনে ধোঁকা দেওয়া হয় সেখানে কি নসীহত থাকে?

অনুরূপভাবে যেখানে মুমিনদের মাঝে অশ্লীলতা ছড়িয়ে পড়ার কামনা করা হয় এবং যেখানে তাদের দোষক্রটি ও পদস্খলন খুঁজে বেড়ানো হয় সেখানে কি নসীহত থাকে? বস্তুত যাদের মধ্যে এগুলো বিদ্যমান তারা নসীহত বা কল্যাণকামিতার গুণ থেকে বহু দূরে অবস্থান করছে।

কল্যাণকামীদের জন্য সুসংবাদ! আর ধোঁকাবাজদের জন্য আফসোস!! আল্লাহ তা'আলা আমাকে এবং আপনাদের সবাইকে নসীহতের গুণে গুনান্বিত করুন এবং লাঞ্ছনা ও অপমানের যাবতীয় উপায়-উপকরণ থেকে হেফাযত করুন। আমীন।

কল্যাণকামী ব্যক্তিকে কল্যাণ কামনার সময় যেসব বিষয়ের দিকে খেয়াল রাখতে হবে

১. নসীহত যার জন্যই হোক না কেন, তাতে কোনো রিয়া বা লৌকিকতা থাকবে না। থাকবে না কোনো সুনাম বা সুখ্যাতি অর্জনের কামনা-বাসনা; বরং নসীহত বা কল্যাণকামনা হবে শুধু আল্লাহ তা'আলার সন্তুষ্টি অর্জনের উদ্দেশ্যে। অন্যকোনো উদ্দেশ্যে নয়। কেননা যেসব কাজ আল্লাহর সন্তুষ্টির জন্য করা হয় না তা আল্লাহ তা'আলা কবুল করেন না। আল্লাহ তা'আলা বলেন: وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ ÔZv‡`i‡K †Kej G wb‡`kB †`Iqv n‡q‡Q †h, Zviv LvwU g‡b GKwbôfv‡e Avjøvni Bev`Z Ki‡eÕ (miv ewq¨bvn: 5)।

২. নসীহত হতে হবে ইলমনির্ভর। অর্থাৎ যে বিষয়ের নসীহত করা হচ্ছে, সে বিষয়ে নসীহতকারীর স্পষ্ট জ্ঞান থাকতে হবে।

৩. নসীহতকারীকে অবশ্যই আমানতদার ও বিশ্বস্ত হতে হবে। যেমন আল্লাহ তা'আলা হূদ আলাই-হিস সালামের ঘটনা বর্ণনা করতে গিয়ে বলেন: أُبَلِّغُكُمْ رِسَالَاتِ رَبِّي وَأَنَا لَكُمْ نَاصِحٌ أَمِينٌ ÔAwg †Zvgv‡`i wbKU Avgvi i‡ei cqMvg †cŠ‡Q †`B| Avi Awg †Zvgv‡`i Rb¨ GKRb wek¯Kj¨vYKvgxI e‡UÕ (miv Avj Avivd:68)।

৪. শাসক-শাসিত সবার জন্য নসীহত হবে গোপনে। তবে নসীহত বা কল্যাণকামনার বিষয়টি যদি এমন হয় যে, গোপনে তা সম্পাদন করা সম্ভব নয় তখন তা প্রকাশ্যে করাতে কোনো অসুবিধা নেই। বিশেষ করে বিষয়টি যদি ইজমা তথা সকলের ঐক্যমতে প্রতিষ্ঠিত কোনো বিষয়ের বিরোধিতা প্রতিহত করার জন্য হয় তবে তো সেই নসীহত অবশ্যই প্রকাশ্যে করতে হবে।

৫. যার কল্যাণ কামনা করা হয় তার থেকে কল্যাণাকামীকে বেশী জ্ঞানী, মর্যাদায় বড় এবং ন্যায়পরায়ণতায় পূর্ণতাপ্রাপ্ত হওয়া জরুরী নয়।

ইমাম আহমদ ইবনে ইসহাক বলেন, 'স্বল্পজ্ঞানী ব্যক্তি যদি অধিকজ্ঞানী ব্যক্তিকে অন্যায় কর্মে বাধা দিতে না পারত, তাহলে আমর বিল মারুফ বা সৎকাজের আদেশ করার বিষয়টি বন্ধ হয়ে যেত এবং আমরা বনী ইসরাঈলের মতো হয়ে যেতাম। যেমন আল্লাহ তা'আলা বলেন: كَانُوا لَا يَتَنَاهَوْنَ عَنْ مُنْكَرٍ فَعَلُوهُ لَبِئْسَ مَا كَانُوا يَفْعَلُونَ ÔZviv ci¯úi‡K g›` Kv‡R wb‡la KiZ bv, hv Zviv KiZÕ (miv gwq`v: 79)।

মোটকথা, কম সম্মানী ব্যক্তি অধিক সম্মানী ব্যক্তিকে এবং পাপাচারী ব্যক্তি নেককার ব্যক্তিকেও নসীহত করতে পারবে। পারবে তাকে অন্যায় ও গর্হিত কর্ম থেকে ফিরিয়ে রাখতে এবং এসব বিষয়ে তাকে সতর্ক করতে। তবে এক্ষেত্রে তাদের ইজ্জত-সম্মানের প্রতি অবশ্যই খেয়াল রাখতে হবে, যাতে তাদের মর্যাদায় কোনো আঘাত না লাগে।

GKevi nvmvb emix in. GK †jvK‡K †`L‡jb †h, †m GK e¨w³i Rvbvhv c‡o wdi‡Q| nvmvb emix in. Zv‡K wR‡Ám Ki‡jb, †Zvgvi wK Gi/c g‡b nq †h, †jvKwU hw` cbivq `wbqvq wd‡i Avm‡Z cviZ Z‡e wK †m †bK Avgj KiZ?

†jvKwU Rev‡e ejj, n¨v| ZLb nvmvb emix in. ej‡jb, †m †Zv Avi wd‡i Avm‡Z cvi‡e bv Ges †bKAvgjI Ki‡Z cvi‡e bv; wKš Zwg †Zv RxweZ AvQ| ZvB Zwg Zvi ¯‡j †cŠQvi Av‡MB †bK Avgj K‡i bvI|

আমরা যদি খুলাফায়ে রাশেদীন এবং হেদায়েতপ্রাপ্ত ইমামগণের জীবনের দিকে দৃষ্টিপাত করি তাহলে দেখব যে, তাদের কোনো দোষ কেউ ধরিয়ে দিলে তারা তাতে বেশ খুশি হতেন এবং কল্যাণকামী ব্যক্তির প্রশংসায় পঞ্চমুখ হতেন। এটাকে তারা মোটেই খারাপ মনে করতেন না।

Ave eKi iwh. e‡jb, †KD Avgv‡`i †`vI a‡i w`‡j Avgiv hw` Zv MnY bv Kwi Z‡e Avgv‡`i g‡a¨ †Kv‡bv Kj¨vY †bB| Avi †Zvgv‡`i g‡a¨I †Kv‡bv Kj¨vY †bB, hw` †Zvgiv

Avgv‡`i †`vI-Îæw U bv aiÓ|

Dgi iwh. e‡jb, †h e¨w³ Avgvi †Kv‡bv †`vl awi‡q w`j Avjøvn ZvÔAvjv Zvi Icic ing Kiæb|

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ, أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ .

নসীহত ও আমানত

wØZxq LZev

الْحَمْدُ للهِ رَبِّ الْعَالَمِيْنَ، أَحْمَدُهُ سُبْحَانَهُ وَأَشْكُرُهُ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنْ نَبِيَّنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ صَلَّى اللهُ وَسَلَّمَ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّينِ، أَمَّا بَعْدُ:

mwcq gmwjøqvb! আমানত একটি বিরাট দায়িত্ব ও ভারী বোঝা। তবে আল্লাহ তা'আলা যার জন্য তা হালকা করে দেন তার কথা ভিন্ন। আল্লাহ তা'আলা বলেন **إِنَّا عَرَضْنَا الْأَمَانَةَ عَلَى السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَالْجِبَالِ فَأَبَيْنَ أَنْ يَحْمِلْنَهَا وَأَشْفَقْنَ مِنْهَا وَحَمَلَهَا الْإِنْسَانُ إِنَّهُ كَانَ ظَلُومًا جَهُولًا.** Ôwbðq Awg Avmgvbmgn, hgxb I ceZgvjvi cwZ G AvgvbZ †ck K‡iwQg AZtci Zviv Zv enb Ki‡Z A¯^xKvi K‡i‡Q Ges G‡Z fxZ n‡q‡Q| wbðq †m wQj AwZkq hvwjg, GKvšB AÁÓ (miv Avnhve: 72)।

আমানত কাকে বলে? আমানত হলো, একমাত্র আল্লাহ তা'আলার সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে তার হক ও ইবাদতসমূহ শরীয়ত সমর্থিত পন্থায় আদায় করা এবং কোনো ধরনের ত্রুটি ও কম না করে মানুষের হকসমূহ আদায় করা।

gmwjg fvB I eÜMY! আল্লাহ তা'আলা আমাদের নির্দেশ দিয়েছেন আমরা যেন আমানতকে তার নিজ নিজ হকদারের কাছে পৌঁছে দেই এবং লোকদের মাঝে ন্যায়বিচার করি। বস্তুত এ দুটি বিষয় এতটাই গুরুত্বপূর্ণ যে, এগুলো ছাড়া আমানতের অস্তিত্বই কল্পনা করা যায় না।

wcq gmwjøqvb! আমরা সবাই জানি যে, আমানত রক্ষা করার এই গুরুদায়িত্ব সবখানেই আছে। আছে প্রতিটি জিনিসের মধ্যে। যেমন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: كُلُّكُمْ رَاعٍ، وَكُلُّكُمْ مَسْؤُوْلٌ عَنْ رَعِيَّتِهِ، فَالْإِمَامُ رَاعٍ، وَهُوَ مَسْؤُوْلٌ عَنْ رَعِيَّتِهِ، وَالرَّجُلُ رَاعٍ فِيْ أَهْلِهِ، وَهُوَ مَسْؤُوْلٌ عَنْ رَعِيَّتِهِ، وَالْمَرْأَةُ رَاعِيَةٌ فِيْ بَيْتِ زَوْجِهَا، وَهِيَ مَسْؤُوْلَةٌ عَنْ رَعِيَّتِهَا ، وَالْخَادِمُ رَاعٍ فِيْ مَالِ سَيِّدِهِ، وَهُوَ مَسْؤُوْلٌ عَنْ رَعِيَّتِهِ، وَالرَّجُلُ رَاعٍ فِيْ مَالِ أَبِيْهِ وَهُوَ مَسْؤُوْلٌ عَنْ رَعِيَّتِهِ، فَكُلُّكُمْ رَاعٍ، وَكُلُّكُمْ مَسْؤُوْلٌ عَنْ رَعِيَّتِهِ 'সরকারপ্রধান বা আমীর তার প্রজাদের ব্যাপারে দায়িত্বশীল। সে এ ব্যাপারে জিজ্ঞাসিত হবে। ব্যক্তি তার পরিবার-পরিজনের ব্যাপারে দায়িত্বশীল। সে তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে। স্ত্রী তার স্বামীর ঘরে দায়িত্বশীল। সেও তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে। খাদেম তার মনিবের সম্পদে দায়িত্বশীল। সে তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে। ব্যক্তি তার পিতার সম্পদে দায়িত্বশীল। সে তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে। সুতরাং তোমাদের প্রত্যেকেই দায়িত্বশীল এবং প্রত্যেকেই তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে' (বুখারী)।

wcq gmwjøqvb! আমানতের বিষয়টি কেবল অর্থ-সম্পদ আদায় ও অঙ্গীকার পূরণের মধ্যেই সীমাবদ্ধ নয়। বরং এটি একটি ব্যাপক অর্থবোধক শব্দ।

আমানত হচ্ছে– তাওহীদের বৃক্ষ, ঈমানের ফল, হিজরতকারীদের জন্য ছায়া এবং মুসাফিরের জন্য পাথেয় স্বরূপ।

এটা মূল্যবান মোতি, স্বচ্ছ মণি এবং দক্ষ কারীগরের হাতে নির্ভেজাল খনি সদৃশ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: إِنَّ الْأَمَانَةَ نَزَلَتْ فِيْ جَذْرِ قُلُوْبِ الرِّجَالِ ثُمَّ عَلِمُوْا مِنَ الْقُرْآنِ ثُمَّ عَلِمُوْا مِنَ السُّنَّةِ

‘নিশ্চয় আমানত প্রথমে মানুষের হৃদয়ের মনিকোঠায় অবতীর্ণ হয়েছে। অতঃপর তারা তাকে কুরআন থেকে শিখেছে, তারপর শিখেছে হাদীস থেকে’ (বুখারী)

আমানত হলো, আল্লাহ তা‘আলার বিধি-বিধানকে মানবজীবনের প্রতিটি অঙ্গনে প্রতিষ্ঠা করা। আল্লাহ তা‘আলা ইরশাদ করেন: الَّذِينَ إِنْ مَكَّنَّاهُمْ فِي الْأَرْضِ أَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ وَأَمَرُوا بِالْمَعْرُوفِ وَنَهَوْا عَنِ الْمُنْكَرِ وَلِلَّهِ عَاقِبَةُ الْأُمُورِ ÔZviv Ggb hv‡`i‡K Avwg hgx‡b ¶gZv `vb Ki‡j Zviv mvjvZ Kv‡qg Ki‡e, hvKvZ †`‡e Ges mrKv‡Ri Av‡`k †`‡e I AmrKvR †_‡K wb‡la Ki‡e; Avi me Kv‡Ri cwiYvg Avjøvni B AwaKv‡iÕ (miv Avj-n¾: 41)।

নামায একটি আমানত। যখন কোনো ব্যক্তি নামায নষ্ট করে তখন সে নামায ছাড়া অন্যান্য আমলকে আরো বেশি নষ্ট করবে।

ইমাম যুহরী রহ. বলেন, একদা আমি দামেস্কে আনাস ইবনে মালিক রাযি. এর খেদমতে উপস্থিত হলাম। দেখলাম, তিনি অঝোরে কাঁদছেন। আমি তাঁকে প্রশ্ন করলাম, কেন কাঁদছেন?

জবাবে তিনি বললেন, এখানে আমি নামায ছাড়া অন্য কোনো আমল ঠিকঠাক মতো কাউকে করতে দেখিনি। আজ দেখছি তাও নষ্ট হয়ে গেছে। অর্থাৎ লোকজন এখন নামায ও ঠিকমত আদায় করছে না (বুখারী)।

যাকাতও আমানত। আবূ বকর সিদ্দীক রাযি. যাকাত প্রদানে অস্বীকারকারীদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন এবং তাদেরকে মুরতাদ বা ধর্মত্যাগী বলে আখ্যায়িত করেন।

রোযা , হজ্ব, মানুষদেরকে আল্লাহর পথে আহ্বান করা, সর্বদা আল্লাহকে স্মরণ করা, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর আনুগত্য করা এবং জীবনের শেষদিন পর্যন্ত দীনের ওপর অটল থাকাও আমানত। পিতা-মাতার সাথে সদাচরণ, মুসলমানদের ধন-সম্পদ হিফাযত করা এবং অন্যের মান-সম্মান রক্ষা করাও আমানত। অধিকার সংরক্ষণের শক্তিও এক প্রকার আমানত। যেমন বাদশাহ ইউসুফ আলাইহি সালামকে বলেছিলেন: إِنَّكَ الْيَوْمَ لَدَيْنَا مَكِينٌ أَمِينٌ. قَالَ اجْعَلْنِي عَلَى خَزَائِنِ الْأَرْضِ إِنِّي حَفِيظٌ عَلِيمٌ Ôwbðq AvR Avcwb Avgv‡`i wbKU gh©v`vevb I Av¯vfvRb| †m ejj, Avgv‡K ivóªxq †KvlvMv‡ii `vwqZ¡ w`b, wbðq Avwg h_vh_ wndvhZKvix, mweÁÕ (miv BDmd: 54-55)।

নবী শুয়াইব আলাইহিস সালামের কন্যা মূসা আলাইহিস-সালাম সম্পর্কে বলেছিলেন: يَا أَبَتِ اسْتَأْجِرْهُ إِنَّ خَيْرَ مَنِ اسْتَأْجَرْتَ الْقَوِيُّ الْأَمِينُ Ô†n Avgvi wcZv! Avcwb Zv‡K gRi wbh³ Kiæb| wbðq Avcwb hv‡`i‡K gRi wbh³ Ki‡eb Zv‡`i g‡a¨ †m DËg, †h kw³kvjx I wek¯Õ (miv Kvmvm: 26)।

প্রতিটি মানুষকে তার নিজ নিজ মর্যাদা অনুযায়ী সম্মান করা, তাদের হক আদায়ে ত্রুটি না করা এবং সকলের সাথে ন্যায়ানুগ আচরণ করাও আমানত। ইরশাদ হয়েছে يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُونُوا قَوَّامِينَ لِلَّهِ شُهَدَاءَ بِالْقِسْطِ وَلَا يَجْرِمَنَّكُمْ شَنَآنُ قَوْمٍ عَلَى أَلَّا تَعْدِلُوا اعْدِلُوا هُوَ أَقْرَبُ لِلتَّقْوَى Ô†n gywgbMY! †Zvgiv Avjøvni Rb¨ b¨v‡qi mv‡_ mv¶¨`vbKvix wn‡m‡e m`v ¯`Ðvqgvb nI| †Kv‡bv KI‡gi cwZ kÎæZv †hb †Zvgv‡`i‡K †Kv‡bvfv‡e c‡iwPZ bv K‡i †h, †Zvgiv Bbmvd Ki‡e bv| †Zvgiv Bbmvd Ki, Zv ZvKIqvi wbKUZiÕ (miv gvwq`v: 8)।

আল্লাহর একত্ববাদে সাক্ষ্য দেয়া, মুসলমানদের কল্যাণ কামনা করা এবং হক বা সত্য বিষয় বর্ণনা করাও আমানত।

অতএব, হে আল্লাহর বান্দাগণ! আল্লাহকে ভয় করুন। একে অপরের কল্যাণ কামনা করুন। কেননা কল্যাণকামিতার নামই হলো দীন। যে জাতির মধ্যে পরস্পর কল্যাণ কামনার নিয়ম চালু নেই, সে জাতির কোনো উন্নতি ও কল্যাণ নেই। আমানতকে তার হকদারের কাছে পৌঁছে দিন। মনে রাখবেন, আল্লাহ তা‘আলা আপনাদের প্রত্যেককে নিজ নিজ দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসাবাদ করবেন।

কেবল নিজকে নিয়ে ব্যস্ত থাকার জন্য মানুষের জন্ম নয়; বরং মানব জন্মের উদ্দেশ্য হলো, সে নিজের কল্যাণ চিন্তার পাশাপাশি অন্যের কল্যাণও মনেপ্রাণে কামনা করবে।

wcq gmwjøqvb! আজকের আলোচনা থেকে আমরা এই সিদ্ধান্তই গ্রহণ করতে পারি যে, আমরা আজ থেকে কেবল নিজের কল্যাণ-চিন্তা নিয়ে ব্যস্ত থাকবো না; বরং আমার পরিবারের, আমার সমাজের, আমার দেশের এমনকি সমগ্র বিশ্বের প্রতিটি মানুষের কল্যাণের জন্য যথাসাধ্য সব কিছুই করব। আমরা এর জন্য জান দেব, মাল দেব, সময় দেব। নিজের জ্ঞান ও মেধা খরচ করে অবিরত চিন্তা করে যাব- কিভাবে তাদের মঙ্গল সাধনা করা যায়। কিভাবে তাদের মুখে হাসি ফুটানো যায়। কিভাবে তাদের দঃখ-দুর্দশা লাঘব করা যায়। যদি আল্লাহর সন্তুষ্টির জন্য আমরা এ কাজটি আনজাম দিয়ে যেতে পারি তাহলে পদে পদে আমরা আল্লাহর সাহায্য ও মদদ প্রাপ্ত হবো। এতে কোনো সন্দেহ নেই। উপরন্তু ইহকালীন শান্তি, সুখ, সম্মান ও পরকালীন অফুরন্ত নেয়ামত তো আছেই।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى عَبْدِكَ وَرَسُوْلِكَ نَبِيِّنَا مُحَمَّدٍ، صَاحِبِ الْوَجْهِ الْأَنْوَرِ، وَالْجَبِيْنِ الْأَزْهَرِ، وَارْضَ اَللَّهُمَّ عَنِ الْأَرْبَعَةِ الْخُلَفَاءِ أَبِيْ بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَنْ سَائِرِ أَصْحَابِ نَبِيِّكَ أَجْمَعِيْنَ، وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ

হে করুণাময় আল্লাহ! আপনি আমাদের শক্তি দিন, সাহস দিন, অন্যের মঙ্গলসাধন করার জন্য খাঁটি মনে পাক্কা এরাদা করার তাওফীক দিন।

হে দয়াময় রব! যারা দীনে মুহাম্মদীর সাহায্যকারী, আপনি তাদেরকে সাহায্য করুন এবং আমাদেরকে সেই দলের অন্তর্ভুক্ত করুন। আর যারা দীনে মুহাম্মদীকে অপমান ও অপদস্থ করতে চায়, তাদেরকে হিদায়েত করুন। তাদের ষড়যন্ত্র থেকে আমাদের ঈমান ও আমলকে হিফাযত করুন। হে আল্লাহ! আপনি আমাদেরকে সকল প্রকার বালা-মুসিবত ও বিপদ-আপদ থেকে হিফাযত করুন। আপনি আমাদের নামায , রোযাসহ ছোট বড় প্রতিটি আমল আপনার শান মোতাবেক কবুল করে নিন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهُ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

পিতা-মাতার সাথে সদ্ব্যবহার

LZevq hv _vK‡e

১. আলাহ তা'আলার তাকওয়া অবলম্বন ও বিররুল ওয়ালিদাইনের নির্দেশ

২. পিতা-মাতা কাফের হলেও তাদের সাথে উত্তম আচরণ করা

৩. বিররুল ওয়ালিদাইন ও পিতা-মাতার প্রতি ইহসান করার আকার-প্রকৃতি

৪. বিররুল ওয়ালিদাইনের ফযীলত ও মর্যাদা বর্ণনা

৫. পিতা-মাতাকে কষ্ট দেয়ার ব্যাপারে সতর্ককরণ

c_g LZev

إِنَّ الْحَمْدَ لله نَحْمَدُهُ وَنَسْتَعِيْنُهُ وَنَسْتَغْفِرُهُ وَنَتُوْبُ إِلَيْهِ وَنَعُوْذُ بِاللهِ مِنْ شُرُوْرِ أَنْفُسِنَا وَسَيِّئَاتِ أَعْمَالِنَا مَنْ يَهْدِهِ اللهُ فَلَا مُضِلَّ لَهُ وَمَنْ يُضْلِلْ فَلَا هَادِيَ لَهُ وَأَشْهَدُ أَنْ لَّا إِلَهَ إِلَا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَصَحْبِهِ أَجْمَعِيْنَ، أَمَّا بَعْدُ :

সুপ্রিয় ভাই ও বন্ধুগণ! আজ আমরা একটি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করব ইনশা'আল্লাহ। আর তা হলো পিতা-মাতার সাথে সদ্ব্যবহার। পিতা-মাতার সাথে সদ্ব্যবহার এমন এক হক যা আল্লাহ তা'আলা আল কুরআনের অনেক জায়গায় নিজের হকের সাথে সংযুক্ত করে উল্লেখ করেছেন। এমন হক, যা সবার জন্য অবশ্য পালনীয়, যা পালন না করলে সফলতা আসে না। হ্যাঁ, এর নাম বিররুল ওয়ালিদাইন বা পিতা-মাতার সাথে সদ্ব্যবহার।

আর নিঃসন্দেহে বান্দা ও তার রবের মধ্যে সবচেয়ে বড় বন্ধন হলো তাকওয়া এবং তাঁর বান্দাদের হক আদায়ে সচেষ্ট হওয়া। আল্লাহ তা'আলা বলেন: **وَاعْبُدُوا اللّٰه وَلَا تُشْرِكُوا بِهِ شَيْئاً وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا** Ô†Zvgiv Bev`Z Ki Avjøvni,Zvi mv‡_ †Kv‡bv wKQ‡K kixK K‡iv bv| Avi mØ¨envi Ki gvZv-wcZvi mv‡_ (miv Avb-wbmv:36)।

পিতা-মাতার প্রতি সদ্ব্যবহার একটি আবশ্যিক বিষয়, যদিও তারা অমুসলিম হন

সুপ্রিয় হাযেরীন! পিতা-মাতার সাথে সদ্ব্যবহার ও তাদের অধিকার সংরক্ষণ করা ওয়াজিব। এমনকি যদি তারা অমুসলিম হন তবুও। তাদের মুসলিম হওয়ার সাথে সদ্ব্যবহারের প্রশ্ন জড়িত নয়। আসমা রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন: قَدِمَتْ عَلَيَّ أُمِّي وَهِيَ مُشْرِكَةٌ فِي عَهْدِ قُرَيْشٍ إِذْ عَاهَدَهُمْ، فَاسْتَفْتَيْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمْ فَقُلْتُ: يَا رَسُول الله قَدِمَتْ عَلَيَّ أُمِّي وَهِيَ رَاغِبَةٌ أَفَأَصِلُ أُمِّي؟، قَالَ: نَعَمْ صِلِي أُمَّكِ 'একবার আমার মা আমার কাছে বেড়াতে এলেন। তিনি ছিলেন মুশরিক। আর তখন কুরাইশদের সাথে মুসলমানদের চুক্তি ছিল। আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞাসা করলাম, ইয়া রাসুলালাহ! আমার মা আমার কাছে এসেছেন। তিনি আমার আতিথেয়তা পেতে আগ্রহী। তবে কি আমি তার সাথে সম্পর্ক রাখব? তিনি বললেন, 'হ্যাঁ, তোমার মায়ের সাথে তুমি সম্পর্ক রাখবে'(মুসলিম)।

মাতা-পিতার সদ্ব্যবহারের নির্দেশ এখানেই শেষ নয়। বরং,তারা যদি আল্লাহর সাথে কুফরী করার নির্দেশও দেন এবং শিরক করতে বাধ্য করেন, তবু তাদের সাথে ভালো ব্যবহার অব্যাহত রাকতে হবে। আল্লাহ তা'আলা বলেন: **وَوَصَّيْنَا الْإِنْسَانَ بِوَالِدَيْهِ حَمَلَتْهُ أُمُّهُ وَهْناً عَلَى وَهْنٍ وَفِصَالُهُ فِي عَامَيْنِ أَنِ اشْكُرْ لِي وَلِوَالِدَيْكَ إِلَيَّ الْمَصِيرُ . وَإِنْ جَاهَدَاكَ عَلى أَنْ تُشْرِكَ بِي مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ فَلَا تُطِعْهُمَا وَصَاحِبْهُمَا فِي الدُّنْيَا مَعْرُوفًا وَاتَّبِعْ سَبِيلَ مَنْ أَنَابَ إِلَيَّ ثُمَّ إِلَيَّ مَرْجِعُكُمْ فَأُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ** ÔAvi Awg gvbl‡K Zvi gvZvwcZvi e¨vcv‡i (m`vPi‡Yi) wb‡`k w`‡qwQ| Zvi gv K‡ói ci Kó †fvM K‡i Zv‡K M‡f aviY K‡i| Avi Zvi `a Qvov‡bv nq `ÕeQ‡i; mZivs Avgvi I †Zvgvi wcZv-gvZvi ïKwiqv Av`vq Ki|

cZ¨veZb †Zv Avgvi Kv‡QB| Avi hw` Zviv †Zvgv‡K Avgvi mv‡_ wkK Ki‡Z †Rvi †Póv K‡i, †h wel‡q †Zvgvi †Kv‡bv Ávb †bB, ZLb Zv‡`i AvbMZ¨ Ki‡e bv Ges `wbqvq Zv‡`i mv‡_ emevm Ki‡e m™v‡e| Avi AbmiY Ki Zvi c_, †h Avgvi AwfgLx nq| Zvici Avgvi Kv‡QB †Zvgv‡`i cZ¨veZb| ZLb Avwg †Zvgv‡`i‡K Rwbv‡q †`e, hv †Zvgiv Ki‡Z(miv jKgvb:14-15)

উপরোক্ত আয়াত ও হাদীসে এটাই স্পষ্ট যে পিতা-মাতার সাথে সদ্ব্যবহার করা সর্বাবস্থায় ওয়াজিব, আর তাদের সাথে দুর্ব্যবহার করা গোনাহে কবিরাহ।

শিরক করার প্রতি পিতা-মাতার নির্দেশের পরও যখন একজন অমুসলিম পিতা-মাতার সাথে সদ্ব্যবহার করার নির্দেশ দেয়া হচ্ছে, তাহলে সৎ ও মুসলিম পিতা-মাতার অধিকার কী হবে, তা সহজেই অনুমেয়। নিশ্চয় তাদের অধিকার সবচেয়ে বেশি। আর তা যথাযথভাবে আদায় করাও কঠিন। যে তা আদায় করতে পেরেছে, সে আল্লাহর তাওফীক প্রাপ্ত। আর যে পারেনি, সে পুরোপুরি বঞ্চিত হলো।

জিহাদের চেয়েও পিতার-মাতার সেবার গুরুত্ব বেশি

মুহতারাম হাযেরীন! রাসুলুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পিতা-মাতার অধিকারকে জিহাদের ওপর প্রাধান্য দিয়েছেন। বুখারী ও মুসলিমে আবদুল্লাহ বিন মাসউদ রাযি. হতে বর্ণিত আছে, তিনি বলেন سَأَلْتُ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمْ أَيُّ الْعَمَلِ أَحَبُّ إِلَى اللهِ؟ قَالَ: الصَّلاَةُ عَلَى وَقْتِهَا، قَالَ: ثُمَّ أَيٌّ؟ قَالَ: ثُمَّ بِرُّ الْوَالِدَيْنِ، قَالَ: ثُمَّ أَيٌّ؟ قَالَ: الْجِهَادُ فِي سَبِيلِ اللهِ. 'আমি রাসুলুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞাসা করলাম, আল্লাহর নিকট সবচেয়ে প্রিয় আমল কোন্‌টি? তিনি বললেন, 'সময়মতো নামায আদায় করা'। আমি বললাম, এরপর? তিনি বললেন, 'পিতা-মাতার সাথে সদ্ব্যবহার'। আমি বললাম, এরপর? তিনি বললেন, 'আল্লাহর পথে জিহাদ করা'(বুখারী)।

অনুরূপভাবে আবদুল্লাহ বিন আমর রাযি. হতে বর্ণিত আছে। তিনি বলেনঃ جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاسْتَأْذَنَهُ فِي الْجِهَادِ، فَقَالَ: أَحَيٌّ وَالِدَاكَ؟ قَالَ: نَعَمْ، قَالَ: فَفِيهِمَا فَجَاهِدْ 'এক ব্যক্তি রাসুলুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে জিহাদে যাওয়ার অনুমতি চাইলে উত্তরে তিনি বলেন, তোমার পিতা-মাতা কি জীবিত? লোকটি বলল, 'জ্বি'। তিনি বললেন, তাহলে তাদের মাঝেই জিহাদ করো'-অর্থাৎ,তাদের সেবায় শ্রম দাও' (বুখারী)।

আবদুল্লাহ বিন আমর রাযি. হতে অপর এক বর্ণনায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ رِضَى الرَّبِّ فِيْ رِضَى الْوَالِدِ، وَسَخَطِ الرَّبِّ فِيْ سَخَطِ الْوَالِدِ 'পিতার সন্তুষ্টিতে রবের সন্তুষ্টি। আর পিতার অসন্তুষ্টিতে রবের অসন্তুষ্টি' (তিরমিযী, সহীহ)।

মুয়াবিয়া বিন জাহিমা রাযি বলেনঃ أَنَّ جَاهِمَةَ جَاءَ إِلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمْ فَقَالَ: يَا رَسُولَ اللهِ أَرَدْتُ أَنْ أَغْزُوَ وَقَدْ جِئْتُ أَسْتَشِيرُكَ، فَقَالَ: هَلْ لَكَ مِنْ أُمٍّ؟ قَالَ: نَعَمْ، قَالَ: فَالْزَمْهَا، فَإِنَّ الْجَنَّةَ تَحْتَ رِجْلَيْهَا এক লোক রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলল, আমি যুদ্ধে যেতে চাই। আপনার কাছে পরামর্শের জন্য এসেছি। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, তোমার মা আছে? লোকটি বলল, জ্বি আছে। তিনি বললেন, 'তাহলে তাকে সঙ্গ দাও। কেননা জান্নাত তার পদতলে'(নাসায়ী ও ইবনে মাজাহ)।

অন্যদিকে যে ব্যক্তি পিতা-মাতাকে জীবিত পেয়েও জান্নাত অর্জন করতে পারল না, তার সম্পর্কে বলতে গিয়ে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন رَغِمَ أَنْفُ، ثُمَّ رَغِمَ أَنْفُ، ثُمَّ رَغِمَ أَنْفُ، قِيلَ: مَنْ يَا رَسُولَ اللهِ؟، قَالَ: مَنْ أَدْرَكَ أَبَوَيْهِ عِنْدَ الْكِبَرِ أَحَدَهُمَا أَوْ كِلَيْهِمَا فَلَمْ يَدْخُلِ الْجَنَّةَ 'তার ধ্বংস হোক,তার ধ্বংস হোক, তার ধ্বংস হোক। বলা হলো, কার কথা বলছেন ইয়া রাসুলালাহ? তিনি বললেন, যে ব্যক্তি তার পিতা-মাতার কোনো একজনকে বা উভয়কে বার্ধক্যে পেয়েছে, অথচ জান্নাতে যেতে পারল না' (মুসলিম)।

পিতা-মাতার সাথে সদ্ব্যবহার বিপদাপদ থেকে মুক্তি দেয়

পিতা-মাতার সাথে সদ্ব্যবহার সবচেয়ে বড় সওয়াবের কাজ এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ ইবাদত। তাদের সাথে সদ্ব্যবহারে রহমত পাওয়া যায়, বিপদাপদ থেকে মুক্তি পাওয়া যায়।

ঐ তিন ব্যক্তির কথা শুনে থাকবেন, যারা গুহায় আটকে পড়েছিলেন, বের হতে পারছিলেন না। তাদের একজন অপর দুজনকে লক্ষ্য করে বলেছিলেন, তোমরা তোমাদের ভালো আমলগুলো স্মরণ করো, এবং গুেলোর অসিলায় দু'আ করো। আল্লাহ হয়ত এর মাধ্যমে বিপদ কাটিয়ে দেবেন।

তাদের একজন তখন এভাবে দু'আ করেছিলেন 'হে আল্লাহ! আমার বৃদ্ধ পিতা-মাতা ছিল। আবার ছোট ছোট শিশুও ছিল। আমি তাদের জন্য মেষ চরাতাম। যখন ফিরে আসতাম, তাদের দুধ খাওয়াতাম। প্রথমে আমার পিতা-মাতাকে খাওয়াতাম। এরপর সন্তানদের। একদিন আমার পশুগুলোর চারণভূমি একটু দূরে পড়ে গেল। ফিরতে দেরি হলো। সন্ধ্যা হয়ে গেল। আমি এসে দেখি তারা ঘুমিয়ে পড়েছেন। অন্যান্য দিনের মতো আমি তাদের জন্য দুধ নিয়ে হাজির হলাম। কিন্তু মাথার কাছে এসে জাগাতে অপছন্দ করলাম। আবার তাদের আগে আমার বাচ্চাদের খাওয়াতেও অপছন্দ করলাম। ওদিকে আমার বাচ্চারা আমার পায়ে পড়ে কাঁদছিল। এভাবে রাত শেষ হয়ে ফজর হলো। আপনি যদি জেনে থাকেন যে এ কাজটি আমি আপনার সন্তুষ্টির জন্যই করেছি, তাহলে আজ আমাদের বিপদ কাটিয়ে দিন। অপর দুই ব্যক্তিও অনুরূপ ভালো কাজের উল্লেখ করে আল্লাহর কাছে প্রার্থনা করলেন। অতঃপর আল্লাহ তাদের বিপদ কাটিয়ে দিলেন। গুহার পাথর সরে গেল এবং তারা আকাশ দেখতে পেলেন।

পিতা-মাতার নির্দেশ মানা, তাদের ব্যয়ভার গ্রহণ করা, মৃত্যুর পর তাদের জন্য দোয়া করা সবই তাদের অধিকার

সুপ্রিয় হাযেরীন! পিতা-মাতার অন্যতম অধিকার হলো, তাদের নির্দেশ মেনে চলা, যতক্ষণ না তা আল্লাহ ও তাঁর রাসুলের নির্দেশের বিরোধী হয়। আল্লাহ তা'আলা বলেন وَصَاحِبْهُمَا فِي الدُّنْيَا مَعْرُوفًا ÔGes `wbqvq Zv‡`i mv‡_ emevm Ki‡e m™v‡eÕ(miv jKgvb:15)।

অনুরূপভাবে তারা গরীব হলে তাদের ব্যয়ভার গ্রহণ করা, তাদের পোশাক-পরিচ্ছদ জোগাড় করে দেয়া, তাদের জীবদ্দশায় ও মৃত্যুর পর তাদের জন্য দু'আ করা,তারা জীবিতাবস্থায় যাদের সাথে ওঠাবসা করতেন,তাদের সাথে সম্পর্ক রাখা। আল্লাহ তা'আলা বলেন وَقَضَى رَبُّكَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا إِمَّا يَبْلُغَنَّ عِنْدَكَ الْكِبَرَ أَحَدُهُمَا أَوْ كِلَاهُمَا فَلَا تَقُلْ لَهُمَا أُفٍّ وَلَا تَنْهَرْهُمَا وَقُلْ لَهُمَا قَوْلًا كَرِيمًا . وَاخْفِضْ لَهُمَا جَنَاحَ الذُّلِّ مِنَ الرَّحْمَةِ وَقُلْ رَبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيَانِي صَغِيرًا. ÔAvi †Zvgvi ie Av‡`k w`‡q‡Qb †h, †Zvgiv Zv‡K Qvov Ab¨ Kv‡iv Bev`Z Ki‡e bv Ges wcZv-gvZvi mv‡_ m`vPiY Ki‡e| Zv‡`i GKRb A_ev Df‡qB hw` †Zvgvi wbKU evaa‡K¨ BcbxZ nq, Z‡e Zv‡`i‡K ÔDdÕ e‡jv bv Ges Zv‡`i‡K agK w`I bv| Avi Zv‡`i mv‡_ m¤§vbbRbK K_v ejÕ(miv Avj Bmiv:23)।

ইবনে ওমর রাযি একবার মক্কার উদ্দেশ্যে বের হলেন। তার একটি গাধা ছিল, যাতে তিনি ঘুরে বেড়াতেন। তার একটি পাগড়ি ছিল যা মাথায় বাঁধতেন। একবার তিনি ওই গাধায় ওপর সাওয়ার ছিলেন। পথিমধ্যে এক গ্রাম্য লোকের সাথে দেখা হলো। লোকটি বলল, তুমি কি অমুকের ছেলে অমুক না? তিনি বললেন, হ্যাঁ। এরপর তিনি লোকটি তাঁর গাধা ও পাগড়ি দিয়ে দিলেন। তাকে গাধার পিঠে চড়তে বললেন। পাগড়িটা মাথায় বেঁধে নিতে বললেন। কেউ প্রশ্ন করল, আপনি এই গ্রাম্য লোককে আপনার গাধা দিয়ে দিলেন? যাতে আপনি ঘুরে বেড়াতেন? আবার আপনার মাথার পাগড়িও দিয়ে দিলেন? তিনি বললেন, আমি রাসুলুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, মানুষের জন্য অন্যতম ভালো কাজ হলো পিতার মৃত্যুর পর তার বন্ধুদের সাথে সুসম্পর্ক রাখা। আর ঐ লোকের পিতা ওমর রাযি. এর বন্ধু ছিলেন।

পিতা-মাতার সাথে সদ্ব্যবহারের ফযীলত

প্রিয় মুসলিম ভাইয়েরা! আমরা এতক্ষণ যা আলোচনা করলাম তা থেকে পিতা-মাতার সাথে সদ্ব্যবহারের গুরুত্ব উঠে এসেছে। আমরা বুঝতে পেরেছি যে এটা জান্নাতে প্রবেশের কারণ এবং জিহাদ থেকেও এর গুরুত্ব বেশি। আউইস ইবনে আমের আল ক্বারনীর ঘটনা কি শুনেছেন? তিনি ঐ লোক যার সম্পর্কে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলে গিয়েছেন। আল্লাহর কাছে তাঁর উচ্চ মর্যাদার কথাও বলে গেছেন। তার সাথে দেখা করে দু'আ চাইতে বলেছেন, এবং দু'আর মাধ্যমে আল্লাহর কাছে চাইতে বলেছেন। অথচ মায়ের সেবা ছাড়া তার

আর কোনো বিশেষত্ব ছিল না।

মুসলিম শরীফের বর্ণনায় এসেছে, উমর রাযি. ইয়েমেন থেকে কোনো দল আসলে জিজ্ঞাসা করতেন, আপনাদের মধ্যে কি আউইস বিন আমের আছেন? এমনি একদিন তিনি আউইস বিন আমেরের কাছে গেলেন। বললেন, আপনিই আউইস বিন আমের? তিনি বললেন,হ্যাঁ। উমর রাযি. বললেন, মুরাদ এলাকার লোক আপনি? তিনি বললেন, হ্যাঁ। উমর রাযি. বললেন, আপনার কুষ্ঠরোগ ছিল, অতঃপর সুস্থতা লাভ করেছেন, অবশ্য এক দিরহাম পরিমাণ জায়গা বাকি, তাই না? তিনি বললেন, হ্যাঁ। উমর রাযি. বললেন, আপনার মা আছেন? তিনি বললেন, হ্যাঁ। উমর রাযি. বললেন, আমি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তোমাদের কাছে ইয়েমেনের মুরাদ (যা ক্বারন এলাকায় অবস্থিত) থেকে আগত দলের সাথে আউইস বিন আমের আসবে। তার কুষ্ঠরোগ ছিল, সুস্থ হয়েছে, কেবল এক দিরহাম পরিমাণ বাকি আছে। তার মা আছে, সে তার সেবা করে। সে আল্লাহর নামে কোনো কসম করলে আল্লাহ তা পূরণ করেন। তুমি যদি চাও যে সে তোমার জন্য আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করুক, তবে তা করো। অতএব আপনি আমার জন্য আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করুন। আউইস ক্বারনী ক্ষমা প্রার্থনা করলেন। উমর রাযি. তাকে জিজ্ঞাসা করলেন, কোথায় যাবেন? তিনি বললেন, কুফায়। উমর রাযি. বললেন, আপনার ব্যাপারে কি কুফার গভর্নরকে লিখে পাঠাব? তিনি বললেন, আমি সাধারণ মানুষের মাঝে থাকতেই পছন্দ করি।

আসবাগ বিন যায়েদের বর্ণনায় আছে, আউইস তার মায়ের সেবার জন্য রাসুলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সাক্ষাৎ করতে পারেন নি।

পূর্বসূরীদের জীবনীতে পিতা-মাতার সদ্ব্যবহার

প্রিয় ভাইয়েরা! আমাদের সালাফগণ যখন পিতা-মাতার হক ও তাদের সাথে সদাচারের বিষয়টি বুঝেছেন, তখন তাঁরা পূর্ণভাবে পিতা-মাতার সেবায় আত্মনিয়োগ করেছেন। মুহাম্মদ বিন সিরীন র. এর নামতো আপনারা শুনেছেন। তিনি যখন তাঁর মাতার সঙ্গে কথা বলতেন, তখন মনে হত তিনি অনুনয় করছেন। ইবনে আওফ বলেন, একবার এক লোক মুহাম্মদ বিন সিরীন এর বাড়িতে এলেন। তখন তিনি তার মায়ের সাথে কথা বলছিলেন। লোকটি বলল, তিনি কি কোনো সমস্যায় পড়েছেন? তখন অন্যরা বললেন, না, এভাবেই তিনি তার মায়ের সাথে কথা বলেন।

হাইওয়াহ বিন শুরাইহ রহ.। তিনি একজন বড় মাপের প্রসিদ্ধ আলেম ছিলেন। তাঁর কাছ থেকে ইলম শেখার জন্য সব অঞ্চল থেকে মানুষ আসত। তিনি তাদেরকে শেখাতেন। এরই মধ্যে কখনো তার মা বলতেন, হাইয়াহ, ওঠো, মুরগীকে খাবার দাও। সাথে সাথে তিনি ক্লাস থেকে ওঠে যেতেন।

এই হচ্ছে আমাদের পূর্বসূরীদের কিছু অবস্থা। অথচ আজ আমাদের অবস্থান কোথায়? আমাদের তরুণ-তরুণীরা পিতা-মাতার সাথে কেমন আচরণ করছে? দেখা যায়, সামান্য এক বন্ধুকে খুশি করার জন্য পিতা-মাতাকে কাঁদাচ্ছে, তাদের কষ্ট দিচ্ছে ছোট-খাটো কারণে। তাদের সাথে রাগারাগি করছে।

তরুণ ও যুবক ভাইয়েরা, আসুন আমরা পিতা-মাতার সাথে সদ্ব্যবহার করি। তাদের সন্তুষ্টি অর্জনের জন্য সব সময় চেষ্টা করি। দেখুন, আমাদের পিতা-মাতা আমাদের কাছে কী চান? তারা শুধু চান যে প্রয়োজনের সময় তাদের পাশে থাকি, তাদের সহায়তা করি। বরং, আমাদের মায়েরা তো শুধু একটু মিষ্টি কথা চান, একটু আদর আর মায়া চান। এর বেশি কিছু চান না। এটুকুও কি আমরা দিতে পারি না?

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ، أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ .

পিতা-মাতার সাথে সদ্ব্যবহার

wØZxq LZev

اَلْحَمْدُ للهِ رَبِّ الْعَالَمِيْنَ، وَأَشْهَدُ أَنْ لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَاشَرِيْكَ لَهُ مُخْلِصًا لَهُ الدِّيْنَ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ الصَّادِقُ الأَمِيْنُ، صَلَّى اللهُ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنَ، وَسَلَّمَ تَسْلِيْمًا كَثِيْرًا، أَمَّا بَعْدُ:

পিতা-মাতার অবাধ্য হওয়া অনেক বড় গোনাহ

সুপ্রিয় মুসল্লী ভাইয়েরা! পিতা-মাতার অবাধ্য হওয়া অনেক বড় গোনাহ। আল্লাহর সাথে শিরকের পরই এর অবস্থান। আবু বাকরা রাযি. বলেন : قَالَ : أَلَا أُنَبِّئُكُمْ بِأَكْبَرِ الْكَبَائِرِ؟ قَالَهَا ثَلَاثًا، قُلْنَا : بَلَى يَا رَسُوْلَ اللهِ، قَالَ: الإِشْرَاكُ بِاللهِ وَعُقُوقُ الْوَالِدَيْنِ 'রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আমি কি তোমাদের সবচেয়ে বড় গোনাহ কোনটি তা বলব না? তিনি তিন বার বললেন। আমরা বললাম, হাঁ,অবশ্যই ইয়া রাসুলুলাহ,আমাদের বলুন। তিনি বললেন,আল্লাহর সাথে শিরক করা এবং পিতা-মাতাকে কষ্ট দেয়া'(বুখারী ও মুসলিম)।

ইবনে উমর রাযি. বলেন, রাসুলুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: ثَلَاثَةٌ لَا يَنْظُرُ اللهُ إِلَيْهِمْ يَوْمَ الْقِيَامَةِ: الْعَاقُّ لِوَالِدَيْهِ وَمُدْمِنُ الْخَمْرِ وَالْمَنَّانُ 'তিন ব্যক্তির দিকে ক্বিয়ামতের দিন আল্লাহ তা'আলা তাকাবেন না। (১) পিতা-মাতার অবাধ্য; (২) মদ পানকারী; (৩) দান করে খোঁটাদাতা' (নাসায়ী)।

Avi gvZv-wcZv‡K Kó †`qvi kw¯ cw_ex‡ZB Ziwš^Z nq| ivmj mvjøvjøvû AvjvBwn Iqv mvjøvg e‡j‡Qb Ô`BwU †Mvbvn Qvov Avjøvn ZvÔAvjv Ab¨ †Kv‡bv †Mvbv‡ni kw¯ AwLiv‡Z †`qvi cvkvcwk cw_ex‡Z †`b bv| (1) `ivPvi; (2) AvZ¥xqZvi m¤úK wQbKiYÕ (gmbv` Avngv)|

পিতা-মাতাকে কষ্ট দেয়ার আকার-প্রকৃতি

প্রি ভাইয়েরা! পিতা-মাতাকে কষ্ট দেয়ার নানা প্রকৃতির হতে পারে। যেমন-

১. তাদের কথায় ভ্রু কুঁচকানো বা বিরক্তি প্রকাশ। আশ্চর্য হবেন যে, অন্যদের সাথে যে হেসে কথা বলে, সেও পিতা-মাতার সাথে কথা বলার সময় অনেক কষ্টে হাসি প্রকাশ করে।

২. তাদের সাথে উচ্চস্বরে কথা বলা।

৩. তাদের ধমক দিয়ে কথা বন্ধ করে দেয়া

৪. তাদের ওপর কোনো মতামত চাপিয়ে দেয়া।

৫. আর এসব আচরণ তো সাধারণ জ্ঞানী-গুণীরাই অপছন্দ করেন। পিতা-মাতার সাথে তো আরো অধিক অপছন্দনীয় বিষয় হবে।

৬. তাদের দিকে ক্ষিপ্তদৃষ্টিতে তাকানো, যেন তার এক সন্তানের দিকে শাসন করার উদ্দেশ্যে তাকাচ্ছে, বা শত্রুর দিকে তাকাচ্ছে।

৭. মুজাহিদ র.বলেন, যে ব্যক্তি পিতা-মাতার দিকে তীক্ষ্ণ দৃষ্টিতে তাকায়, সে তাদের সাথে সদ্ব্যবহার করল না।

৮. তাদের প্রয়োজন মেটাতে বিলম্ব করা।

৯. এত বিলম্ব করা যে পিতা-মাতা তা জানতে বিরক্তি বোধ করেন। আল্লাহ তা'আলা বলেন: **فَلَا تَقُلْ لَهُمَا أُفٍّ وَلَا تَنْهَرْهُمَا وَقُلْ لَهُمَا قَوْلًا كَرِيمًا** ÔZv‡`i‡K ÔDdÕ e‡jv bv Ges Zv‡`i‡K agK w`I bvÕ(miv Avj Bmiv:23)।

অতএব বন্ধুরা, পিতা-মাতার অবাধ্যতা থেকে বেঁচে থাকুন। আল্লাহকে ভয় করুন।

অন্যকে পিতা-মাতার ওপর প্রাধান্য দেয়া তাদের কষ্ট দেয়ারই নামান্তর।

সুপ্রিয় ভাই ও বন্ধুগণ! অন্যকে পিতা-মাতার ওপর প্রাধান্য দেয়া থেকে বিরত থাকুন। মনে রাখবেন, পিতা-মাতার অবাধ্যতার শাস্তির ন্যায় দ্রুত আর কোনো শাস্তি আল্লাহ তা'আলা দেন না।

একটি ঘটনা শুনুন। এক ব্যক্তি তার বৃদ্ধ বাবাকে উটের ওপর চড়িয়ে মরুভূমির মাঝে নিয়ে গেল। বাবা বললেন, আমাকে কোথায় নিয়ে যাচ্ছ?

ছেলে : আমি আপনাকে নিয়ে বিরক্ত হয়ে গেছি।

পিতা : তুমি কি করতে চাচ্ছ?

ছেলে : আমি আপনাকে যবেহ করতে চাচ্ছি। আপনাকে নিয়ে আমি বিরক্ত।

পিতা : যদি করতেই হয়, তাহলে ঐ পাথরের সামনে নিয়ে আমাকে যবেহ করো।

ছেলে : কেন বাবা?

পিতা : কারণ আমিও আমার পিতাকে ঐ পাথরের সামনে যবেহ করেছিলাম। তুমি ওখানে আমাকে যবেহ করো। কয় দিন পর তোমার সন্তানও তোমোকে ঐ জায়গায় যবেহ করবে।

সুপ্রিয় মুসল্লীবৃন্দ! পিতা-মাতা সন্তানের জন্য বড় নেয়ামত। তাদের জীবিত পাওয়া সন্তানের জান্নাত লাভের হাতিয়ার। কাজেই এই হাতিয়ারকে কাজে লাগিয়ে তাদের সাথে ভালো আচরণ করে জান্নাত অর্জন করাই হবে নেয়ামতের যথার্থ ব্যবহার। পক্ষান্তরে তাদের কষ্ট দেয়া আখিরাতের পাশাপাশি পার্থিব বিপদাপদেরও কারণ। তাই আসুন আমরা আল্লাহর কাছে দু'আ করি যেন তিনি আমাদেরকে সব সময় পিতা-মাতার সাথে ভালো ব্যবহারের তাওফীক দান করেন। আমীন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلى إِبْرَاهِيْمَ وَعَلى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اَللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنَ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনি আমাদেরকে যথার্থরূপে বিররুল ওয়ালিদাইনের দাবি পূরণের তাওফীক দান করুন। পিতা-মাতার সেবা করে আপনার রেযামন্দী অর্জনের তাওফীক দিন। হে আল্লাহ! আমদের অনেকেরই পিতা-মাতা আজ কবরবাসী। জানিনা আজ তারা কি হালতে আছেন। হে আল্লাহ আপনি তাদেরকে জান্নাতুল ফেরদাওস নসীব করুন। তাদের সকর ভুলত্রুটি মাফ করে দিন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهُ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

আত্মীয়তা-সম্পর্ক ঠিক রাখা

LZevq hv _vK‡e

১. আত্মীয়তা-বন্ধন বজায় রাখার ব্যাপারে উৎসাহ দান

২. আত্মীয়তা-বন্ধন বজায় রাখার ফযীলত

৩. আত্মীয়তা বন্ধন কর্তন থেকে হুঁশিয়ার করা

c_g LZev

اَلْحَمْدُ للهِ الْمُعِزِّ لِمَنْ أَطَاعَهُ وَاتَّبَعَ رِضَاهُ، أَوْجَبَ صِلَةَ الْقُرْبَى وَأَعْظَمَ فِيْ ذَلِكَ الثَّوَابَ وَالْأَجْرَ، أَحْمَدُهُ سُبْحَانَهُ وَأَشْكُرُهُ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ نَبِيَّنَا مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، صَلَّى اللهُ وَسَلَّمَ وَبَارَكَ عَلَيْهِ، وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ. أَمَّا بَعْدُ:

gmwjøqv‡b wKivg! আজ আমরা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয় নিয়ে আলোচনা করব। সেটি এমন এক বিষয়, যার দ্বারা আল্লাহ তা'আলা মানুষের রিযিক বাড়িয়ে দেন, হায়াত দারাজ করেন, এবং ধন-সম্পদে বরকত দান করেন। হ্যাঁ, সেটি হলো আত্মীয়তা-সম্পর্ক। আত্মীয়তা-সম্পর্ক বলতে বুঝানো হয়, পিতা-মাতা, ভাই-বোন, ছেলে-মেয়ে এবং এসবের ঊর্ধ্বতন ও অধস্তন আত্মীয়।

আত্মীয়তা-সম্পর্ক রক্ষা করা জরুরী, তা ছিন্ন করা হারাম- একথা স্পষ্টভাবে আল কুরআন ও হাদীসে উল্লিখিত হয়েছে। যারা আত্মীয়তা-সম্পর্ক রক্ষা করে, আত্মীয়দের খোঁজ-খবর নেয়, বিপদাপদে তাদের পাশে গিয়ে দাঁড়ায়, আল্লাহ তা'আলা তাদের প্রশংসায় আল কুরআনে ইরশাদ করেন: **وَالَّذِينَ يَصِلُونَ مَا أَمَرَ اللهُ بِهِ أَنْ يُوصَلَ وَيَخْشَوْنَ** رَبَّهُمْ وَيَخَافُونَ سُوءَ الْحِسَابِ ÔAvi Avjøvn †h m¤úK AUU ivLvi wb‡`k w`‡q‡Qb, hviv Zv AUU iv‡L Ges Zv‡`i ie‡K fq K‡i, Avi g› wnmv‡ei Avk¼v K‡iÕ (miv Avi - ivÕ` : 21)।

পক্ষান্তরে যারা এ সম্পর্ক অটুট রাখে না তীব্র ভাষায় তাদের ভর্ৎসনা করে আল্লাহ তা'আলা বলেন: **وَالَّذِينَ يَنْقُضُونَ عَهْدَ اللهِ مِنْ بَعْدِ مِيثَاقِهِ وَيَقْطَعُونَ مَا أَمَرَ اللهُ بِهِ أَنْ يُوصَلَ وَيُفْسِدُونَ فِي الْأَرْضِ أُولَئِكَ لَهُمُ اللَّعْنَةُ وَلَهُمْ سُوءُ الدَّارِ** ÔAvi hviv Avjøvni mv‡_ `pfv‡e A½xKvi Kivi ci Zv f½ K‡i Ges Avjøvn †h m¤úK AUU ivLvi wb‡`k w`‡q‡Qb Zv wQb K‡i Ges hgx‡b dvmv` mwó K‡i, Zv‡`i Rb¨B jvÔbZ Avi Zv‡`i Rb¨B i‡q†Q AwLiv‡Zi g› AvevmÕ (ivÔ` : 25)।

যারা পৃথিবীতে বিশৃঙ্খলা সৃষ্টি করে এবং আত্মীয়দের সাথে সুসম্পর্ক বজায় রাখে না তাদের ধমক দিয়ে আল্লাহ তা'আলা বলেন: **فَهَلْ عَسَيْتُمْ إِنْ تَوَلَّيْتُمْ أَنْ تُفْسِدُوا فِي الْأَرْضِ وَتُقَطِّعُوا أَرْحَامَكُمْ** ÔZ‡e wK †Zvgiv cZ¨vkv KiQ †h, hw` †Zvgiv kvmb-KZZ cvI, Z‡e †Zvgiv hgx‡b wechq mwó Ki‡e Ges †Zvgv‡`i AvZ¥xqZvi eÜb wQb Ki‡e? GivB hv‡`i‡K Avjøvn jvbZ K‡ib, Zv‡`i‡K ewai K‡ib Ges Zv‡`i `wómgn‡K AÜ K‡ibÕ (gnv¤§` : 22-23)।

রক্ত-সম্পর্কিত আত্মীয়দের সঙ্গে সদাচারের নির্দেশ দিয়ে আল্লাহ তা'আলা বলেন: **وَاتَّقُوا اللهَ الَّذِي تَسَاءَلُونَ بِهِ وَالْأَرْحَامَ إِنَّ اللهَ كَانَ عَلَيْكُمْ رَقِيبًا** ÔAvi †Zvgiv Avjøvn‡K fq Ki, hvi gva¨‡g †Zvgiv G‡K Ac‡ii Kv‡Q PvI| Avi fq Ki i³-m¤úwKZ AvZ¥xq‡`i e¨vcv‡i| wbðq Avjøvn †Zvgv‡`i Ici ch‡e¶KÕ (wbmv : 01)।

এসব আয়াত থেকে আমরা সুস্পষ্ট বুঝতে পারি, আল্লাহ তা'আলা আমাদেরকে আত্মীয়তা-সম্পর্ক অক্ষুণ্ন রাখার নির্দেশ দিয়েছেন এবং এ সম্পর্ক ক্ষুণ্ন করতে নিষেধ করেছেন।

প্রিয় ভাইয়েরা! আমরা কি আল্লাহর বাণীর মর্ম অনুধাবন করতে পেরেছি? তাহলে কি এরপরও আমরা আত্মীয়-পরিজন থেকে দূরত্ব বজায় রাখবো? আত্মীয়-পরিজনদের ভুলে গিয়ে গোমরাহিতে ডুবে থাকবো? আল্লাহ তা'আলার অবাধ্যতার পুনরাবৃত্তি করতে থাকবো? রাব্বুল আলামীনের নির্দেশ পালনে উদাসীন থাকবো?

আবূ হুরায়রা রাদিয়ালাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন: إِنَّ اللهَ خَلَقَ الْخَلْقَ حَتَّى إِذَا فَرَغَ مِنْ خَلْقِهِ قَالَتِ الرَّحِمُ هَذَا مَقَامُ الْعَائِذِ بِكَ مِنَ الْقَطِيعَةِ قَالَ نَعَمْ أَمَا تَرْضَيْنَ أَنْ أَصِلَ مَنْ وَصَلَكِ وَأَقْطَعَ مَنْ قَطَعَكِ قَالَتْ بَلَى يَا رَبِّ قَالَ فَهُوَ لَكِ 'আল্লাহ তা'আলা সকল সৃষ্টি বস্তু সৃষ্টি করেন। যখন তিনি সৃষ্টির কাজ সমাপ্ত করেন তখন আত্মীয়তা-সম্পর্ক বলে উঠল, 'এটি আপনার কাছে আত্মীয়তা-সম্পর্ক ছিন্নকারী হতে আশ্রয়ের স্থান'। আল্লাহ তা'আলা বললেন, 'হ্যাঁ, তুমি কি এতে সন্তুষ্ট নও যে, যে ব্যক্তি তোমার সাথে সম্পর্ক স্থাপন করবে আমিও তার সাথে সম্পর্ক স্থাপন করবো আর যে তোমাকে ছিন্ন করবে আমিও তাকে ছিন্ন করবো?' আত্মীয়তা-সম্পর্ক বলল, 'জি অবশ্যই, হে আমার রব' তিনি বললেন, 'এটা শুধু তোমার জন্য' (বুখারী)।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, তোমরা চাইলে এ আয়াত পড়ে দেখ : **فَهَلْ عَسَيْتُمْ إِنْ تَوَلَّيْتُمْ أَنْ تُفْسِدُوا فِي الْأَرْضِ وَتُقَطِّعُوا أَرْحَامَكُمْ** ÔZ‡e wK †Zvgiv cZ¨vkv KiQ †h, hw` †Zvgiv kvmb KZZ cvI, Z‡e †Zvgiv hgx‡b wechq mwó Ki‡e Ges †Zvgv‡`i AvZ¥xqZvi eÜb wQb Ki‡e?Õ (miv gnv¤§` : 22){ বুখারী}।

আনাস ইব্‌ন মালিক রাদিয়ালাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: إِنَّ الرَّحِمَ مُعَلَّقَةٌ بِالْعَرْشِ تُنَادِيْ بِلِسَانٍ لَهَا ذَلِقٍ : اللَّهُمَّ صِلْ مَنْ وَصَلَنِيْ، وَاقْطَعْ مَنْ قَطَعَنِيْ 'নিশ্চয় আত্মীয়তা-সম্পর্ক আরশকে আকঁড়ে ধাকবে। সে তার তীক্ষ্ণ জিহ্বা দিয়ে ডাক দিয়ে বলবে, 'হে আল্লাহ, যে আমার সাথে সম্পর্ক স্থাপন করে তুমি তার সাথে সম্পর্ক স্থাপন কর আর যে আমার সাথে সম্পর্ক ছিন্ন করে তুমি তার সাথে সম্পর্ক ছিন্ন কর' তখন আল্লাহ তাবারাকা ওয়া তা'আলা বলবেন, 'আমি রাহীম রাহমান (আমি দয়ালু, পরম করুণাময়) আর 'রাহিম' (رَحِمْ) তথা আত্মীয়তা-সম্পর্ক শব্দটিকে আমার নাম থেকে বের করেছি। সুতরাং যে এর সাথে সুসম্পর্ক রাখবে আমি তার সাথে সুম্পর্ক রাখবো আর যে এ সম্পর্ক ছিন্ন করবে আমি তার সাথে সম্পর্ক ছিন্ন করবো' (আল ফাওয়াইদুল মুন্তাকাত, ৭ম খণ্ড, হাদীস নং ৯৭, সহীহ)।

আবূ সুফিয়ান রাদিয়ালাহু আনহু ইসলাম গ্রহণের পূর্বে বাণিজ্য সফরে শাম দেশে গেলে সম্রাট হিরাক্লিয়াস তাঁর কাছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিবরণ জানতে চান। জবাবে তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিবরণ তুলে ধরেন এভাবে : 'তিনি বলেন, তোমরা আল্লাহর ইবাদত করো এবং তোমাদের পিতৃবর্গ যা বলেন তা বর্জন করো। আর তিনি আমাদেরকে সালাত, সত্যবাদিতা, চারিত্রিক শুভ্রতা ও আত্মীয়তা-সম্পর্ক বজায় রাখার আদেশ করেন' (বুখারী)।

এ থেকে আমরা জানতে পারি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নবুওয়াতের সূচনাকালে যেসব বিষয়ের দাওয়াত দিয়েছেন আত্মীয়তা-সম্পর্ক বজায় রাখা তার মধ্যে অন্যতম। আমরা আত্মীয়তা-সম্পর্ক রক্ষা করতে পারি দুইভাবে: এক. কিছু কাজ করার মাধ্যমে। যেমন : আত্মীয়দের সঙ্গে সদ্ব্যবহার এবং তাদের সঙ্গে সদাচার অব্যাহত রেখে। দুই. কিছু কাজ না করার মাধ্যমে। যেমন : আত্মীয়দের কষ্ট না দেয়া এবং তাদের অনিষ্ট না করা।

gnZvivg †kvZvgÐjx! আত্মীয়তা-সম্পর্ক দীনদারী ও তাকওয়া-পরহেজগারীর একটি মূল বিষয়। আর এ সম্পর্কের সাধারণ দাবি হলো আত্মীয়-স্বজনদের নসীহত করা, তাদের সৎ পরামর্শ দেওয়া, একে অন্যের কল্যাণ কামনা করা, পরস্পরকে ভালোবাসা, ন্যায়-ইনসাফ রক্ষা করা, ওয়াজিব বা জরুরী হক এবং যথাসাধ্য নফল বা ঐচ্ছিক হকসমূহ আদায় করা, আত্মীয়-স্বজনকে সুশিক্ষিত করে তোলা, তাদেরকে সুপথ দেখানো, দিক-নির্দেশনা দেয়া, সৎ কাজে আদেশ ও অসৎ কাজে নিষেধ করা, আত্মীয়দের প্রতি সহানুভূতিশীল ও তাদরে দুঃখে সমব্যথী হওয়া এবং তাদের কষ্ট দূর করা। বিপদাপদে সাহায্য করা।

আত্মীয়তা-সম্পর্ক রক্ষার ফযীলত

প্রিয় ভাই ও বন্ধুগণ! আত্মীয়তা-সম্পর্ক রক্ষার দ্বারা মানুষের হায়াত দরাজ হয়, ধন-সম্পদ বৃদ্ধি পায়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: مَنْ سَرَّهُ أَنْ يُبْسَطَ لَهُ فِي رِزْقِهِ أَوْ يُنْسَأَ لَهُ فِي أَثَرِهِ فَلْيَصِلْ رَحِمَهُ 'যে ব্যক্তি কামনা করে তার রিযক প্রশস্ত হোক এবং তার আয়ু দীর্ঘ হোক সে যেন আত্মীয়তা-সম্পর্ক বজায় রাখে' (বুখারী ও মুসলিম)।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এও বলেছেন যে, প্রকৃতপক্ষে আত্মীয়তা-সম্পর্ক রক্ষার কৃতিত্ব তারই প্রাপ্য, যে অন্যপক্ষ থেকে তার সাথে আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করলেও সে তা স্থাপন করে। পক্ষান্তরে যার সাথে সম্পর্ক বহাল আছে, তার সাথে সম্পর্ক রক্ষা করলে তা হবে ভালো সম্পর্কের প্রতিদানে ভালো সম্পর্ক রাখা। এটি যদিও আত্মীয়তা-সম্পর্ক রক্ষার মধ্যেই পড়ে, কিন্তু যে ব্যক্তি, সম্পর্কের টানপোড়েন চলছে, এমন আত্মীয়ের সাথে সম্পর্ক স্থাপন করবে তার ছাওয়াব হবে অনেক বেশি এবং তার প্রতিদান হবে অনেক বড়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: لَيْسَ الْوَاصِلُ بِالْمُكَافِئِ وَلَكِنَّ الْوَاصِلَ الَّذِي إِذَا قُطِعَتْ رَحِمُهُ وَصَلَهَا ‘সে আত্মীয়তা-সম্পর্ক রক্ষাকারী নয়, যে সম্পর্ক রক্ষার বিনিময়ে সম্পর্ক রক্ষা করে। বরং প্রকৃত আত্মীয়তা-সম্পর্ক রক্ষাকারী সেই, যার সাথে সম্পর্ক ছিন্ন করলে সে তা জোড়া দেয়’ (বুখারী)।

†eiv`vi‡b wgjvZ! আল্লাহর তা‘আলার পক্ষ হতে দেওয়া একমাত্র দীন ইসলামে, আত্মীয়তা-সম্পর্ক রক্ষা করার প্রতি এত বেশি গুরুত্ব দেয়া হয়েছে যে, কাফির আত্মীয়দের সাথেও যথার্থরূপে আত্মীয়তার সম্পর্ক বজায় রাখার নির্দেশ দেয়া হয়েছে। আসমা বিনতে আবূ বকর রাদিয়ালাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন : ‘রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জীবদ্দশায় আমার আম্মা মুশরিক থাকা অবস্থায় একবার আমার কাছে আগমন করলেন। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে জিজ্ঞেস করলাম, তিনি আমার সাথে সম্পর্ক রাখতে আগ্রহী, আমি কি আমার মায়ের সাথে সম্পর্ক রাখবো? তিনি বললেন, হ্যাঁ, তুমি তোমার মায়ের সাথে সম্পর্ক ঠিক রাখো’ (বুখারী)।

gÔAvhhvR nv‡hixb! আমাদের প্রিয় ধর্মে আত্মীয়তা-সম্পর্ক রক্ষার মর্যাদা এমনই। আমরা কি আল্লাহর নির্দেশ সম্পর্কে অবগত? আমরা কি পালন করি তাঁর নির্দেশ? আমরা কি বর্জন করি তার নিষেধকৃত বিষয়সমূহ? ভেবে দেখুন, আমরা কি আত্মীয়তা-সম্পর্কই ঠিক রাখি? তাদের সাথে সাক্ষাৎ করি? তাদের খোঁজ-খবর নেই? তাদের সাথে সম্পর্কহীনতা, তাদের ব্যাপারে অন্তরের অনুদারতা কি ক্ষমার যোগ্য হতে পারে?

হে দুনিয়া-আখিরাতের সাফল্য প্রত্যাশী ভাই, আত্মীয়তা-সম্পর্ক বজায় রাখুন। আত্মীয়দের সাথে সম্পর্কচ্ছেদ করবেন না কখনো। তাদের সাথে সুসম্পর্ক রাখলে, তাদের সাথে যোগাযোগ ঠিক রাখলে কত বেশি সওয়াব আর কত লাভ তা সবসময় মনে রাখবেন।

gwgb-gmjgvb fvB‡qiv! জানেন কি আত্মীয়তা-সম্পর্ক ঠিক রাখলে কত লাভ? এর লাভ দুনিয়া-আখিরাত উভয় জগতে। সংক্ষেপে সেদিকে ইশারা করছি :

১. আত্মীয়তা-সম্পর্ক রক্ষা ঈমানের পূর্ণতা ও ইসলামের সৌন্দর্যের প্রকাশ।
২. আত্মীয়তা-সম্পর্ক রক্ষা রিযক ও হায়াত বৃদ্ধির কারণ।
৩. আত্মীয়তা-সম্পর্ক রক্ষার মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জিত হয়।

আত্মীয়তা-সম্পর্ক রক্ষার গুরুত্ব সম্পর্কে পূর্বসূরী বুযুর্গদের উক্তি

উমর রাদিয়ালাহু আনহু বলেন, ‘তোমরা তোমাদের বংশগত বিদ্যা শিক্ষা করো অতঃপর আত্মীয়দের সাথে সম্পর্ক রক্ষা করো। আল্লাহর কসম! নিশ্চয় তোমাদের কারো সাথে তার ভাইয়ের বিবাদ হবে, যদি সে জানতো তার ও তার ভাইয়ের মধ্যে আত্মীয়তা-সম্পর্কের কী গুরুত্ব রয়েছে, তাহলে তা তাদের এই সম্পর্ক নষ্ট করা থেকে বিরত রাখতো’ (তাফসীরে তাবারী : ১/১৪৪)।

আতা ইবন আবী রাবাহ রহ. বলেন, ‘আমি আমার আত্মীয়ের জন্য এক টাকা খরচ করাকে দরিদ্র ব্যক্তির জন্য এক হাজার টাকা খরচ করার চেয়ে উত্তম মনে করি। একজন তাঁকে জিজ্ঞেস করলো, হে আবূ মুহাম্মদ, যদি আত্মীয়টি আমার মতো ধনী হয় তবুও? তিনি বললেন, যদি সে তোমার চেয়েও বড় বিত্তশালী হয় তবুও’ (ইবনে আবিদ্দুনিয়া, মাকারিমুল আখলাক : ৬২ পৃ.)।

সাঈদ ইবন মুসাইয়িব রহ. কিছু অর্থ রেখে গিয়েছিলেন। তিনি বলতেন, ‘হে আল্লাহ, আপনি জানেন, আমি কেবল নিজের দীন ও বংশকে নিরাপদ রাখার জন্য অর্থ সঞ্চয় করেছি। যে ব্যক্তি অর্থ সঞ্চয় করল না আর তা দিয়ে অন্যের পাওনা পরিশোধ করল না এবং আত্মীয়তা-সম্পর্ক রক্ষা করতে পারল না আর নিজকে বাঁচাতে পারল না, তাতে কোনো কল্যাণ নেই’ (আল আদাব আশ শরইয়্যা : ৩/২৬২)।

আমর ইবন দীনার রহ. বলেন, ‘নিশ্চিত জেনো, ফরয আদায়ের জন্য কদম ফেলার সর্বোত্তম পদক্ষেপ সেটি,

যা আত্মীয়তা-সম্পর্ক রক্ষার জন্য ফেলা হয়'।

সুলাইমান ইবন মূসা রহ. বলেন, 'আবদুল্লাহ ইবনে মুহাইরিযকে জিজ্ঞেস করা হলো, আত্মীয়তা-সম্পর্কের হক কী? তিনি বললেন, যখন সে এগিয়ে আসে, তখন তাকে স্বাগত জানানো আর যখন সে পিছিয়ে যায় তখন তার পেছনে যাওয়া' (আল আদাব আশ শরইয়্যা)।

আল্লাহ তা'আলা আমাদের সবাইকে আত্মীয়তা-সম্পর্ক বজায় রাখার তাওফীক দান করুন।

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ، أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيْمُ .

আত্মীয়তা-সম্পর্ক ঠিক রাখা

wØZxq LZev

اَلْحَمْدُ لله حَمْداً كَثِيْراً طَيِّباً مُبَارَكاً فِيْهِ كَمَا يُحِبُّ رَبُّنَا وَيَرْضَى، أَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، صَلَّى اللهُ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَصَحْبِهِ، وَسَلَّمَ تَسْلِيْماً كَثِيْراً إِلَى يَوْمِ الدِّينِ، أَمَّا بَعْدُ :

m¤§vwbZ Dcw¯wZ! আত্মীয়তা-সম্পর্ক রক্ষার মধ্যে যেমন অনেক সওয়াব ও বড় নেকি রয়েছে, তেমনি তা নষ্ট করার মধ্যে রয়েছে অনেক গুনাহ ও ক্ষতি। যেমন : বলা হয়েছে আত্মীয়তা-সম্পর্ক নষ্টকারী জান্নাতে যাবে না। জুবাইর ইবনে মুতইম রাদিয়ালাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: لَا يَدْخُلُ الْجَنَّةَ قَاطِعُ رَحِمٍ 'আত্মীয়তা-সম্পর্ক ছিন্নকারী জান্নাতে প্রবেশ করবে না' (বুখারি)।

অন্য এক বর্ণনায় রয়েছে আত্মীয়তা-সম্পর্ক ছিন্নকারী যেন উত্তপ্ত ছাই ভক্ষণ করে।

হাদীসে এসেছে :

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَجُلًا قَالَ يَا رَسُولَ اللهِ إِنَّ لِي قَرَابَةً أَصِلُهُمْ وَيَقْطَعُونِي وَأُحْسِنُ إِلَيْهِمْ وَيُسِيئُونَ إِلَيَّ وَأَحْلُمُ عَنْهُمْ وَيَجْهَلُونَ عَلَيَّ فَقَالَ لَئِنْ كُنْتَ كَمَا قُلْتَ فَكَأَنَّمَا تُسِفُّهُمْ الْمَلَّ وَلَا يَزَالُ مَعَكَ مِنْ اللهِ ظَهِيرٌ عَلَيْهِمْ مَا دُمْتَ عَلَى ذَلِكَ

'আবূ হুরায়রা রাদিয়ালাহু আনহু থেকে বর্ণিত, এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করল, হে আল্লাহর রাসূল, আমার কিছু আত্মীয় রয়েছে– আমি তাদের সাথে সম্পর্ক রক্ষা করি আর তারা তা নষ্ট করে, আমি তাদের সাথে ভালো ব্যবহার করি আর তারা আমার সাথে মন্দ ব্যবহার করে; তারা আমার সাথে মূর্খতাসুলভ আচরণ করে আর আমি তাদের আচরণে ধৈর্য্য ধারন করি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, ঘটনা যদি তেমনই হয় যেমন তুমি বলছ, তাহলে তুমি যেন তাদেরকে উত্তপ্ত ছাই খাওয়াচ্ছ। আর যতক্ষণ তুমি তোমার এ অবস্থানে থাকবে, ততক্ষণ তোমার সাথে আল্লাহর পক্ষ থেকে তাদের বিরুদ্ধে সাহায্যকারী থাকবে' (মুসলিম)।

তাছাড়া পূর্বেই উল্লেখ করা হয়েছে যে আত্মীয়তা-সম্পর্ক নষ্টকারীর জন্য রয়েছে আল্লাহর লানত ও শাস্তি। আল্লাহ তা'আলা বলেন : **فَهَلْ عَسَيْتُمْ إِنْ تَوَلَّيْتُمْ أَنْ تُفْسِدُوا فِي الْأَرْضِ وَتُقَطِّعُوا أَرْحَامَكُمْ. أُولَئِكَ الَّذِينَ لَعَنَهُمُ اللَّهُ فَأَصَمَّهُمْ وَأَعْمَى أَبْصَارَهُمْ** ÔZ‡e wK †Zvgiv cZ¨vkv KiQ †h, hw` †Zvgiv kvmb KZZ cvI, Z‡e †Zvgiv hgx‡b wechq mwó Ki‡e Ges †Zvgv‡`i AvZ¥xqZvi eÜb wQb Ki‡e? GivB hv‡`i‡K Avjøvn jvbZ K‡ib, Zv‡`i‡K ewai K‡ib Ges Zv‡`i `wógn‡K AÜ K‡ibÕ (miv gnv¤§` : 22-23)।

আল্লাহ তা'আলা আরো বলেন: **الَّذِينَ يَنْقُضُونَ عَهْدَ اللَّهِ مِنْ بَعْدِ مِيثَاقِهِ وَيَقْطَعُونَ مَا أَمَرَ اللَّهُ بِهِ أَنْ يُوصَلَ وَيُفْسِدُونَ فِي الْأَرْضِ أُولَئِكَ هُمُ الْخَاسِرُونَ** 'আর যারা আল্লাহর সাথে দৃঢ়ভাবে অঙ্গীকার করার পর তা ভঙ্গ করে এবং আল্লাহ যে সম্পর্ক অটুট রাখার নির্দেশ দিয়েছেন তা ছিন্ন করে এবং যমীনে ফাসাদ সৃষ্টি করে, তাদের জন্যই লা'নত আর তাদের জন্যই রয়েছে আখিরাতের মন্দ আবাস' (iv` : 25)।

আর আত্মীয়তা-সম্পর্ক নষ্ট করার সবচে' বড় নমুনা হলো পিতা-মাতার সাথে সম্পর্ক নষ্ট করা। তারপর যে

সবচে’ কাছের তার সাথে, তারপর যে সবচে’ নিকটতর তার সাথে। এজন্যই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন أَلَا أُنَبِّئُكُمْ بِأَكْبَرِ الْكَبَائِرِ ثَلَاثًا قَالُوا بَلَى يَا رَسُولَ اللهِ قَالَ الْإِشْرَاكُ بِاللَّهِ وَعُقُوقُ الْوَالِدَيْنِ ‘আমি কি তোমাদেরকে সবচে’ বড় কবীরা গুনাহ সম্পর্কে অবহিত করবো না? কথাটি তিনি তিনবার বললেন। আমরা বললাম, অবশ্যই, হে আল্লাহর রাসূল। তিনি বললেন, আল্লাহর সাথে শরীক করা এবং পিতামাতার অবাধ্য হওয়া’ (বুখারী)।

আত্মীয়তা-সম্পর্ক নষ্ট করার আরেকটি ক্ষতি হলো, আখিরাতের আগেই দুনিয়াতে এর শাস্তি প্রদান করা হয়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: مَا مِنْ ذَنْبٍ أَحْرَى أَنْ يُعَجِّلَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى الْعُقُوبَةَ لِصَاحِبِهِ فِي الدُّنْيَا مَعَ مَا يَدَّخِرُ لَهُ فِي الْآخِرَةِ مِنْ الْبَغْيِ وَقَطِيعَةِ الرَّحِمِ ‘যেসব গুনাহের কারণে আল্লাহ তা‘আলা অপরাধিকে অতিসত্বর দুনিয়াতে শাস্তি প্রদান করেন তারমধ্যে বেশী উপযুক্ত হল যুলম ও আত্মীয়তা-সম্পর্ক নষ্ট করা। সাথে সাথে আখিরাতের শাস্তি তার জন্য সঞ্চিতই থাকবে’ (মুসনাদে আহমদ, সহীহ)।

AZGe †n Avjøvni ev›`vMY! আল্লাহকে ভয় করুন এবং আত্মীয়তা-সম্পর্ক ঠিক রাখুন। আত্মীয়দের সাথে সাক্ষাৎ করা, তাদেরকে উপহার দেয়া, তাদের পেছনে অর্থ ব্যয় করার মাধ্যমে আত্মীয়তা-সম্পর্ক রক্ষা করুন। ভালোবাসা, আন্তরিকতা, নম্র কথা, হাসিমুখ, শ্রদ্ধা ও সম্মান প্রদর্শন এবং সমাজে প্রচলিত সব ধরনের আত্মীয়তা রক্ষার উপায় অবলম্বনের মাধ্যমে তাদের সাথে সম্পর্ক রক্ষা করুন। এর দ্বারা দুনিয়াতে ও আখিরাতে কামিয়াব হোন। আমীন।

اَللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيْمَ وَعَلَى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنْ آلِ نَبِيِّكَ الطَّيِّبِيْنَ الطَّاهِرِيْنَ وَعَنْ أَزْوَاجِهِ أُمَّهَاتِ الْمُؤْمِنِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনি আমাদেরকে আত্মীয়তা-সম্পর্ক বজায় রাখার তাওফীক দান করুন। সকল আত্মীয়ের হক আদায়ের তাওফীক দান করুন। হে আল্লাহ! আপনি ইসলামের ইজ্জত ও কদর বাড়িয়ে দিন। মুসলমানদের ইজ্জত ও কদর বাড়িয়ে দিন। আপনি ইসলামকে সমগ্র পৃথিবীতে বিজয়ী আদর্শরূপে প্রতিষ্ঠিত করুন। আপনি ইসলামী আদর্শের অনুশীলন-অনুকরণ ব্যাপক করে দিন। হে আল্লাহ! আপনি আমাদের সকল বৈধ প্রয়োজনগুলো পূরণ করে দিন। আমাদেরকে দারিদ্র্য থেকে রক্ষা করুন। আমাদের দেশকে দারিদ্র্য থেকে রক্ষা করুন। আপনি যে পথে চললে রাযিখুশী হন সে পথে আমাদের দেশের কর্ণধারদের পরিচালিত করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهُ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

যাকাতের তাৎপর্য ও বিধান

LZevq hv _vK‡e

১. যাকাতের আবশ্যকতা ও যেসব সম্পদের যাকাত দেয়া ওয়াজিব তা বর্ণনা করা

২. ব্যক্তি ও সমাজে যাকাত আদায়ের প্রভাব

৩. যাকাত আদায় না করার ভয়াবহ পরিণতি

৪. যাকাত ফরয হওয়ার হুকুম বর্ণনা

c_g LZev

اَلْحَمْدُ لله دَائِم الْفَضْلِ وَالْإِحْسَانِ ذِيْ الْعَطَاءِ الْوَاسِعِ وَالْإِمْتِنَانِ، أَحْمَدُهُ سُبْحَانَهُ عَلَى مَا أَنْعَمَ فَأَغْنَى وَأَقْنَى وَأَشْكُرُهُ عَلَى نِعَمِهِ الَّتِيْ تَتْرَا، وَأَشْهَدُ أَنْ لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَه، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، صَاحِبُ الْمَقَامِ الْمَحْمُوْدِ، اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى عَبْدِكَ وَرَسُوْلِكَ نَبِيِّنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّينِ، أَمَّا بَعْدُ :

প্রিয় ভাই ও বন্ধুগণ! আল্লাহ তায়ালা সৃষ্টিতাত্ত্বিক বিশেষ কৌশলবশতঃ মানুষের স্বভাব-চরিত্র ও রিযক-এর ক্ষেত্রে সমতা সৃষ্টি করেননি। কাউকে ধনী বনিয়েছেন তো কাউকে গরীব করেছেন। কাউকে অঢেল সম্পদ দিয়েছেন আবার কাউকে নিঃস্ব বানিয়েছন। এটা আল্লাহ তা'আলার বিশেষ হেকমত। এমন না হলে পৃথিবীর শৃঙ্খলা বজায় থাকত না। মনুষের মধ্যে সবর ও শোকরের পরীক্ষা পূর্ণ হত না। আল্লাহ তা'আলা বলেন قُلْ إِنَّ رَبِّي يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَشَاءُ وَيَقْدِرُ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ Ôej, Avgvi ie hvi Rb¨ B"Qv wihK ck¯ K‡ib A_ev m¼wPZ K‡ib; wKš AwaKvsk †jvK Zv Rv‡b bvÕ (miv mvev:36)।

আল্লাহ তা'আলা কাউকে প্রাচুর্য দিয়ে পরীক্ষা করেন আবার কাউকে অভাব-অনটন দিয়ে। এ পরীক্ষা বিষয়ে আল্লাহ তা'আলা আল কুরআনে ইরশাদ করেন فَأَمَّا الْإِنْسَانُ إِذَا مَا ابْتَلَاهُ رَبُّهُ فَأَكْرَمَهُ وَنَعَّمَهُ فَيَقُولُ رَبِّي أَكْرَمَنِ. وَأَمَّا إِذَا مَا ابْتَلَاهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهُ فَيَقُولُ رَبِّي أَهَانَنِ .كَلَّا بَل لَا تُكْرِمُونَ الْيَتِيمَ . ÔÁvi gvbl †Zv Ggb †h, hLb Zvi ie Zv‡K cix¶v K‡ib, AZtci Zv‡K m¤§vb `vb K‡ib Ges AbMn c`vb K‡ib, ZLb †m e‡j, Avgvi ie Avgv‡K m¤§wbZ K‡i‡Qb| Avi hLb wZwb Zv‡K cix¶v K‡ib Ges Zvi Ici Zvi wihK‡K m¼wPZ K‡ib, ZLb †m e‡j, Avgvi ie Avgv‡K AcgwbZ K‡i‡Qb| KL‡bv bq, eis †Zvgiv BqvZxg‡`i `qv-AbMn c`kb Ki bvÕ(miv Avj dvRi: 15-17)।

উপর্যুক্ত আয়াত দ্বারা বুঝা যায় যে, সম্পদ যেমন আল্লাহর ভালোবাসার প্রতীক নয়, তেমনি অভাব-অনটন আল্লাহর ক্রোধের বহিঃপ্রকাশ নয়। দারিদ্র্য ও ধনাঢ্যতা উভয়টাই আল্লাহ তা'আলার পক্ষ থেকে পরীক্ষা।

আল্লাহ তা'আলা দেখতে চান যে,ধন পেয়ে ধনীরা কৃতজ্ঞতা প্রকাশ করে কিনা? কিংবা অভাব অনটনে থেকে গরীবরা ধৈর্য ধারণ করে কিনা? ধনীরা যদি ধন-দৌলত লাভ করে আল্লার কৃতজ্ঞতা প্রতাশ করে এবং বিধান মতে ধন-সম্পদ ব্যয় করে, তাহলে তারা পরীক্ষায় কৃতকার্য বলে গণ্য হবে। আর গরীবরা যদি ধৈর্যধারণ করে এবং আল্লাহর বণ্টনে সন্তুষ্ট থাকে, তাহলে তারা এর উপযুক্ত বিনিময় পাবে। তাই কারো হাতে সম্পদ থাকার অর্থ এ নয় যে আল্লাহ তার ওপর সন্তুষ্ট। ইরশাদ হয়েছে فَلَا تُعْجِبْكَ أَمْوَالُهُمْ وَلَا أَوْلَادُهُمْ إِنَّمَا يُرِيدُ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ بِهَا فِي الْحَيَاةِ الدُّنْيَا وَتَزْهَقَ أَنْفُسُهُمْ وَهُمْ كَافِرُونَ ÔAZGe †Zvgv‡K †hb g» bv K‡i Zv‡`i ab-m¤ú` I mšvbw`, Avjøvn Gi Øviv †Kej Zv‡`i Avhve w`‡Z Pvb `wbqvi Rxe‡b Ges Zv‡`i Rvb †ei n‡e Kwdi Ae¯vqÕ (miv AvZ-ZvIev:55)।

যাকাত ইসলামের মৌলিক স্তম্ভসমূহের একটি। যাকাত বিষয়ে আল্লাহ তা'আলা নির্দেশনা দিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেনخُذْ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُزَكِّيهِمْ بِهَا وَصَلِّ عَلَيْهِمْ إِنَّ صَلَاتَكَ سَكَنٌ لَهُمْ وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ÔZv‡`i m¤úः` †_‡K mv`Kv bvI| Gi gva¨‡g Zv‡`i‡K Zwg cwešÎ I cwiï× Ki‡e| Avi Zv‡`i Rb¨ `ÔAv Ki, wbðq †Zvgvi `ÔAv Zv‡`i Rb¨ ckwšKi| Avi Avjøvn me‡kvZv, meÁÕ(miv AvZ ZvIev:103)।

উপর্যুক্ত আয়াতে দেখা যায় যে, আল্লাহ তা'আলা তার নবীকে যাকাত গ্রহণ করার নির্দেশ দিয়েছেন। এর কারণস্বরূপ আয়াতটিতে বলা হয়েছে যে, এর মাধ্যমে যাকাতদাতার আত্মিক পরিশুদ্ধি লাভ হয় ও তার সম্পদ নির্মল হয়। বস্তুত যাকাত, যাকাতদাতার আত্মাকে কৃপণতার ব্যাধি থেকে মুক্ত করে। তার মাঝে উদারতা ও দান-শীলতার গুণ সৃষ্টি করে। এছাড়া যাকাত অবশিষ্ট সম্পদকে নির্মল করে দেয়। যাকাত আদায় করে যাকাতদাতার আত্মা শক্তিশালী হয়। সবল হয়। কেননা যাকাতদানকারী প্রবৃত্তির বিরুদ্ধে জয়ী হয়ে যাকাত দিতে সক্ষম হয়। এভাবে তার পশুপ্রবৃত্তি অবদমিত হয়ে ঈমানী শক্তির উন্মেষ ঘটে। যাকাতের মাধ্যমে অবশিষ্ট মালে বরকত হয়। বহুলাংশে তা বৃদ্ধি পায়। বুখারী শরীফে আবু হুরায়রা রাযি. থেকে বর্ণিত আছে مَا نَقَصَتْ صَدَقَةٌ مِنْ مَالٍ 'দান-সাদকা দ্বারা সম্পদ কখনো কমে না' (বুখারী) ।

ভাইয়েরা আমার! যাকাত আদায় করুন। যাকাত আদায়ের কারণে অনেক বিপদ-আপদ ও দুর্যোগের ঘনঘটা হতে মুক্তি পাবেন। যাকাত আদায় করতে কখনো অলসতা করবেন না। লক্ষ্য করে দেখুন, যাকাত হিসাবে আল্লাহ তা'আলা মাত্র ২.৫% শতাংশ ধার্য করেছেন। আবার এটা আপনারই আত্মীয়-স্বজন ও পাড়া-প্রতিবেশীর মধ্যে বণ্টনের ব্যবস্থা রেখেছেন। আর ৯৭.৫% শতাংশ সম্পদ নিজের কাছে রেখে দেয়ার পূর্ণ অধিকার আপনাকে দিয়েছেন। আর আপনি যা দান করবেন তার বিনিময় দুনিয়া ও আখেরাতে পরিপূর্ণরূপে পাবেন; বরং বহুগুণ বর্ধিত আকারে পাবেন।

প্রিয় মুসলিম ভাই! আপনি যদি যাকাত আদায় না করেন, তাহলে যাকাতের যে মাল আপনার কাছে রয়ে যাবে তা কিন্তু সম্পূর্ণরূপে আপনার ব্যবহারে আসবে না। বরং এর অংশবিশেষ আপনার উত্তরাধিকারীদের হস্তগত হবে। তারা এ সম্পদ ভোগ করবে। এখন একটু চিন্তা করে দেখুন, যাকাত আদায় না করার কারণে পরিণামে এ সম্পদের অধিকারি হবে অন্যরা, আর এর জন্য জবাবদিহি করতে হবে কেবল আপনাকেই। অতএব এ বিষয়ে একটু সচেতন হোন। সঠিকভাবে যাকাত আদায় করে দায়মুক্ত হোন। আল্লাহর সান্নিধ্য অর্জন করুন। খেয়াল রাখবেন, যাকাতের অংশ মূল সম্পদ হতে আলাদা করার সময় যাকাতের নিয়ত আপনার হৃদয়ে যেন উপস্থিত থাকে। কেননা সব কাজের ফলাফল নিয়তের ওপর নির্ভরশীল।

মুহতারাম হাযেরীন! যেসব মালের যাকাত দেয়া ওয়াজিব তা এখানে সংক্ষেপে তুলে ধরছি:

এক. ক্ষেত-খামারে উৎপাদিত শস্যের যাকাত। ইরশাদ হয়েছে**يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَنْفِقُوا مِنْ طَيِّبَاتِ مَا كَسَبْتُمْ وَمِمَّا أَخْرَجْنَا لَكُمْ مِنَ الْأَرْضِ وَلَا تَيَمَّمُوا الْخَبِيثَ مِنْهُ تُنْفِقُونَ** Ô†n gwgbMY, †Zvgiv e¨q Ki DËg e¯, †Zvgiv hv ARb K‡iQ Ges Awg hgxb †_‡K †Zvgv‡`i Rb¨ hv Drcb K‡iwQ Zv †_‡K Ges wbKó e¯i B"Qv K‡iv bv †h, Zv †_‡K †Zvgiv e¨q Ki‡eÕ(miv Avj evKvi: 267)।

তাই ভূমি থেকে উৎপন্ন ফসলের যাকাত আদায় আবশ্যকীয়। তবে সুন্নাহ থেকে জানা যায় যে, যদি ফসল উৎপন্ন করতে কৃত্রিম সেচের আশ্রয় নিতে না হয়, তা হলে প্রদেয় যাকাতের পরিমাণ হবে এক দশমাংশ। আর যদি ফসল উৎপাদনে ব্যয়নির্বাহ করতে হয় এবং পানি সেচ দিতে হয়, তাহলে উৎপাদিত ফসলের বিশ ভাগের এক ভাগ দান করতে হবে।

দুই. গবাদি পশুর যাকাত

গবাদি পশু তথা উট,বকরী ও গরু ইত্যাদি যদি এমন হয় যে নিজে নিজে বিচরণ করে বছরের অধিকাংশ সময় কাটিয়ে দিতে পারে, অর্থাৎ যদি এদের জন্য ঘাস পানি ইত্যাদির ব্যবস্থা করে দিতে না হয়, তাহলে এগুলোর যাকাত দিতে হবে। তবে এগুলো নেসাব পরিমাণ হতে হবে। উটের সর্বনিম্ন নেসাব হলো ৫ টি, বকরীর নেসাব

৪০ টি, আর গরুর নিসাব পূর্ণ হয় ৩০ টিতে। যেসব গবাদি পশুর ঘাস-পানির ব্যবস্থা বছরের অধিকাংশ সময় করতে হয় সেসব গবাদি পশুর যাকাত ওয়াজিব হয় না। তবে যদি এগুলোকে ব্যবসার উদ্দেশ্য কেনা হয় তাহলে তার মূল্যের ওপর বাণিজ্যিক পণ্যের ন্যায় যাকাত ওয়াজিব হবে।

তিন. বাণিজ্যিক পণ্যের যাকাত

আল্লাহ তায়ালা বাণিজ্যিক পণ্যের ওপর যাকাত আবশ্যক করছেন। আর বাণিজ্যিক পণ্য হলো সেসব বস্তু, যা ক্রয় বিক্রয় ও লাভের উদ্দেশ্যে মানুষ তৈরি করে বা নিজের মালিকানাভুক্ত করে। সেটা আহার্য বস্তুও হতে পারে, পোশাক-পরিচ্ছদও হতে পারে, যানবাহন কিংবা প্রসাধনী সামগ্রীও হতে পারে। ব্যবসার সব ধরনের পণ্য এর অন্তর্ভুক্ত। এ ধরনের পণ্যের মূল্য আর্থিক নেসাবের সমপরিমাণ হলে, স্বত্ববান হওয়ার পর এক বছর অতিক্রান্ত হওয়ার সঙ্গে সঙ্গে এর মূল্যের ওপর ২.৫% হারে যাকাত ফরয হবে। ব্যবসার উদ্দেশ্যে ক্রয় করা জমির ক্ষেত্রেও একই বিধান প্রযোজ্য হবে। বছরান্তে জমির যে মূল্য দাঁড়াবে সে মূল্যের ওপর ২.৫% হারে যাকাত ফরয হবে।

চার. সোনা-রুপা ও নগদ অর্থের যাকাত

আল্লাহ তা'আলা সোনা-রুপার ওপর যাকাত ধার্য করেছেন। সোনা-রূপা অত্যন্ত মূল্যবান ধাতু। আল্লাহ তা'আলা বলেন **وَالَّذِينَ يَكْنِزُونَ الذَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يُنْفِقُونَهَا فِي سَبِيلِ اللهِ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ أَلِيمٍ يَوْمَ يُحْمَى عَلَيْهَا فِي نَارِ جَهَنَّمَ فَتُكْوَى بِهَا جِبَاهُهُمْ وَجُنُوبُهُمْ وَظُهُورُهُمْ هَذَا مَا كَنَزْتُمْ لِأَنْفُسِكُمْ فَذُوقُوا مَا كُنْتُمْ تَكْنِزُونَ** Ôhviv †mvbv I iæcv cÄxfZ K‡i iv‡L, Avi Zv Avjøvni iv¯Ívq LiP K‡i bv, Zwg Zv‡`i †e`bv`vqK Avhv‡ei mmsev` `vI| †hw`b Rvnvbv‡gi Av¸‡b Zv Mig Kiv n‡e, AZtci Zv Øviv Zv‡`i Kcv‡j,cv‡k Ges wc‡V †mK ‡`qv n‡e| (Avi ejv n‡e) ÔGUv Zv-B hv †Zvgiv wbR‡`i Rb¨ Rgv Ki‡Z (miv Zvlev: 34-35)।

কুরআনের নির্দেশনা মতে, সোনা-রুপার যাকাত আদায় করতে হবে। মুদ্রা হিসেবে সোনা-রুপার পরিবর্তে বর্তমানে যে কাগুজে-মুদ্রা প্রচলিত আছে এবং অনুরূপ আর যত মুদ্রা রয়েছে তারও যাকাত দিতে হবে। তাই ক্রেডিট কার্ড, ভিসা কার্ড, প্রাইজবন্ড ও শেয়ার ইত্যাদির বিপরীতে যে অর্থ রয়েছে তারও যাকাত দিতে হবে।

পাঁচ. শেয়ার ও বিভিন্ন কোম্পানির যাকাত

বিভিন্ন কোম্পানি থেকে যে শেয়ার ক্রয় করা হয় তা দুই প্রকার:

১. বিনিময়যোগ্য শেয়ার, যা লাভের উদ্দেশ্যে ক্রয় করা হয়েছে। এ ধরনের শেয়ারর মূল্য বাড়ে বা কমে এবং চহিদার সময় তা উপস্থাপন করতে হয় । এ ধরনের শেয়ারের বিপরীতে যে অর্থ আসবে বছর শেষে তার চলতি মূল্য হিসাব করে যাকাত দিতে হবে; কেননা এগুলো মুদ্রাসদৃশ।

২. যে শেয়ারের বিনিময়ে পণ্যের রশিদ গ্রহণ করা হয়েছে এবং এর বিপরীতে পণ্য গ্রহণ করতে হবে, এ ধরনের পণ্যের ওপর যদি বছর অতিক্রান্ত হয় তাহলে যাকাত দিতে হবে। কিন্তু যদি পণ্য ব্যবহার করে ফেলা হয়, তাহলে এর যাকাত দিতে হবে না।

ছয়. বাড়িঘরের যাকাত

আপনি যে বাড়িতে বাস করেন কিংবা যে গাড়িটি ব্যবহার করেন তার ওপর কোনো যাকাত নেই; কেননা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন : لَيْسَ عَلَى الْمُسْلِمِ فِيْ عَبْدِهِ وَلَا فَرَسِهِ صَدَقَةٌ 'মুসলমানের ক্রীতদাস কিংবা ঘোড়ার ওপর যাকাত নেই' (মুসলিম)।

أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَاسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ وَلِسَائِرِ الْمُؤْمِنِيْنَ، فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ

যাকাতের তাৎপর্য ও বিধান

wØZxq LZev

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ. الرَّحْمَنِ الرَّحِيْمِ. مَالِكِ يَوْمِ الْدِّيْنِ. أَحْمَدُهُ سُبْحَانَهُ وَأَشْكُرُهُ وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللّٰهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ صَلَّى اللّٰهُ وَسَلَّمَ وَبَارَكَ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الْدِّيْنِ، أَمَّا بَعْدُ :

gmwjg fvB I eÜMY! যাকাত পরিশোধ করা ফরয। আল্লাহ তা'আলা বলেন, **إِنَّمَا الصَّدَقَاتُ لِلْفُقَرَاءِ وَالْمَسَاكِينِ وَالْعَامِلِينَ عَلَيْهَا وَالْمُؤَلَّفَةِ قُلُوبُهُمْ وَفِي الرِّقَابِ وَالْغَارِمِينَ وَفِي سَبِيلِ اللهِ وَابْنِ السَّبِيلِ فَرِيضَةً مِنَ اللهِ وَاللهُ عَلِيمٌ حَكِيمٌ** Ôwbðq mv`Kv n‡”Q dKxi I wgmKxb‡`i Rb¨ Ges G‡Z wb‡qvwRZ KgPvix‡`i Rb¨, Avi hv‡`i Ašÿi AvKó Ki‡Z nq Zv‡`i Rb¨; (Zv eÈb Kiv hvq) `vm Avhv` Kivi †¶‡Î, FYM¯Í‡`i g‡a¨, Avjøvni iv¯Ívq Ges gmwdi‡`i g‡a¨| GwU Avjøvni c¶ †_‡K wbawiZ, Avi Avjøvn gnvÁvbx, cÁvgqÕ (miv AvZ ZvIev: 60)।

যাকাতের বিষয়টি এত গুরুত্বপূর্ণ যে, আল্লাহ তায়ালা এর খাত বর্ণনার দায়িত্ব নিজেই নিয়েছেন এবং আল কুরআনে তা পরিষ্কারভাবে বলে দিয়েছেন। অতএব, আপনারা যাকাত পরিশোধের ব্যাপারে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করুন। আল্লাহকে ভয় করুন। আপনার নিকট আল্লাহ তা'আলা গরীবদের যে হক রেখেছেন তা যথার্থরূপে আদায় করুন। ইরশাদ হয়েছে **إِنَّ اللّٰهَ يَأْمُرُكُمْ أَنْ تُؤَدُّوا الْأَمَانَاتِ إِلَى أَهْلِهَا** Ôwbðq Avjøvn †Zvgv‡`i‡K Av‡`k w`‡”Qb AvgvbZmgn Zvi nK`vi‡`i Kv‡Q ‡cŠ‡Q w`‡ZÕ (miv Avb wbmv:58)।

অভাবগ্রস্ত ও নিঃস্ব মানুষ, যাদের জীবনধারণের উপকরণ নেই, কিংবা থাকলেও পর্যাপ্ত নয়, অথবা যাদের আয়ের কোনো ব্যবস্থা নেই, কিংবা কর্মক্ষম নয়, তাদেরকে এক বছরের ব্যয় পরিমাণ যাকাত দেওয়া উচিত। অনুরূপভাবে যে ব্যক্তি বিবাহ করতে ইচ্ছুক, কিন্তু ব্যয়নির্বাহ করতে সক্ষম নয়, এমন ব্যক্তিবর্গকে যাকাতের অর্থ দিয়ে সহযোগিতা করা যায়। কেননা জীবনধারণ ও বিবাহ মানুষের জৈবিক চাহিদার অন্তর্ভুক্ত ও গুরুত্বপূর্ণ প্রয়োজন। তবে যাকাত দেওয়ার ক্ষেত্রে গ্রহীতার অবস্থা পর্যবেক্ষণ করতে হবে। তাকে যদি যাকাত গ্রহণের উপযুক্ত মনে হয় তাহলে যাকাত দেয়া যাবে নতুবা নয়। অনুরূপভাবে ঋণগ্রস্তকে ঋণের দায় থেকে মুক্ত করার জন্য যাকাত দেওয়া যাবে। যাকাতের অর্থ দিয়ে মুসলিম যুদ্ধবন্দিদেরকে মুক্ত করা যাবে এবং আল্লাহর জন্য যারা সত্যিকার অর্থে জিহাদ করছেন তাদেরকেও সাহায্য করা যায়। যে মুসাফির ব্যক্তি সফরে থাকাকালে অভাবগ্রস্ত হয়ে পড়েছে সেও যাকাতের মাল গ্রহণ করতে পারবে। এটা বিশ্বপ্রতিপালক মহান আল্লাহ তা'আলার বিধান। এর প্রতি আমাদের সকলের শ্রদ্ধাশীল থাকতে হবে।

প্রিয় মুসলিম ভাই! আপনি যদি স্বাবলম্বী ও সচ্ছল হয়ে থাকেন তাহলে কখনো যাকাত গ্রহণের চিন্তা করবেন না। যাকাত থেকে শত ক্রোশ দূরত্ব বজায় রাখবেন। কেননা যাকাত হলো মালের ময়লা, যা কেবল গরীবদের জন্য বৈধ। ধনীদের জন্য তা বৈধ নয়। ধনীদের জন্য যাকাত গ্রহণ করা হারাম। বুখারী ও মুসলিম শরীফে ইবনে উমর রাযি থেকে বর্ণিত এক হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলইহি ওয়া সাল্লাম বলেন:

لَا تَزَالُ الْمَسْأَلَةُ بِأَحَدِهِمْ حَتَّى يَلْقَى اللهَ وَلَيْسَ فِيْ وَجْهِهِ مُزْعَةُ لَحْمٍ

'যে ভিক্ষা করে বেড়ায়, আল্লাহর সাথে সে এমনভাবে সাক্ষাৎ করবে যে, তার চেহারায় কোনো গোশ্‌ত থাকবে না' (বুখারী ও মুসলিম)।

যে ব্যক্তি মানুষের কাছে হাত পাতার সূচনা করবে আল্লাহ তার অভাবগ্রস্ততার দরজা খুলে দিবেন। আর অধিক পরিমাণে উপায়-উপকরণ থাকা বা প্রচুর পরিমাণে ধনদৌলতের মালিক হওয়ার নাম প্রাচুর্য নয়। বরং প্রকৃত প্রাচুর্য হলো মনের প্রাচুর্য। মনের দিক দিয়ে যে ধনী সেই প্রকৃত ধনী।

বন্ধুগণ! এমন অনেক লোক আছে যারা যাকাত খাওয়ার যোগ্য নয়, কিন্তু তারা যাকাত পাওয়ার জন্য পীড়াপীড়ি করতে থাকে। তাদেরকে আল্লাহ শারীরিক শক্তি-সামর্থ্য দিয়েছেন, কর্মক্ষম বনিয়েছেন, তা সত্ত্বেও তারা যাকাতের জন্য দ্বারে-দ্বারে ঘোরে। এমন লোকদের যাকাত দিয়ে প্রকৃত অভাবীলোকদের হক নষ্ট করবেন না। এজন্য যাকাত দেয়ার ক্ষেত্রে প্রকৃত হকদার খুঁজে পেতে যারপরনাই চেষ্টা করতে হবে। যারা অভাবী, কিন্তু মানুষের কাছে হাত পাতে না। যারা কষ্ট করে, কিন্তু চাওয়ার কাছেও যায় না। যারা পরিবার পরিজনের ব্যয়নির্বাহ করতে হিমশিম খায়, তাদের খুঁজে বের করুন। তাদের খবর নিন যারা বিভিন্ন ঋণে জর্জরিত। এসব লোককে যাকাতের অর্থ দিয়ে ভারমুক্ত করুন, দায়মুক্ত করুন।

মুহতারাম মুসল্লিয়ান! ধনীরা যদি সুষ্ঠুভাবে যাকাত আদায় করে তাহলে যেমন দারিদ্র্য হ্রাস পাবে তেমনি সমাজ হতে অনেক অপরাধ দূর হবে। অভাবের তাড়নায় যারা অপরাধকর্মে জড়িয়ে পড়ে তাদের অপরাধপ্রবণতা হ্রাস পাবে। এজন্য যাকাত আদায়ে সচেষ্ট হওয়া প্রত্যেক ধনীর অবশ্য কর্তব্য। আল্লাহ তা'আলা আমাদের সবাইকে বুঝার ও আমল করার তাওফীক দান করুন। আমীন!

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ، اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

হে আল্লাহ! আপনি আমাদেকে যাকাত আদায়ের তাওফীক দিন। যারা হকদার তাদের হাতে যাকাতের অর্থ ও সম্পদ তুলে দেয়ার তাওফীক দিন। যাকাত ফরয হওয়া সত্ত্বেও যারা যাকাত দেয় না তাদের আপনি হিদায়েত করুন। হে আল্লাহ! আমাদের দেশকে আপনি দারিদ্র্য মুক্ত করুন। মুসলিমবিশ্বকে আপনি দারিদ্র্য মুক্ত করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهِ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

মানুষের সাথে আচরণের মানদণ্ড ও বিধিমালা

LZevq hv _vK‡e

১. মানুষের সাথে আচরণের ক্ষেত্রে শরীয়তের মানদণ্ড কি তা বর্ণনা করা

২. মুমিনদেরকে মহব্বত করা ও তাদের সাথে বন্ধুত্ব করার গুরুত্ব বর্ণনা

৩. মুশরিকদের থেকে সম্পর্কচ্ছেদ ও তাদের সাদৃশ্য অবলম্বন থেকে সর্তক করা

c_g LZev

اَلْحَمْدُ للهِ الَّذِيْ بِنِعْمَتِهِ تَتِمُّ الصَّالِحَاتُ، وَ صَلَّي اللهُ وَسَلَّمَ وَ بَارَكَ عَلَي مَنْ خُتِمَتْ بِهِ الرِّسَالَةُ مُحَمَّدُ بْنِ عَبْدِ اللهِ، وَعَلَي آلِهِ وَصَحْبِهِ وَ أَزْوَاجِهِ الطَّاهِرَاتِ الْعَفِيْفَاتِ. أَمَّا بَعْدُ :

wcq gmwjg fvB I eÜMY! আজ আমি আপনাদের সামনে ইসলামের দৃষ্টিতে মানুষের মর্যাদার মাপকাঠি ও আচার আচরণের মানদণ্ড নিয়ে আলোচনা করব।

মানুষের মর্যাদার প্রকৃত মাপকাঠি কী? মানুষের মধ্যে কোন্ গুণ থাকলে সে মর্যাদা লাভ করবে আর কোন্ গুণের মর্যাদা হারাবে এ ব্যাপারে আমরা একেক রকম ধারণা পোষণ করি। কেউ মনে করি, অঢেল সম্পদের মালিক হলে কিংবা প্রভাব প্রতিপত্তিশীল হলে মানুষ সম্মান পাওয়ার উপযুক্ত হয়। আবার কেউ মনে করি, বড় কোনো পদের অধিকারী হলেই কেবল সম্মানের উপযুক্ত হওয়া যায়। কিন্তু সম্মানের এ মাপকাঠি আমরা নিজেরা তৈরি করে নিয়েছি। অথচ আল্লাহ তা'আলা পবিত্র কুরআনে সম্মানের যে মাপকাঠি বর্ণনা করেছেন এবং রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সম্মানের যে মানদণ্ড নির্ধারণ করেছেন তা আমাদের এ মাপকাঠি থেকে ভিন্ন। আমরা যদি এ প্রসঙ্গে কুরআন সুন্নাহর ভাষ্য মন্থন করি তাহলে দেখতে পাই যে, আল্লাহ তা'আলা এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকওয়া এবং ধর্মনিষ্ঠাকে সম্মানের মাপকাঠি হিসেবে নির্ধারণ করেছেন। আল্লাহ তা'আলা কর্তৃক নির্ধারিত এ মাপকাঠি যুগপৎ দুনিয়া ও আখিরাতে প্রযোজ্য। তার মানে হলো, যার মধ্যে তাকওয়া আল্লাহভীতি ধর্মপরায়ণতা আছে সে আখিরাতে যেমন সম্মানিত দুনিয়াতেও তেমনি মর্যাদাপূর্ণ। যার মধ্যে যতো বেশি তাকওয়া থাকবে সে ততো বেশি সম্মানের উপযুক্ত বলে বিবেচিত হবে। নিম্নে বর্ণিত আয়াত ও হাদীসগুলো এ কথারই প্রমাণ বহন করে। আল্লাহ তা'আলা বলেনঃ **إِنَّ أَكْرَمَكُمْ عِنْدَ اللهِ أَتْقَاكُمْ** Ôwbðq †Zvgv‡`i g‡a¨ Avjøvni wbKU †mB me‡PÕ †ewk m¤§vwbZ †h †Zvgv‡`i g‡a¨ AwaK ZvKIqvavixÕ (miv Avj ûRivZ: 13)।

সহীহ বুখারীতে এসেছে রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَ عَلَّمَهُ 'তোমাদের মধ্যে সেই সর্বশ্রেষ্ঠ, যে নিজে কুরআন শিখেছে এবং অপরকে শিখিয়েছে'।

অন্য এক হাদীসে এসেছে : خَيْرُكُمْ مَنْ يُرْجَى خَيْرُهُ وَ يُؤْمَنُ شَرُّهُ 'তোমাদের মধ্যে সেই সর্বশ্রেষ্ঠ, যার কাছ থেকে কল্যাণের আশা করা হয় এবং যার অনিষ্ট থেকে সবাই নিরাপদ থাকে'। (তিরমিযী, সহীহ)

অন্য এক হাদীসে তিনি বলেনঃ

خَيْرُكُمْ خَيْرُكُمْ لِأَهْلِهِ وَ أَنَا خَيْرُكُمْ لِأَهْلِيْ 'তোমাদের মধ্যে উত্তম সে, যে তার পরিবারের কাছে উত্তম। আর আমি আমার পরিবারের কাছে তোমাদের চেয়ে উত্তম'। (তিরমিযী)

তিনি আরো বলেন : **خَيْرُكُمْ إِسْلَامًا أَحَاسِنُكُمْ أَخْلَاقًا إِذَا فَقِهُوا** 'যার চরিত্র সবচে' ভালো সে সবচেয়ে ভালো মুসলমান, যদি তারা দীনের জ্ঞান লাভ করে'। (আল আদাবুল মুফরাদ, আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন)

রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেন : خِيَارُهُمْ فِي الْجَاهِلِيَّةِ خِيَارُهُمْ فِي الْإِسْلَامِ إِذَا فَقُهُوا 'জাহিলী যুগে যারা ভালো ছিল ইসলামের যুগেও তারা ভালো, যদি তারা দীনের জ্ঞান লাভ করে' (বুখারী)।

রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেন: خَيْرُكُمْ مَنْ أَطْعَمَ الطَّعَامَ أَوْ الَّذِيْنَ يُطْعِمُوْنَ الطَّعَامَ

'তোমাদের মধ্যে তারা উত্তম যারা অন্যকে আহার করায়' (আলবানী: সহীহুল জামে)।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রশ্ন করা হয়েছে, উত্তম মানুষ কে? উত্তরে তিনি বলেছেন : مَنْ طَالَ عُمُرُهُ وَحَسُنَ عَمَلُهُ 'যে দীর্ঘ জীবন পেল এবং তার আমল ভালো হলো' (তিরমিযী)।

wcq fvB I eÜMY! এসব আয়াত ও হাদীসের ভাষ্য থেকে আমরা বুঝতে পারলাম যে, আল্লাহ ও তার রাসূলের কাছে সম্মান ও মর্যাদার মাপকাঠি হলো তাকওয়া ও নেক আমল। আল্লাহর কাছে যে সম্মানী মুমিন ব্যক্তিরও তাকে সম্মান করা উচিত। আর আল্লাহর কাছে যার কোনো সম্মান নেই মুমিন ব্যক্তিরও তাকে সম্মান করা উচিত নয়।

ধন-দৌলত, প্রাচুর্য, সামাজিক নেতৃত্ব, বাহ্যিক আকার-আকৃতি ইত্যাদি উত্তম মানুষ হওয়ার মানদণ্ড নয়। এক্ষেত্রে মানুষের দৃষ্টিকোণকে পরিশুদ্ধ করে রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: إِنَّ اللهَ لاَ يَنْظُرُ إِلَى صُوَرِكُمْ وَأَمْوَالِكُمْ وَلَكِنْ يَنْظُرُ إِلَى قُلُوْبِكُمْ وَأَعْمَالِكُمْ 'আল্লাহ তা'আলা তোমাদের আকার-আকৃতি ও ধনসম্পদ দেখেন না। তিনি তোমাদের মনের অবস্থা ও আমল দেখেন'(মুসলিম)। এ হাদীস থেকে বুঝা যায় যে, বাহ্যিক আকার-আকৃতি ও ধনসম্পদ উত্তম মানুষের আলমত নয়, বরং উত্তম মানুষের আলামত হলো উত্তম হৃদয় ও উত্তম আমলের অধিকারী হওয়া।

অন্য এক হাদীসে এসেছে: قَالَ مُصْعَبِ بْنِ سَعْدٍ رَأَى سَعْدٌ أَنَّ لَهُ فَضْلاً عَلَى مَنْ دُوْنَهُ فَقَالَ النَّبِيُّ: هَلْ تُنْصَرُوْنَ وَتُرْزَقُونَ إِلَّا بِضُعَفَائِكُمْ. 'মুসআব ইবনে সা'দ বলেন: সা'দ মনে করতেন যে, অন্যদের ওপর তার বিশেষ মর্যদা রয়েছে। এ ব্যাপারে রাসূলুল্লাহ সা.বললেন: তোমাদের যারা দুর্বল ও অক্ষম তাদের কারণেই তোমরা সাহায্য ও রিযকপ্রাপ্ত হও' (বুখারী)।

এ হাদীস থেকে বুঝা যায় যে, আর্থিক ও সামাজিকভাবে দুর্বল হওয়া অনুত্তম হওয়ার আলামত নয়; বরং এ দুর্বলদের কারণেই সমাজের অন্যান্য লোকেরা আল্লাহর কাছ থেকে রিযক ও সাহায্য পেয়ে থাকে।

অপর এক হাদীসে রাসূলুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: لَاتَقُوْلُوْا لِلْمُنَافِقِ سَيِّدْ، فَإِنَّهُ إِنْ يَكُ سَيِّداً أَسْخَطْتُمْ رَبَّكُمْ عَزَّوَجَل 'কোনো মুনাফিককে তোমরা নেতা বলে সম্বোধন করবে না; কেননা সে নেতা হলে তোমরা তোমাদের রবকে ক্রোধান্বিত করলে' (আবু দাউদ, আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন)। এ হাদীস থেকে বোঝা যায়, মুনাফিক ও কপট ব্যক্তিরা যত বড় নেতৃত্বের অধিকারীই হোক না কেন আল্লাহর কাছে তাদের আদৌ কানো মূল্য নেই; রবং তাদেরকে নেতা হিসেবে মূল্যায়ন করাটাই হবে আল্লাহকে ক্রোধান্বিত করার কারণ।

ইবনে হিব্বান তার সহীহ হদীস গ্রন্থে উল্লেখ করেছেন:

'একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবূ যর রাযি. কে বললেন, 'হে আবূ যর, তুমি কি সম্পদের প্রাচুর্যকে ধনাঢ্যতা বলে মনে করো'? তিনি বললেন, জি হ্যাঁ। এরপর তিনি বললেন, 'তুমি কি অর্থের অভাবকে দারিদ্র মনে করো'? তিনি বললেন: জি হ্যাঁ। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, 'অর্থের নয় বরং অন্তরের প্রাচুর্য হলো আসল প্রাচুর্য। আর মনের দারিদ্র্য হলো প্রকৃত দারিদ্র্য'। (আবূ যর বলেন) অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সালালাম আমাকে বললেন, 'অমুককে কি তুমি চেনো?' আমি বললাম, জি হ্যাঁ। অতঃপর তিনি বললেন, 'তার ব্যাপারে তোমার ধারণা কী'? আমি বললাম, 'সে এমন সম্মানিত ব্যক্তি যে, সে কারো কাছে কোনো কিছু চাইলে তাকে তা দেওয়া হয়। সে কারো বাড়িতে প্রবেশ করতে চাইলে তাকে অনুমতি দেওয়া হয়'। এরপর আমাকে তিনি অন্য এক ব্যক্তি সম্পর্কে জিজ্ঞেস করে তার সম্পর্কে জানতে চাইলেন। আমি তাকে চিনলাম না। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে তার পরিচয় দিতে লাগলেন। এক-সময় আমি তাকে চিনতে সক্ষম হলাম। তখন তিনি বললেন, 'তার ব্যাপারে তোমার মন্তব্য কী?' আমি বললাম, সে তো আহলে সুফফার একজন গরিব মুসলমান'। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, 'সে পূর্বোক্ত

ব্যক্তির চেয়ে হাজার গুণ উত্তম'।

হাদীসে আরো এসেছে: عِنْدَ دَفْنِ الشُّهَدَاءِ كَانَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْأَلُ أَيُّهُمْ أَكْثَرُ أَخْذاً لِلْقُرْآنِ فَإِنْ أُشِيْرُ إِلَى أَحَدِهِمَا، قَدَّمَهُ فِيْ اللَّحْدِ 'শহীদদেরকে দাফন করার সময় রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জিজ্ঞাসা করতেন যে, এদের মধ্যে কার কুরআন বেশি মুখস্থ? তখন কোনো একজনের দিকে ইঙ্গিত করা হলে তিনি তাকেই কবরে আগে রাখতেন' (বুখারী)

ইবরাহীম আ. এর ধনসম্পদের প্রাচুর্য ছিল না। তিনি কোনো রাজা-বাদশাহও ছিলেন না। তবে তাঁর ছিল আল্লাহর জন্য একনিষ্ঠতা এবং তাওহীদের মহা প্রাচুর্য, যার কারণে তাঁকে একাই একটি জাতি বলে আল কুরআনে উল্লেখ করা হয়েছে। ইরশাদ হয়েছে : **إِنَّ إِبْرَاهِيمَ كَانَ أُمَّةً قَانِتًا لله حَنِيفًا وَلَمْ يَكُ مِنَ الْمُشْرِكِينَ** ÔBeivnxg wQ‡jb Avjøvn ZvÔAvjvi AbMZ GKwbô D¤§Z| wZwb gkwiK wQ‡jb bvÔ (miv Avb-bvnj:120)।

এখানে আল্লাহ তা'আলা ইবরাহীম আ. এর প্রশংসা করতে গিয়ে ধন-সম্পদের কথা বলেননি বরং তার সম্মানের কারণ হিসেবে ঈমান ও আল্লাহর আনুগত্যের কথা বলেছেন।

- আবদুল্লাহ ইবনে উম্মে মাকতুম রাযি. ছিলেন একজন অন্ধ সাহাবী। তবে তাকওয়া-পরহেযগারিতে ছিলেন অনেক অগ্রসর। তাই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কখনো মদীনার বাইরে গেলে তাঁকে মদীনার প্রশাসক নিযুক্ত করে যেতেন। সালমান ফারেসী রাযি. অনারব হওয়া সত্ত্বেও পারস্য বিজয়ের পর মাদায়েনের আমীর নিযুক্ত হয়েছিলেন।

- উমর রাযি. এর খেলাফতকালে তাঁর ছেলে আবদুল্লাহ রাযি. তাঁর কাছে একটি অভিযোগ নিয়ে গেলেন। আবদুল্লাহ স্বীয় পিতা উমার রাযি.-কে বললেন, 'হে খলিফাতুল মুসলমীন, আপনি আমার নামে তিন হাজার বরাদ্দ করলেন আর উসামাকে দিলেন চার হাজার। অথচ আমি এমন অনেক যুদ্ধে অংশগ্রহণ করেছি যাতে উসামা অংশগ্রহণ করেনি'। তখন উমর রাযি. বললেন, 'আমি তাকে তোমার চেয়ে বেশি দিয়েছি, কারণ, সে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে তোমার চেয়ে বেশি প্রিয় ছিল। তা ছাড়া তার পিতাও তোমার পিতার চেয়ে রাসূলের বেশি প্রিয় ছিল। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ব্যক্তির মর্যাদা, কুরআন পাঠ, জিহাদ প্রভৃতির নিরিখে প্রত্যেকের হিসসা নির্ধারণ করেছেন'। এরপর যখন বাহরাইনের ভূমিকর আসল তখন উমর রাযি. প্রথম সারির মুহাজিরদের জন্য পাঁচ হাজার করে আর আনসারদের জন্য চার হাজার করে বরাদ্দ করলেন। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর স্ত্রীদেরকে বারো হাজার করে দিলেন।

- আবদুল্লাহ ইবনে উমর রাযি. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হিজরতের আগে মুহাজিরগণ যখন প্রথম 'আসাবা'য় (কুবা এলাকার একটি জায়গা) আসেন তখন আবূ হুযায়ফার আযাদকৃত গোলাম সালেম রাযি. ইমামতির দায়িত্ব পালন করতেন; কেননা তিনি সবার চেয়ে বেশি কুরআন জানতেন। আর হিজরতের পরেও সালেম রাযি. মসজিদে কুবায় প্রথমসারির মুহাজির ও অন্যান্য সাহাবীদের উপস্থিতিতে ইমামতি করতেন। তখন সেখানে আবূ বকর, উমর, আবূ সালামা, যায়েদ, ও আমের ইবনে রাবীয়া রাযিআল-াহু আনহুমদের মতো সাহাবীগণ ছিলেন।

- একবার হারেস ইবনে হিশাম, সুহাইল ইবনে আমর, হুয়াইতিব ইবনে আব্দুল উয্যা প্রমুখ প্রভাবশালী সাহাবী খলীফা উমর রাযি. এর দরবারে যেতে চাইলেন। তখন তাদের সাথে বেলাল ও সুহাইব রূমীসহ কয়েকজন দরিদ্র সাহাবীও ছিলেন। তাঁরা অনুমতি চাইলে তিনি বেলাল ও সুহাইব রাযি. এর সমপর্যায়ের সাহাবীদেরকে অনুমতি দিলেন এবং অন্যদেরকে দিলেন না। তখন আবূ সুফিয়ান রাযি. বললেন, আমি আজকের মতো এমন ঘটনা আর দেখিনি। এই গুলামদেরকে অনুমতি দেয়া হলো আর আমাদেরকে দরজায় বসিয়ে রাখা হলো। এ কথা শুনে সুহাইল ইবনে আমর রাযি. যিনি ছিলেন বুদ্ধিমান, বললেন 'আমি আপনাদের বিরক্তিভাব বুঝতে পারছি। আপনারা যদি এর জন্য রাগ করে থাকেন তাহলে নিজেদের ওপর রাগ করুন। এটা আপনাদের কর্মের ফল। কেননা তাদেরকে যখন ইসলামের দাওয়াত দেয়া হয়েছিল তখন আপনাদেরকেও ইসলামের দাওয়াত দেয়া হয়েছিল। তারা আগে ভাগে তা গ্রহণ করলেও আপনারা পিছিয়ে

ছিলেন। আর আপনারা এরূপ করে যে সম্মান হারিয়েছেন তা এই দরজায় প্রবেশের প্রতিযোগীতায় হেরে যাওয়ার চেয়ে অধিক কঠিন’।

হাসান আল বসরী রহ. বলেন, যে বান্দা আল্লাহ তা‘আলার দিকে দ্রুত এগিয়ে যায় সে বান্দা কখনো তার মতো হয় না, যে ধীর গতিতে অগ্রসর হয়। আল্লাহ তা‘আলা কখনো উভয়ের সাথে একরকম আচরণ করেন না’।

ইসলামের প্রথম যুগে মান-সম্মানের কোরআনী মানদণ্ডের ওপর আমল করার ক্ষেত্রে তারা কিরূপ অটল ও অবিচল ছিলেন উপর্যুক্ত বাস্তব ঘটনাসমূহের মাধ্যমে তা মূর্ত হয়ে ওঠে। আল্লাহ তা‘আলা আমাদেরকেও তাদের মতো আমল করার তাওফীক দান করুন। আমীন।

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ، أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيْمُ .

মানুষের সাথে আচরণের মানদণ্ড ও বিধিমালা

wØZxq LZev

إِنَّ الْحَمْدَ للهِ نَحْمَدُهُ وَنَسْتَعِيْنُهُ وَنَسْتَغْفِرُهُ وَنَعُوْذُ بِاللهِ مِنْ شُرُوْرِ أَنْفُسِنَا وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا مَنْ يَهْدِهِ اللهُ فَلَا مُضِلَّ لَهُ وَمَنْ يُضْلِلْهُ فَلَا هَادِيَ لَهُ، وأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، أَمَّا بَعْدُ :

wcq gmwjg fvB I eÜMY! মুসলমানদের মধ্যে পারস্পরিক ভ্রাতৃত্ববোধ ও তাদের মধ্যে সহমর্মিতার বিশেষ অনুভূতি আল্লাহ তা‘আলার পক্ষ হতে এক বিশেষ অনুগ্রহ বটে। আল্লাহ তা‘আলা মুসলিমদের মধ্যে এ আবেগ ও অনুভূতি সৃষ্টি করে দিয়ে তাদের ওপর অনেক করুণা করেছেন। যেমন আল্লাহ তা‘আলা বলেন: **وَاعْتَصِمُوا بِحَبْلِ اللهِ جَمِيعًا وَلَا تَفَرَّقُوا وَاذْكُرُوا نِعْمَةَ اللهِ عَلَيْكُمْ إِذْ كُنْتُمْ أَعْدَاءً فَأَلَّفَ بَيْنَ قُلُوبِكُمْ فَأَصْبَحْتُمْ بِنِعْمَتِهِ إِخْوَانًا وَكُنْتُمْ عَلَى شَفَا حُفْرَةٍ مِنَ النَّارِ فَأَنْقَذَكُمْ مِنْهَا كَذَلِكَ يُبَيِّنُ اللهُ لَكُمْ آيَاتِهِ لَعَلَّكُمْ تَهْتَدُونَ** ‘আর তোমরা সকলে আল্লাহর i¾‡K `pfv‡e aviY Ki Ges wef³ n‡qv bv| Avi †Zvgiv †Zvgv‡`i Ici Avjøvni wbqvgZ‡K ¯§iY Ki, hLb †Zvgiv ci¯ú‡i kÎæ wQ‡j| Zvici Avjøvn †Zvgv‡`i Aš‡i fv‡jvevmvi mÂvi K‡i‡Qb| AZtci Zvi AbM‡n †Zvgiv fvB-fvB n‡q †M‡j| Avi †Zvgiv wQ‡j Av¸‡bi M‡Zi wKbvivq, AZtci wZwb †Zvgv‡`i‡K Zv †_‡K i¶v K‡i‡Qb| Gfv‡eB Avjøvn †Zvgv‡`i Rb¨ Zvi AvqvZmgn eqvb K‡ib, hv‡Z †Zvgiv wn`v‡qZ cvß nIÕ (miv Av‡j Bgivb: 103)।

আল্লাহ তা‘আলা যেহেতু আমাদের মধ্যে ভ্রাতৃত্ব সৃষ্টি করে দিয়েছেন তাই এ ভ্রাতৃত্ব-সম্পর্ক রক্ষা করা আমাদের জন্য আবশ্যক। আর ভ্রাতৃত্বের এ সম্পর্ক কয়েকভাবে রক্ষা করা যেতে পারে।

১. জান-মাল বা কথা দিয়ে হলেও মুসলমানের সাহায্য করা। যেমন আল্লাহ তা‘আলা বলেন: **وَإِنِ اسْتَنْصَرُوكُمْ فِي الدِّينِ فَعَلَيْكُمُ النَّصْرُ إِلَّا عَلَى قَوْمٍ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ مِيثَاقٌ وَاللهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ** ÔAvi hw` Zviv `x‡bi e¨vcv‡i †Zvgv‡`i wbKU †Kv‡bv mn‡hwMZv Pvq, Zvn‡j mvnvh¨ Kiv †Zvgv‡`i KZe¨| Z‡e Ggb KI‡gi weiæ‡× bq, hv‡`i mv‡_ †Zvgv‡`i G‡K Ac‡ii Pw³ i‡q‡Q Ges †Zvgiv †h Avgj Ki, Zvi e¨vcv‡i Avjøvn cY `wógvbÕ (miv Avj Avbdvj:72)।

২. মুমিনের সাথে সহমর্মিতার আরেকটি ক্ষেত্র হলো : মুমিনের ব্যথায় ব্যথিত হওয়া এবং তার আনন্দে আনন্দিত হওয়া। হাদীসে এসেছে: مَثَلُ الْمُؤْمِنِيْنَ فِيْ تَوَادِّهِمْ وَتَرَاحُمِهِمْ وَتَعَاطُفِهِمْ مَثَلُ الْجَسَدِ، إِذَا اشْتَكَى مِنْهُ عُضْوٌ تَدَاعَى لَهُ سَائِرُ الْجَسَدِ بِالسَّهَرِ وَالْحُمَّى. ‘ভালোবাসা, স্নেহ-মমতা ও সমমর্মিতার ক্ষেত্রে মুমিনরা একই দেহের মতো। এ দেহের একটি অঙ্গ রোগাক্রান্ত হলে অন্য অঙ্গসমূহ এর জন্য ব্যথিত হয়, জ্বরাক্রান্ত হয়ে পড়ে ও বিনিদ্র রজনী কাটায়’ (মুসলিম)।

৩. মুমিনের সঙ্গে ভালোবাসা প্রকাশের আরো একটি ক্ষেত্র হলো, মুমিনের কল্যাণ কামনা করা। তার সঙ্গে প্রতারণা না করা। রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : لاَيُؤْمِنُ احَدُكُمْ حَتَّى يُحِبَّ لِأَخِيْهِ مَا يُحِبُّ لِنَفْسِهِ ‘ তোমাদের মধ্যে কেউ ঈমানদার হয় না যতক্ষণ না সে তার মুমিন ভাইয়ের জন্য তাই পছন্দ করে যা সে নিজের জন্য পছন্দ করে’ (বুখারী)।

৪. হাদীসে আরো বর্ণিত হয়েছে : لَا تَبَاغَضُوا، وَلَا تَدَابَرُوا، وَلَا تَنَافَسُوا، وَكُونُوا عِبَادَ اللهِ إِخْوَانًا ‘তোমরা একে অপরের প্রতি বিদ্বেষ রেখো না; একে অপরের বিরুদ্ধে ষড়যন্ত্র করো না; একে অপরের সাথে প্রতিহিংসায় লিপ্ত হয়ো না; বরং তোমরা পরস্পরে ভাই ভাই বনে আল্লাহর বান্দা হয়ে যাও’ (মুসলিম)।

৫. মুমিনের সাথে ভালোবাসার সম্পর্ক বজায় রাখার আরো একটি মাধ্যম হলো, মুমিনের সম্মান বজায় রাখা এবং তার দোষ ত্রুটি অনুসন্ধান না করা। যেমন আল্লাহ্ তা‘আলা বলেন : **يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا يَسْخَرْ قَوْمٌ مِنْ قَوْمٍ عَسَى أَنْ يَكُونُوا خَيْرًا مِنْهُمْ وَلَا نِسَاءٌ مِنْ نِسَاءٍ عَسَى أَنْ يَكُنَّ خَيْرًا مِنْهُنَّ وَلَا تَلْمِزُوا أَنْفُسَكُمْ وَلَا تَنَابَزُوا بِالْأَلْقَابِ بِئْسَ الِاسْمُ الْفُسُوقُ بَعْدَ الْإِيمَانِ وَمَنْ لَمْ يَتُبْ فَأُولَئِكَ هُمُ الظَّالِمُونَ** ÔH n Cgvb`viMY, †Kv‡bv m¤cÖ`vq †hb Aci †Kv‡bv m¤cÖ`vq‡K we`ªæc bv K‡i, n‡Z cv‡i Zviv we`ªæcKvix‡`i †P‡q DËg| Avi †Kv‡bv bvix I †hb Ab¨ bvix‡K we`ªæc bv K‡i, n‡Z cv‡i Zviv we`ªæcKvix‡`i †P‡q DËg| Avi †Zvgiv G‡K Ac‡ii wb›`v K‡iv bv Ges †Zvgiv G‡K Aci‡K g›` Dcbv‡g †W‡Kv bv| Cgv‡bi ci g›` bvg KZBbv wbKó! Avi hviv Zvlev K‡i bv, ZvivB †Zv hvwjgÓ (miv Avj ûRivZ:11)।

৬. মুমিনের সাথে ভালোবাসা প্রকাশের আরো একটি মাধ্যম হলো, মুমিনের সাথে সৌজন্য সাক্ষাত করা। এ প্রসঙ্গে হাদীসে কুদসীতে আছে : وَجَبَتْ مَحَبَّتِي لِلْمُتَحَابِّينَ فِيَّ، وَالْمُتَجَالِسِينَ فِيَّ، وَالْمُتَزَاوِرِينَ فِيَّ، وَالْمُتَبَاذِلِينَ فِيَّ ‘যারা আমার জন্য পরস্পরকে ভালোবাসে, আমার জন্য একে অন্যের সাথে বসে, আমার জন্য পরস্পরে সাক্ষাত করে এবং আমার জন্য একে অন্যের উদ্দেশ্যে ব্যয় করে তাদের জন্য আমার ভালোবাসা অবধারিত’ (আহমদ, সহীহ্)।

৭. মুমিনের সাথে ভালোবাসা প্রকাশের আরো একটি মাধ্যম হলো, মুমিনের অধিকারের প্রতি সচেতন থাকা। আর মুমিনের অধিকারের মধ্যে একটি অধিকার হলো কোনো মুসলমান কোনো কিছু কিনতে চাইলে বা কোনো চুক্তিতে আবদ্ধ হতে চাইলে অন্য কেউ তাতে দখল না দেয়া।

৮. মুমিনদের জন্য আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করাও মুমিনদের প্রতি ভালোবাসা প্রকাশের একটি মাধ্যম। যেমন আল্লাহ্ তা‘আলা বলেন : **وَاسْتَغْفِرْ لِذَنْبِكَ وَلِلْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ** ÔZzwg ¶gv PvI †Zvgvi I gywgb bvixÑcyiæl‡`i ÎæwUNwePz¨wZi Rb¨Ó (সূরা মুহাম্মাদ:১৯)।

কাফিরদের সাথে কোনো রকম সাদৃশ্য অবলম্বন করা যাবে না

gnZvivg nv‡hivb! মুমিনদের সাথে যেমন ভালোবাসা রাখতে হবে তেমনি কাফেরদের থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখতে হবে। মুমিনের জন্য তাদের সাদৃশ্য অবলম্বন করা কখনো উচিত হবে না। আমাদের প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ ব্যাপারে বিস্তারিত নির্দেশনা দিয়েছেন। ইবাদত-বন্দেগী, মুআমালাত-মুআশারাত, আচার আচরণসহ সকল ক্ষেত্রে তাদের সাদৃশ্য অবলম্বন না করে স্বাতান্ত্র্য বজায় রাখার নির্দেশ দিয়েছেন। হাদীসে خَالِفُوْا الْمُشْرِكِيْنَ ‘মুশরিকদের ব্যতিক্রম করো, خَالِفُوْا الْمَجُوْسَ অগ্নিপূজকদের ব্যতিক্রম করো, خَالِفُوْا الْيَهُوْدُ ‘ইহুদিদের ব্যতিক্রম করো; خَالِفُوْا أَهْلَ الْكِتَابِ আহলে কিতাবদের ব্যতিক্রম করো; وَمَنْ تَشَبَّهَ بِقَوْمٍ فَهُوَ مِنْهُمْ ‘আর যে ব্যক্তি কোনো সম্প্রদায়ের সাদৃশ্য অবলম্বন করল সে তাদের মধ্যে গণ্য হলো’। এ জাতীয় নির্দেশনা বারবার এসেছে।

আল্লাহ তা‘আলা বলেন : **لَا تَجِدُ قَوْمًا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ يُوَادُّونَ مَنْ حَادَّ اللَّهَ وَرَسُولَهُ** Ôhviv Avjøvn I ciKv‡ji cÖwZ Cgvb Av‡b Zzwg cv‡e bv Ggb RvwZ‡K Ggb †jvK‡`i mv‡_ eÜzZ Ki‡Z, hviv Avjøvn I Zvi ivm‡ji we‡ivaxZv K‡iÓ (miv Avj gRv`jv:22)।

ঈমানের মজবুত রজ্জু

মানুষ সামাজিক জীব। সমাজবদ্ধভাবে মানুষের বসবাস। সামাজিক জীবনে মানুষকে কারো না কারো সাথে মহব্বত ও ভালোবাসার সম্পর্ক রাখতে হয়। দীন ও দুনিয়া উভয় প্রয়োজনেই মানুষকে এরূপ করতে হয়। আর এক্ষেত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে দিয়েছেন সর্বোত্তম মানদণ্ড। তিনি বলেছেন : أَنْ يُحِبَّ الْمَرْءَ لا يُحِبُّهُ إِلَّا لله 'কাউকে ভালোবাসলে, অন্য কোনো উদ্দেশ্যে নয়,বরং একমাত্র আল্লাহর জন্যই তাকে ভালোবাসা' (মুসলিম)।

আল্লাহ তা'আলা আমাদেরকে মানুষ চেনার সঠিক মানদণ্ড বোঝা ও তা বাস্তবায়ন করার তাওফীক দান করুন।

إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ عَلَى عَبْدِكَ وَرَسُوْلِكَ نَبِيِّنَا مُحَمَّدٍ، وَارْضَ اللَّهُمَّ عَنِ خُلَفَائِهِ الرَّاشِدِيْنَ أَبِيْ بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ وَعَنْ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ - رَضِيَ اللهُ عَنْهُمْ وَرَضُوْا عَنْهُ- وَالتَّابِعِيْنَ لَهُمْ بِأَحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ، وَعَنَّا مَعَهُمْ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ আপনি আমাদেরকে কুরআন-সুন্নাহর মানদণ্ডে উত্তম মানুষ বনার তাওফীক দান করুন। যারা মুমিন, মুত্তাকী, দুনিয়াত্যাগী তাদেরকে যথার্থরূপে মূল্যায়ন করার তাওফীক দান করুন। হে আল্লাহ! যারা মর্যাদা পাওয়ার উপযোগী নয় তাদেরকে যাতে মর্যাদা না দেই সে তাওফীক আমাদের নসীব করুন। আপনি আমাদের সকল গুনাহ-খাতা মাফ করে দিন। আমাদের জন্য জান্নাতের ফয়সালা করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهِ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

প্রতিবেশীর অধিকার

LZevq hv _vK‡e

১. প্রতিবেশীর অধিকার রক্ষা ও তার প্রতি ইহসান করার উপদেশ প্রদান

২. প্রতিবেশীর অধিকারসমূহ বর্ণনা

৩. প্রতিবেশীর প্রতি ইহসান করার ফযীলত বর্ণনা

৪. প্রতিবেশীকে কষ্ট দেয়ার ব্যাপারে সতর্ককরণ

c_g LZev

الْحَمْدُ للهِ الَّذِيْ خَلَقَ مِنَ الْمَاءِ بَشَراً فَجَعَلَهُ نَسَباً وَصِهْراً، وَأَوْجَبَ صِلَةَ الْقُرْبَى وَأَعْظَمَ فِيْ ذَلِكَ أَجْرَاً، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَاشَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ نَبِيَّنَا مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، أَمَّا بَعْدُ : فَاتَّقُوا اللهَ عِبَادَ اللهِ حَقَّ التَّقْوَى، فَإِنْ مَنِ اتَّقَى رَبَّهُ وَقَاهُ، وَمَنْ تَوَكَّلَ عَلَيْهِ كَفَاهُ، أَمَّا بَعْدُ :

m¤§wbZ gmjøxe›`! আমরা আজ আলোচনা করব এমন একটি বিষয়ে প্রতিটি মানুষ যার প্রয়োজন অনুভব করে প্রতিটি মুহূর্তে। যে বিষয়ে সচেতন ও দায়িত্ববান না হলে ব্যক্তি ও সমাজ জীবনে শান্তি ও নিরাপত্তার আশা করা যায় না। বরং বলা যায় জীবনে পূর্ণতাই আসে না। জীবনকে অর্থবহ ও অনাবিল সুখময় করতে হলে সে বিষয়ে অর্পিত দায়িত্ব পালন করতে হয় যথাযথভাবে। বিষয়টির সাথে আমরা সকলেই ওতপ্রোতভাবে জড়িত। বিষয়টি হলো, 'প্রতিবেশী ও তার অধিকার'।

বিষয়টি এতই গুরুত্বপূর্ণ যে, জিবরীল আলাইহিস সালাম বার বার মহানবী সালালাহ আলাইহি ওয়া সাল্ল-ামকে এ বিষয়ে উপদেশ দিচ্ছিলেন, এক পর্যায়ে নবীজির প্রবল ধারণা জন্মেছিল আল্লাহ হয়তো প্রতিবেশীকে উত্তরাধিকারীই বানিয়ে দেবেন।

প্রিয় হাযেরীন! প্রতিবেশী মূলত নিজ বাড়ির আশে পাশে বসবাসকারীকে বলা হয়। সে মুসলিমও হতে পারে আবার অমুসলিমও। পূন্যবানও হতে পারে আবার পাপীও। সফর সঙ্গী অথবা কাজের সঙ্গীকেও প্রতিবেশী বলা হয়। অনুরূপভাবে বাজার, মসজিদ, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদির অভিন্নতার দিক থেকেও প্রতিবেশী হতে পারে। নিজ দেশের পার্শ্ববর্তী দেশও প্রতিবেশীর অন্তর্ভুক্ত। সে ক্ষেত্রে প্রতিটি দেশের ওপর প্রতিবেশী দেশেরও নানা অধিকার রয়েছে। সুন্দর সহাবস্থান নিশ্চিত করার জন্য তার প্রতিও গুরুত্ব দেয়া আবশ্যক।

প্রতিবেশীই হচ্ছে মানুষের সবচে' নিকটজন, যে তার খবরা-খবর সম্পর্কে অন্যদের তুলনায় বেশি জানে। ইসলামী শরীয়তে প্রতিবেশীর প্রতি অত্যধিক গুরুত্ব দেয়া হয়েছে এবং তার অধিকার খুব বড় করে দেখা হয়েছে। মহান আল্লাহ বলেন : **وَاعْبُدُوا اللَّهَ وَلَا تُشْرِكُوا بِهِ شَيْئًا وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا وَبِذِي الْقُرْبَى وَالْيَتَامَى وَالْمَسَاكِينِ وَالْجَارِ ذِي الْقُرْبَى وَالْجَارِ الْجُنُبِ وَالصَّاحِبِ بِالْجَنْبِ وَابْنِ السَّبِيلِ وَمَا مَلَكَتْ أَيْمَانُكُمْ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ مَنْ كَانَ مُخْتَالًا فَخُورًا** Ô†Zvgiv Bev`Z Ki Avjøvni, Zvi mv‡_ †Kv‡bv wKQ‡K kixK K‡iv bv| Avi mØ¨envi Ki gvZv-wcZvi mv‡_, wbKU AvZ¥x‡qi mv‡_, BqvZxg, wgmKxb, wbKU AvZ¥xqÑ cwZ‡ekx, AbvZ¥xqÑ cwZ‡ekx, cvkeZx mv_x, gmvwdi Ges †Zvgv‡`i gvwjKvbvf³ `vm-`vmx‡`i mv‡_| wbðq Avjøvn cQ›` K‡ib bv Zv‡`i‡K hviv `vw¤K, An¼vix Õ (miv Avb wbmv : 36)।

সাহাবী আবদুল্লাহ ইবন উমর রাযি. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : مَا زَالَ يُوصِينِي جِبْرِيلُ بِالْجَارِ حَتَّى ظَنَنْتُ أَنَّهُ سَيُوَرِّثُهُ. 'জিবরীল আমাকে প্রতিবেশী সম্পর্কে অনবরত অ-সিয়ত করতে থাকেন, এমনকি এক পর্যায়ে আমার ধারণা হয়েছিল, আল্লাহ তা'আলা তাকে উত্তরাধিকারী বানিয়ে দেবেন' (বুখারী ও মুসলিম)।

সাহাবী আবু হুরায়রা রাযি. বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: مَنْ كَانَ يُؤْمِنُ بِاللهِ وَالْيَوْمِ الآخِرِ فَلْيَقُلْ خَيْرًا أَوْ لِيَصْمُتْ، وَمَنْ كَانَ يُؤْمِنُ بِاللهِ وَالْيَوْمِ الآخِرِ فَلْيُكْرِمْ جَارَهُ، وَمَنْ كَانَ يُؤْمِنُ بَاللهِ وَالْيَوْمِ الآخِرِ فَلْيُكْرِمْ ضَيْفَهُ. 'যে ব্যক্তি আল্লাহ ও পরকালের প্রতি ঈমান রাখে সে যেন কল্যাণমূলক কথা বলে না হয় নিশ্চুপ থাকে। আর যে ব্যক্তি আল্লাহ ও পরকালের প্রতি ঈমান রাখে সে যেন স্বীয় প্রতিবেশীর সম্মান রক্ষা করে। যে ব্যক্তি আল্লাহ ও পরকালের প্রতি ঈমান রাখে সে যেন নিজ মেহমানের মেহমানদারী করে' (বুখারী ও মুসলিম)। এরূপ অসংখ্য হাদীস রয়েছে যা প্রতিবেশীর অধিকারের অপরিহার্যতার কথা প্রমাণ করে।

শরীয়ত প্রতিবেশীকে এত অধিক গুরুত্ব দেয়ার কারণ

প্রিয় মুসল্লীবৃন্দ! প্রতিবেশীর প্রতি ইসলাম এত গুরুত্ব দেয়ার বেশ কিছু কারণ খুঁজে পাওয়া যায়। আমরা এখানে কয়েকটি কারণ উল্লেখ করতে চাই :

১. সকল মুসলমানকে ভালোবাসা, তাদের কল্যাণ কামনা করা, বিপদে সাহায্য করা ইত্যাদি হিতকর যাবতীয় কাজ ইসলামে প্রতিটি মুসলমানের ওপর আবশ্যক করা হয়েছে। তাদের পারস্পরিক সম্পর্কের নাম রাখা হয়েছে ইসলামী ভ্রাতৃত্ব। এই ভালোবাসা ও ভ্রাতৃত্বের বন্ধনকে ঈমানের অপরিহার্য অঙ্গ বলে সাব্যস্ত করা হয়েছে। আর এ ভালোবাসা ও পারস্পরিক মমত্ববোধের প্রসার মুসলমানদের মাঝে ব্যাপকভাবে যাতে ঘটতে পারে, তাই প্রতিবেশীর প্রতি এত গুরুত্ব দেওয়া হয়েছে।

২. প্রতিবেশী সকলের চেয়ে অধিক সাহায্য-সহযোগিতা পাওয়ার দাবী রাখে, কারণ প্রতিবেশীই তার অতি নিকটে বসবাস করে এবং সে তার যাবতীয় সমস্যা ও সার্বিক অবস্থা সম্পর্কে অন্যদের চেয়ে বেশি জানে।

৩. প্রতিবেশীর দ্বারাই মুসলমানের নিজ জীবন, সন্তান, পরিবার এবং সম্পদের নিরাপত্তা লাভ হয়। এবং সর্বাঙ্গীন জীবন সুখময় হয়।

প্রতিবেশী কারা ?

প্রিয় উপস্থিতি! প্রতিবেশী কে? এ ব্যাপারে সর্বাধিক গ্রহণযোগ্য মত হলো- আপনার বাড়ির কাছাকাছি যার বাড়ি এবং যার বাড়ির সাথে আপনার বাড়ি মেলানো সেই আপনার প্রতিবেশী। সীমানা নির্ধারিত হবে প্রচলিত রীতি অনুযায়ী। যে ব্যক্তি সমাজে প্রচলিত রীতি অনুযায়ী প্রতিবেশী, সেই প্রতিবেশী।

প্রতিবেশীর গুরুত্বের ক্ষেত্রে তারতম্য

প্রিয় ভাই ও বন্ধুগণ! সকল প্রতিবেশীর গুরুত্ব আবার সমান নয়। বিভিন্ন দিকের বিবেচনায় তাদের গুরুত্বের মধ্যেও তারতম্য হবে। যেমন গুরুত্বের মধ্যে তারতম্য আসবে নিকটবর্তী ও দূরবতী প্রতিবেশী হওয়ার দিক বিবেচনায়। নিকটবর্তী প্রতিবেশী কল্যাণ এবং সাহায্য পাবার ক্ষেত্রে দূরবর্তী প্রতিবেশীর চেয়ে অধিক গুরুত্ব পাবে। এর প্রমাণ আয়েশা রাযি. থেকে বর্ণিত হাদীস : إِنَّ لِي جَارَيْنِ فَإِلَى أَيِّهِمَا أُهْدِي؟ قَالَ: إِلَى أَقْرَبِهِمَا مِنْكِ بَابًا 'আমার দু'জন প্রতিবেশী আছে। তাদের মধ্যে কাকে আমি হাদিয়া দেব? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন : 'তোমার দরজার অধিক নিকটবর্তীজনকে' (বুখারী)।

অনুরূপভাবে তাদের শ্রেণী ও মর্যাদার তারতম্যের কারণেও গুরুত্বের মধ্যে তারতম্য হবে :

১. এক ধরনের প্রতিবেশী আছে যার অধিকার তিনটি। আর সে হলো নিকটাত্মীয়-মুসলমান-প্রতিবেশী। তার অধিকার তিনটি হলো : আত্মীয়তা, ইসলাম ও প্রতিবেশীত্ব।

২. আরেক ধরনের প্রতিবেশী আছে যার অধিকার দু'টি। আর সে হলো অনাত্মীয় মুসলিম প্রতিবেশী। এ প্রতিবেশীর অধিকার হলো প্রতিবেশীত্ব ও ইসলাম ।

৩. আরেক ধরনের প্রতিবেশী রয়েছে, যার অধিকার একটি। আর সে হলো অমুসলিম প্রতিবেশী। এ প্রতিবেশীর অধিকার শুধু প্রতিবেশীত্ব।

প্রতিবেশী নির্বাচনের গুরুত্ব

প্রিয় মুসলিম ভাইয়েরা! মানুষ হিসাবে আমাদেরকে সমাজবদ্ধ জীবন যাপন করতে হয়। আর সমাজে বসবাস করলে অবশ্যই সেখানে প্রতিবেশী থাকে। প্রতিবেশী ভালো হলে সামাজিক জীবন সুন্দর ও মধুময় হয়। এর বিপরীতে প্রতিবেশী মন্দ হলে সমস্যার কোনো শেষ থাকে না। তাই ইসলামে প্রতিবেশী নির্বাচনের প্রতি অত্যাধিক গুরুত্বারোপ করা হয়েছে। সুতরাং প্রতিটি মুসলমানের কর্তব্য হল, সব সময় সৎ প্রতিবেশী বেছে নেয়ার দিকে দৃষ্টি দেয়া; যে তার অধিকারগুলো আদায় করবে; এবং তাকে কষ্ট দেবে না; যে তাকে বিভিন্ন কাজে সাহায্য-সহযোগিতা করবে। বলা হয় 'বাড়ি বানানোর পূর্বে প্রতিবেশী নির্বাচন কর'। এর স্বপক্ষে পবিত্র কোরআনের ঐ আয়াত পেশ করা যেতে পারে যেখানে আল্লাহ তা'আলা ফেরআউনের স্ত্রী সম্পর্কে বলেছেন وَضَرَبَ اللَّهُ مَثَلًا لِلَّذِينَ آمَنُوا امْرَأَةَ فِرْعَوْنَ إِذْ قَالَتْ رَبِّ ابْنِ لِي عِنْدَكَ بَيْتًا فِي الْجَنَّةِ وَنَجِّنِي مِنْ فِرْعَوْنَ : وَعَمَلِهِ وَنَجِّنِي مِنَ الْقَوْمِ الظَّالِمِينَ ÔAvi hviv Cgvb Av‡b Zv‡`i Rb¨ Avjøvn wdiAvD‡bi ¯¿xi D`vniY †ck K‡ib, hLb †m e‡jwQj, Ô†n Avgvi ie, Avcbvi Kv‡Q Avgvi Rb¨ Rvbœv‡Z GKwU evwo wbgvY Kiæb Ges Avgv‡K wdiAvDb I Zvi Kg n‡Z bvRvZ w`b, Avi Avgv‡K bvRvZ w`b hvwjg m¤cÖ`vq n‡ZÕ (miv AvZ-Zvnixg : 11)।

সৎ প্রতিবেশী নির্বাচন করার গুরুত্ব এর মাধ্যমেও স্পষ্ট হয় যে, এক প্রতিবেশী অন্য প্রতিবেশী ও তার সন্তানদের মাঝে প্রভাব বিস্তার করে থাকে, পরস্পর মেলা-মেশা ও দেখা-সাক্ষাতের কারণে। সে হিসেবে প্রতিবেশী যদি সৎ হয় তাহলে ব্যক্তির ঘর ও পরিবার নিরাপদ হয়ে যায়। আর যদি অসৎ হয়, তাহলে উদ্বেগ উৎকণ্ঠা ও অকল্যাণের কারণ হয়ে দাঁড়ায়।

ভালো প্রতিবেশী তার প্রতিবেশীর গোপন বিষয় অবহিত হলে গোপন রাখে। আর অসৎ প্রতিবেশী তা প্রকাশ ও প্রচার করে বেড়ায়। ভালো প্রতিবেশী ভালো কাজে সাহায্য করে, সৎ উপদেশ দেয়। আর অসৎ প্রতিবেশী ধেঁ-াকা দিয়ে বিপদে ফেলার চেষ্টা করে। আল্লাহ আল্লাহ আমাদের সবাইকে যথার্থরূপে প্রতিবেশীর যাবতীয় অধিকার আদায় করার তাওফীক দান করুন। আমীন।

أَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْم : وَالَّذِينَ يُؤْذُونَ الْمؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ بِغَيْرِ مَا اكْتَسَبُوا فَقَدِ احْتَمَلُوا بُهْتَانًا وَإِثْمًا مُبِينًا (سورة الأحزاب : 58) بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ, أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيْمْ .

প্রতিবেশীর অধিকার

wØZxq LZev

اَلْحَمْدُ لِلّٰهِ حَمْداً كَثِيْراً كَمَا يُحِبُّ رَبُّنَا وَيَرْضَى، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، لَهُ الْحَمْدُ فِيْ الْآخِرَةِ وَالْأُوْلَى، وَأَشْهَدُ أَنَّ نَبِيَّنَا مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، صَلَّى اللهُ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِيْنَ، أَمَّا بَعْدُ:
فَاتَّقُوا اللهَ عِبَادَ اللهِ حَقَّ التَّقْوَى، فَإِنَّ مَنِ اتَّقَى رَبَّهُ وَقَاهُ، وَمَنْ تَوَكَّلَ عَلَيْهِ كَفَاهُ.

mwcq gmwjg fvB I eÜMY! প্রতিবেশীর অনেক অধিকার রয়েছে। তার মধ্য থেকে আমরা এখানে গুরুত্বপূর্ণ কয়েকটি অধিকার তুলে ধরছি :

প্রতিবেশীকে কষ্ট না দেয়া :

ব্যক্তি তার প্রতিবেশী থেকে সম্পূর্ণ নিরাপদ থাকবে। কোনো ব্যক্তিই তার প্রতিবেশীকে কোনোরূপ কষ্ট দেবে না, নির্যাতন করবে না, হয়রানিতে ফেলবে না। হোক তা কথা অথবা কাজের মাধ্যমে। যেমন অভিশাপ দেয়া, গালমন্দ করা, গীবত করা এবং এমন কথা বলা যা প্রতিবেশীকে কষ্ট দেয়। তদ্রূপভাবে প্রতিবেশীর বাড়ির সামনে আবর্জনা ফেলা, তাকে বিরক্ত করা, ছেলে মেয়েদেরকে প্রতিবেশীর ঘরের জিনিস-পত্র নষ্ট করতে উদ্বুদ্ধ করা বা বাধা না দেয়া। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন : وَاللَّهِ لَا يُؤْمِنُ، وَاللَّهِ لَا يُؤْمِنُ، وَاللَّهِ لَا يُؤْمِنُ، قَالُوا: وَمَا ذَاكَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: الْجَارُ لَا يَأْمَنُ جَارُهُ بَوَائِقَهُ 'আল্লাহর কসম সে মুমিন নয়, আল্লাহর কসম সে মুমিন নয়, আল্লাহর কসম সে মুমিন নয়, প্রশ্ন করা হলো কে সে হে আল্লাহর রাসূল ? তিনি বললেন : 'প্রতিবেশী, যার কষ্ট থেকে তার প্রতিবেশী নিরাপদ নয়' (আমহদ)।

নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেন : لَا يَدْخُلُ الْجَنَّةَ، مَنْ لَا يَأْمَنُ جَارُهُ بَوَائِقَهُ 'সে ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না যার প্রতিবেশী তার কষ্ট থেকে নিরাপত্তা বোধ করে না' (মুসলিম)।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অন্যত্র বলেন : مَنْ كَانَ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ فَلَا يُؤْذِ جَارَهُ.

'যে ব্যক্তি আল্লাহ ও পরকালের প্রতি ঈমান রাখে সে যেন নিজ প্রতিবেশীকে কষ্ট না দেয়'(বুখারী)।

প্রতিবেশীকে কষ্ট দেয়ার সবচেয়ে কঠিন প্রকার হল : তার সম্মান-সম্ভ্রমে আঘাত আসে এমন কাজ করা, যেমন প্রতিবেশীর স্ত্রী-কন্যাদের প্রতি লোলুপদৃষ্টি নিক্ষেপ করা। তাদের সাথে অবৈধ সম্পর্ক গড়ে তুলা ইত্যাদি। আবদুল্লাহ ইবনে মাসউদ রাযি. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞাসা করেন : أَيُّ الذَّنْبِ أَعْظَمُ عِنْدَ اللّٰهِ؟ قَالَ: أَنْ تَجْعَلَ لله نِدًّا وَهُوَ خَلَقَكَ ، قُلْتُ: إِنَّ ذَلِكَ لَعَظِيمٌ، قُلْتُ: ثُمَّ أَيٌّ؟ قَالَ: وَأَنْ تَقْتُلَ وَلَدَكَ تَخَافُ أَنْ يَطْعَمَ مَعَكَ ، قُلْتُ: ثُمَّ أَيٌّ؟ قَالَ: أَنْ تُزَانِيَ حَلِيلَةَ جَارِكَ 'আল্লাহ তা'আলার নিকট সবচেয়ে' বড় গুনাহ কোন্‌টি' ? তিনি বললেন, 'আল্লাহর সমকক্ষ নির্ধারণ করা অথচ তিনিই তোমাকে সৃষ্টি করেছেন। আমি বললাম, 'তারপরে কোন্‌টি' ? তিনি বললেন, 'তোমার সাথে খাবে এ ভয়ে নিজ সন্তানকে হত্যা করা। আমি বললাম, 'এরপর কোন্‌টি'? তিনি বললেন, 'তোমার প্রতিবেশীর স্ত্রীর সাথে ব্যভিচার করা' (বুখারী)।

অর্থাৎ প্রতিবেশীর স্ত্রীকে ফুসলিয়ে তাকে নিজের দিকে আকৃষ্ট করে তার সাথে ব্যভিচার করা। কারো অসম্মতিতে জোর পূর্বক ব্যভিচার করা থেকে এটা আরো বেশি অপরাধ। আল্লাহ তা'আলা আমাদের সবাইকে হিফাযত করুন।

শরীয়তে এ বিষয়টি বড় করে দেখার কারণ :

(ক) এক প্রতিবেশী অপর প্রতিবেশীর নিকট আমানতস্বরূপ, তার স্ত্রীর সাথে ব্যভিচার করা উক্ত আমানতের খিয়ানত।

(খ) এক প্রতিবেশী অপর প্রতিবেশীর যাবতীয় অবস্থা এবং তার উপস্থিতি- অনুপস্থিতির সময় সম্পর্কে সম্পূর্ণ জ্ঞাত; কিন্তু অন্যদের ক্ষেত্রে বিষয়টি সম্পূর্ণ আলাদা।

(গ) প্রতিবেশী যেহেতু তার কাছাকাছিই থাকে এবং তার সাথে ওঠাবসা করে তাই তার দেয়া কষ্ট প্রতিবেশীর নিকট খুব দ্রুত এবং সহজেই পৌঁছে ।

(ঙ) যিনা-ব্যভিচার মারাত্মক অন্যায়। ইসলাম মুসলমানদেরকে এ ব্যাধি থেকে নিবৃত রাখার জন্য বিভিন্ন পন্থা অবলম্বন করেছে। এর জন্য মারাত্মক শাস্তির বিধান প্রবর্তন করে সতর্ক করেছে; কিন্তু প্রতিবেশী অতি নিকটে বসবাস করে বিধায় এ অন্যায়কর্মটি সঙ্ঘটিত হয়ে যাবার সম্ভাবনা অন্য জায়গার তুলনায় একটু বেশি। তাই এখানে শাস্তি ও অন্যায়ের মাত্রা বেশি বলে অতিরিক্ত সতর্ক করা হয়েছে। যাতে আল্লাহভীরু মুসলমান পাপের আধিক্যের কথা চিন্তা করে এ থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখে।

প্রতিবেশীর প্রতি দয়া ও অনুগ্রহ করা :

নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : مَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ فَلْيُكْرِمْ جَارَهُ 'যে ব্যক্তি আল্লাহ ও পরকালের প্রতি ঈমান রাখে সে যেন তার প্রতিবেশীকে সম্মান করে' (বুখারী)।

কাযী আয়ায রহ. বলেন, হাদীসের অর্থ হলো, যে ব্যক্তি ইসলামের বিধি-বিধান মেনে চলার সঙ্কল্প করেছে, ইসলামকে মান্য করা নিজের ওপর আবশ্যিক করেছে। তার ওপর নিজ মেহমান ও প্রতিবেশীকে সম্মান করা, তাদের মান্য করা ও খেদমত করা অবশ্য কর্তব্য। আর এটিই হলো প্রতিবেশীর অধিকার সংরক্ষণ ও আদায় করার অর্থ (ইমাম নববী, শারহু সহীহিল মুসলিম)।

আর এটি হলো ব্যাপক ভিত্তিক অধিকার। এর সাথে অনেকগুলো অধিকার ও বিষয় জড়িত। যেমন-

(ক) তার প্রয়োজনে সাহায্য করা, ব্যবহারের জিনিস চাইলে দেয়া। কেননা প্রতিবেশী কখনও প্রতিবেশীর কাছে মুখাপেক্ষী নয়, এমন হতে পারে না। আল্লাহ তা'আলা ঐ সমস্ত লোকের নিন্দা করেছেন, যারা নিত্য ব্যবহার্য জিনিস চাইলে দেয় না। ইরশাদ হয়েছে : وَيَمْنَعُونَ الْمَاعُونَ ÔZviv wbZ¨ e¨enva wRwbm Ab¨‡K †`q bv;

(miv Av¨j-gvDb : 7)।

(খ) প্রতিবেশীকে হাদিয়া দেয়া, তার বাড়িতে খাবার ইত্যাদি প্রেরণ করা।

আবু যর রাযি. থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে অসিয়ত করেছে إِذَا طَبَخْتَ مَرَقًا فَأَكْثِرْ مَاءَهُ، ثُمَّ انْظُرْ أَهْلَ بَيْتٍ مِنْ جِيرَانِكَ، فَأَصِبْهُمْ مِنْهَا بِمَعْرُوفٍ **'তুমি যখন তরকারি রান্না করবে তখন তাতে বেশি করে পানি দেবে অতঃপর তোমার প্রতিবেশীদের কারো খবর নিয়ে তা থেকে তাদেরকে কিছু দেবে' (মুসলিম)।**

(গ) প্রতিবেশী ঋণ চাইলে তাকে ঋণ দেয়া, তার প্রয়োজনে তাকে সাহায্য-সহযোগিতা করে তার দেখাশোনা করা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: لَيْسَ الْمُؤْمِنُ الَّذِي يَشْبَعُ، وَجَارُهُ جَائِعٌ إِلَى جَنْبِهِ **'সে মুমিন নয় যে পেট ভরে খায় অথচ তার পাশেই প্রতিবেশী ক্ষুধার্ত থাকে' (বায়হাকী : আসসুনানুল কুবরাঃ সহীহ আত-তারগীবে আলবানী রহ. হাদীসটিকে সহীহ লিগাইরিহি বলেছেন)।**

(ঘ) প্রতিবেশীর ভালো কোনো সংবাদ পেলে তাকে মুবারকবাদ জানানো এবং খুশি প্রকাশ করা। যেমন বিবাহ করলে, সন্তান জন্ম নিলে, সন্তান পরীক্ষায় উত্তীর্ণ হলে এবং এ জাতীয় উপলক্ষ্যে মুবারকবাদ জানানো এবং বরকতের জন্য দুআ করা।

(৩) মুসলমানদের মধ্যে পরস্পরের প্রতি পরস্পরের যে অধিকার রয়েছে সেগুলো প্রতিবেশীর ক্ষেত্রেও আদায় করা জরুরী। কেননা সে-ই এর বেশি হকদার, যেমন তাকে সালাম দেয়া, সালামের উত্তর দেয়া, অসুস্থ হলে খেদমত করা, তার দাওয়াত গ্রহণ করা। নিম্নবর্ণিত হাদীসে সুস্পষ্টভাবে এ সবের উল্লেখ রয়েছে: عَنْ أَبِى هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللهِ -صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ- قَالَ: حَقُّ الْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ سِتٌّ قِيلَ مَا هُنَّ يَا رَسُولَ اللهِ قَالَ: إِذَا لَقِيتَهُ فَسَلِّمْ عَلَيْهِ، وَإِذَا دَعَاكَ فَأَجِبْهُ، وَإِذَا اسْتَنْصَحَكَ فَانْصَحْ لَهُ، وَإِذَا عَطَسَ فَحَمِدَ اللَّهَ فَشَمِّتْهُ، وَإِذَا مَرِضَ فَعُدْهُ وَإِذَا مَاتَ فَاتَّبِعْهُ **'আবু হুরায়রা রাযি. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন, এক মুসলমানের প্রতি অপর মুসলমানের অধিকার ছয়টিঃ বলা হলো, সেগুলো কি হে আল্লাহর রাসূল? তিনি বললেন, যখন তার সাথে সাক্ষাত হবে তাকে সালাম দেবে; দাওয়াত দিলে কবুল করবে; তোমার কাছে নসীহত চাইলে নসীহত করবে; হাঁচি দিয়ে 'আলহামদুলিলাহ' বললে 'ইয়ারহামকালাহ' বলে জবাব দিবে; অসুস্থ হলে তার খোঁজ-খবর নেবে আর মৃত্যু বরণ করলে জানাযা ও দাফন-কাফনে অংশ গ্রহণ করবে' (মুসলিম)।**

সম্মানিত মুসল্লীবৃন্দ! এ ছিল প্রতিবেশীর অধিকার সংক্রান্ত কিছু জরুরী কথা। সহীহ কথাগুলোর ওপর আল্লাহ আমাদের সকলকে আমল করার তাওফীক দান করুন এবং প্রতিবেশীর যে অধিকার মহান আল্লাহ আমাদের জন্য আদায় করা জরুরী করে দিয়েছেন আমাদের সকলকে সে অধিকারের প্রতি শ্রদ্ধাশীল থেকে তা যথার্থরূপে আদায় করার তাওফীক দিন।

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ، اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

হে আল্লাহ আপনি আমাদেরকে ক্ষমা করে দিন। আপনি আমাদেরকে সকল পাপ, অন্যায় ও গুনাহ থেকে পবিত্র করুন। আপনি আমাদেরকে প্রতিবেশীর অধিকার যথার্থরূপে আদায় করার তাওফীক দিন। হে আল্লাহ! আমাদের প্রতিবেশীদেরকেও আপনি প্রতিবেশীর হক ও অধিকার বিষয়ে সচেতন হওয়ার তাওফীক দিন। হে আল্লাহ! আপনি আমাদেরকে যথার্থরূপে তাকওয়া অবলম্বনের তাওফীক দিন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهُ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

মুসলমানের ওপর মুসলমানের হক

LZevq hv _vK‡e

১. মুসলমানের হকের গুরুত্ব ও তাৎপর্য

২. আল্লাহর জন্য ভ্রাতৃত্বের অর্থ

৩. ইসলামী ভ্রাতৃত্বের ফযীলত

৪. বিভেদ ও অনৈক্য থেকে সতর্কিকরণ

c_g LZev

اَلْحَمْدُ للهِ الْحَكَمِ الْعَدْلِ اللَّطِيْفِ الْخَبِيْرِ، أَحْمَدُهُ سُبْحَانَهُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، لَهُ الْخَلْقُ وَالأَمْرُ وَالتَّدْبِيْرُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ أَكْرَمُ رَسُوْلٍ وَخَيْرُ بَشِيْرٍ، صَلَّى اللهُ وَسَلَّمَ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَالتَّابِعِيْنَ لَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّينِ، أَمَّا بَعْدُ :

মুআযযাজ হাযেরীন ! ইসলাম একটি মহান ধর্ম, মানবতার মুক্তি ও কল্যাণের জন্য আল্লাহর পক্ষ হতে নির্ধারিত একমাত্র জীবনাদর্শ। ইসলাম প্রদর্শন করেছে তার অনুসারীদের জন্য সঠিক পথ। ইসলামে রয়েছে অধিকার ও কর্তব্যের সুন্দর সমন্বয়। সবাইকে দেয়া হয়েছে তার প্রাপ্য অধিকার। ইসলাম যেসব হক বা অধিকার দিয়েছে, তার মধ্যে অন্যতম হলো, এক মুসলমান ভাইয়ের ওপর অন্য মুসলমান ভাইয়ের হক।

প্রিয় মুসলিম ভাইয়েরা! আপনারা জানেন, মুসলিম জাতি আজ স্রোতে ভাসা খড়কুটার মতো মূল্যহীন হয়ে পড়েছে। মুসলমানদের কাতার আজ হয়ে গেছে খণ্ড-বিখণ্ড। তারা হয়ে পড়েছে শতধা বিভক্ত। বিচ্ছিন্ন হয়ে গেছে আজ ভ্রাতৃত্ব ও পারস্পরিক তাআ'উন তথা সহযোগিতার পবিত্র বন্ধন। ফলে ঠিক দলচ্যুত মেষের মতোই তারা আজ শিকারে পরিণত হচ্ছে নানা জাতি ও গোত্র-সম্প্রদায়ের।

বর্তমানে মুসলিম উম্মাহ লাঞ্ছনাকর ও অপমানজনক অবস্থায় কালাতিপাত করছে। এ অবস্থার সৃষ্টি হয়েছে ঈমান ও তাকওয়ার উত্তাপ হ্রাস পাওয়া এবং আল-উখুওয়াহ ফিল্লাহ তথা ইসলামী ভ্রাতৃত্বের অভাবে। 'আল-উখুওয়াহ ফিল্লাহ' হচ্ছে, তাওহীদের নিখাঁদ বাঁধন এবং পূর্ণাঙ্গ এক ঐক্য চেতনা। এই নিখাঁদ, পূর্ণাঙ্গ ও পরিব্যাপ্ত চেতনা ছাড়া বাস্তবে এই ভ্রাতৃত্বের বাঁধনকে পুনর্জীবন দান করা কিছুতেই সম্ভব নয়। যেমন এই ভ্রাতৃত্বচেতনা মুসলমানদের প্রথম জামাতকে মেষের রাখাল থেকে বিভিন্ন দেশ ও জাতির নেতা ও পরিচালক বানিয়ে দিয়েছিল। এ রূপান্তর ও পরিবর্তন তখনই সূচিত হয়েছিল যখন তাঁরা পূর্ণাঙ্গ ও পরিব্যপ্ত আকীদার বুনিয়াদে গড়া এই ভ্রাতৃত্বকে তাঁদের কর্ম ও জীবন পদ্ধতিতে বাস্তবে রূপায়িত করেছিলেন। এই উজ্জ্বল ও দ্যুতিময় চিত্র সেদিন ভাস্বর হয়ে উঠেছিল, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রথম যেদিন মক্কায় তাওহীদের অনুসারীদের মধ্যে ভ্রাতৃত্বের উদ্বোধন করেছিলেন। বর্ণ ও গোত্র এবং ভাষা ও ভূমির ভিন্নতা সত্ত্বেও তাঁদের মধ্যে বপণ করেছিলেন এক অভূতপূর্ব ভ্রাতৃত্ব ও একতার বীজ। ভ্রাতৃত্বের এক সুতোয় বেঁধেছিলেন তিনি কুরাইশ বংশের হামযা, গিফারী বংশের আবূ যর আর পারস্যের সালমান, হাবশার বিলাল ও রোমের সুহাইব রাযি. প্রমুখকে। একতা ও ভালোবাসার বাঁধনে জড়িয়ে তাঁরা সবাই যেন অভিন্ন কণ্ঠে আবৃত্তি করছিলেন পবিত্র কুরআনের এ আয়াত : **إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ فَأَصْلِحُوا بَيْنَ أَخَوَيْكُمْ وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ** Ôwbðq gywgbiv ci¯úi fvB fvB| Kv‡RB †Zvgiv †Zvgv‡`i fvB‡`i g‡a¨ Av‡cvl- gxgvsmv K‡i `vI| Avi †Zvgiv Avjøvn‡K fq Ki, Avkv Kiv hvq †Zvgiv AbMÖncvß n‡eÕ (miv Avj ûRivZ : 10)।

এটি ছিল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ভ্রাতৃত্ব রচনার প্রথম পর্ব। এরপর দ্বিতীয় পর্বে সুদীর্ঘ রক্তাক্ত যুদ্ধ ও বহুকাল ধরে চলমান সংঘাতের অবসান ঘটিয়ে তিনি ভ্রাতৃত্ব গড়ে দেন মদীনার আউস ও খাযরাজ গোত্রের মধ্যে। তারপর তৃতীয় পর্বে তিনি ভ্রাতৃত্ব রচনা করেন মদীনার আনসার ও মক্কার মুহাজিরদের মধ্যে। এ ছিল মৈত্রী ও ভালোবাসার এমন দৃষ্টান্ত, পুরো মানবেতিহাসে যার দ্বিতীয় কোনো নজির নেই। হৃদয়ের সাথে

হৃদয়ের বন্ধন রচিত হলো। মনের সাথে মনের মিলন হলো। এমন হৃদয়কাড়া দৃশ্যও মঞ্চায়িত হলো, বুখারী ও মুসলিমে যার বিবরণ এসেছে এভাবে :

আনাস রাযি. বলেন, 'আমাদের কাছে আবদুর রহমান ইবনে আউফ এলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর ও সা'দ ইবনুর রাবী'র মধ্যে ভ্রাতৃত্ব গড়ে দিলেন। সা'দ রা. ছিলেন বিত্তশালী। তিনি বললেন, আনসাররা জানে আমি তাদের মধ্যে সবচে' বেশি সম্পদশালী। আমি আপনার ও আমার মাঝে নিজ সম্পদ দুই ভাগে ভাগ করে নেব। আমার দুইজন স্ত্রী আছে। আপনি দেখেন কাকে আপনার বেশি সুন্দরী মনে হয়। আমি তাকে তালাক দেব। তারপর তার ইদ্দত শেষ হলে আপনি তাকে বিয়ে করবেন। আবদুর রহমান বললেন, আল্লাহ আপনার পরিবার ও সম্পদে বরকত দিন। আপনি আমাকে বাজার কোথায় দেখিয়ে দিন। বাজার থেকে তিনি কেবল তখনই ফিরে এলেন যখন তার কাছে অল্প কিছু মাখন ও পনির অবশিষ্ট রয়ে গেল। ক্ষণকাল বাদেই সেখানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আগমন করলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবদুর রহমান রাযি. কে উদ্দেশ্যে বললেন, 'ঘটনা কী?' আবদুর রহমান রাযি বললেন, আমি এক আনসারী মহিলাকে বিবাহ করেছি। তিনি বললেন, 'তাকে কী দিয়েছো'? বললেন, খেজুরের বিচি পরিমাণ স্বর্ণ অথবা বললেন, স্বর্ণের একটি বিচি। তিনি বললেন, ওলীমা করো, হোক না তা একটি ছাগল দিয়ে' (বুখারী ও মুসলিম)।

সুপ্রিয় ভাই ও বন্ধুগণ! আজ আমরা সা'দ ইবনুর রবী' রাযি. -এর যুগের কথা কল্পনা করে আফসোস করি আর বলি, কোথায় সেই সা'দ ইবনুর রবী' রাযি., যিনি নিজ সম্পদের অর্ধেক ও নিজ সহধর্মীনিকে মুসলমান ভাইয়ের জন্য ত্যাগ করার জন্য প্রস্তুত হবেন। এর উত্তর হলো, সেদিন আর নেই। সেদিন তো তখনই বিদায় নিয়েছে যেদিন আবদুর রহমান রাযি. বিদায় নিয়েছেন। তেমনি যখন জিজ্ঞেস করা হয় কোন সে ব্যক্তি যিনি সা'দ রাযি.-এর মতো বদান্যতা ও মহানুভবতা দেখাবেন? তার জবাবে বলা হবে, কোথায় সেই ব্যক্তি যিনি আবদুর রহমান রাযি.-এর মতো অমুখাপেক্ষিতা প্রদর্শন করবেন?

সম্মানিত উপস্থিতি! এই হলো পূর্ণাঙ্গ ও পরিব্যপ্ত আকীদার বুনিয়াদে গড়া প্রকৃত ভ্রাতৃত্বের কিছু চিত্র। আল্লাহর কসম! এ হাদীসটি যদি সর্বোচ্চ স্তরের একটি বিশুদ্ধ হাদীস না হতো, তাহলে আমি নির্ঘাত একে একটি কাল্পনিক দৃশ্য বলে আখ্যায়িত করতাম।

হ্যা, এটিই হলো নির্ভেজাল ভ্রাতৃত্ব। এই হলো প্রকৃত ভ্রাতৃত্ব। কারণ আল্লাহর জন্য ভ্রাতৃত্ব গড়ে ওঠে কেবল আকীদার বাঁধন, ঈমানের বন্ধন ও আল্লাহর ভালোবাসার সম্পর্কের মধ্য দিয়ে, যার শিকড় কখনো উপড়ে পড়ে না।

ইসলামী ভ্রাতৃত্ব আল্লাহর পক্ষ থেকে দেয়া একটি মহামূল্যবান নিয়ামত। এটি আল্লাহর এমন এক দান, প্রকৃত মুমিনদের প্রতি যা প্রচুর ধারায় প্রবাহিত হয়। আল্লাহর জন্য ভ্রাতৃত্ব শুভ্র ও পরিশুদ্ধ হৃদয়ের মুমিনদের জন্য এক 'শারাবান তহূরা' বা পবিত্র পানীয়।

এক মুসলমানের প্রতি অন্য মুসলমান ভাইয়ের হক

প্রিয় মুসলিম ভাইয়েরা! এক মুসলমানের ওপর অন্য মুসলমান ভাইয়ের হক হলো তাকে ভালোবাসা। আনাস রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: ثَلَاثٌ مَنْ كُنَّ فِيهِ وَجَدَ بِهِنَّ حَلَاوَةَ الإِيمَانِ، مَنْ كَانَ اللهُ وَرَسُولُهُ أَحَبَّ إِلَيْهِ مِمَّا سِوَاهُمَا، وَأَنْ يُحِبَّ الْمَرْءَ لَا يُحِبُّهُ إِلَّا لِلَّهِ، وَأَنْ يَكْرَهَ أَنْ يَعُودَ فِي الْكُفْرِ بَعْدَ أَنْ أَنْقَذَهُ اللهُ مِنْهُ، كَمَا يَكْرَهُ أَنْ يُقْذَفَ فِي النَّارِ 'তিনটি গুণ যার মধ্যে রয়েছে, সে ঈমানের স্বাদ অনুভব করবে : (১) আল্লাহ ও তাঁর রাসূল তার কাছে গোটা সৃষ্টিজগত অপেক্ষা অধিক প্রিয় হওয়া; (২) মানুষকে ভালোবাসলে একমাত্র আল্লাহর জন্যই ভালোবাসা; (৩) কুফরিতে ফিরে যাওয়া তার কাছে আগুনে নিক্ষিপ্ত হওয়ার মতোই অপ্রিয় ও অপছন্দনীয় হওয়া' (মুসলিম)।

আবূ হুরায়রা রাযি. থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন سَبْعَةٌ يُظِلُّهُمُ اللهُ تَعَالَى فِي ظِلِّهِ يَوْمَ لَا ظِلَّ إِلَّا ظِلُّهُ، إِمَامٌ عَدْلٌ وَشَابٌّ نَشَأَ فِي عِبَادَةِ اللهِ، وَرَجُلٌ قَلْبُهُ مُعَلَّقٌ فِي الْمَسَاجِدِ، وَرَجُلَانِ تَحَابَّا فِي اللهِ اجْتَمَعَا عَلَيْهِ وَتَفَرَّقَا عَلَيْهِ، وَرَجُلٌ دَعَتْهُ امْرَأَةٌ ذَاتُ مَنْصِبٍ وَجَمَالٍ، فَقَالَ: إِنِّي أَخَافُ اللهَ، وَرَجُلٌ تَصَدَّقَ بِصَدَقَةٍ فَأَخْفَاهَا حَتَّى لَا تَعْلَمَ شِمَالُهُ مَا تُنْفِقُ يَمِينُهُ، وَرَجُلٌ ذَكَرَ اللهَ خَالِيًا فَفَاضَتْ عَيْنَاهُ 'সাত ব্যক্তিকে আল্লাহ তা'আলা তাঁর আরশের নিচে ছায়া দেবেন যেদিন তাঁর ছায়া ছাড়া অন্য কোনো ছায়া থাকবে না : (১)

ন্যায়পরায়ণ বাদশাহ; (২) এমন যুবক যে আল্লাহ তা'আলার ইবাদতে বেড়ে উঠেছে; (৩) এমন ব্যক্তি যার অন্তর মসজিদের সাথে সম্পৃক্ত; (৪) এমন দুই ব্যক্তি, যারা একমাত্র আল্লাহ তা'আলার সন্তুষ্টির উদ্দেশ্যে একে অপরকে ভালোবাসেছে। এ উদ্দেশ্যেই তারা একত্রিত হয়েছে ও বিচ্ছিন্ন হয়েছে; (৫) এমন ব্যক্তি যাকে কোনো সম্ভ্রান্ত বংশীয় রূপসী নারী ব্যভিচারের প্রতি আহ্বান করেছে; কিন্তু সে বলেছে, আমি আল্লাহকে ভয় করি; (৬) যে ব্যক্তি এমন গোপনভাবে দান করেছে যে, তার ডান হাত যা দান করে বাম হাতও তা টের পায় নি; (৭) যে ব্যক্তি নির্জনে আল্লাহকে স্মরণ করেছে আর তার দুই চোখ দিয়ে অশ্রু প্রবাহিত হয়েছে' (বুখারী ও মুসলিম)।

সহীহ মুসলিমে আবু হুরায়রা রা. থেকে আরও একটি হাদীস বর্ণিত হয়েছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : أَنَّ رَجُلًا زَارَ أَخًا لَهُ فِي قَرْيَةٍ أُخْرَى، فَأَرْصَدَ اللهُ لَهُ عَلَى مَدْرَجَتِهِ مَلَكًا، فَلَمَّا أَتَى عَلَيْهِ، قَالَ: أَيْنَ تُرِيدُ؟ قَالَ: أُرِيدُ أَخًا لِيْ فِي هَذِهِ الْقَرْيَةِ، قَالَ: هَلْ لَكَ عَلَيْهِ مِنْ نِعْمَةٍ تَرُبُّهَا؟ قَالَ: لَا، غَيْرَ أَنِّي أَحْبَبْتُهُ فِي اللهِ قَالَ: فَإِنِّي رَسُولُ اللهِ إِلَيْكَ بِأَنَّ اللهَ قَدْ أَحَبَّكَ كَمَا أَحْبَبْتَهُ فِيهِ 'এক ব্যক্তি তার এক ভাইয়ের সঙ্গে সাক্ষাতের উদ্দেশ্যে অন্য গ্রামে গেল। পথিমধ্যে আল্লাহ তা'আলা তার কাছে একজন ফেরেশতা পাঠালেন। ফেরেশতা তার কাছে এসে বললেন, কোথায় চলেছ তুমি? লোকটি বলল, এ গ্রামে আমার এক ভাই আছে, তার সাক্ষাতে চলেছি। তিনি বললেন, তার ওপর কি তোমার কোনো নেয়ামত আছে যা তুমি পরিচর্জা ও যত্ন কর? তিনি বললেন, না। তবে এতটুকু যে, আমি তাকে আল্লাহর জন্য ভালোবাসি। তিনি বললেন, আমি তোমার কাছে আল্লাহর বার্তাবাহক হিসেবে এসেছি। আল্লাহ তোমাকে বার্তা জানিয়েছেন যে, তিনি তোমাকে ভালোবাসেন যেমন তুমি তাকে তাঁর জন্য ভালোবাসো' (মুসলিম)।

মুসলিম ও আবু দাউদে বর্ণিত অপর এক হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: لَا تَدْخُلُونَ الْجَنَّةَ حَتَّى تُؤْمِنُوا، وَلَا تُؤْمِنُوا حَتَّى تَحَابُّوا أَوَلَا، أَدُلُّكُمْ عَلَى شَيْءٍ إِذَا فَعَلْتُمُوهُ تَحَابَبْتُمْ، أَفْشُوا السَّلَامَ بَيْنَكُمْ 'তোমরা জান্নাতে প্রবেশ করবে না যে যাবৎ না পরিপূর্ণ মুমিন হবে। আর তোমরা পূর্ণ মুমিন হবে না যতক্ষণ না একে অপরকে ভালোবাসবে। আমি কি তোমাদের এমন জিনিসের কথা বলে দেব না, যা অবলম্বন করলে তোমাদের পরস্পর ভালোবাসা সৃষ্টি হবে? (তা হলো) তোমরা পরস্পরের মধ্যে সালামের প্রসার ঘটাও' (মুসলিম ও আবু দাউদ)।

প্রিয় ভাইয়েরা! এক মুসলমানের প্রতি অন্য মুসলমানের সুনির্দিষ্ট হক রয়েছে, যার মধ্যে ছয়টি হলো হাদীস অনুযায়ী নিম্নরূপ: حَقُّ الْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ سِتٌّ. قِيلَ مَا هُنَّ يَا رَسُولَ اللهِ قَالَ : إِذَا لَقِيتَهُ فَسَلِّمْ عَلَيْهِ، وَإِذَا دَعَاكَ فَأَجِبْهُ، وَإِذَا اسْتَنْصَحَكَ فَانْصَحْ لَهُ، وَإِذَا عَطَسَ فَحَمِدَ اللهَ فَشَمِّتْهُ، وَإِذَا مَرِضَ فَعُدْهُ وَإِذَا مَاتَ فَاتَّبِعْهُ 'এক মুসলমানের ওপর অন্য মুসলমানের ছয়টি হক রয়েছে। বলা হলো সেগুলো কী হে আল্লাহর রাসূল? তিনি বললেন, (১) তুমি যখন তার সাথে সাক্ষাৎ করবে, তাকে সালাম দেবে; (২) সে যখন তোমাকে দাওয়াত করবে তখন তা গ্রহণ করবে; (৩) সে যখন তোমার কাছে নসীহত; (পরামর্শ) চাইবে, তখন তুমি তাকে নসীহত করবে; (৪) যখন সে হাঁচি দিয়ে আলহামদুলিল্লাহ বলবে, তখন তুমি ইয়ারহামুকাল্লাহ বলবে; (৫) যখন সে অসুস্থ হবে, তখন তাকে দেখতে যাবে; (৬) এবং যখন সে মারা যাবে, তখন তার জানাযা-দাফন কাফনে অংশগ্রহণ করবে'(মুসলিম)।

এক মুসলমানের ওপর অন্য মুসলমানের আরেকটি হক হলো, তার সম্পর্কে মনে কোনো হিংসা-বিদ্বেষ পুষে না রাখা। কেননা মুমিন হবে পরিষ্কার মনের অধিকারী। তার অন্তর হবে অনাবিল ও অপঙ্কিল। তার হৃদয় হবে কোমল ও দয়ার্দ্র। মুমিন যখন রাতে শয়ন করে তখন সে আল্লাহকে সাক্ষী রেখে বলে, পৃথিবীর কারো প্রতি তার একবিন্দু হিংসা-বিদ্বেষ নেই।

বুখারী ও মুসলিমে আনাস রাযি. থেকে বর্ণিত হয়েছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: لَا تَبَاغَضُوا، وَلَا تَدَابَرُوا، وَلَا تَنَافَسُوا، وَكُونُوا عِبَادَ اللهِ إِخْوَانًا 'তোমরা পরস্পরে বিদ্বেষপরায়ন হয়ো না, একে অন্যের পেছনে লেগে না এবং পরস্পরে প্রতিহিংসায় লিপ্ত হয়ো না, বরং একে অন্যের সাথে ভাই-ভাই ও এক আল্লাহর বান্দা হয়ে যাও' (মুসলিম)।

আমাদের জেনে রাখা উচিত, মানুষের অন্তরের ব্যাধিসমূহের অন্যতম হলো হিংসা-বিদ্বেষ। (আল্লাহ আমাদের রক্ষা করুন) মানুষকে সুখী দেখে মানুষ হিংসা করে; তার অন্তরে আগুন জ্বলে। অথচ এই অর্বাচীন লোক ভুলে যায় যে, এ রিযক ও সম্পদ কিন্তু আল্লাহই বণ্টন করেছেন। সুতরাং আমাদের কর্তব্য, কাউকে সুখ ও প্রাচুর্যের

মধ্যে ডুবে থাকতে দেখলে আল্লাহকে স্মরণ করা। যে আল্লাহ তাকে এত নিয়ামত ও প্রাচুর্য দিয়েছেন তার কাছে তার জন্য আরও বৃদ্ধির দু'আ করা। তিনি যেন আমাকেও সম্পদ ও সুখ-প্রাচুর্য দেন সে প্রার্থনা তাঁর কাছেই করা। সেই নেককারদের সঙ্গে কণ্ঠ মিলিয়ে আমাদেরও উচ্চারণ করা উচিত যারা বলতেন رَبَّنَا اغْفِرْ لَنَا وَلِإِخْوَانِنَا الَّذِينَ سَبَقُونَا بِالْإِيمَانِ وَلَا تَجْعَلْ فِي قُلُوبِنَا غِلًّا لِلَّذِينَ آمَنُوا رَبَّنَا إِنَّكَ رَءُوفٌ رَحِيمٌ Ô†n Avgv‡`i ie, Avgv‡`i‡K I Avgv‡`i fvB hviv Cgvb wb‡q Avgv‡`i c‡e AwZµvš n‡q‡Q Zv‡`i‡K ¶gv Kiæb; Ges hviv Cgvb G‡bwQj Zv‡`i Rb¨ Avgv‡`i Aš‡i †Kv‡bv we‡Øl ivL‡eb bv; †n Avgv‡`i ie, wbðq Avcwb `qvevb, cig `qvjÕ (miv Avj nvki : 10)।

মুহতারাম হাযেরীন! মুসলমানের প্রতি হিংসা না রাখা এবং তাদের জন্য হৃদয়ে ভালোবাসা লালন করা কত বড় আমল তা বুঝতে পারা যাবে একটি ঘটনা শুনলে। ঘটনাটি আনাস রাযি. থেকে মুসনাদে আহমদে বর্ণিত হয়েছে। তিনি বলেন, 'আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে বসা ছিলাম। মুস্তাফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, 'এখন তোমাদের সামনে একজন জান্নাতী ব্যক্তি উপস্থিত হবে'। তারপর আনসারীদের মধ্য থেকে এক ব্যক্তি উপস্থিত হলেন। তার দাড়ি থেকে ফোঁটায় ফোঁটায় উযুর পানি ঝরছিল। বাম হাতে তার জুতো ধরা। পরদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অনুরূপ বললেন। অতঃপর প্রথম বারের মতো সেই লোকটিই উপস্থিত হলো। তৃতীয় দিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একই কথা বললেন। এবারও প্রথম বারের মতো লোকটিই উপস্থিত হলো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন বৈঠক ত্যাগ করলেন, তখন আবদুল্লাহ ইবনে আমর ইবনে আ'স তার পিছু নিলেন। তাকে তিনি বললেন, আমি আমার পিতার সঙ্গে ঝগড়া করেছি। এক পর্যায়ে কসম করেছি তিনদিন আমি তার কাছে যাব না। তুমি যদি আমাকে এ সময়টুকু তোমার কাছে থাকতে দিতে? তিনি বললেন, ঠিক আছে। আনাস রাযি. বলেন, আবদুল্লাহ বলতেন, তিনি তার সাথে তিনটি রাত অতিবাহিত করেছেন। তাকে তিনি রাতে নামায পড়তে দেখেননি। তবে এতটুকু দেখেছেন যে, রাতে যখন তিনি ঘুম থেকে জাগ্রত হন, তখন তিনি পাশ ফিরে ফজরের নামায শুরু হওয়া পর্যন্ত আল্লাহর যিকর ও তাকবীরে লিপ্ত থাকেন। আবদুল্লাহ বলেন, তবে আমি তাকে ভালো ছাড়া কারও মন্দ বলতে শুনিনি। অতঃপর যখন তিন রাত অতিবাহিত হলো এবং আমি তার আমলকে সামান্য জ্ঞান করতে লাগলাম তখন আমি তাকে জিজ্ঞেসই করে বসলাম, হে আল্লাহর বান্দা, আমার ও আমার পিতার মাঝে কোনো রাগারাগি বা ছাড়াছাড়ির ঘটনা ঘটেনি; তবে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তোমার সম্পর্কে তিন দিন বলতে শুনেছি : 'এখন তোমাদের সামনে একজন জান্নাতী লোক উপস্থিত হবে'। আর ঘটনাক্রমে তিনবারই তুমি উপস্থিত হয়েছ। এজন্য আমি তোমার সান্নিধ্যে এসেছিলাম তুমি কী আমল করো তা দেখতে। যাতে আমি তোমাকে অনুসরণ করতে পারি। কিন্তু আমি তো তোমাকে খুব বেশি আমল করতে দেখলাম না! তাহলে তোমার কোন্ আমল তোমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বর্ণিত মর্যাদায় পৌঁছালো? লোকটি বলল, তুমি যা দেখলে তার বেশি কিছুই নয়। আবদুল্লাহ রাযি. বলেন, যখন আমি ফিরে আসলাম, তখন সে আমাকে ডেকে বলল, তুমি যা দেখলে তা তার চেয়ে বেশি কিছুই নয়। তবে আমি মনের মাঝে কোনো মুসলমানকে ঠকানোর চিন্তা রাখি না এবং আল্লাহ তাকে যে নিয়ামত দিয়েছেন তাতে কোনো হিংসা বোধ করি না। আবদুল্লাহ রাযি. বললেন, 'এটিই তোমাকে উক্ত মর্যাদায় পৌঁছিয়েছে। আর এটিই তো আমরা পারি না'।

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ, أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمْ .

মুসলমানের প্রতি মুসলমানের হক

wØZxq LZev

اَلْحَمْدُ لله رَبِّ الْعَالَمِيْنَ وَاشْهَدُ أَن لَّا إِلَه إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، اللَّهُمَّ صَلِّ وَسَلِّم وَزِدْ وَبَارِكْ عَلَيْهِ وَعَلى آلِهِ وَأَصْحَابِهِ وَأَتْبَاعِهِ وَعَلَى كُلِّ مَنْ اهْتَدَى بِهَدْيِهِ وَاسْتَنَّ بِسُنَّتِهِ وَاقْتَفَى أَثَرَه إِلَى يَوْمِ الَدِّين، أَمَّا بَعْدُ:

আমার মুসল্লী ভাইয়েরা! এক মুসলমানের ওপর অন্য মুসলমানের আরেকটি হক হলো তাকে সাধ্যমত সাহায্য করা। আবু হুরায়রা রাযি. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: مَنْ نَفَّسَ عَنْ مُؤْمِنٍ كُرْبَةً مِنْ كُرَبِ الدُّنْيَا، نَفَّسَ اللهُ عَنْهُ كُرْبَةً مِنْ كُرَبِ يَوْمِ الْقِيَامَةِ، وَمَنْ سَتَرَ مُسْلِمًا سَتَرَهُ اللهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ، وَمَنْ يَسَّرَ عَلَى مُعْسِرٍ، يَسَّرَ اللهُ عَلَيْهِ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ، وَاللهُ فِي عَوْنِ الْعَبْدِ مَا كَانَ الْعَبْدُ فِي عَوْنِ أَخِيهِ ‘যে ব্যক্তি কোনো মুমিনের পার্থিব কষ্টসমূহ থেকে কোনো একটি কষ্ট দূর করবে কিয়ামতের কষ্টসমূহ থেকে আল্লাহ তার একটি কষ্ট দূর করবেন। যে ব্যক্তি কোনো মুমিনের দোষ গোপন রাখবে, আল্লাহ তা‘আলা দুনিয়া ও আখিরাতে তার দোষ গোপন রাখবেন, যে ব্যক্তি কোনো অভাবীকে দুনিয়াতে ছাড় দেবে আল্লাহ তা‘আলা তাকে দুনিয়া ও আখিরাতে ছাড় দেবেন। আর আল্লাহ তা‘আলা বান্দার সাহায্য করেন যতক্ষণ সে তার ভাইয়ের সাহায্য করে’ (আহমদ,সহীহ)।

এক মুসলমানের ওপর অন্য মুসলমানের আরেকটি হক হলো তাকে সাহায্য করা, চাই সে যালেম হোক কিংবা মযলুম। আনাস ইবনে মালেক রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন:

انْصُرْ أَخَاكَ ظَالِمًا أَوْ مَظْلُومًا، قَالُوا: يَا رَسُولَ اللهِ، هَذَا نَنْصُرُهُ مَظْلُومًا، فَكَيْفَ نَنْصُرُهُ ظَالِمًا؟ قَالَ: تَأْخُذُ فَوْقَ يَدَيْهِ‘তুমি তোমার মুসলমান ভাইকে সাহায্য করো, চাই সে অত্যাচারী হোক কিংবা অত্যাচারিত। তখন এক ব্যক্তি বলল, হে আল্লাহর রাসূল! অত্যাচারিত ভাইকে সাহায্য করব ঠিকই কিন্তু অত্যাচারীকে কিভাবে সাহায্য করব? তিনি বললেন, তুমি তার হাত ধরবে [তাকে যুলম থেকে বাধা প্রদান করবে]’ (বুখারী)। অর্থাৎ তুমি তোমার ভাইকে সর্বাবস্থায় সাহায্য করবে। যদি সে যালেম হয় তাহলে যুলম থেকে তার হাত টেনে ধরবে এবং তাকে বাধা দেবে। আর যদি সে মযলুম হয় তাহলে সম্ভব হলে তাকে সাহায্য করবে। যদিও একটি বাক্য দ্বারা হয়। যদি তাও সম্ভব না হয় তাহলে অন্তর দিয়ে। আর এটি সবচে’ দুর্বল ঈমান।

সম্মানিত মুসল্লীবৃন্দ! এক মুসলমানের ওপর অন্য মুসলমানের আরেকটি হক হলো, তার দোষ গোপন রাখা এবং তার ভুল-ভ্রান্তি ক্ষমা করা। এটি সবচে’ বড় হক। কারণ সে তো আল্লাহ তা‘আলার নৈকট্যশীল কোনো ফেরেশতা বা তাঁর প্রেরিত রাসূল নয়। সে মানুষ; তাই ভুল তো তার হবেই। অতএব তার কোনো ভুল হলে তা গোপন রাখা উচিত।

আলিমগণ বলেন, ‘মানুষ দুই প্রকার। এক প্রকার হলো যারা মানুষের মাঝে তাকওয়া-পরহেযগারী ও নেক আমলের জন্য সুপরিচিত। তিনি যদি কোনো ভুল করেন বা তার কোনো পদস্খলন হয়ে যায়, তাহলে মুমিনদের কর্তব্য হলো তা গোপন রাখা। তার দোষ অন্যের কাছে প্রকাশ না করা।

mwcq Dcw¯wZ! দীন চর্চা ও প্রচারে মধ্যমপন্থা অবলম্বনের গুরুত্ব অপরিসীম। কেননা মধ্যমপন্থা মুসলিম উম্মাহকে সুসংহত রাখতে সাহায্য করে। উম্মাহর সদস্যদের ঐক্য ও ভ্রাতৃত্ব সুদৃঢ় রাখতে সাহায্য করে। বর্ণ, গোত্র, ভাষা ইত্যাদির ভেদাভেদ ঘুঁচিয়ে উম্মাহকে এক পাটফর্মে অটল থাকতে সাহায্য করে। বাড়াবাড়ি ও শিথিলতা উভয়টাই উম্মাহকে নানা মত ও পথে বিভক্ত করে দেয়। ইরশাদ হয়েছে : **كَانَ النَّاسُ أُمَّةً وَاحِدَةً فَبَعَثَ اللّٰهُ النَّبِيِّينَ مُبَشِّرِينَ وَمُنْذِرِينَ وَأَنْزَلَ مَعَهُمُ الْكِتَابَ بِالْحَقِّ لِيَحْكُمَ بَيْنَ النَّاسِ فِيمَا اخْتَلَفُوا فِيهِ وَمَا اخْتَلَفَ فِيهِ إِلَّا الَّذِينَ أُوتُوهُ مِنْ بَعْدِ مَا جَاءَتْهُمُ الْبَيِّنَاتُ بَغْيًا بَيْنَهُمْ فَهَدَى اللّٰهُ الَّذِينَ آمَنُوا لِمَا اخْتَلَفُوا فِيهِ مِنَ الْحَقِّ بِإِذْنِهِ وَاللّٰهُ يَهْدِي مَنْ يَشَاءُ إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ** Ôgvbl wQj GK D¤§Z| AZtci Avjøvn mmsev``vZv I mZK©Kvixi/‡c bex‡`i‡K †ciY Ki‡jb Ges mZ¨mn Zv‡`i mv‡_ wKZve bvwhj Ki‡jb, hv‡Z gvbl‡li g‡a¨ dqmvjv K‡ib, †h wel‡q Zviv gZwe‡iva KiZ| Avi ZvivB Zv‡Z gZwe‡iva K‡iwQj, hv‡`i‡K Zv †`qv n‡qwQj, Zv‡`i wbKU ¯úó wb`kb Avmvi ci cil ci¯ú‡ii g‡a¨ we‡ØlekZ| AZtci Avjøvn wbR Abgw‡Z gwgb‡`i‡K wn`vqvZ w`‡jb †h wel‡q Zviv gZwe‡iva Ki‡Qj| Avi Avjøvn hv‡K B"Qv K‡ib mij c‡\_i w`‡K wn`vqvZ †`bÕ (miv Avj-evKviv:213)।

ইবনে আব্বাস রাযি. হতে বর্ণিত, তিনি বলেন : قِيْلَ لِرَسُوْلِ اللهِ أَيُّ الْأَدْيَانِ أَحَبُّ إِلَى اللهِ ؟ قَالَ: الْحَنِيْفِيَّةُ السَّمْحَةُ 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞাসা করা হলো, আল্লাহর কাছে অধিক প্রিয় দীন কোন্‌টি? তিনি বললেন, 'যা খাঁটি ও উদার' (আহমদ, সহীহ)।

আনাস ইবনে মালিক রাযি. থেকে বর্ণিত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : يَسِّرُوْا وَلَا تُعَسِّرُوْا وَبَشِّرُوا وَلَا تُنَفِّرُوْا إِنَّمَا بُعِثْتُمْ مُيَسِّرِيْنَ وَلَمْ تُبْعَثُوْا مُعَسِّرِينَ 'সহজ করো, কঠিন করো না। সুসংবাদ দাও নিস্পৃহ করো না। তোমরা তো কেবল সহজকারী হিসেবেই প্রেরিত হয়েছ, কঠোরতাকারী হিসেবে প্রেরিত হওনি' (বুখারী)।

জাবের রাযি. থেকে এক বর্ণনায় এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: إِنَّ اللهَ لَمْ يَبْعَثْنِي مُعَنِّتاً وَلَا مُتَعَنِّتاً، وَلَكِنْ بَعَثَنِيْ مُعَلِّماً مُيَسِّراً 'নিশ্চয় আল্লাহ আমাকে জোরজবরদস্তিকারী ও মানুষকে অসুবিধায় নিপতিতকারী হিসেবে প্রেরণ করেননি। তিনি তো আমাকে প্রেরণ করেছেন শিক্ষক ও সহজকারী হিসেবে'(মুসলিম)।

আবূ হুরায়রা রাযি. থেকে বর্ণিত : إِنَّ أَعْرَابِيا بَالَ فِي الْمَسْجِدِ فَثَارَ إِلَيْهِ النَّاسُ لِيَقَعُوْا بِهِ، فَقَالَ لَهُمْ رَسُوْلُ اللهِ دَعُوْهُ، وَأَهْرِيقُوا عَلَى بَوْلِهِ ذَنُوْباً مِنْ مَاءٍ، فَإِنَّمَا بُعِثْتُمْ مُيَسِّرِيْنَ وَلَمْ تُبْعَثُوْا مُعَسِّرِينَ 'জনৈক বেদুইন ব্যক্তি মসজিদে প্রস্রাব করে দিল। লোকেরা মারধোর করার জন্য উত্তেজিত হয়ে তার দিকে এগিয়ে গেল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে বললেন, 'ওকে ছেড়ে দাও'। আর ওর প্রস্রাবের ওপর এক বালতি পানি ঢেলে দাও। কারণ তোমরা তো কেবল সহজকারী হিসেবে প্রেরিত হয়েছ, কঠোরতাকারী হিসেবে প্রেরিত হওনি'(বুখারী)।

মুহতারাম মুসল্লিয়ান! সন্ত্রাস, মুসলিম শাসকদের বিরুদ্ধে জঙ্গি তৎপরতা, এবং অহেতুক কারণে কোনো মুসলমানকে কাফির বলাও হলো মধ্যমপন্থা থেকে বিচ্যুতি ও সীমালঙ্ঘন। মুসলিম বিশ্বে মুসলিম শাসকদের বিরুদ্ধে যেসব জঙ্গি তৎপরতা চলছে তা কেবলই শয়তানের প্ররোচনা ও খারেজী সম্প্রদায়ের অশুভ আদর্শের অনুসরণ।

হাদীসে এসেছে, আবদুল্লাহ ইবনে মাসঊদ রাযি. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন:

هَلَكَ الْمُتَنَطِّعُونَ. هَلَكَ الْمُتَنَطِّعُونَ. هَلَكَ الْمُتَنَطِّعُونَ 'কট্টরপন্থীরা ধ্বংস হোক, 'কট্টরপন্থীর ধ্বংস হোক, 'কট্টরপন্থীর ধ্বংস হোক' (মুসলিম)।

কট্টরপন্থা বলতে বুঝায় কোনো বিষয়ে ভারসাম্যপূর্ণ অভিমত বা বিধান থাকা সত্ত্বেও একই বিষয়ে এমন অভিমতকে আপন করে নেয়া যা বাস্তবায়ন করা খুবই কঠিন। যারা এরূপ করে তাদের বিরুদ্ধে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কঠোর হুঁশিয়ারী উচ্চারণ করেছেন।

কট্টরপন্থা খারেজীদের আদর্শ। আবু সাঈদ খুদরী রাযি. থেকে বর্ণিত তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে বসা ছিলাম। তিনি তখন বন্টন করছিলেন। এমতাবস্থায় যুল খুওয়াইসেরা এসে হাজির হলো। সে ছিল তামীম গোত্রের লোক। সে বলল,'হে আল্লাহর রাসূল! ইনসাফ করুন'। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন,' তোমার জন্য আফসোস! আমি ইনসাফ না করলে আর কে ইনসাফ করবে? তোমার জন্য ধ্বংস ও নিরাশা, যদি আমি ইনসাফ না করি। উমর রাযি. বললেন, 'হে আল্লাহর রাসূল আমাকে অনুমতি দিন, আমি ওর গর্দান উড়িয়ে দিই। তিনি বললেন,' ওকে ছেড়ে দাও'। ওর কিছু সঙ্গী সাথী আছে, যাদের নামায দেখে তোমাদের কেউ স্বীয় নামাযকে তুচ্ছ মনে করবে। তাদের রোযার কাছে তোমাদের কেউ স্বীয় রোযাকে তুচ্ছ ভাববে। ওরা কুরআন পড়ে তবে কুরআন তাদের কণ্ঠনালী অতিক্রম করে না। ওরা দীন থেকে বের হয়ে যাবে যেভাবে বের হয়ে যায় তীর শিকার-জন্তুকে ভেদ করে। তাদের তীরের ফলার দিকে তাকানো হবে, তবে সেখানে কিছুই পাওয়া যাবে না। অতঃপর তাদের ফলায় সংযুক্ত মোচড়ানো অংশের দিকে তাকানো হবে, সেখানেও কিছু পাওয়া যাবে না। এরপর তীরের নিবগুলোর দিকে তাকানো হবে, সেখানেও কিছু পাওয়া যাবে না। শিকারের গোবর ও রক্তকে অতি দ্রুত ভেদ করে বের হয়ে যাবে। (অর্থাৎ এতো দ্রুত বের হয়ে যাবে যে তীর ও তীরের সাথে যুক্ত অংশগুলোয় জন্তুর রক্ত ও গোবরের কোনো লেশমাত্র খুঁজে পাওয়া যাবে না)। আর তাদের আলামত হলো, এমন ব্যক্তি যে হবে কালো, তার একটি বাহু হবে নারীর স্তনের ন্যায়, অথবা কম্পমান মাংসপিণ্ডের ন্যায়। মানুষ যখন বিভিন্ন দলে বিভক্ত থাকবে সেটাই হবে তাদের বের হওয়ার সময়'। আবু সাঈদ রাযি.বলেন, 'আমি সাক্ষ্য দিচ্ছি যে এ হাদীসটি আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে শুনেছি। আমি আরো সাক্ষ্য দিচ্ছি, আলী রাযি. তাদের বিরুদ্ধে যুদ্ধ করেছেন। আর আমি তখন তার সাথে ছিলাম। তিনি ওই লোকটিকে হাজির করতে বললেন এবং তাকে দেখতে চাইলেন। অতঃপর লোকটিকে হাজির করা হলো। আমি তার দিকে তাকিয়ে দেখে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বর্ণনা মোতাবেক পেলাম' (বুখারী)।

বুখারীর অন্য বর্ণনায় এসেছে,'তারা দীন থেকে বের হয়ে যাবে, যেভাবে তীর শিকার ভেদ করে বের হয়ে যায়। তারা মুসলমানদেরকে হত্যা করবে এবং পৌত্তলিকদেরকে ছেড়ে দেবে। আমি যদি তাদেরকে পাই তবে কাওমে আদের মতো তাদেরকে অবশ্যই নিপাত করব'(বুখারী)।

বুখারী ও মুসলিমের এক বর্ণনা মতে তারা হবে 'অল্পবয়সী ও নির্বোধ'। সহীহ মুসলিমের এক বর্ণনা অনুযায়ী, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে নিকৃষ্টতম সৃষ্টিজীব বলে আখ্যায়িত করেছেন।

তাই অহেতুকভাবে মুসলমানদেরকে কাফির ফতোয়া দেয়া, মুসলমানদের বিরুদ্ধে অস্ত্রধারণ করা, হত্যাযজ্ঞ চালানো মারাত্মক অপরাধ। যারা এরূপ করে তাদের উচিত আল্লাহকে ভয় করা। শরীয়ত পালন ও বাস্তবায়নে মধ্যমপন্থা অবলম্বন করা। নানা ধরনের অপব্যাখ্যার আশ্রয় নিয়ে মুসলমানদের রক্তপাত থেকে বিরত থাকা।

wcq gmwjg fvB I eÜMY! আমরা প্রত্যেকেই নিজ নিজ দায়িত্ব সম্পর্কে সচেতন হই। কট্টরপন্থা ও অনুচিত শৈথিল্য বর্জন করে মধ্যমপন্থা অবলম্বন করে সিরাতুল মুস্তাকীমের ওপর প্রতিষ্ঠিত থাকি। যারা কট্টরপন্থা ও অনুচিত শৈথিল্যে নিপতিত তাদেরকে সংশোধনের চেষ্টা করি। আমাদের আওতাধীন যারা রয়েছে, তাদেরকে সঠিক পথে সুপ্রতিষ্ঠিত রাখার জন্য মেহনত চালিয়ে যাই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্ল-াম বলেন : أَلا كُلُّكُمْ رَاعٍ وَكُلُّكُمْ مَسْؤُوْلٌ عَنْ رَعِيَّتِهِ، فَالْإِمَامُ الَّذِيْ عَلَى النَّاسِ رَاعٍ وَهُوَ مَسْؤُوْلٌ عَنْ رَعِيَّتِهِ، وَالرَّجُلُ رَاعٍ عَلَى أَهْلِ بَيْتِهِ وَهُوَ مَسْؤُوْلٌ عَنْ رَعِيَّتِهِ، وَالْمَرْأَةُ رَاعِيَةٌ عَلَى أَهْلِ بَيْتِ زَوْجِهَا وَوَلَدِهِ وَهِيَ مَسْؤُولَةٌ عَنْهُمْ، وَعَبْدُ الرَّجُلِ رَاعٍ عَلَى مَالِ سَيِّدِهِ وَهُوَ مَسْؤُوْلٌ عَنْهُ، أَلا فَكُلُّكُمْ رَاعٍ وَكُلُّكُمْ مَسْؤُوْلٌ عَنْ رَعِيَّتِهِ 'জেনে রাখো, তোমাদের প্রত্যেকেই দায়িত্বশীল এবং প্রত্যেককে তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসা করা হবে। যে ব্যক্তি মানুষের আমীর সে দায়িত্বশীল এবং তাকে তার আওতাধীনদের সম্পর্কে জিজ্ঞাসা করা হবে। পুরুষ তার পরিবারের প্রতি দায়িত্বশীল এবং তাকে এ দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসা করা হবে। নারী তার স্বামীর ঘর ও সন্তানদের দায়িত্বশীল এবং তাকে তাদের ব্যাপারে জিজ্ঞাসা করা হবে। দাস তার মনিবের সম্পদে দায়িত্বশীল, আর তাকে এ ব্যাপারে জিজ্ঞাসা করা হবে। জেনে রাখো! তোমরা প্রত্যেকেই দায়িত্বশীল এবং তোমাদের প্রত্যেককেই তার আওতাধীনদের সম্পর্কে জিজ্ঞাসা করা হবে' (বুখারী)। আল্লাহ তা'আলা আমাদের সবাইকে তাওফীক দান করুন।

اَللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيْمَ وَعَلَى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اَللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ আপনি আমাদেরকে মধ্যমপন্থা অবলম্বন করে দীন চর্চার তাওফীদ দান করুন। মধ্যমপন্থী উম্মতের জন্য যেসব যোগ্যতা প্রয়োজন তা আমদের মধ্যে পয়দা করে দিন। আপনি আমাদেরকে শিথলতা ও কট্টরপন্থা উভয়টা থেকে হিফাযত করুন।

হে আল্লাহর আপনি আমাদেরকে সকল প্রকার গুমরাহী থেকে রক্ষা করুন। আপনার খাস রহমত ও করুণায় আমাদেরকে সরল-সঠিক পথে টিকে থাকার তাওফীক দান করুন। আপনি আমাদের সবাইকে মাফ করে দিন।

হে আল্লাহ যারা না বুঝে কট্টরপন্থার অনুসরণ করছে তাদের আপনি হিদায়েত করুন। তাদেরকে দীনের সঠিক জ্ঞান ও অনুভূতি দান করুন। তাদের ফেতনা থেকে উম্মতকে হিফাযত করুন।

হে আল্লাহ সমগ্র পৃথিবীতে আপনার দীন ও শরীয়ত কায়েম করে দিন। মুসলিমবিশ্বের সকল শাসকদেরকে আপনার দীনের জন্য কবুল করে নিন। আপনার রেজামন্দী অনুযায়ী চলার তাওফীক দান করুন। আমীন ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهُ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنِ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

নবী রাসূলদের দাওয়াত পদ্ধতি

LZevq hv _vK‡e

১. দীনের দাওয়াত পৌঁছে দেয়ার ক্ষেত্রে নবী-রাসূলগণের শ্রম-মেহনত মানুষকে স্মরণ করিয়ে দেয়া

২. দাঈ ও মুবালিগদেরকে আম্বিয়ায়ে কেরামের বিশুদ্ধ ও সফল পদ্ধতি অনুসরণের ব্যাপারে উৎসাহ দান

৩. যুগের দাবি অনুযায়ী দাওয়াতের পথ ও পদ্ধতি নবায়নের প্রতি গুরুত্বারোপ

c_g LZev

الْحَمْدُ للهِ الَّذِي أَنْزَلَ عَلَى عَبْدِهِ الْكِتَابَ وَلَمْ يَجْعَلْ لَهُ عِوَجًا . قَيِّمًا لِيُنْذِرَ بَأْسًا شَدِيدًا مِنْ لَدُنْهُ وَيُبَشِّرَ الْمُؤْمِنِينَ الَّذِينَ يَعْمَلُونَ الصَّالِحَاتِ أَنَّ لَهُمْ أَجْرًا حَسَنًا. مَاكِثِينَ فِيهِ أَبَدًا. (سورة الكهف:3-1) وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، أَمَّا بَعْدُ:

wcq gmwjøqvb! আজ আমি আপনাদের সামনে একটি অতি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করব। আর তা হলো দাওয়াত ও তাবলীগে দীনের মহান দায়িত্ব যা আম্বিয়ায়ে কিরামের ওপর অর্পিত অভিন্ন দায়িত্ব বলে বিবেচিত। দাওয়াত-প্রচারের মহান দায়িত্ব নিয়েই আম্বিয়ায়ে কিরাম প্রেরিত হয়েছেন যুগে যুগে বিভিন্ন জাতিগোষ্ঠির কাছে। আল্লাহর প্রতি যাদের বিশ্বাস নেই, অথবা থাকলেও শিরক-মিশ্রিত, অথবা বিকৃত তাদের সঠিক পথের দিশা দেয়া, দাসত্বের সরল সঠিক পথ তাদের সামনে পরিষ্কারভাবে উম্মোচিত করে তাদেরকে এমন পর্যায়ে নিয়ে যাওয়া যাতে কিয়ামতের ময়দানে বলতে না পারে, আমাদের কাছে জান্নাতের সুসংবাদদাতা অথবা জাহান্নাম থেকে হুঁশিয়ারকারী হিসেবে কেউ আসেনি। ইরশাদ হয়েছে : **أَنْ تَقُولُوا مَا جَاءَنَا مِنْ بَشِيرٍ وَلا نَذِيرٍ فَقَدْ جَاءَكُمْ بَشِيرٌ وَنَذِيرٌ وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ.** Ô†hb †Zvgiv bv ej †h, Avgv‡`i wbKU †Kv‡bv mmsev``vZ wKsev mZKKvix Av‡mwb| Aek¨B †Zvgv‡`i wbKU mmsev``vZv I mZKKvix G‡m‡Q| Avi Avjøvn me wKQi Ici ¶gZvevbÕ (miv Avj gwq`v:19)।

wcq gmwjøqvb! আল্লাহ তা'আলা মানুষকে সুনির্দিষ্ট উদ্দেশ্যে সৃষ্টি করেছেন। আর তা হলো একমাত্র আল্লাহ তা'আলার একক সত্তার প্রতি দৃঢ় বিশ্বাস স্থাপন করে কেবল তাঁরই ইবাদত করা। ইবাদত-বন্দেগী, দু'আ-প্রার্থনার ক্ষেত্রে অন্য কাউকে তাঁর সাথে শরীক না করা। ইরশাদ হয়েছে : **وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلا لِيَعْبُدُونِ. مَا أُرِيدُ مِنْهُمْ مِنْ رِزْقٍ وَمَا أُرِيدُ أَنْ يُطْعِمُونِ.** ÔAvi wRb I gvbl‡K Avwg †Kej GRb¨B mwó K‡iwQ †h, Zviv Avgvi Bev`Z Ki‡e| Awg Zv‡`i Kv‡Q †Kvb wihK PvB bv; Avi Awg PvB bv †h, Zviv Avgv‡K Lvevi w`‡eÕ (miv AvhhwiqvZ: 56-57)।

আর আল্লাহ তা'আলা অসীম দয়ালু, করুণার আধার। তাই তিনি মানব সৃষ্টির উদ্দেশ্য, পৃথিবীতে মানুষের করণীয়, মানুষের সর্বশেষ গন্তব্য ইত্যাদি বিষয় সবিস্তারে বাতলে দেয়ার দায়িত্ব নিজ হাতে নিয়েছেন এবং নবী রাসূলগণের মাধ্যমে তার সুস্পষ্ট বিবরণ মানুষের সামনে তুলে ধরেছেন। কারণ মানুষ নিজ উদ্যোগে এসব বিষয়ের আদ্যোপান্ত জানতে অক্ষম। আর এসব বিষয় সম্পর্কে পরিষ্কার ধারণা অর্জিত না হলে মানুষ তার কর্তব্য নির্ধারণে ব্যর্থ হবে নিশ্চিত রূপেই। ফলে পরকালের শাশ্বত জীবনে বঞ্চিত হবে অফুরান নিয়ামতপূর্ণ জান্নাত থেকে; বঞ্চিত হবে রাব্বুল আলামীনের মহা-আনন্দময় দীদার থেকে। শুধু তাই নয় বরং তার আবাস হিসেবে নির্ধারিত হবে মর্মন্তুদ শাস্তি ও অসহনীয় কষ্ট-যাতনার ভয়াবহ স্থান জাহান্নাম।

তাই নবী রাসূলগণের মৌলিক দায়িত্ব ছিল মানুষকে আল্লাহর পথে আহ্বান করা, চিরন্তন সত্যের পথে আহ্বান করা, মানুষ যেসব সত্য নিজ থেকে আবিষ্কার করতে অক্ষম সেসব বিষয়ে তাকে অবহিত করা। আর যারা তাদের দাওয়াত গ্রহণ করবে তাদেরকে পরকালীন শাশ্বত সুখের সুসংবাদ দেয়া এবং যারা তা প্রত্যাখ্যান করবে তাদেরকে জাহান্নামী জীবনের দুঃসংবাদ পৌঁছে দেয়া, তাদেরকে জাহান্নাম থেকে হুঁশিয়ার করা। ইরশাদ হয়েছে

إِنَّا أَخْلَصْنَاهُم بِخَالِصَةٍ ذِكْرَى الدَّارِ : . ÔwbðqB Awg Zv‡`i‡K we‡kl K‡i ciKv‡ji ¯§i‡Yi Rb¨ wbewPZ K‡iwQjvgÕ (miv mv`:46)।

wcq fvB‡qiv! নবী-রাসূলগণ মানুষকে জাহান্নামী জীবন থেকে উদ্ধার করে জান্নাতের পথে নিয়ে আসার জন্য আপ্রাণ চেষ্টা করে গেছেন। আল্লাহর পক্ষ থেকে প্রাপ্ত সংবাদ অক্লান্ত পরিশ্রম করে, সীমাহীন নির্যাতন-নিপীড়ন সহ্য করে মানুষের কাছে পৌঁছে দিয়েছেন। নবী-রাসূলগণ যেসব জাতি ও মানব সম্প্রদায়ের প্রতি প্রেরিত হয়েছেন তাদেরকে পয়গামে ইলাহী পৌঁছিয়ে পৌঁছিয়ে বালাগুল মুবীনের পর্যায় পর্যন্ত নিয়ে গেছেন এবং তাদের ওপর আল্লাহর প্রমাণ প্রতিষ্ঠা করে দিয়েছেন। অর্থাৎ তাদেরকে এমন পর্যায়ে নিয়ে গেছেন যে, তাদের কেউ আর বলতে পারবে না, আমাদের কাছে চিরসুখের জান্নাতী জীবনের পথ দেখানোর জন্য কেউ আসেনি। জান্নাতের সুসংবাদবাহক কেউ প্রেরিত হয়নি। অথবা মর্মন্তুদ শাস্তির ঠিকানা জাহান্নাম থেকে হুঁশিয়ারকারী কেউ আসেনি। ইরশাদ হয়েছে : رُسُلًا مُبَشِّرِينَ وَمُنْذِرِينَ لِئَلَّا يَكُونَ لِلنَّاسِ عَلَى اللهِ حُجَّةٌ بَعْدَ الرُّسُلِ وَكَانَ اللهُ عَزِيزًا حَكِيمًا ÔAvi (Awg cwV‡qwQ) ivmjMY‡K mmsev``vZv I mZKKvixi¦‡c, hv‡Z Avjøvni wec‡¶ ivmj‡`i ci gvb‡li Rb¨ †Kvb ARnvZ bv _v‡K| Avi Avjøvn gnvcivµgkvjx, cÁvgqÕ (miv Avb-wbmv:165)|

আখেরী নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আবির্ভাবের মাধ্যমে নবী-রাসূল প্রেরণের ধারাবাহিকতার সমাপ্তি ঘটে। মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পর আর কেউ নবী হিসেবে প্রেরিত হয়ে মানুষের কাছে আল্লাহর পয়গাম পৌঁছাতে আসবেন না। তবে যেহেতু পৃথিবী ধ্বংস হওয়ার পূর্ব পর্যন্ত মানব সম্প্রদায়ের বংশ বিস্তার অব্যাহত থাকবে, তাই যারা ঈমানহারা, যারা সত্যের পথ থেকে দূরে অবস্থান করে, তাদের কাছে আল্লাহর পয়গাম পৌঁছে দেয়ার প্রয়োজন ফুরিয়ে যায়নি। তাদেরকে ঐশী আদর্শ ও মূল্যবোধ তথা ইসলামের প্রতি আহ্বানের দায়িত্ব রহিত হয়ে যায় নি, বরং খতমে নবুওতের পর তাবলীগে দীনের এ মহান দায়িত্ব উম্মতে মুহাম্মাদীর কাঁধে অর্পিত হয়েছে। ইরশাদ হয়েছে : قُلْ هَذِهِ سَبِيلِي أَدْعُو إِلَى اللهِ عَلَى بَصِيرَةٍ أَنَا وَمَنِ اتَّبَعَنِي وَسُبْحَانَ اللهِ وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ Ôej, ÔGUv Avgvi c_| Awg †R‡b-e‡S Avjøvni w`‡K `vIqvZ †`B Ges hviv Avgvi AbmiY K‡i‡Q ZvivI| Avi Avjøvn cweÎ gnvb Ges Awg gkwiK‡`i Ašf³ bBÕ (miv BDmd: 108)।

তাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসারী হিসেবে প্রতিটি ব্যক্তিকেই যার যার সাধ্য অনু-যায়ী ইসলামের প্রচারমূলক কার্যক্রমের সাথে জড়িত থাকতে হবে। অন্যথায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসারী হওয়ার দাবি মিথ্যা বলে সাব্যস্ত হবে।

wcq gmwjøqvb! দাওয়াত তথা ইসলামের প্রচার প্রসারে আমাদেরকে ঐকান্তিকভাবে কাজ করে যেতে হবে। এ পথে জান-মাল ব্যয় করতে হবে। কেবল নিজে সত্যানুসারী হলে দায়িত্ব শেষ হয়ে যাবে না; বরং অন্যদেরকেও সত্যের দিকে আহ্বান করতে হবে। তবে এক্ষেত্রে পরিবেশ ও পারিপার্শ্বিকতার দাবি ও চাহিদা সামনে রেখে কর্তব্য পালনে মনোযোগী হতে হবে। গুরুত্বানুসারে দাওয়াতী কার্যক্রমের টার্গেটসমূহ ঢেলে সাজাতে হবে। যারা তাওহীদে অবিশ্বাসী, আল্লাহর নিরঙ্কুশ একত্ববাদে যাদের ঈমান নেই তাদের প্রতি দাওয়াতী কার্যক্রমের প্রারম্ভিক বিন্দু হবে তাওহীদের প্রতি বিশ্বাসের আহ্বান। তাওহীদের প্রতি বিশ্বাস স্থাপিত হলে নামাযের প্রতি আহ্বান। এরপর রোযা , হজ্ব, যাকাত ইত্যাদির প্রতি পর্যায়ক্রমে আহ্বান। ইবনে আব্বাস রাযি. থেকে বর্ণিত একটি হাদীসে এসেছে:

قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لِمُعَاذِ بْنِ جَبَلٍ حِينَ بَعَثَهُ إِلَى الْيَمَنِ إِنَّكَ سَتَأْتِي قَوْمًا أَهْلَ كِتَابٍ فَإِذَا جِئْتَهُمْ فَادْعُهُمْ إِلَى أَنْ يَشْهَدُوا أَنْ لَا إِلَهَ إِلَّا اللهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللهِ، فَإِنْ هُمْ أَطَاعُوا لَكَ بِذَلِكَ فَأَخْبِرْهُمْ أَنَّ اللهَ قَدْ فَرَضَ عَلَيْهِمْ خَمْسَ صَلَوَاتٍ فِي كُلِّ يَوْمٍ وَلَيْلَةٍ، فَإِنْ هُمْ أَطَاعُوا لَكَ بِذَلِكَ فَأَخْبِرْهُمْ أَنَّ اللهَ قَدْ فَرَضَ عَلَيْهِمْ صَدَقَةً تُؤْخَذُ مِنْ أَغْنِيَائِهِمْ فَتُرَدُّ عَلَى فُقَرَائِهِمْ فَإِنْ هُمْ أَطَاعُوا لَكَ بِذَلِكَ، فَإِيَّاكَ وَكَرَائِمَ أَمْوَالِهِمْ وَاتَّقِ دَعْوَةَ الْمَظْلُومِ فَإِنَّهُ لَيْسَ بَيْنَهُ وَبَيْنَ اللهِ حِجَابٌ ‘রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুআ‘য ইবনে জাবাল রাযি. কে যখন ইয়েমেনে পাঠান, তখন তাকে বলেন, ‘তুমি নিশ্চয় কিতাবীদের কাছে যাবে। তাই যখন তুমি তাদের

কাছে যাবে, তাদেরকে এ কথার প্রতি সাক্ষ্য দানের আহ্বান জানাবে যে, আল্লাহ ছাড়া কোনো মাবুদ নেই এবং মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আল্লাহর রাসূল। অতঃপর তারা যদি এ বিষয়ে তোমার আনুগত্য করে তবে তাদেরকে জানিয়ে দেবে, আল্লাহ তা'আলা তাদের ওপর দৈনিক পাঁচ ওয়াক্ত নামায ফরয করেছেন। যদি তারা এ বিষয়ে তোমার আনুগত্য করে তবে তাদেরকে জানিয়ে দেবে, আল্লাহ তা'আলা তাদের ওপর যাকাত ফরয করেছেন, যা ধনীদের কাছ থেকে নিয়ে দরিদ্রদেরকে দেয়া হবে। যদি তারা এব্যাপারে তোমার অনুসরণ করে তবে তুমি তাদের সর্বোত্তম সম্পদ পরিহার করবে। আর মাযলুমের দু'আ থেকে হুঁশিয়ার থাকবে; কেননা মাযলুম ব্যক্তি ও আল্লাহর মাঝে কোনো প্রতিবন্ধকতা নেই' (বুখারী)।

আবূ হুরায়রা রাযি. হতে এক বর্ণনায় এসেছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রশ্ন করা হলো, ' উত্তম আমল কোন্‌টি? তিনি বললেন, 'আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান। বলা হলো, 'এরপর কোন্‌টি ? 'তিনি বললেন, 'আল্লাহর রাস্তায় জিহাদ (জান মাল ব্যয়) করা'। বলা হলো, 'এরপর কোন্‌টি? তিনি বললেন,'মাবরুর হজ্ব' (বুখারী)।

gnZvivg gmwjøqvb! দাওয়াতের স্থান-কাল ও পাত্র নির্ণয়ের ক্ষেত্রেও আমাদেরকে দূরদর্শিতার পরিচয় দিতে হবে। স্থান-কাল-পাত্র ভেদে দাওয়াতী বিষয়বস্তু উপস্থাপনের পন্থা ও পদ্ধতি নির্ণয় করতে হবে। যার সাথে যেভাবে কথা বললে অধিক ফলপ্রসু বলে মনে হবে তার সাথে সে ধরনের ভাষায় কথা বলতে হবে। এ দিকে ইঙ্গিত করেই মহাগ্রন্থ আল কুরআনে ইরশাদ হয়েছে : وَمَا أَرْسَلْنَا مِنْ رَسُولٍ إِلَّا بِلِسَانِ قَوْمِهِ لِيُبَيِّنَ لَهُمْ فَيُضِلُّ اللهُ مَنْ يَشَاءُ وَيَهْدِي مَنْ يَشَاءُ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ. ÔAvi Avwg c‡Z¨K ivmj‡K Zvi Kvl‡gi fvl‡ZB cwV‡qwQ, hv‡Z †m Zv‡`i Kv‡Q eYbv †`q, mZivs Avjøvn hv‡K B"Qv c_åó K‡ib Ges hv‡K B"Qv mwVK c_ †`Lvb| Avi wZwb civµgkvjx, cÁvgqÕ (miv Beivnxg: 4)।

কোনো নেতৃস্থানীয় ব্যক্তিকে দাওয়াত দিতে গেলে তাকে যথাযথ সম্মান দেখাতে হবে। অন্যথায় মানসিকভাবে সে দাওয়াতী কথাবার্তা শোনার জন্য অপ্রস্তুত থাকবে। এ কারণেই রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: إِذَا أَتَاكُمْ كَرِيْمُ قَوْمٍ فَأَكْرِمُوهُ 'তোমাদের কাছে কোনো সম্প্রদায়ের সম্মানিত ব্যক্তি এলে তাকে সম্মান কর' (ইবনে মাজাহ)।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সম্রাট হেরাকল-এর কাছে ইসলাম গ্রহণের দাওয়াত পাঠান তখন তিনি তাকে 'আযীমুর রূম' অর্থাৎ রোমের মহান ব্যক্তি বলে খেতাব করেছিলেন। তাই সম্মানিত ব্যক্তিদের প্রতি যথাযথ সম্মান দেখিয়েই দাওয়াতকর্ম শুরু করতে হবে।

আর যারা দুর্বল তাদের প্রতিও যত্নশীল হতে হবে। কারণ এরাই হলো দাওয়াতের মূল শক্তি। কারণ অধিকাংশ ক্ষেত্রে দুর্বলরাই দাওয়াত গ্রহণে অধিক আগ্রহী হয়ে থাকে। দাওয়াতী কার্যক্রম চালিয়ে যাওয়ার ক্ষেত্রে সবলদের তুলনায় দুর্বলরাই অধিক হারে এগিয়ে আসে।

m¤§wbZ gmwjøqvb! দাওয়াত উপস্থাপনের ক্ষেত্রে ধারাবাহিকতা বজায় রাখা জরুরী। পুরো ইসলাম একসাথে উপস্থাপন করার পরিবর্তে প্রথমে আকীদা-বিশ্বাস দিয়ে শুরু করা। এরপর পর্যায়ক্রমে এগিয়ে যাওয়া উচিত। আল্লাহর প্রতি ঈমান, রাসূলের প্রতি ঈমান, আসমানী কিতাবের প্রতি ঈমান, আখিরাতের প্রতি ঈমান, ফেরেশতাদের প্রতি ঈমান ইত্যাদি বিষয় সর্বাগ্রে উপস্থাপন করা। অর্থাৎ ঈমান ও আকীদাসংক্রান্ত বিষয়গুলো আগে উপস্থাপন করা। এসবের প্রতি যখন ব্যক্তির ধারণা পরিষ্কার হয়ে যাবে এবং যথার্থভাবে তার প্রতি বিশ্বাস স্থাপন করে নেবে, তখন পর্যায়ক্রমে তাকে আমলী বিষয়গুলোর প্রতি দাওয়াত দেয়া, যেমন নামায রোযা হজ্ব যাকাত ইত্যাদি। দাওয়াতী কার্যক্রমের ক্ষেত্রে এ ধারাবাহিকতা বজায় রাখা অত্যন্ত জরুরী। আয়েশা রাযি. থেকে এক বর্ণনায় এসেছে:

وَلَوْ نَزَلَ أَوَّلُ شَيْءٍ : لَا تَشْرَبُوْا الْخَمْرَ ، لَقَالُوْا : لَا نَدَعُ الْخَمْرَ أَبَداً، وَلَوْ نَزَلَ : لَا تَزْنُوْا، لَقَالُوْا: لَا نَدَعُ الزِّنَا أَبَداً، لَقَدْ نَزَلَ بِمَكَّةَ عَلَى مُحَمَّدٍ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَإِنِّيْ لَجَارِيَةٌ أَلْعَبُ : { بَلِ السَّاعَةُ مَوْعِدُهُمْ وَالسَّاعَةُ أَدْهَى وَأَمَرُّ } . وَمَا نَزَلَتْ سُوْرَةُ الْبَقَرَةِ وَالنِّسَاءِ إِلَّا وَأَنَا عِنْدَهُ.

'যদি শুরুতেই নাযিল হতো : তোমরা মদপান করো না, তবে তারা বলত,'আমরা কখনো মদ ছাড়ব না। যদি শুরুতেই নাযিল হতোঃ তোমরা যিনা করো না, তবে তারা অবশ্যই বলতঃ আমরা কখনো যিনা ছাড়ব না। মক্কায় মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট নাযিল হয়েছে, 'বরং কিয়ামত তাদের প্রতিশ্রুত সময়। আর কিয়ামত অতি ভয়ঙ্কর ও তিক্ততর'। আর তখন আমি ছিলাম ছোট বালিকা। আর সূরা বাকারা ও সূরা নিসা যখন নাযিল হলো তখন তো আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ঘর করছি' (বুখারী)।

দাওয়াতকর্মে আদর্শিক দৃঢ়তা অত্যন্ত জরুরী। সম্পর্ক নষ্ট হয়ে যাবে এ আশঙ্কায় অনেকেই দাওয়াতী বিষয়বস্তু উপাস্থাপন থেকে বিরত থাকেন। এটা মারাত্মক অন্যায়। কেননা দাওয়াত অবশ্যই পৌঁছাতে হবে। এ ক্ষেত্রে কোনো ত্রুটি বা উদাসীনতা আল্লাহর কাছে গ্রহণযোগ্য হবে না। রাসূলুল্লাহ সালালাহ আলাইহি ওয়া সাল্লামকে আল্লাহ তা'আলা এব্যাপারে সতর্ক করে বলেন : يَا أَيُّهَا الرَّسُولُ بَلِّغْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ وَإِنْ لَمْ تَفْعَلْ فَمَا بَلَّغْتَ رِسَالَتَهُ وَاللهُ يَعْصِمُكَ مِنَ النَّاسِ إِنَّ اللهَ لَا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ. Ô†n ivmj, †Zvgvi i‡ei c¶ †_‡K †Zvgvi wbKU hv bvwhj Kiv n‡q‡Q Zv †cŠ‡Q `vI| Avi hw` Zvg bv Ki Z‡e Zvg Zvi wimvjvZ †cŠQv‡j bv| Avi Avjøvn †Zvgv‡K gvbl †_‡K i¶v Ki‡eb| wbðq Avjøvn Kvwdi m¤c`vq‡K wn`v‡qZ K‡ib bvÕ (miv Avj gvwq`v:67)।

আম্বিয়ায়ে কেরাম সর্বোত্তম চরিত্রের অধিকারী ছিলেন। দাওয়াতকর্ম শুরু করার পূর্বে তারা সবাই নিজ নিজ কাওমের কাছে অত্যন্ত প্রিয়ভাজন ছিলেন। কিন্তু দাওয়াতকর্ম শুরু করার সাথে তিনি তাদের বিরাগভাজন হয়ে যান। কিন্তু এ জন্য তাঁদের কেউ দাওয়াত কর্ম ছেড়ে দেননি। নবী সালেহ আলাইহিস সালাম সম্পর্কে তাঁর কাওমের বক্তব্য হলো:قَالُوا يَا صَالِحُ قَدْ كُنْتَ فِينَا مَرْجُوًّا قَبْلَ هَذَا أَتَنْهَانَا أَنْ نَعْبُدَ مَا يَعْبُدُ آبَاؤُنَا وَإِنَّنَا لَفِي شَكٍّ مِمَّا تَدْعُونَا إِلَيْهِ مُرِيبٍ . ÔZviv ejj, Ô†n mwjn, Zwg †Zv B‡Zvc‡e Avgv‡`i g‡a¨ wQ‡j cZ¨wkZ| Zwg wK Avgv‡`i‡K wb‡la KiQ Zv‡`i Dcvmbv Ki‡Z Avgv‡`i wcZciæliv hv‡`i Dcvmbv KiZ? Zwg Avgv‡`i‡K hvi w`‡K AvnŸvb KiQ, †m e¨vcv‡i wbðq Avgiv †Nvi m‡›`‡ni g‡a¨ AwQÕ(miv n`:62)।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাওয়াতকর্ম ছেড়ে দিলে অথবা কুরাইশদের ইচ্ছানুযায়ী তাতে পরিবর্তন ঘটালে তিনি আজীবন তাদের বন্ধু হয়ে থাকতে পারতেন; কিন্তু তিনি তা করেননি। আর এ ব্যাপারে আল্লাহ তা'আলাও তাঁকে কঠিনভাবে হুঁশিয়ার করে দিয়েছেন। ইরশাদ হয়েছে : وَإِنْ كَادُوا لَيَفْتِنُونَكَ عَنِ الَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ لِتَفْتَرِيَ عَلَيْنَا غَيْرَهُ وَإِذًا لَاتَّخَذُوكَ خَلِيلا. وَلَوْلَا أَنْ ثَبَّتْنَاكَ لَقَدْ كِدْتَ تَرْكَنُ إِلَيْهِمْ شَيْئًا قَلِيلا. إِذًا لَأَذَقْنَاكَ ضِعْفَ الْحَيَاةِ وَضِعْفَ الْمَمَاتِ ثُمَّ لَا تَجِدُ لَكَ عَلَيْنَا نَصِيرًا. ÔAvi Zv‡`i Ae¯v Ggb wQj †h, Awg †Zvgv‡K †h Inx w`‡qwQ, Zv †_‡K Zviv †Zvgv‡K cvq wdZbvq †d‡j w`‡qwQj, hv‡Z Zwg Avgvi bv‡g Gi weciixZ wg_¨v iUv‡Z cvi Ges ZLb Zviv Aek¨B †Zvgv‡K eÜi/‡c MnY KiZ| Avi Awg hw` †Zvgv‡K AwePj bv ivLZvg, Z‡e Aek¨B Zwg Zv‡`i w`‡K wKQUv S‡K co‡Z| ZLb Awg Aek¨B †Zvgv‡K Av¯v`b KivZvg Rxe‡bi wØ¸Y I gi‡Yi wØ¸Y Avhve| Zvici Zwg †Zvgvi Rb¨ Avgvi wiæ‡× †Kv‡bv mvnvh¨vKvix cv‡e bvÕ (miv Avj Bmiv:73-75)।

দাওয়াত প্রচারের ক্ষেত্রে শক্তি সঞ্চয়ের উদ্দেশে ভ্রাতৃত্ব, বন্ধুত্ব ইত্যাদির সম্পর্ক কাজে লাগানোও একটি প্রয়োজনীয় বিষয়। মূসা আলাইহিস সালাম তাঁর দাওয়াতকর্মে সহযোগিতার জন্য তাঁর ভাই হারুন আলাইহিস সালামকে সঙ্গী করে নিয়েছিলেন।

দাওয়াত প্রচারে বিনম্র আচরণ ও কথা একটি জরুরী বিষয়। মূসা ও হারুন আলাইহিমাস সালামকে আল্লাহ তা'আলা খেতাব করে বলেন : اذْهَبَا إِلَى فِرْعَوْنَ إِنَّهُ طَغَى. فَقُولَا لَهُ قَوْلًا لَيِّنًا لَعَلَّهُ يَتَذَكَّرُ أَوْ يَخْشَى. Ô†Zvgiv `ÕRb wdiÕAvD‡bi wbKU hvI, †Kbbv †m †Zv mxgvjsNb K‡i‡Q| †Zvgiv Zvi mv‡_ bi¤g K_v ej‡e| nq‡Zvev †m Dc‡`k MnY Ki‡e A_ev fq Ki‡eÕ (miv Zvnv:43-44)।

দাওয়াত প্রচারে অকাট্য দলীল প্রমান পেশ করার প্রতি গুরুত্বারোপ করা জরুরী । যাতে দাওয়াতপ্রাপ্ত ব্যক্তির সকল সন্দেহ দূরীভূত হয় এবং দাওয়াতকে অস্বীকার করার মতো তার কাছে কোনো প্রমাণ না থাকে। এ ক্ষেত্রে নমরুদের সাথে ইবরাহীম আলাইহিস সালামের কথোপকথন বিশেষভাবে প্রনিধানযোগ্য। আল্লাহ তা'আলা বলেন أَلَمْ تَرَ إِلَى الَّذِي حَاجَّ إِبْرَاهِيمَ فِي رَبِّهِ أَنْ آتَاهُ اللَّهُ الْمُلْكَ إِذْ قَالَ إِبْرَاهِيمُ رَبِّيَ الَّذِي يُحْيِي وَيُمِيتُ قَالَ أَنَا أُحْيِي:

وَأُمِيتُ قَالَ إِبْرَاهِيمُ فَإِنَّ اللّهَ يَأْتِي بِالشَّمْسِ مِنَ الْمَشْرِقِ فَأْتِ بِهَا مِنَ الْمَغْرِبِ فَبُهِتَ الَّذِي كَفَرَ وَاللّهُ لاَ يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ . ÔZwg wK †m e¨w³‡K †`Lwb, †h Beivnx‡gi mv‡_ Zvi i‡ei e¨vcv‡i weZK© K‡i‡Q †h, Avjøvn Zv‡K ivRZ¡ w`‡q‡Qb? hLb Beivnxg ejj, ÔAvgvi ie wZwbBÕ whwb Rxeb `vb K‡ib Ges gZ¨ NUvb| †m ejj, AwgB Rxeb `vb Kwi Ges gZ¨ NUvB| Beivnxg ejj, wbðq Avjøvn ce© w`K †_‡K mh© Av‡bb| AZGe Zwg Zv cwðg w`K †_‡K Avb| d‡j Kwdi e¨w³ nZf¤ n‡q †Mj| Avi Avjøvn hwjg m¤c`vq‡K wn`vqvZ †`b bvÕ (miv Avj evKviv:258)।

যাকে দাওয়াত দেয়া হচ্ছে তার বক্তব্য শোনা ও তাকে কথা বলতে দেয়াও একটি জরুরী বিষয়। দাওয়াতপ্রাপ্ত ব্যক্তি তার কথায় ও আচরণে কঠোর হলে দাওয়াতদাতাকে ধৈর্যধারণ করতে হবে। দাওয়াত প্রচারে ধৈর্য হলো, নবী রাসূলগনের আদর্শ। দাওয়াতপ্রাপ্ত ব্যক্তির অসৎ আচরণে সকল নবী রাসূলের অভিন্ন বক্তব্য ছিল: وَمَا لَنَا أَلَّا نَتَوَكَّلَ عَلَى اللَّهِ وَقَدْ هَدَانَا سُبُلَنَا وَلَنَصْبِرَنَّ عَلَى مَا آذَيْتُمُونَا وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُونَ ÔAvi †Zvgiv Avgv‡`i †h Kó w`"Q, Avgiv Zvi Ici Aek¨B mei Kie| Avi Avjøvni IciB †hb ZvIqv°jKvixiv ZvIqv°j K‡iÕ (miv Beivnxg: 12)।

একজন দাওয়াতপ্রাপ্ত ব্যক্তির সাথে প্রয়োজনে বছরের পর বছর দাওয়াতী মেহনত চালিয়ে যাওয়ার ব্যাপারেও আমাদেরকে প্রত্যয়ী হতে হবে। এ ক্ষেত্রে হাল ছেড়ে দিলে চলবে না। নূহ আলাইহিস সালাম সাড়ে নয়শত বছর পর্যন্ত তার কাওমের প্রতি দাওয়াতী মেহনত চালিয়ে গেছেন। রাতদিন, প্রকাশ্যে ও গোপনে সকল মাধ্যম ব্যবহার করে তাদেরকে তিনি দাওয়াত দিয়ে গেছেন। তাই এক্ষেত্রে ধৈর্যহারা হলে হক আদায় হবে না।

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ, أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ .

নবী-রাসূলদের দাওয়াত পদ্ধতি

wØZxq LZev

اَلْحَمْدُ للهِ رَبِّ الْعَالَمِيْنَ، خَلَقَنَا وَرَزَقَنَا وَأَرْسَلَ إِلَيْنَا رَسُوْلاً يَدُلُّنَا عَلَى طَرِيْقِ الْخَيْرِ وَيَنْهَانَا عَنْ طَرِيْقِ الشَّرِّ، وَأَمَرَنَا بِطَاعَتِهِ وَاتِّبَاعِهِ لِنَحْصُلَ عَلَى سَعَادَةِ الدُّنْيَا وَالآخِرَةِ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، صَلَّى اللهُ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَكُلِّ مَنِ اتَّبَعَهُ وَتَمَسَّكَ بِسُنَّتِهِ إِلَى يَوْمِ الدِّيْنِ وَسَلَّمَ تَسْلِيْماً ، أَمَّا بَعْدُ:

মুহতারাম হাযেরীন! দাওয়াত পেশ করার ক্ষেত্রে আমাদেরকে দলীল প্রমাণ ও যুক্তির আশ্রয় নিতে হবে। বিনা দলীলে কথা বললে মানুষের বুদ্ধি-বিবেক তার প্রতি আকৃষ্ট হয় না। আল কুরআন এ ধরনের যুক্তিপ্রমাণে ভরপুর। আম্বিয়ায়ে কিরাম তাঁদের দাওয়াত প্রচারে যুক্তিপ্রমাণের আশ্রয় নিয়েছেন।

দাওয়াতের ক্ষেত্রে যুক্তিপ্রমাণ বিভিন্ন প্রকৃতির হতে পারে। তন্মধ্যে একটি হলো, প্রাকৃতিক দলীল যা মানুষ স্বাভাবিকভাবে বুঝে নিতে সক্ষম হয়। যেমন সৃষ্টিজগৎ ও মানব প্রকৃতিকেন্দ্রিক সাধারণ যুক্তিপ্রমাণ। এ ক্ষেত্রে নিজ কাওমের কাছে ইবরাহীম আলাইহিস-সালামের যুক্তি-প্রমাণ পেশ করার পদ্ধতি বিশেষভাবে প্রণিধানযোগ্য। ইবরাহীম আলাইহিস সালাম চন্দ্র সূর্যের অস্ত যাওয়াকে, চন্দ্র সূর্য যে প্রভু হওয়ার অযোগ্য এবং প্রভু কেবল তিনিই হবেন যিনি এদের সৃষ্টি করেছেন, এ বিষয়ের দলিল হিসেবে পেশ করেছেন। শিরকী আকীদা-বিশ্বাসের পক্ষে আল্লাহর পক্ষ হতে নাযিল-হওয়া কোনো প্রমাণ নেই। তাই মুশরিকরা যেসব বস্তুকে মাবুদ বলে বিশ্বাস করে সেগুলোকে ভয় পাওয়ার কিছু নেই, এ যুক্তিটিও একটি স্বাভাবিক যুক্তি যা সকলেই বুঝে নিতে সক্ষম।

দাওয়াত প্রচারের ক্ষেত্রে হেকমত একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়। দাওয়াতপ্রাপ্ত ব্যক্তির সাথে দাওয়াতী সম্পর্ক কায়েম করার সঠিক পদ্ধতি কী হবে, কীভাবে তাকে ইসলামী আকীদা ও মূল্যবোধের প্রতি আগ্রহী করে তোলা যাবে, কখন ও কোন্ পদ্ধতিতে দাওয়াত দিলে সে অতিসহজে সত্য অনুধাবনে সক্ষম হবে, এসব বিষয় নির্ধারণের ক্ষেত্রে হেকমতের আশ্রয় নেয়া ছাড়া অন্যকোনো উপায় নেই।

দাওয়াতের আরেকটি গুরুত্বপূর্ণ পদ্ধতি হলো মাও‘ইযায়ে হাসানা। মাও‘ইযায়ে হাসানা অর্থ সুন্দর ওয়াজ বা কথামালা। বাচনভঙ্গি থেকে শুরু করে দাওয়াতী কথার উপকরণ নির্ধারণ, ধারাবাহিকতা বজায় রেখে যুক্তি-প্রমাণ পেশ, কাহিনী বর্ণনা, জান্নাতের প্রতি আগ্রহ সৃষ্টি করা, জাহান্নামের ব্যাপারে ভয় ও শঙ্কা সৃষ্টি করা মাও‘ইযায়ে হাসানার অন্তর্ভুক্ত।

মাও‘ইযায়ে হাসানার পরবর্তী পর্যায় হলো, ‘উত্তম পদ্ধতিতে বিতর্ক করা’। অর্থাৎ যদি দাওয়াতপ্রাপ্ত ব্যক্তি দাওয়াত দাতার সাথে বিতর্ক করতে চায়, অথবা পরিস্থিতি বিতর্কের দিকে গড়ায় তাহলে সে ক্ষেত্রে উত্তম পদ্ধতিতে বিতর্ক করা। ইরশাদ হয়েছে : ادْعُ إِلَى سَبِيلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ وَجَادِلْهُمْ بِالَّتِي هِيَ أَحْسَنُ إِنَّ رَبَّكَ هُوَ أَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيلِهِ وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ. ÔZwg †Zvgvi i‡ei c‡_ wnKgZ I m›`i Dc‡`‡ki gva¨‡g AvnŸvb Ki Ges m›`iZg cšvq Zv‡`i mv‡_ weZK Ki| wbðq GKgvÎ †Zvgvi ieB Rv‡bb †K Zvi c_ †_‡K åó n‡q‡Q Ges wn`vqvZcvß‡`i wZwb Le fvj K‡iB Rv‡bbÕ (miv Avb bvnj: 125)।

অন্যত্র ইরশাদ হয়েছে : وَلَا تُجَادِلُوا أَهْلَ الْكِتَابِ إِلَّا بِالَّتِي هِيَ أَحْسَنُ إِلَّا الَّذِينَ ظَلَمُوا مِنْهُمْ وَقُولُوا آمَنَّا بِالَّذِي أُنْزِلَ إِلَيْنَا وَأُنْزِلَ إِلَيْكُمْ وَإِلَهُنَا وَإِلَهُكُمْ وَاحِدٌ وَنَحْنُ لَهُ مُسْلِمُونَ. ÔAvi †Zvgiv DËg cšv Qvov Avn‡j wKZve‡`i mv‡_ weZK K‡iv bv| Z‡e Zv‡`i g‡a¨ Iiv Qvov, hviv hjg K‡i‡Q| Avi †Zvgiv ej, ÔAvgiv Cgvb G‡bwQ Avgv‡`i cwZ hv bwhj Kiv n‡q‡Q Ges †Zvgv‡`i cwZ hv bwhj Kiv n‡q‡Q Zvi cwZ Ges Avgv‡`i Bjvn I †Zvgv‡`i Bjvn †Zv GKB| Avi Avgiv ZviB mgx‡c AvZ¥mgcYKvixÕ (miv Avj AvbKveZ:46)।

দাওয়াতকর্ম ব্যক্তিগতভাবে, দলবদ্ধভাবে, দাওয়াতী কাফেলা বা জামাত প্রেরণের মাধ্যমে আনজাম দেয়া যেতে পারে। সহীহ বুখারীর এক বর্ণনায় এসেছে, মালেক ইবনে হুরাইস রাযি. বলেন, ‘আমি আমার কাওমের একটি দল নিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে গেলাম। আমরা সেখানে বিশ দিন অপেক্ষা করলাম। তিনি আমাদের প্রতি দয়া ও করুণা পরবশ ছিলেন। পরিবার-পরিজনের সাথে মিলিত হওয়ার তীব্র আগ্রহ আমাদের মধ্যে আঁচ করতে পেরে তিনি আমাদের নিজ গোত্রে ফিরে যাওয়ার নির্দেশ দিয়ে বললেন, ‘তোমরা ফিরে যাও এবং তাদের মাঝেই অবস্থান করো। তাদেরকে শেখাও এবং সালাত আদায় কর। সালাতের সময় হলে তোমাদের একজন আযান দেবে, আর তোমাদের মধ্যে অধিক বয়েসী ব্যক্তি ইমামতী করবে’ (বুখারী)।

এক বা একাধিক ব্যক্তিকেও উদ্দিষ্ট স্থনে পাঠিয়ে দাওয়াতকর্ম আনজাম দেয়া যেতে পারে। হুযাইফা রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন,‘নাজরানবাসী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এলেন এবং বললেন,‘আমাদের জন্য একজন বিশ্বস্ত ব্যক্তি প্রেরণ করুন। তিনি বললেন,‘নিশ্চয় আমি তোমাদের কাছে একজন বিশ্বস্ত ব্যক্তি পাঠাব, যে হবে সত্যিকার অর্থেই বিশ্বস্ত’। লোকজন এ ব্যক্তির অপেক্ষায় থাকল। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবূ উবায়দা ইবনুল জাররাহ রাযি. কে পাঠালেন’ (বুখারী)।

আবু বুরদা রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন,‘ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আবু মূসা ও মুআয রাযিয়ালাহু আনহুমাকে ইয়েমেনে পাঠালেন, অতঃপর তিনি তাদেরকে উপদেশ দিয়ে বললেন,‘তোমরা সহজ করবে কঠিন করবে না, সুসংবাদ দেবে ঘৃণা সৃষ্টি করবে না’ (বুখারী)।

wcq gmwjøqvb! দাওয়াত প্রচারে আমাদেরকে আধুনিক সকল মাধ্যমই ব্যবহার করতে হবে। প্রিন্ট মিডিয়া, ইলেক্ট্রনিক মিডিয়া, ইন্টারনেট প্রযুক্তি এসব কিছুকেই দাওয়াত প্রচারে ব্যবহার করতে হবে। অন্যথায় শত কোটি মানুষের দোরগোড়ায় ইসলামের অমীয় বাণী পৌঁছে দেয়া সম্ভবপর হবে না। আধুনিক প্রচার ও যোগাযোগ মাধ্যমগুলো এই বলে বর্জন করা যাবে যে, এগুলো অমুসলিমদের আবিস্কৃত। অথবা অন্যরা এসব মাধ্যমকে খারাপ উদ্দেশ্যে ব্যবহার করে থাকে। কেননা আধুনিক প্রচার ও যোগাযোগ মাধ্যম আল্লাহ তা‘আলার বিরাট এক নিয়ামত। তাই এ নেয়ামতকে আল্লাহর দীন প্রচারের উদ্দেশ্যে অবশ্যই ব্যবহার করতে হবে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর যুগের সকল প্রচারমাধ্যমকেই ব্যবহার করেছেন। তাই রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ইত্তিবা ও ইকতিদার দাবি হবে, আমাদের যুগের সকল প্রচারমাধ্যমকে আল্লাহর দীন প্রচারের ক্ষেত্রে যথার্থরূপে ব্যবহার করা।

wcq gmjøx fvB‡qiv! সমগ্র পৃথিবীতে ছয়শত কোটির বেশি মানুষের বসবাস। আর এদের অধিকাংশই অমুসলিম। আবার মুসলমানদের মধ্যে অধিকাংশই হল নামেমাত্র মুসলিম। তাই ইসলাম প্রচারের দায়িত্ব থেকে পিছিয়ে থাকলে আল্লাহর কাছে জওয়াব দেয়ার মতো কোনো ভাষা আমাদের থাকবে না। কাজেই আসুন, আমরা সবাই মিলে ব্যাপক পরিকল্পনা ও নিরলস কর্মকাণ্ডের মধ্য দিয়ে এ মহান দায়িত্ব আনঞ্জাম দেয়ার জন্য বদ্ধপরিকর হই।

اَللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيْمَ وَعَلَى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنْ آلِ نَبِيِّكَ الطَّيِّبِيْنَ الطَّاهِرِيْنَ وَعَنْ أَزْوَاجِهِ أُمَّهَاتِ الْمُؤْمِنِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনি আমাদেরকে আপনার দীন প্রচারের তাওফীক দিন। আপনার দীন প্রচারে আমাদের জান-মাল ব্যয় করার তাওফীক দিন। আমাদেরকে আপনি আপনার দীনের দাঈ হিসেবে কবুল করুন। দীন প্রচারের যথার্থ যোগ্যতা আমাদেরকে দান করুন। দীন প্রচারে সকল বৈধ মাধ্যম ব্যবহার করার তাওফীক দিন। আম্বিয়ায়ে কেরামের পদাঙ্ক অনুসরণ করে দাওয়াত প্রচারে সর্বস্ব ব্যয় করার তাওফীক দিন। হে আল্লাহ! আপনি আমাদের জন্য জান্নাতের ফয়সালা করে দিন। জাহান্নাম থেকে আমাদের বাঁচান। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهُ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

জ্ঞানার্জন ও আমলের প্রতি উৎসাহ প্রদান

LZevq hv _vK‡e

১. উপকারী ইলমের প্রতি মানুষের দৃষ্টি আকর্ষণ

২. ইলম অন্বেষণের আদব বর্ণনা

৩. শিক্ষা-পদ্ধতি ও সিলেবাস সংস্কারের আহ্বান

c_g LZev

اَلْحَمْدُ لله الَّذِيْ رَفَعَ مِنْ شَأْنِ الْعُلَمَاءِ الْعَامِلِيْنَ، فَقَالَ فِيْ كِتَابِهِ الْمُبِيْنِ: (قُلْ هَلْ يَسْتَوِي الَّذِيْنَ يَعْلَمُوْنَ وَالَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ إِنَّمَا يَتَذَكَّرُ أُوْلُوْ الْأَلْبَابِ) (سُوْرَةُ الزُّمَر:9) وَأَشْهَدُ أَنْ لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ، لَا شَرِيْكَ لَهُ شَهَادَةَ الْحَقِّ وَالْيَقِيْنِ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، أَمَّا بَعْدُ:

gnZviig nv‡hixb! আল্লাহকে ভয় করুন। তাকওয়া অবলম্বন করুন। উপকারী ইলম শিক্ষা করুন, যা আল্লাহ তা'আলার রেযামন্দী অর্জনের পথ দেখাবে।

wcq gmwjg fvB I eÜMY! ইসলামে জ্ঞান চর্চার গুরুত্ব অপরিসীম। পড়া ও লেখা উভয় মাধ্যমই জ্ঞান চর্চার ক্ষেত্রে অতীব জরুরী। পবিত্র কুরআনে আল্লাহ তা'আলা ইরশাদ করেন :

اقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ. خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ. اقْرَأْ وَرَبُّكَ الْأَكْرَمُ. الَّذِي عَلَّمَ بِالْقَلَمِ. عَلَّمَ الْإِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ

Ôc‡ov †Zvgvi i‡ei bv‡g whwb mwó K‡i‡Qb| wZwb mwó K‡i‡Qb gvbl‡K RgvU i³ †_‡K| c‡ov, Avi †Zvgvi ie gnvgwng, whwb Kj‡gi mvnv‡h¨ wk¶v w`‡q‡Qb| wZwb gvbl‡K Zv wk¶v w`‡q‡Qb hv †m RvbZ bvÕ(miv AvjvK: 1-5)।

ইমাম বুখারী রহ. বলেন, কোনো বিষয়ে কিছু বলা এবং আমল করার পূর্বে সে বিষয়ে জ্ঞানার্জন করা প্রয়োজন। কেননা আল্লাহ তা'আলা বলেছেন : فَاعْلَمْ أَنَّهُ لَا إِلَهَ إِلَّا اللهُ ÔAvi R‡b bvI, Avjøvn Qvov Avi †Kv‡bv gve` †bBÕ(miv gnv¤§v`:19)। এখানে 'জেনে নাও' বাক্য দ্বারা আল্লাহ তা'আলা 'ইলম শিক্ষা বা জ্ঞানার্জনের' কথা দিয়ে শুরু করেছেন।

আর আলেমগণ হলেন নবীদের উত্তরাধিকারী। আর নবী-রাসূলগণের রেখে যাওয়া সম্পদ হলো ইলমের সম্পদ। তাঁরা কোনো দীনার-দিরহাম রেখে যান নি। অতএব যারা ইলম অর্জন করল, তারাই নবী-রাসূলগণের রেখে যাওয়া সম্পদের উত্তারাধিকারী হলো।

ইলম অর্জনের পথ জান্নাতের পথ। হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : مَنْ سَلَكَ طَرِيْقًا يَلْتَمِسُ فِيْهِ عِلْمًا، سَهَّلَ اللهُ لَهُ بِهِ طَرِيْقًا إِلَى الْجَنَّةِ. 'যে ব্যক্তি ইলম অন্বেষণের জন্য কোনো পথ অবলম্বন করে আল্লাহ তা'আলা তার জন্য জান্নাতের রাস্তা সহজ করে দেন' (মুসলিম)।

ইলম ও জ্ঞানই মানুষকে আল্লাহ-ভীরু করে তোলে। ইরশাদ হয়েছে : إِنَّمَا يَخْشَى اللهَ مِنْ عِبَادِهِ الْعُلَمَاءُ ÔAvjøvni ev›`v‡`i g‡a¨ ÁvbxivB †Kej Avjøvn‡K fq K‡i Õ (miv Avj dvwZi:28)।

আল কুরআনে আল্লাহ তা'আলা যেসব উদাহরণ পেশ করেছেন, দৃষ্টান্ত দিয়েছেন তা অনুধাবনের জন্যও জ্ঞানী হওয়া প্রয়োজন। ইরশাদ হয়েছে : وَتِلْكَ الْأَمْثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ وَمَا يَعْقِلُهَا إِلَّا الْعَالِمُوْنَ ÔAvi Gme `óvšÍ Awg gvby‡li Rb¨ †ck Kwi; Avi Ávbx †jv‡Kiv Qvov †KD Zv e‡S bvÕ(miv Avj AvbKveZ:43)।

যে জানে এবং যে জানেনা এ দু'ব্যক্তি সমান হতে পারে না। আল কুরআনে এ কথা স্পষ্টভাবে বর্ণিত হয়েছে। ইরশাদ হয়েছে : قُلْ هَلْ يَسْتَوِي الَّذِينَ يَعْلَمُونَ وَالَّذِينَ لَا يَعْلَمُونَ Ôej, hviv Rv‡b Avi hviv Rv‡b bv Zviv wK mgvb n‡Z cv‡i ?Õ (সূরা আয-যুমার:৯)।

যে ব্যক্তি দীনের জ্ঞান অর্জন করার সুযোগ পেল, বুঝতে হবে যে, আল্লাহ তা‘আলা তার কল্যাণ চেয়েছেন। হাদীসে এসেছে : مَنْ يُرِدُ اللهُ بِهِ خَيْراً يُفَقِّهْهُ فِي الدِّيْنِ‘আল্লাহ তা‘আলা যার কল্যাণ চান তাকে দীনের সহীহ বুঝ দান করেন’ (বুখারী ও মুসলিম)।

প্রিয় মুসলিম ভাই ও বন্ধুগণ! ইলম অর্জন ও চর্চার প্রতি আমাদেরকে গুরুত্ব দিতে হবে। চর্চা ছড়া আপন ইচ্ছায় ইলম অর্জিত হয় না। আবুদ দারদা রাযি. বলেন : إِنَّمَا الْعِلْمُ بِالتَّعَلُّمِ‘ইলম তো শিক্ষা গ্রহণের মাধ্যমেই অর্জিত হয়’ (তাবাকাতুশ শাফিইয়াহ আল কুবরা, হাসান)।

যারা ইলম অর্জন করে আল্লাহ তা‘আলা তাদের মর্যাদা সমুন্নত করে দেন। ইরশাদ হয়েছে : يَرْفَعِ اللهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَالَّذِينَ أُوتُوا الْعِلْمَ دَرَجَاتٍ وَاللهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ ô†Zvgv‡`i g‡a¨ hviv Cgvb G‡b‡Q Ges hv‡`i‡K Ávb `vb Kiv n‡q‡Q Avjøvn Zv‡`i‡K ghv©`v mgbZ Ki‡eb| Avi †Zvgiv hv Ki Avjøvn †m m¤ú‡K mg¨K AewnZÕ(miv Avj gRv`vjvn:11)।

gnZvivg nv‡hixb! জ্ঞান এমন একটি বিষয়, যে ব্যাপারে পরস্পরে ঈর্ষা করা জায়েয। ইবনে মাসউদ রাযি. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : لَا حَسَدَ إِلَّا فِيْ اثْنَتَيْنِ: رَجُلٌ آتَاهُ اللهُ مَالاً فَسَلَّطَهُ عَلَى هَلَكَتِهِ فِي الْحَقِّ، وَرَجُلٌ آتَاهُ اللهُ حِكْمَةً فَهُوَ يَقْضِيْ بِهَا وَيُعَلِّمُهَا ‘দুই ব্যক্তির ওপর ঈর্ষা করা যেতে পারে: একজন হলো, যাকে আল্লাহ তা‘আলা মাল দিয়েছেন এবং তাকে সত্যের পথে খরচ করার তাওফীকও দিয়েছেন। আর অপরজন হলো, যাকে আল্লাহ হেকমত দিয়েছেন; অতঃপর সে ঐ হেকমত দ্বারা ফয়সালা করে এবং মানুষকে তা শিক্ষা দেয়’ (বুখারী)।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেন : مَثَلُ مَا بَعَثَنِي اللهُ بِهِ مِنَ الْهُدَى وَالْعِلْمِ، كَمَثَلِ الْغَيْثِ الْكَثِيرِ أَصَابَ أَرْضًا فَكَانَ مِنْهَا نَقِيَّةٌ قَبِلَتِ الْمَاءَ، فَأَنْبَتَتِ الْكَلأَ وَالْعُشْبَ الْكَثِيرَ، وَكَانَتْ مِنْهَا أَجَادِبُ أَمْسَكَتِ الْمَاءَ، فَنَفَعَ اللهُ بِهَا النَّاسَ فَشَرِبُوا وَسَقَوْا وَزَرَعُوا، وَأَصَابَتْ مِنْهَا طَائِفَةً أُخْرَى إِنَّمَا هِيَ قِيعَانٌ لَا تُمْسِكُ مَاءً وَلَا تُنْبِتُ كَلأً، فَذَلِكَ مَثَلُ مَنْ فَقُهَ فِي دِينِ اللهِ وَنَفَعَهُ مَا بَعَثَنِي اللهُ بِهِ فَعَلِمَ وَعَلَّمَ، وَمَثَلُ مَنْ لَمْ يَرْفَعْ بِذَلِكَ رَأْسًا وَلَمْ يَقْبَلْ هُدَى اللهِ‘আল্লাহ তা‘আলা আমাকে যে হিদায়েত ও ইলম দিয়ে প্রেরণ করেছেন তার দৃষ্টান্ত হলো ঐ প্রচুর বৃষ্টির ন্যায় যা কোনো যমীনে বর্ষিত হলো। অতঃপর যমীনের যে অংশ উত্তম ও উর্বর ছিল তা বৃষ্টির পানিকে গ্রহণ করল। এতে সেখানে বিভিন্ন প্রকার উদ্ভিদ ও প্রচুর তৃণলতা উৎপন্ন হলো। আর যমীনের যে অংশ অনুর্বর ছিল তা বৃষ্টির পানিকে আটকে রাখল। অতঃপর তার দ্বারা আল্লাহ তা‘আলা মানুষের উপকার করলেন। তারা সেই পানি পান করল, করাল এবং তা দিয়ে চাষাবাদ করল। পক্ষান্তরে যমীনের যে অংশ শক্ত ছিল তা বৃষ্টির পানি আটকে রাখল না, সেখানে কোনো বৃক্ষ-লতা উৎপন্ন হলো না। সুতরাং এটা হলো ঐ ব্যক্তির উদাহরণ, যে দীনী বিষয়ে সূক্ষ্ম জ্ঞান অর্জন করল। আমার আনিত (হিদায়েত ও ইলম) গ্রহণ করে উপকৃত হলো অতঃপর সে নিজেও তা শিখল এবং অন্যদেরকেও শেখাল। আর ঐ ব্যক্তির উদাহরণ, যে আল্লাহর হিদায়াতের দিকে চোখ তুলে তাকাল না এবং সে তা কবুলও করল না’ (বুখারী)।

ইলম অন্বেষণ করা এতই মর্যাদাপূর্ণ যে তালেবে ইলমের জন্য আসমান ও যমীনের সকল কিছুই ইস্তেগফার করে, আল্লাহর কাছে ইলম অন্বেষণকারীর জন্য ক্ষমা প্রার্থনা করে। হাদীসে এসেছে, নবী করীম সাল্লাল্লাহু আলাই-হি ওয়া সাল্লাম বলেন : وَإِنَّ طَالِبَ الْعِلْمِ يَسْتَغْفِرُ لَهُ مَنْ فِي السَّمَاءِ وَالأَرْضِ حَتَّى الْحِيْتَانُ فِي الْمَاءِ ‘তালেবে ইলমের জন্য জগতের সবকিছুই (আল্লাহ তা‘আলার দরবারে) ক্ষমা প্রার্থনা করে। এমনকি পানির মাছও’ (আবু দাউদ, তিরমিযী)।

ইলমের ফযীলত আমলের ফযীলত থেকেও অধিক। মুতাররিফ ইবনে শিখ্খীর বলেন : فَضْلُ الْعِلْمِ خَيْرٌ مِنْ فَضْلِ الْعَمَلِ، وَخَيْرُ دِيْنِكُمْ الْوَرَعُ‘ইলমের ফযীলত আমলের ফযীলতের চেয়ে বেশি। আর তোমাদের সর্বোত্তম দীন হলো– তাকওয়া পরহেযগারী’ (তাবারানী)।

wcq gmwjøqvb! ইলম অর্জন করা অত্যন্ত মর্যাদাপূর্ণ বিষয়। তবে এক্ষেত্রেও আমাদের ইখলাস ও ঐকান্তিকতার পরিচয় দিতে হবে। নিয়ত পরিশুদ্ধ করতে হবে। গুরুত্বের বিবেচনায় যা আগে শেখা প্রয়োজন তা আগে শিখতে হবে। এরপর ধীরে-ধীরে এগুতে হবে। মনে রাখবেন, ইখলাসশূন্য কোনো নেক আমলই আল্লাহর

কাছে গ্রহণযোগ্য হয় না। ইরশাদ হয়েছে : **وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ** ÔAvi Zv‡`i‡K wb‡`k †`qv n‡q‡Q, Zviv †hb GKwbô n‡q GKgvÎ ZviB Bev`Z K‡iÕ (miv Avj-ewq¨bvn:5)।

ইলম অর্জনে ইখলাসের প্রয়োজনীয়তার কথা একটি হদীসে এভাবে এসেছে : **مَنْ تَعَلَّمَ عِلْماً مِمَّا يَبْتَغِيْ بِهِ وَجْهَ اللَّهِ - عَزَّ وَجَلَّ - لَا يَتَعَلَّمُهُ إِلَّا لِيُصِيْبَ بِهِ عَرَضاً مِنَ الدُّنْيَا لَمْ يَجِدْ عَرْفَ الْجَنَّةِ يَوْمَ الْقِيَامَةِ** 'যে ব্যক্তি এমন ইলম অর্জন করল যা কেবল আল্লাহর সন্তুষ্টির জন্যই অর্জন করা হয়; অথচ সে তাকে দুনিয়া লাভের উদ্দেশ্যেই অর্জন করল, কিয়ামতের দিন সে বেহেশতের ঘ্রাণও পাবে না'। (আবু দাউদ, ইমাম নববী হাদীসটিকে সহীহ বলেছেন।)

ইলম অর্জনের ক্ষেত্রে প্রথমে নিয়ত পরিশুদ্ধ করা জরুরী । ইমাম আহমদ ইবনে হাম্বল রহ.বলেন:

الْعِلْم لَا يَعْدِلُهُ شَيْءٌ لِّمَنْ صَحَّتْ نِيَّتُهُ. قَالُوْا: كَيْفَ ذَلِكَ ؟ قَالَ: يَنْوِيْ رَفْعَ الْجَهْلِ عَنْ نَفْسِهِ وَعَنْ غَيْرِهِ

Ô†h e¨w³ wbqZ wek× K‡i Bjg ARb Ki‡e (QvIqv‡ei w`K w`‡q) Ab¨wKQ Zvi eivei n‡Z cvi‡e bv| †jvKRb wR‡Ám Kij, GUv wKfv‡e n‡Z cv‡i? DË‡i wZwb ej‡jb, Ô†Kv‡bv e¨w³ Zvi wb‡Ri I A‡b¨i AÁZv `i Kivi wbqZ Ki‡eÕ|

ইলম অর্জন করার একটি গুরুত্ব এখান থেকেও বুঝা যায় যে, ইলম হলো ঈমানের পথপ্রদর্শক। এর প্রমাণ আল্লাহ তা'আলা এক আয়াতে লা ইলাহা ইল্লাল্লাহ-র জ্ঞান আত্মস্থ করার আহ্বান জানিয়েছেন। ইরশাদ হয়েছে : **فَاعْلَمْ أَنَّهُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ** ÔAvi †R‡b bvI, Avjøvn e¨ZxZ Avi †Kv‡bv gve` †bBÕ(miv gnv¤§v`:19)।

ইলম শুধু ঈমানেরই পথনির্দেশক নয়, বরং সকল নেক আমল ও আচার আচরণের পথনির্দেশক। আমল শুদ্ধ হওয়ার পথনির্দেশক।

প্রিয় ভাই ও বন্ধুগণ! ইলম অর্জনকারীর কিছু দায়দায়িত্ব রয়েছে। তন্মধ্যে প্রধান হলো, ইলম অর্জনে আমানতদারী রক্ষা করা। অর্জিত ইলম মানুষের মধ্যে প্রচার করা। ইলম অনুযায়ী মানুষকে নসীহত করা এবং মানুষকে সত্য ও ন্যায়ের পথে আহ্বান করা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: مَنْ دَعَا إِلَى الْهُدَى كَانَ لَهُ مِنَ الأَجْرِ مِثْلُ أُجُوْرِ مَنْ تَبِعَهُ، إِلَى يَوْمِ الْقِيَامَةِ لَا يَنْقُصُ ذَلِكَ مِنْ أُجُوْرِهِمْ شَيْءٌ 'কোনো লোক যদি কোনো ভালো কাজের দিকে আহবান করে তাহলে কিয়ামত পর্যন্ত যত লোক তার অনুসরণ করবে সে সকলের সমপরিমাণ ছাওয়াব লাভ করবে। কিন্তু তার আহ্বনে সাড়া দিয়ে যারা ঐ ভালো কাজটি সম্পাদন করল তাদের ছাওয়াব থেকে সামান্য পরিমাণ ছাওয়াবও হ্রাস করা হবে না' (মুসলিম) ।

আল্লাহ তা'আলা আমাদের সবাইকে আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে যথার্থরূপে ইলম অর্জন করে তদনুযায়ী আমল করার তাওফীক দান করুন। আমীন।

أعوذ بالله من الشيطان الرجيم : يَرْفَعِ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَالَّذِينَ أُوتُوا الْعِلْمَ دَرَجَاتٍ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ (سورة المجادلة: 11)

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ، أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ .

জ্ঞানার্জন ও আমলের প্রতি উৎসাহ প্রদান

wØZxq LZev

اَلْحَمْدُ للهِ الَّذِيْ عَلَّمَ بِالْقَلَمِ، عَلَّمَ الْإِنْسَانَ مَالَمْ يَعْلَمْ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمْداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، أَمَّا بَعْدُ:

wcq fvB‡qiv! ইসলাম দীনী ইলম ও অভিজ্ঞতালব্ধ পার্থিব ইলম উভয় প্রকার ইলমের প্রতিই গুরুত্বারোপ করেছে। কেননা আমাদেরকে এ পৃথিবীতে থেকেই ঈমান ও আমলের পরীক্ষা দিতে হবে। তাই প্রয়োজনীয় দুনিয়াবী ইলমও আমাদেরকে অর্জন করতে হবে। ইসলাম দুনিয়াবী জ্ঞানার্জনকে নাকচ করে দেয়নি, বরং স্বীকৃ

তি দিয়েছে। বিশেষ করে প্রায়োগিক ইলম বা জ্ঞান; যা না হলে যথার্থরূপে পৃথিবীকে কর্ষণ করা সম্ভব হয় না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনায় হিজরতের পর দেখতে পেলেন যে, সাহাবায়ে কিরাম খেজুর উৎপাদনে কৃত্রিম প্রজনন প্রক্রিয়ার আশ্রয় নেন। তিনি প্রথমে তা নিষেধ করলেন। সাহাবায়ে কিরাম কৃত্রিম প্রজনন প্রক্রিয়া বন্ধ করে দিলেন। ফলে দেখা গেল যে খেজুরের উৎপাদন উল্লেখযোগ্য মাত্রায় কমে গিয়েছে। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পুনরায় অনুমতি দিয়ে বললেন : أَنْتُمْ أَعْلَمُ بِشُؤُونِ دُنْيَاكُمْ 'তোমাদের পার্থিব বিষয়ে তোমরাই বেশি অবগত' (মুসলিম)।

কৃত্রিম প্রজননের মাধ্যমে খেজুরের উৎপাদন বাড়িয়ে দেয়া অভিজ্ঞতালব্ধ একটি দুনিয়াবী ইলম। এ জ্ঞানকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বীকৃতি দিয়েছেন। অন্য কথায় বলতে গেলে যা মানুষের জন্য কল্যাণকর, এমন সকল জ্ঞানই অর্জন করা ইসলামে স্বীকৃত। সেই থেকে আমাদের পূর্ব পুরুষগণ প্রায়োগিক জ্ঞান-বিজ্ঞান শুধু যে অর্জন করেছেন তাই নয়, বরং অনেক ক্ষেত্রেই তারা ছিলেন সফল উদ্ভাবক। আধুনিক বিজ্ঞান, বলা যায়- তাদেরই নির্মিত ভিত্তির ওপর দাঁড়িয়ে আছে। ইবনুল হাইসাম, ইবনে রুশদ আল হাফীদ ও অন্যান্য মুসলিম মনীষী এ ক্ষেত্রের অত্যুজ্জ্বল উদাহরণ।

wcq fvB‡qiv! আধুনিক শিক্ষা ইসলামে নিষিদ্ধ নয়। তবে তা হতে হবে একজন সুনাগরিক তৈরির হাতিয়ার। আল্লাহর প্রতি বলিষ্ঠ বিশ্বাসী তৈরির হাতিয়ার। যথার্থরূপে পৃথিবীকে কর্ষণ করতে পারে এমন মানুষ তৈরির হাতিয়ার। তবে দুঃখের বিষয় হলো, মুসলিম বিশ্বের অধিকাংশ এলাকায় শিক্ষার নামে এমন কিছু শেখানো হয়, যা কোনো অর্থেই উপকারী জ্ঞানের আওতায় পড়ে না; যা সত্যিকার অর্থে একজন জ্ঞানী তৈরি করতে ব্যর্থ।

wcq gmwjøqv‡b wKivg! শিক্ষার ব্যাপারে আমাদেরকে আরো ঐকান্তিক হতে হবে। অন্যথায় প্রজন্মের পর প্রজন্ম ধ্বংস হতে থাকবে। শিক্ষিতের নামে সার্টিফিকেটধারী অজ্ঞ লোক তৈরি হওয়ার সিলসিলা চালু হয়ে যাবে।

wcq fvB‡qiv! আমাদের গোটা সমাজকে শিক্ষিত করে তুলতে হবে। নিরক্ষরতা দূরীকরণে সরকার ও সাধারণ মানুষ সবাইকে এগিয়ে আসতে হবে। শিক্ষার প্রতি মানুষকে আগ্রহী করার জন্য আমাদেরকে নানামুখী কার্যক্রম হাতে নিতে হবে। যারা শিক্ষিত তাদের জ্ঞানের পরিধি বর্ধন, উপকারী জ্ঞান চর্চা অব্যাহত রাখর জন্য সুযোগ সৃষ্টি ইত্যাদির প্রতি আমাদেরকে গুরুত্ব দিতে হবে।

হাদীসে বর্ণিত হয়েছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : إِذَا مَاتَ الْإِنْسَانُ انْقَطَعَ عَنْهُ عَمَلُهُ إِلا مِنْ ثَلَاثَةٍ، إِلَّا مِنْ صَدَقَةٍ جَارِيَةٍ، أَوْ عِلْم يُنْتَفَعُ بِهِ، أَوْ وَلَدٍ صَالِحٍ يَدْعُو لَهُ 'মানুষ যখন মারা যায় তখন তার আমলের পথ বন্ধ হয়ে যায়। তবে তিনটি বিষয় ব্যতীত: সদকায়ে জারিয়া অথবা এমন ইলম যা উপকার পৌঁছায় অথবা নেককার সন্তান যে তার জন্য দুআ করে'(মুসলিম)।

wcq gmwjøqvb! ইলম ও জ্ঞানে পরিপক্ক হওয়ার কোনো বিকল্প নেই। তবে সাথে সাথে আমাদেরকে এটাও খেয়াল রাখতে হবে যে ইলম অনুযায়ী আমরা আমল করছি কিনা। খেয়াল রাখতে হবে যে ইলম শুধু অর্জন করলেই দায়িত্ব শেষ হয়ে যায় না, বরং অর্জিত ইলমের প্রয়োগ ঘটানো অত্যন্ত জরুরী। কেননা ইলমের চাহিদা হলো আমল করা। الْعِلْم يَهْتِفُ بِالْعَمَلِ ، فَإِنْ أَجَابَهُ وَإِلَا ارْتَحَلَ ÔBjg Avgj‡K Avnevb K‡i| hLb Zvi Avnev‡b mvov †`qv nq ZLb Zv _v‡K, Ab¨_vq Zv P‡j hvqÕ|

তাই আসুন, আমরা ইলম শিখি। জ্ঞানার্জন করি এবং তদনুযায়ী আমলও করি। তবেই আমাদের অজ্ঞতা দূর হবে এবং আমাদের ইলম অবশিষ্ট থাকবে।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيْمَ وَعَلَى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اللّٰهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنْ آلِ نَبِيِّكَ الطَّيِّبِيْنَ الطَّاهِرِيْنَ وَعَنْ أَزْوَاجِهِ أُمَّهَاتِ الْمُؤْمِنِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনি আমাদেরকে দীনী ইলম শিক্ষা করার তাওফীক দান করুন। আপনার হুকুম-আহকাম সম্পর্কে জ্ঞান লাভের তাওফীক দান করুন। অজ্ঞতা-মূর্খতা থেকে আমাদেরকে হিফাযত করুন। উপকারী দুনিয়াবী ইলম শেখারও তাওফীক দান করুন। সকল প্রকার অজ্ঞতা ও মূর্খতা থেকে আমাদেরকে রক্ষা করুন। হে আল্লাহ! আপনি আমাদেরকে ইলমের হক আদায়ের তাওফীক দান করুন। ইলম অনুযায়ী আমল করার তাওফীক দিন।

এ সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তিলাওয়াত করলেন- فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُبِينٍ . يَغْشَى النَّاسَ هَذَا عَذَابٌ أَلِيمٌ . رَبَّنَا اكْشِفْ عَنَّا الْعَذَابَ إِنَّا مُؤْمِنُونَ . أَنَّى لَهُمُ الذِّكْرَى وَقَدْ جَاءَهُمْ رَسُولٌ مُبِينٌ . ثُمَّ تَوَلَّوْا عَنْهُ وَقَالُوا مُعَلَّمٌ مَجْنُونٌ . إِنَّا كَاشِفُوا الْعَذَابِ قَلِيلًا إِنَّكُمْ عَائِدُونَ . ÔAZGe A‡c¶v Ki fmw`‡bi, †hw`b ¯úó †avqvq Av"Qb n‡e AvKvk| hv gvbl‡`i‡K Av"Qb K‡i †dj‡e: GwU hšYv`vqK Avhve| (ZLb Zviv ej‡e) Ô†n Avgv‡`i ie, Avgv‡`i †_‡K Avhve `i Kiæb; wbðq Avgiv gwgb neÕ| GLb Kxfv‡e Zviv Dc‡`k MnY Ki‡e, A_P B‡Zvc‡e Zv‡`i Kv‡Q m¯úófv‡e eYbvKvix ivmj G‡mwQj? Zvici Zviv Zvi w`K †_‡K wegL n‡qwQj Ges e‡jwQj ÔG wk¶vcvß cvMjÕ| wbðq Avwg ¶YKv‡ji Rb¨ Avhve `i Kie; wbðq †Zvgiv ceve¯vq wd‡i hv‡eÕ (miv Av` `Lvb: 10-15)।

এরপর তারা আবার কুফরীতে ফিরে গেল। এমতাবস্থায় তাদেরকে লক্ষ্য করে নাযিল হলো : يَوْمَ نَبْطِشُ الْبَطْشَةَ الْكُبْرَى إِنَّا مُنْتَقِمُونَ Ô†mw`b Awg cej fv‡e cvKov I Kie; wbðq Awg ne cwZ‡kva MnYKvixÕ (`Lvb: 16)।

আর আল্লাহর তা'আলার এ পাকড়াও ও প্রতিশোধ বাস্তবায়িত হয়েছিল বদরের যুদ্ধে।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের আবেদনের পর বৃষ্টির জন্য দু'আ করলেন। অতঃপর প্রচুর বৃষ্টি বর্ষিত হল। আল্লাহ তা'আলা আমাদের সকল পাপ-অন্যায় ক্ষমা করে দিয়ে আমাদের জন্য বৃষ্টির ফয়সালা করুন।

اَللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إبْرَاهِيْمَ وَعَلَى آلِ إبْرَاهِيْمَ إنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اَللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنْ آلِ نَبِيِّكَ الطَّيِّبِيْنَ الطَّاهِرِيْنَ وَعَنْ أَزْوَاجِهِ أُمَّهَاتِ الْمُؤْمِنِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনার কাছে আমরা তাওবা করছি, আপনি আমাদের ছগীরা-কবীরা সকল গুনাহ মাফ করে দিন। হে আল্লাহ আপনার ইবাদত চর্চায় আমাদের ত্রুটি বিচ্যুতি মাফ করে দিন। হে আল্লাহ! আপানি আমাদের জন্য বৃষ্টির ফয়সালা করে দিন। হে আল্লাহ আমরা দরিদ্র, একমাত্র আপনিই ধনী। আমরা দুর্বল-নিঃস্ব, আর আপনি মহামহিম, সকল ক্ষমতার অধিকারী, তাই আপনি আমাদের প্রতি রহমতের দৃষ্টিতে তাকান। হে আল্লাহ! আমরা আপনার রহমত প্রত্যাশী, আপনার করুণা প্রত্যাশী, আমাদের আপনি করুণা করুন। আমাদেরকে আপনি বৃষ্টি দিন। অনাবৃষ্টি থেকে আমাদের উদ্ধার করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ الله –رَحِمَكُمُ الله- إِنَّ اللّهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاء ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاء وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ.

চন্দ্র ও সূর্য গ্রহণকালে নামায

LZevq hv _vK‡e

১. আল্লাহর মাহাত্ম্য বর্ণনা করা এবং কেবল তাঁর কাছেই দু'আ-প্রার্থনা করার আবশ্যকতা তুলে ধরা।

২. গুনাহ ও পাপাচার আল্লাহর রাগ-রোষের কারণ হবার বিষয়টি সুস্পষ্ট করা

৩. চন্দ্র ও সূর্য গ্রহণকালে নামাযের আহকাম বয়ান করা

৪. চন্দ্র গ্রহণকালে মানুষ যা করে তা বর্ণনা করা

c_g LZev

إِنَّ الْحَمْدَ لِلَّهِ، نَحْمَدُهُ، وَنَسْتَعِيْنُهُ، وَنَسْتَغْفِرُهُ، وَنَتُوْبُ إِلَيْهِ، وَنَعُوْذُ بِهِ مِنْ شُرُوْرِ أَنْفُسِنَا؛ وَمَن سَيِّئَاتِ أَعْمَالِنَا، مِنْ يَهْدِهِ اللهُ فَلَا مُضِلَّ لَهُ؛ وَمَنْ يُضْلِلْ فَلَا هَادِيَ لَهُ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ صَلَّى اللهُ عَلَيْهِ، وَعَلَى آلِهِ، وَصَحْبِهِ وَسَلَّمَ تَسْلِيْمًا كَثِيْرًا إِلَى يَوْمِ الدِّيْنِ، أَمَّا بَعْدُ: فَيَا أَيُّهَا النَّاس، اتَّقُوْا اللهَ تَعَالَى حَق التَّقْوَى.

প্রিয় ভাই ও বন্ধুগণ! রাত ও দিনের আবর্তন আল্লাহ তা'আলার একটি সুস্পষ্ট নিদর্শন। রাত ও দিন আল্লাহ তা'আলা মানুষের উপকারের জন্যই সৃষ্টি করেছেন। মানুষের জন্যই তিনি সৃজন করেছেন আলো ও আঁধার। শুধু রাত ও দিন নয় বরং আকাশ ও পৃথিবীতে যা কিছু রয়েছে সব কিছুই তিনি নিয়োজিত করেছেন মানুষের সেবায়। ইরশাদ হয়েছে **وَسَخَّرَ لَكُمُ ٱلْفُلْكَ لِتَجْرِىَ فِى ٱلْبَحْرِ بِأَمْرِهِ وَسَخَّرَ لَكُمُ ٱلانْهَارَ. وَسَخَّر لَكُمُ ٱلشَّمْسَ وَٱلْقَمَرَ دَائِبَينَ وَسَخَّرَ لَكُمُ ٱلَّيْلَ وَٱلنَّهَارَ. وَاتَاكُم مّن كُلّ مَا سَأَلْتُمُوهُ وَإِن تَعُدُّواْ نِعْمَةَ ٱللَّهِ لاَ تُحْصُوهَا إِنَّ ٱلإِنْسَانَ لَظَلُومٌ كَفَّارٌ.** ÔAvi wZwb mh I Pv`‡K †Zvgv‡`i Rb¨ wb‡qwRZ K‡i‡Qb weivgnxbfv‡e Ges †Zvgv‡`i Rb¨ wb‡qwRZ K‡i‡Qb ivZ I w`b‡K| Avi †Zvgiv hv †P‡qQ, Zvi c‡Z¨KwU †_‡K wZwb †Zvgv‡`i w`‡q‡Qb Ges hw` †Zvgiv Avjøvni wbAvgZ MYbv Ki, Z‡e Zvi msL¨v wbif cY Ki‡Z cvi‡e bv| wbðq gvbl AwaK AZ¨vPvix I AKZÁÕ (miv Beivnxg: 33-34)।

আল্লাহ তা'আলা চাঁদ ও সূর্যকে মানুষের সেবায় নিয়োজিত করেছেন যাতে চাঁদের পরিক্রমার বিভিন্ন পর্যায় থেকে মানুষ দিন-মাস-বছর হিসেব করতে পারে। আর সূর্যকে তিনি নিয়োজিত করেছেন যাতে সূর্যের পরিক্রমার বিভিন্ন পর্যায়ে মৌসুম ভেদে নানা প্রকৃতির ফলফলান্তি জন্ম নিতে পারে। তিনি চাঁদ ও সূর্য উভয়কে চমৎকার এক পদ্ধতিতে চলমান করে রেখেছেন। ইরশাদ হয়েছে : **ٱلشَّمْسُ وَٱلْقَمَرُ بِحُسْبَانٍ**' mh I Pv` (wbawiZ) wnmve Abhvqx P‡jÕ (miv Avi ivngvb: 5)।

আল্লাহ তা'আলা চাঁদ ও সূর্যকে যে কক্ষপথে চলমান করে রেখেছেন তা থেকে তা বিন্দুমাত্র সরে না। এদিক-সেদিক যায় না। আল্লাহ তা'আলার সুনির্দিষ্ট সীমানা তারা কখনো অতিক্রম করে না। আল্লাহ তা'আলা কত সুনিপুণ ও নিখুঁতভাবেই না মহাবিশ্বকে সৃষ্টি করেছেন ও চলমান করে রেখেছেন। **صُنْعَ ٱللَّهِ ٱلَّذِى أَتْقَنَ كُلَّ شَىْءٍ إِنَّهُ خَبِيرٌ بِمَا تَفْعَلُونَ** Ô(GUv) Avjøvni KvR, whwb me wKQ `pfv‡e K‡i‡Qb| wbðq †Zvgiv hv Ki, wZwb †m m¤ú‡K we‡kl fv‡e AewnZÕ (miv Avb-bvgj:88)।

চাঁদ ও সূর্য আল্লাহ তা'আলার সীমাহীন জ্ঞান ও ক্ষমতা, হেকমত ও প্রজ্ঞা, পরম করুণা ও দয়ার নিদর্শন। চাঁদ ও সূর্য তাদের বিশালত্বে আল্লাহর নিদর্শন, তাদের জ্যোতি ও আলোয় আল্লাহর নিদর্শন। ইরশাদ হয়েছে : **وَٱلشَّمْسُ تَجْرِى لِمُسْتَقَرّ لَّهَا ذَلِكَ تَقْدِيرُ ٱلْعَزِيزِ ٱلْعَلِيمِ وَٱلْقَمَرَ قَدَّرْنَاهُ مَنَازِلَ حَتَّى عَادَ كَٱلعُرجُونِ ٱلْقَدِيمِ. لاَ ٱلشَّمْسُ يَنبَغِى لَهَا أَن تدْرِكَ ٱلقَمَرَ وَلاَ ٱلَّيْلُ سَابِقُ ٱلنَّهَارِ وَكُلٌّ فِى فَلَكٍ يَسْبَحُونَ** ÔAvi mh ågY K‡i Zvi wbw`ó c‡\_, GUv gnvcivµgkvjx meÁ (Avjøvn)Ñi wbaviY| Avi Pv‡`i Rb¨ Awg wbaviY K‡iwQ gvbwhjmgn, Ae‡k‡l †mwU †LR‡ii ï®‹ civZb kvLvi gZ n‡q hvq| m‡hi Rb¨ m¤¢e bq Pv‡`i bvMvj cvIqv, Avi iv‡Zi Rb¨ m¤¢e bq w`b‡K AwZµg Kiv, Avi c‡Z¨‡KB K¶ c‡_ †f‡m †eovqÕ (miv Bqvmxb: 38-40)।

আল্লাহ তা'আলা আরো ইরশাদ করেন : وَمِنْ آيَاتِهِ اللَّيْلُ وَالنَّهَارُ وَالشَّمْسُ وَالْقَمَرُ لَا تَسْجُدُوا لِلشَّمْسِ وَلَا لِلْقَمَرِ وَاسْجُدُوا لِلَّهِ الَّذِي خَلَقَهُنَّ إِنْ كُنْتُمْ إِيَّاهُ تَعْبُدُونَ ÔAvi Zvi wb`kbmg‡ni g‡a¨ i‡q‡Q ivZ I w`b, mh© I Pv`| †Zvgiv bv mh©‡K wmR`v Ki‡e, bv Pv`‡K| Avi †Zvgiv Avjøvn‡K wmR`v Ki whwb G¸‡jv mwó K‡i‡Qb, hw` †Zvgiv †Kejgv Î ZviB Bev`Z KiÕ (miv dwmmjvZ:37)।

আল্লাহ তা'আলা অন্যত্র ইরশাদ করেন : وَسَخَّرَ لَكُمُ الْفُلْكَ لِتَجْرِيَ فِي الْبَحْرِ بِأَمْرِهِ وَسَخَّرَ لَكُمُ الْأَنْهَارَ. وَسَخَّرَ لَكُمُ الشَّمْسَ وَالْقَمَرَ دَائِبَيْنِ وَسَخَّرَ لَكُمُ اللَّيْلَ وَالنَّهَارَ. وَآتَاكُمْ مِنْ كُلِّ مَا سَأَلْتُمُوهُ وَإِنْ تَعُدُّوا نِعْمَةَ اللَّهِ لَا تُحْصُوهَا إِنَّ الْإِنْسَانَ لَظَلُومٌ كَفَّارٌ ÔAvi wZwb †bŠhvb‡K †Zvgv‡`i Rb¨ wb‡qwRZ K‡i‡Qb, hv‡Z Zvi Av‡`‡k mg‡`ª Zv PjvPj K‡i Ges b`xmgn‡K †Zvgv‡`i Rb¨ wb‡qwRZ K‡i‡Qb| Avi wZwb mh© I Pv`‡K †Zvgv‡`i Rb¨ wb‡qwRZ K‡i‡Qb weivgnxbfv‡e Ges †Zvgv‡`i Rb¨ wb‡qwRZ K‡i‡Qb ivZ I w`b‡K| Avi †Zvgiv hv †P‡qQ, Zvi c‡Z¨KwU †_‡K wZwb †Zvgv‡`i‡K w`‡q‡Qb Ges hw` †Zvgiv Avjøvni wbqvgZ MYbv Ki Z‡e Zvi msL¨v wbiæcY Ki‡Z cvi‡e bv| wbðq gvbl AwaK AZ¨vPvix I AKZÁÕ (miv Beivnxg:32-33)।

চাঁদ ও সূর্যের পরিক্রমার বিধানে আল্লাহ ছাড়া অন্য কেউ ব্যত্যয় ঘটাতে পারে না। সূর্যের জ্যোতি ও চাঁদের আলো বাধাগ্রস্ত করার জন্য আল্লাহ তা'আলা রেখেছেন কিছু প্রাকৃতিক কারণ, যা মুমিন ও কাফির সবাই স্বীকার করে থাকে। এর পাশাপাশি তিনি রেখেছেন কিছু ধর্মীয় কারণ, যা কেবল মুমিনরাই স্বীকার করে, কাফিররা করে না। ধর্মীয় কারণের মধ্যে একটি হলো, আল্লাহ তা'আলা চাঁদ ও সূর্যগ্রহণের পদ্ধতি রেখেছেন মানুষকে ভীতি প্রদর্শনের জন্য, যাতে তারা সতর্ক হয়ে যায়। পৃথিবীর সকল কিছুই আল্লাহর নির্দেশের তাবেদার, তাঁর নীতির অনুগত এ বিশ্বাস নতুন করে প্রতিটি ব্যক্তি তার হৃদয়ে জাগ্রত করে নেয়। যিনি প্রকৃতিকে সৃষ্টি করেছেন তিনি প্রকৃতির কার্যকারিতা বাধাগ্রস্ত করতে পারেন, এমনকি কিয়ামত ঘটিয়ে সবকিছু ধ্বংস করে দিতে পারেন এবং অবশ্যই ধ্বংস করবেন, এ বিশ্বাস নতুন করে জাগ্রত করে নেয়। আল্লাহর যিকর ও দু'আ ইস্তিগফারে একাগ্র চিত্তে প্রত্যেকেই নিয়োজিত হয়। হাদীসে এসেছে। আবূ মূসা আশআরী রাযি. বর্ণনা করেন : خَسَفَتِ الشَّمْسُ فِي زَمَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَامَ فَزِعًا يَخْشَى أَنْ تَكُونَ السَّاعَةُ، حَتَّى أَتَى الْمَسْجِدَ، فَقَامَ يُصَلِّي بِأَطْوَلِ قِيَامٍ وَرُكُوعٍ وَسُجُودٍ، مَا رَأَيْتُهُ يَفْعَلُهُ فِي صَلَاةٍ قَطُّ، ثُمَّ قَالَ: إِنَّ هَذِهِ الْآيَاتِ الَّتِي يُرْسِلُ اللَّهُ لَا تَكُونُ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ، وَلَكِنَّ اللهَ يُرْسِلُهَا يُخَوِّفُ بِهَا عِبَادَهُ، فَإِذَا رَأَيْتُمْ مِنْهَا شَيْئًا، فَافْزَعُوا إِلَى ذِكْرِهِ وَدُعَائِهِ وَاسْتِغْفَارِهِ 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যুগে একবার সূর্য গ্রহণ লাগল। অতঃপর নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিয়ামত সংঘটিত হয়ে যায় কি না এই ভয়ে উঠে দাঁড়ালেন। তিনি মসজিদে এলেন ও নামাযে দাঁড়ালেন। তিনি এমন দীর্ঘ রুকু-সিজদা ও কিয়ামের মাধ্যমে নামায আদায় করলেন যা অন্যকোনো নামাযে দেখিনি। এরপর তিনি বললেন : 'এই সব নিদর্শন আল্লাহ তা'আলা কারো মৃত্যু অথবা জীবনের কারণে প্রেরণ করেন না। তিনি বরং তা প্রেরণ করেন তাঁর বান্দাদেরকে ভয় দেখানোর উদ্দেশ্যে। তাই তোমরা যদি এর কিছু দেখ তবে ভীত-শঙ্কিত হয়ে আল্লাহর যিকর দু'আ ও ইস্তিগফারে রত হও'(মুসলিম)।

যারা আল্লাহ থেকে দূরে, তাঁর দীন থেকে দূরে, যারা আল্লাহর বিধান লঙ্ঘনের স্পর্ধা দেখায় তাদেরকে সতর্ক করার জন্যই আল্লাহ তা'আলা চাঁদ ও সূর্য গ্রহণ লাগার নিয়ম রেখেছেন।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যুগে প্রচণ্ড গরমের দিনে সূর্য গ্রহণ লাগল। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর সাহবীদেরকে নিয়ে নামায আদায় করলেন। এরপর বললেন: نَّهُ عُرِضَ عَلَيَّ كُلُّ شَيْءٍ تُولَجُونَهُ، فَعُرِضَتْ عَلَيَّ الْجَنَّةُ حَتَّى لَوْ تَنَاوَلْتُ مِنْهَا قِطْفًا أَخَذْتُهُ، أَوَ قَالَ: تَنَاوَلْتُ مِنْهَا قِطْفًا فَقَصُرَتْ يَدِي عَنْهُ، وَعُرِضَتْ عَلَيَّ النَّارُ، فَرَأَيْتُ فِيهَا امْرَأَةً مِنْ بَنِي إِسْرَائِيلَ تُعَذَّبُ فِي هِرَّةٍ لَهَا رَبَطَتْهَا، فَلَمْ تُطْعِمْهَا وَلَمْ تَدَعْهَا تَأْكُلُ مِنْ خَشَاشِ الْأَرْضِ، وَرَأَيْتُ أَبَا ثُمَامَةَ عَمْرَو بْنَ مَالِكٍ يَجُرُّ قُصْبَهُ فِي النَّارِ، وَإِنَّهُمْ كَانُوا يَقُولُونَ إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ لَا يَخْسِفَانِ إِلَّا لِمَوْتِ عَظِيمٍ، وَإِنَّهُمَا آيَتَانِ مِنْ آيَاتِ اللهِ يُرِيكُمُوهُمَا، فَإِذَا خَسَفَا فَصَلُّوا حَتَّى تَنْجَلِيَ 'তোমরা যেসবে প্রবেশ করবে তার সবই আমাকে দেখানো হয়েছে। আমার সামনে জান্নাত পেশ করা হয়েছে। এমনকি আমি যদি জান্নাতের কোনো ফলের থোকা ছিঁড়ে আনতে চাইতাম আমি তা পারতাম। তবে আমার হাত তা থেকে বিরত থেকেছে। আমার সামনে জাহান্নাম পেশ করা হয়েছে। জাহান্নামে আমি বনী

ইসরাইলের এক নারীকে তার একটি বিড়ালকে কেন্দ্র করে আযাবরত অবস্থায় দেখতে পেলাম। সে বিড়ালটিকে বেঁধে রেখেছিল। সে তাকে না খেতে দিয়েছে, আর না তাকে ছেড়ে দিয়েছে যাতে যমীনের পোকা-মাকড় খেয়ে জীবনধারণ করতে পারে। আমি আবু ছুমামা আমর ইবনে মালেককে দেখেছি, আগুনে সে তার নাড়ীভুঁড়ি টেনে বেড়াচ্ছে। তারা বলত যে, সূর্য ও চন্দ্র কোনো মহান ব্যক্তির মৃত্যুর কারণে ঘটে থাকে। আসলে এ দু'টো হল আল্লাহর নিদর্শন, যা তিনি তোমাদেরকে দেখান। অতঃপর যদি এ দুটোয় গ্রহণ লাগে তবে তোমরা নামায আদায় কর যতক্ষণ না তা কেটে যায়'(মুসলিম)।

অন্য এক বর্ণনায় এসেছে : 'হে উম্মতে মুহাম্মাদী! কোনো বান্দার যিনা-ব্যভিচারে, অথবা কোনো বান্দীর যিনা-ব্যভিচারে আল্লাহ হতে অধিক গায়রতওয়ালা তথা আত্মসম্মানবোধ সম্পন্ন অন্য কেউ নেই। হে উম্মতে মুহাম্মাদী! আমি যা জানি তোমরা যদি তা জানতে তবে তোমরা কম হাসতে ও বেশি কাঁদতে। আল্লাহর কসম, আমি নামাযে দাঁড়ানোর পর থেকে দুনিয়া ও আখিরাতে তোমাদের যা যা পরিণতি হবে তা দেখেছি। আমি পূর্বে যা যা দেখিনি তা এই অবস্থানে আমি দেখেছি। এমনকি আমি জান্নাত ও জাহান্নামও দেখেছি। আমি আগুনকে দেখেছি তার একাংশ অন্য অংশকে চূর্ণ করছে। আমি আজকের মতো এত ভয়াবহ দৃশ্য আর কখনো দেখিনি। আমি জাহান্নামে আমর ইবনে লুহাই আল খুযাঈকে দেখেছি, সে তার নাড়ীভুঁড়ি টেনে বেড়াচ্ছে। আমি বনী ইসরাইলের এক নারীকে একটি বিড়ালের জন্য আযাবরত অবস্থায় দেখতে পেয়েছি। সে বিড়ালটিকে বেঁধে রেখেছিল। সে তাকে না খেতে দিয়েছে, আর না তাকে ছেড়ে দিয়েছে যাতে যমীনের পোকামাকড় খেয়ে জীবনধারণ করতে পারে। আমি তোমাদেরকে কবরে পরীক্ষারত অবস্থায় দেখেছি দাজ্জালের ফেতনার ন্যায়। তোমাদের একজনের কাছে এসে জিজ্ঞাসা করা হয়,'এই ব্যক্তির ব্যাপারে তোমাদের জ্ঞান কী? অতঃপর মুমিন ও বিশ্বাসী ব্যক্তি বলে, 'তিনি মুহাম্মাদুর রাসূলুল্লাহ। তিনি আমাদের কাছে এসেছেন সুস্পষ্ট প্রমাণ ও হিদায়েত নিয়ে। আর আমরা তাঁর ডাকে সাড়া দিয়েছি। তাঁর অনুসরণ করেছি। অতঃপর বলা হয়, 'তুমি নেককার ব্যক্তি হিসেবে ঘুমাও। আমরা জেনেছি যে তুমি বিশ্বাসী ছিলে। পক্ষান্তরে মুনাফিক বা সন্দেহকারী ব্যক্তি বলে, 'আমি জানি না। লোকদেরকে কিছু একটা বলতে শুনেছি, আর আমি ও তাই বলেছি'। আল্লাহ তা'আলা আমাদের সবাইকে হিফাযত করুন।

أَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ: (وَمِنْ آيَاتِهِ اللَّيْلُ وَالنَّهَارُ وَالشَّمْسُ وَالْقَمَرُ لَا تَسْجُدُوا لِلشَّمْسِ وَلَا لِلْقَمَرِ وَاسْجُدُوا لِلّٰهِ الَّذِي خَلَقَهُنَّ إِنْ كُنْتُمْ إِيَّاهُ تَعْبُدُونَ) بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ, أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ .

চন্দ্র ও সূর্য গ্রহণকালে নামায

wØZxq LZev

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ جَعَلَ اللَّيْلَ وَالنَّهَارَ خِلْفَةً لِمَنْ أَرَادَ أَنْ يَذَّكَّرَ أَوْ أَرَادَ شُكُوْرًا، وَأَشْهَدُ أَنْ لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، تَعَالَى عَمَّا يَقُوْلُ الظَّالِمُوْنَ عُلُوًّا كَبِيْرًا، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ بَعَثَهُ بَيْنَ يَدَيِ السَّاعَةِ بَشِيْراً وَنَذِيراً وَدَاعِياً إِلَى اللهِ بِإِذْنِهِ وَسِرَاجاً مُنِيْراً، صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَأَتْبَاعِهِ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ، أَمَّا بَعْدُ :

ভাইয়েরা আমার! আপনারা জাহান্নাম থেকে বাঁচুন। আগুন থেকে বাঁচুন। এক টুকরো খেজুর দান করে হলেও জাহান্নাম থেকে বাঁচুন। আখিরাতের জন্য প্রস্তুতি গ্রহণ করুন। আপনারা তাকওয়া অবলম্বন করুন। কেননা তাকওয়াই হলো উত্তম পাথেয়।

কুসূফের সময় নামাযের বৈধতা ও পদ্ধতি

কুসূফের সময় নামাযের বৈধতার ব্যাপারে বেশ কয়েকটি হাদীস উপরে উল্লিখিত হয়েছে। আর এ সময় নামাযের পদ্ধতি কি হবে তা নিচের কয়েকটি হাদীস থেকে জানা যায়।

আবদুর রাহমান ইবনে সামুরা রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন: بَيْنَمَا أَنَا أَرْمِي بِأَسْهُمِي فِي حَيَاةِ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ انْكَسَفَتِ الشَّمْسُ، فَنَبَذْتُهُنَّ، وَقُلْتُ: لَأَنْظُرَنَّ إِلَى مَا يَحْدُثُ لِرَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي انْكِسَافِ الشَّمْسِ الْيَوْمَ، فَانْتَهَيْتُ إِلَيْهِ وَهُوَ رَافِعٌ يَدَيْهِ يَدْعُو وَيُكَبِّرُ وَيَحْمَدُ وَيُهَلِّلُ، حَتَّى جُلِّيَ عَنِ

الشَّمْس، فَقَرَأَ سُورَتَيْنِ وَرَكَعَ رَكْعَتَيْنِ 'আমি রাসূলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জীবদ্দশায় তীরান্দাজী করছিলাম। এমতাবস্থায় সূর্য গ্রহণ লাগল। তখন আমি তীরগুলো ফেলে দিলাম। আর মনে মনে বললাম, সূর্য গ্রহণ লাগায় আজ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কী অবস্থা হয় আমি তা অবশ্যই দেখব। অতঃপর আমি তাঁর কাছে গেলাম। তিনি দু'হাত উত্তোলন করে দু'আ করছিলেন; তাকবীর বলছিলেন, আল্লাহর প্রশংসা করছিলেন এবং লা ইলাহা ইল্লাল্লাহ বলছিলেন। সূর্য গ্রহণ কেটে যাওয়া পর্যন্ত তিনি এরূপ করতে থাকলেন। তিনি দু'টি সূরা পড়লেন এবং দুই রাকাআত নামায আদায় করলেন'(মুসলিম)।

আবূ বাকরা রাযি. বলেন: انْكَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى رَكْعَتَيْنِ 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যুগে সূর্য গ্রহণ লাগল। অতঃপর তিনি দু'রাকাআত নামায পড়লেন'(বুখারী)।

আয়েশা রাযি. বলেন, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যুগে একবার সূর্য গ্রহণ লাগল। তখন তিনি লোকজন নিয়ে নামায পড়লেন। তিনি দীর্ঘ কিয়াম করলেন। এরপর তিনি রুকু করলেন ও রুকুতে দীর্ঘক্ষণ থাকলেন। অতঃপর তিনি দাঁড়ালেন এবং দীর্ঘক্ষণ কিয়াম করলেন। এটা রুকুর পূর্বের কিয়ামের অতিরিক্ত। তারপর আবার রুকু করলেন এবং রুকুতে দীর্ঘক্ষণ থাকলেন। এটা প্রথম রুকুর অতিরিক্ত। তারপর তিনি সিজদা করলেন এবং সিজদায় দীর্ঘক্ষণ থাকলেন। অতঃপর গ্রহণ কেটে যাওয়ার পর তিনি প্রস্থান করলেন। এরপর তিনি মানুষের সামনে বক্তৃতা করলেন। তিনি আল্লাহর প্রশংসা ও গুণাবলী বর্ণনা করে বললেন : إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللهِ لَا يَخْسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ، فَإِذَا رَأَيْتُمْ ذَلِكَ فَادْعُوا اللهَ وَكَبِّرُوا وَصَلُّوا وَتَصَدَّقُوا، ثُمَّ قَالَ: يَا أُمَّةَ مُحَمَّدٍ وَاللهِ مَا مِنْ أَحَدٍ أَغْيَرُ مِنَ اللهِ أَنْ يَزْنِيَ عَبْدُهُ أَوْ تَزْنِيَ أَمَتُهُ، يَا أُمَّةَ مُحَمَّدٍ وَاللهِ لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَضَحِكْتُمْ قَلِيلًا وَلَبَكَيْتُمْ كَثِيرًا 'নিশ্চয় সূর্য ও চাঁদ আল্লাহর নিদর্শনসমূহের দু'টি নিদর্শন। কারো মৃত্যু বা জীবনের কারণে এদের গ্রহণ লাগে না। সুতরাং তোমরা যখন তা দেখবে, তখন আল্লাহকে ডাকবে, তাকবীর বলবে, নামায পড়বে এবং সাদকা করবে। এরপর তিনি বলেন, 'হে উম্মতে মুহাম্মাদী! আল্লাহর কোনো বান্দা যিনা-ব্যভিচার করবে অথবা তাঁর কোনো বান্দী যিনা-ব্যভিচার করবে এ ব্যাপারে আল্লাহ থেকে অধিক আত্মসম্মানবোধবিশিষ্ট অন্য কেউ নেই। হে উম্মতে মুহাম্মাদী, তোমরা যদি জানতে আমি যা জানি তবে তোমরা কম হাসতে ও অধিক কাঁদতে' (বুখারী)।

প্রিয় ভাই ও বন্ধুগণ! আল্লাহ তা'আলা বান্দার দু'আ কবুল করেন। ইরশাদ হয়েছে: **وَقَالَ رَبُّكُمُ ادْعُونِي أَسْتَجِبْ لَكُمْ** 'তোমাদের রব বলেন, তোমরা আমার কাছে দু'আ করো আমি তোমাদের দু'আয় সাড়া দেব> (miv Avj Mv‡di : 60)।

তাই আসুন আমরা দু'আ করি যাতে তিনি আমাদেরকে সকল প্রকার বিপদাপদ থেকে উদ্ধার করেন। আমাদের সকল পাপ ও গুনাহ ক্ষমা করে দেন।

اَللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلَى إِبْرَاهِيْمَ وَعَلَى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنْ آلِ نَبِيِّكَ الطَّيِّبِيْنَ الطَّاهِرِيْنَ وَعَنْ أَزْوَاجِهِ أُمَّهَاتِ الْمُؤْمِنِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ.

হে আল্লাহ! আপনি আমাদেরকে ক্ষমা করে দিন। আপনি আমাদেরকে সকল পাপ থেকে মুক্ত করে পূতপবিত্র করে দিন। হে আল্লাহ! আপনি আমাদেরকে আপনার রহমত থেকে বঞ্চিত করবেন না। আপনার অসীম দয়া ও করুণা থেকে বঞ্চিত করবেন না। রাব্বুল আলামীন! আমাদেরকে আপনি দুনিয়া-আখিরাতের সকল আযাব থেকে রক্ষা করুন। সকল বিপদ থেকে রক্ষা করুন। আপনি আমাদের জান-মাল, ইজ্জত-আব্রুর হিফাযত করুন। আমাদেরকে মুনাফিকী থেকে হিফাযত করুন। আপনি আমাদের জন্য জান্নাতের ফয়সালা করুন। জাহান্নাম থেকে আমাদের সকলকে বাঁচান। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهُ: (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

নববর্ষ উপলক্ষ্যে বিশেষ খুতবা

LZevq hv _vK‡e

১. গত বছরকে বিদায় জানানো ও নতুন বছরকে স্বাগত জানানোর পথ ও পদ্ধতি বর্ণনা

২. নতুন বছরের প্রতিটি পদক্ষেপে আল্লাহর সাথে সম্পর্ক গভীর করার প্রয়োজনীয়তা তুলে ধরা

৩. মানুষকে সৎকর্ম ও সৃজনশীলতায় উৎসাহ প্রদান

c_g LZev

اَلْحَمْدُ لِلَّهِ مُسَيِّرُ الْأَزْمَانِ، وَمُدَبِّرُ الْأَكْوَانِ، أَحْمَدُهُ سُبْحَانَهُ، يَسْأَلُهُ مَنْ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ كُلَّ يَوْمٍ هُوَ فِيْ شَأْنٍ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، خَلَقَ كُلَّ شَيْءٍ فَقَدَّرَهُ تَقْدِيْراً، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، بَعَثَهُ اللهُ بَيْنَ يَدَيِ السَّاعَةِ بَشِيْراً وَنَذِيْراً، وَدَاعِياً إِلَى اللهِ بِإِذْنِهِ وَسِرَاجاً مُنِيْراً، صَلَّى اللهُ وَسَلَّمَ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَأَتْبَاعِهِ، وَسَلَّمَ تَسْلِيْماً كَثِيْراً. أَمَّا بَعْدُ:

সুপ্রিয় হাযেরীন! বিদায় নিল স্মৃতি বিজড়িত বর্ণিল কতগুলো দিন। সমাপ্ত হলো একটি বছর। সূচনা হলো আরেকটি বছরের। একটি রাতের প্রান্তে দাঁড়িয়ে একজন মানুষ আনন্দিত হয় একটি নতুন ভোর আসবে বলে। প্রভাতে নতুন এক সূর্য উদিত হবে বলে। কিন্তু আমার অনুভূতি একটু ব্যতিক্রম। বছর শেষে নতুন আরেকটি বছরকে স্বাগত জানানোর জন্য আমি আনন্দ-উলাস করতে পারি না। আমার অনুভূতি হলো, যে দিনগুলো শেষ হয়ে গেল তা তো আমার জীবনেরই একটি অংশ। কবি বলেন :

يَسُرُّ النَّاسَ مَا ذَهَبَ اللَّيَالِيْ * وَلَكِنَّ ذَهَابُهُنَّ لَهُ ذَهَابَا

'দিবস-রজনীর আগমন-প্রস্থান মানুষকে আনন্দ দেয় অথচ চলে যাওয়া দিনগুলো যে তাদের নিজদেরই চলে যাওয়ার নামান্তর'।

একটি বছর শেষ হওয়ার সাথে সাথে আমাদের জীবন নামক প্রাসাদ থেকে ৩৬৫ দিনের ৩৬৫ টি পাথর খসে পড়ল। ৩৬৫ দিন ছোট হয়ে গেল আমাদের জীবন। আমাদের জন্য এটা অবশ্যই কোনো শুভ সংবাদ নয়। নয় কোনো আনন্দের সংবাদ। বরং এটি আমাদের চিন্তার কারণ, উৎকণ্ঠার কারণ। বিগত বছরটি কিভাবে কাটিয়েছি? আগামী বছর কিভাবে কাটাব? গত বছর আমাদের অর্জন কি কি? এ জাতীয় আরো কত প্রশ্ন আমাদের চেতনাকে নাড়া দিচ্ছে।

প্রিয় মুসলিম ভাই! আমি আপনাদেরকে গত বছরের ক্রুটি-বিচ্যুতির জন্য ভর্ৎসনা করার লক্ষ্যে সম্বোধন করছি না। বিগত দিনগুলো আপনাদের বেহুদা কেটেছে একথাও আমি বলছি না। বরং আমি বলতে চাচ্ছি যে আসুন আমরা সবাই জীবনকে অন্যভাবে দেখি, যেখানে থাকবে সুউচ্চ প্রত্যাশা, নিরলস আমল এবং নিরবচ্ছিন্ন প্রচেষ্টা।

প্রিয় ভাইয়েরা! আমরা হয়ত গত বছর অনেক পরিকল্পনা করেছিলাম। কিন্তু তার বেশির ভাগ অথবা কোনো একটিও বাস্তবায়ন করা সম্ভব হয়ে ওঠেনি। ফলে হয়ত আমরা মনোযাতনায় ভুগছি। উন্নতি-অগ্রগতির পথে দ্বিতী-য়বার চলতে কুণ্ঠাবোধ করছি। হ্যাঁ, আত্মসমালোচনা অবশ্যই জরুরী। আলবৎ দরকার অতীতের হিসাব-নিকাশ মিলানো। তবে তা যেন উদ্দীপনা, উৎসাহ ও আগ্রহে ব্যত্যয় না ঘটায় সে ব্যাপারে সজাগ দৃষ্টি রাখতে হবে। শয়তান যেন নিরাশার অন্ধগলিতে আমাদের পৌঁছে না দেয় সে ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখতে হবে। কেননা মুমিন ব্যক্তি আল্লাহর রহমত ও করুণা থেকে কখনো নিরাশ হয় না, হতে পারে না। ইরশাদ হয়েছে : **قُلْ يَا عِبَادِيَ الَّذِينَ أَسْرَفُوا عَلَى أَنْفُسِهِمْ لَا تَقْنَطُوا مِنْ رَحْمَةِ اللهِ إِنَّ اللهَ يَغْفِرُ الذُّنُوبَ جَمِيعًا إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ**
Ôej, Ô†n Avgvi ev›`vMY, hviv wbR‡`i Ici evovevwo K‡iQ †Zvgiv Avjøvni ingZ †_‡K wbivk n‡qv bv| Aek¨B Avjøvn mKj cvc ¶gv K‡i †`‡eb| wbðq wZwb ¶gvkxj, cig `qvjÕ (miv Avh-hgvi:53)।

তাই আল্লাহর ওপর ভরসা রেখে এগিয়ে যেতে হবে সম্মুখপানে। কখনও একথা বলা যাবে না যে, আমি

কোনো কাজ নিয়মিতভাবে করে যেতে পারি না, অথবা কোনো কাজ পূর্ণরূপে সম্পাদন করতে পারি না। আমি আমার নিজের সম্পর্কে ভাল জানি, আমি ছোট বেলা থেকে এ ব্যাপারে অভ্যস্ত হয়ে গিয়েছি। অতএব, এটি পরিবর্তন করা সম্ভব নয়। এরূপ কখনো বলা যাবে না। বরং বলতে হবে, গেল বছরের ব্যর্থতা আমার প্রতিভা বিকাশের প্রেরণা হিসেবে কাজ করবে। ত্রুটিগুলো এড়িয়ে যেতে সাহায্য করবে। আমি অতীত থেকে শিক্ষা গ্রহণ করব। একবার না পারলে শতবার চেষ্টা করে দেখব। আল্লাহ তা'আলা অবশ্যই চেষ্টাকারীদের চেষ্টা বিনষ্ট করেন না। আমলকারীদের আমল বিফল করে দেন না। তাই আল্লাহর ওপর ভরসা রেখে বলতে হবে যে আমি এ কাজ অবশ্যই সম্পন্ন করতে পারব। আমরা যদি এ ধরনের প্রত্যয়ী মনোভাব পোষণ করি এবং আল্লাহর ওপর তাওয়াক্কুল-ভরসাকে সঙ্গী বানিয়ে দুনিয়া ও আখেরাতের কল্যাণবহ কর্মযজ্ঞে ঝাঁপিয়ে পড়তে সক্ষম হই, তবে আল্লাহ তা'আলা অবশ্যই আমাদেরকে দুনিয়া-আখিরাতের কামিয়ামীতে ভূষিত করবেন। আমরা আমাদের চেষ্টা সাধনায় ব্যর্থকাম হব না।

প্রিয় ভাই ও বন্ধুগণ! আমাদের উচিত সফলতা অর্জনের জন্য দৃঢ়প্রত্যয়ী হওয়া। লৌহকঠিন মানসিকতা পোষণ করা। মনে রাখবেন, উন্নতির প্রথম পদক্ষেপ হলো সত্যিকার আগ্রহ ও সুদৃঢ় প্রত্যয়। আর সাথে থাকবে আল্লাহর কাছে প্রার্থনা ও দু'আ। জনৈক মনীষী যথার্থই বলেছেন : 'যখন তোমার কাছে সফলতা অর্জনের প্রজ্জ্বলিত আগ্রহ থাকবে তখন কেউ তোমাকে থামাতে পারবে না'। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, وَاسْتَعِنْ بِاللَّهِ وَلَا تَعْجَزْ، وَإِنْ أَصَابَكَ شَيْءٌ فَلَا تَقُلْ: لَوْ أَنِّي فَعَلْتُ كَانَ كَذَا وَكَذَا، وَلَكِنْ قُلْ: قَدَرُ اللهِ وَمَا شَاءَ فَعَلَ، فَإِنَّ لَوْ تَفْتَحُ عَمَلَ الشَّيْطَانِ 'তুমি আল্লাহর নিকট সাহায্য চাও, অপারগতা প্রকাশ করো না, একথা বলো না যে, যদি আমি এমন এমন করতাম তাহলে এমন এমন হত। বরং বল, আল্লাহ তা'আলা নির্ধারণ করেছেন এবং তিনি যা ইচ্ছা তা-ই করেন। কেননা 'যদি' শয়তানের কাজকে উন্মুক্ত করে দেয়'(মুসলিম)।

মজবুত আগ্রহ ও দৃঢ় প্রত্যয় থাকলে আপনার আমার সকল পরিকল্পনা আল্লাহ চাহে তো বাস্তবায়ন হতে বাধ্য। তাই সকল সংশয় সন্দেহ দূরে রেখে আমাদেরকে প্রত্যয়ী হতে হবে। জনৈক কবি বলেন :

إِذَا كُنْتَ ذَا رَأْيٍ فَكُنْ ذَا عَزِيْمَةٍ *فَإِنَّ فَسَادَ الرَّأْيِ أَنْ تَتَرَدَّدَ

'যদি তুমি সুন্দর অভিমত প্রকাশ করতে পার, তাহলে তুমি দৃঢ় সংকল্পের অধিকারী হও। কেননা সংকল্প নষ্ট হয়ে যায় সংশয়ের কারণে'।

প্রিয় ভাই ও বন্ধুগণ! আল্লাহ তা'আলা আমাদেরকে দিয়েছেন কর্ণ, চক্ষু ও অন্তর। তিনি আমাদের দিয়েছেন বিবেক ও বুদ্ধি। করেছেন আমাদেরকে সম্মানিত। অতএব আমাদের জীবনের উত্তম আশা-আকাঙ্ক্ষাগুলো বাস্তবায়ন করার ক্ষেত্রে কখনো অপারগতা প্রকাশ করা উচিত হবে না। কবির ভাষায় :

وَلَمْ أَرَ فِيْ عُيُوْبِ النَّاسِ عَيْباً * كَعَجْزِ الْقَادِرِيْنَ عَلَى التَّمَام

'মানুষের দোষ-ত্রুটির মাঝে এমন কোনো দোষ আমি দেখিনি যা সামর্থ্যবান ব্যক্তির অপারগতা প্রকাশ থেকে প্রকট হবে'।

সুপ্রিয় মুসল্লিয়ান! আল্লাহর ওপর তাওয়াক্কুল ও ভরসার পর আমাদের ইচ্ছাগুলো বাস্তবায়নের জন্য যা করতে হবে তা হলো, সুষ্ঠু ও সুচিন্তিত পরিকল্পনা গ্রহণ। কেননা পরিকল্পিত জীবনই সফল জীবন। যে ব্যক্তির জীবনাধ্যায়গুলো সুষ্ঠ পরিকল্পনায় সুবিন্যস্ত নয় সে কি দুনিয়া কি আখিরাত কোনো ক্ষেত্রেই বড় ধরনের সফলতা অর্জন করতে সক্ষম হয় না। সে হিসেবে আমাদের পুরো জীবনটাকেই সুস্পষ্ট পরিকল্পনার বলয়ে বেঁধে নিতে হবে। আমি যদি ষাট বছর বাঁচি, তাহলে আজ থেকে ষাট বছর পর আমি নিজেকে দীন ও দুনিয়া উভয় ক্ষেত্রে কোন্ অবস্থানে দেখতে চাই। দীন চর্চায়, আল্লাহর ইবাদত চর্চায়, দীনের খেদমত ও সামগ্রিক বাস্তবায়নে আমি নিজকে কোন অবস্থানে দেখতে চাই। এসব ক্ষেত্রে আমি কি নিজেকে শীর্ষাবস্থানে দেখতে চাই? আল্লাহর প্রিয় বান্দাদের কাতারে দেখতে চাই? না কি চাই না। তদ্রূপভাবে হালাল রিযক উপার্জানের ক্ষেত্রে নিজকে কোনো অবস্থানে দেখতে চাই। এসব বিষয়ে সুস্পষ্ট পরিকল্পনা লিপিবদ্ধ করে সে অনুযায়ী আমাদের জীবনের প্রতিটি বছর, মাস ও দিনকে সুবিন্যস্ত করতে হবে। যেমন ধরুন আপনি কুরআনুল কারীম হিফয করবেন বলে মনস্থির করেছেন। আজ থেকে দশবছর পর আপনি নিজেকে হাফেযে কোরআন হিসেবে দেখতে চান। তাহলে আপনি এ

মর্মে সুস্পষ্ট পরিকল্পনা হাতে নিন। খাতায় তা লিপিবদ্ধ করুন। আল কুরআনের মোট আয়াত সংখ্যা হলো ৬২৩৬ আর দশ বছরে দিন সংখ্যা হলো ৩৬৫ সে হিসেবে প্রতি বছর আপনাকে কয়টি আয়াত মুখস্ত করতে হবে, প্রতি মাসে কয়টি করে আয়াত মুখস্ত করতে হবে, প্রতি সপ্তাহে কয়টি করে আয়াত মুখস্ত করতে হবে এবং প্রতিদিন কয়টি করে আয়াত মুখস্ত করতে হবে তা সুস্পষ্টভাবে লিখে কাজে লেগে যান দেখবেন দশ বছর পর আপনি কুরআনের হাফেয হয়ে গেছেন।

এভাবে আপনার জীবনের বড় বড় লক্ষগুলো সুনির্দিষ্টভাবে নির্ণয় করে লিখে নিন। প্রতিটি কাজ শেষ করার ডেডলাইন নির্ধারণ করুন। আপনার লক্ষ্যে পৌঁছতে বছরে, মাসে, সপ্তাহে ও দিনে কতটুকু সময় ব্যয় করতে হবে তা নির্ণয় করে কঠিনভাবে নিজেকে নিয়ন্ত্রণ করুন। প্রতিটি মিনিট নিয়ন্ত্রণ করুন। কাজে লেগে যান। দেখবেন আল্লাহ আপনাকে সফলতার শীর্ষ চূড়ায় পৌঁছে দিয়েছেন। আল্লাহ আমাদের সবাইকে তাওফীক দান করুন।

بَارَكَ اللهُ لِيْ وَلَكُمْ فِي الْقُرْآنِ الْعَظِيْمِ وَنَفَعَنِيْ وَإِيَّاكُمْ بِمَا فِيْهِ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ, أَقُوْلُ قَوْلِيْ هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ لِيْ وَلَكُمْ فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيْمُ .

beel Dcj‡¶ we‡kl LZev

wØZxq LZev

اَلْحَمْدُ لِلّٰهِ عَظِيْمِ الْإِحْسَانِ، وَاسِعِ الْفَضْلِ وَالْجُوْدِ وَالْامْتِنَانِ، وَأَشْهَدُ أَن لَّا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، صَلَّى اللهُ عَلَيْهِ وَعَلى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِيْنَ وَسَلَّمَ تَسْلِيْماً كَثِيْراً، أَمَّا بَعْدُ :

মুহতারাম মুসল্লিয়ান! সময় খুব দ্রুত ফুরিয়ে যায়। দিন-সপ্তাহ-মাস-বছর দেখতে না দেখতেই ফুরিয়ে যায়। সুখ-দুঃখ, আনন্দ-বেদনা, সফলতা-ব্যর্থতা সবকিছু বক্ষে ধারণ করে মানুষের জীবন থেকে বিদায় হতে থাকে বছরের পর বছর। আর এভাবে বিদায় হতে হতে একদিন দেখা যাবে আপনার আমার জন্য বরাদ্দকৃত সময়ের পুরোটাই নিঃশেষিত হয়ে আমাদেরকে পৌঁছে দেবে মৃত্যুর ঠিকানায়। তুলে দেবে মালাকুল মাওতের হাতে। সে হিসেবে কারো জীবন থেকে একটি দিন চলে যাওয়ার অর্থ পরজীবনের দিকে একদিন এগিয়ে যাওয়া। তাই যারা বুদ্ধিমান তাদের কাজ হবে আগত জীবনের জন্য বর্তমান জীবনের প্রতিটি ক্ষণ ব্যবহার করা। প্রতিটি মূহূর্ত কাজে লাগানো। আর সৌভাগ্যবান তো সে যে দীর্ঘজীবন পেল এবং তাকে নেক আমলে কানায় কানায় ভরে তুলল। পক্ষান্তরে হতভাগ্য তো সে, যে দীর্ঘজীবন পেল ঠিকই কিন্তু নেক আমল থেকে দূরে রইল। নেক আমলের অধিকারী হতে ব্যর্থ হলো।

আমরা একটি বছর পেছনে ফেলে আরেকটিকে সামনে নিয়ে দাঁড়িয়ে আছি। জানি না কার কার ভাগ্যে আগত এ বছরটি অতিক্রম করা সম্ভব হবে। তাই আমাদের প্রত্যেকের উচিত হবে নিজ নিজ জীবনের হিসাব-নিকাশ নিয়ে বসা। গেল বছরটি যদি পোক্ত ঈমান, সুন্দর আমল, সততা-সত্যবাদিতা, ইখলাস-ঐকান্তিকতা ইত্যাদির মাধ্যমে অতিবাহিত হয়ে থাকে তবে আল্লাহ তা'আলার শুকরিয়া করা এবং আগামী বছরটি একইরূপে ভালোয়-ভালোয় যাতে কেটে যায় তার জন্য প্রত্যাশা, দু'আ ও প্রতিজ্ঞা করা প্রয়োজন। আর যদি গেল বছরটি মন্দভাবে কেটে থাকে, গুনাহ ও পাপাচারের অন্ধকারময়তায় কেটে থাকে, তবে অনুতাপ, অনুশোচনা, তাওবা এবং নবউদ্দী-পনায় উজ্জীবিত হয়ে সম্পুখপানে এগিয়ে যাওয়ার প্রত্যয়-প্রেরণা পোষণ করা আবশ্যক। মাইমুন ইবনে মাহরান বলেছেন : 'তাওবাকারী অথবা যে ব্যক্তি নেক আমল করে স্বীয় মর্যাদাবৃদ্ধির মুজাহাদায় লিপ্ত, এ দু'ব্যক্তি ছাড়া বাকিরা সবাই ধ্বংসে নিপতিত। আল্লাহ তা'আলা বলেন : **وَالْعَصْرِ. إِنَّ الْإِنْسَانَ لَفِي خُسْرٍ. إِلَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ وَتَوَاصَوْا بِالْحَقِّ وَتَوَاصَوْا بِالصَّبْرِ.** Ômg‡qi Kmg, wbðq AvR gvbl ¶wZM¯Zvq wbcwZZ| Z‡e Zviv Qvov hviv Cgvb G‡b‡Q, mrKvR K‡i‡Q, ci¯úi‡K m‡Z¨i Dc‡`k w`‡q‡Q Ges ci¯úi‡K ˆa‡hi Dc‡`k w`‡q‡QÕ (miv Avj Avmi)।

এখানে আল্লাহ তা'আলা আসর তথা কালের কসম খেয়েছেন। যে কালে যাপন করছে প্রতিটি মানুষ তার জীবন। আল্লাহ তা'আলা কসম খেয়ে বলছেন যে প্রতিটি মানুষই নিপতিত রয়েছে ধ্বংসে তবে যারা চারটি গুণে গুণান্বিত কেবল তারা ছাড়া- (১) ঈমান (২) নেক আমল (৩) পরস্পরে সত্যের উপদেশ (৪) পরস্পরকে ধৈর্য

ও সবরের উপদেশ।

আল কুরআনের ছোট্ট এ সূরাটি একজন মুমিনের জন্য তার আমল মেপে দেখার দাঁড়িপালা স্বরূপ, যা ব্যবহার করে সে নিজের লাভ-ক্ষতির হিসাব মিলাতে পারে। এ জন্যই ইমাম শাফেয়ী রহ বলেছেন, 'সকল মানুষ যদি এ সূরাটি অনুধাবন করত, তবে তাদের জন্য যথেষ্ট হত'। সালাফে সালেহীনদের কেউ বলেছেন, 'আজকের দিনটা গতকালের মতো হলে সিদ্দিকীন তথা সত্যাশ্রয়ীরা আল্লাহকে লজ্জা পেতেন'। অর্থাৎ তাদের আজকের আমল যদি গতকালের আমলের চেয়ে অধিক না হত, আরো উত্তম না হত তবে তারা আল্লাহর কাছে লজ্জা অনুভব করতেন। তার অর্থ একজন সত্যিকার মুমিনের হৃদয়ের গভীরে এ বাসনা সদা জাগ্রত থাকে যে, আমার বর্তমান ঈমান ও আমল অতীতের চেয়ে উত্তম হবে। মুমিনের এ বাসনা তার নেক আমলের ভাণ্ডারকে সমৃদ্ধ থেকে সমৃদ্ধতর করে তোলে। সে বিবেচনায় মুমিনের দীর্ঘজীবন মুমিনের কল্যাণের পালা ভারি করার সুযোগ এনে দেয়। দীর্ঘজীবন মুমিনকে দেয় ছাওয়াব ও কল্যাণে আরো উচ্চতা, আরো শীর্ষতা। এ ক্ষেত্রে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একটি দু'আ প্রণিধানযোগ্য। তিনি বলেছেন : وَاجْعَلِ الْحَيَاةَ زِيَادَةً لِي فِي كُلِّ خَيْرٍ، وَالْمَوْتَ رَاحَةً لِي مِنْ كُلِّ شَرٍّ 'হে আল্লাহ! আপনি আমার জীবনকে সকল কল্যাণে বাড়িয়ে দিন, আর মৃত্যুকে করুন প্রত্যেক অকল্যাণ থেকে নিস্কৃতির মাধ্যম' (তাবারানী, সহীহ)।

কথিত আছে- মৃতব্যক্তিদের একজনকে স্বপ্নে দেখা হলো। অতঃপর মৃত ব্যক্তি বলল : 'আমাদের কাছে লজ্জিত হওয়ার চেয়ে অধিক আর কিছু নেই। আর তোমাদের কাছে গাফলত-উদাসীনতার চেয়ে অধিক আর কিছু নেই'। অপর একজন মৃতব্যক্তিকে স্বপ্নে দেখা হলো। সে বলল : আমরা একটি বিশাল ব্যাপারে লজ্জিত হয়েছি। আর তা হলো, আমরা জানি কিন্তু আমলের সুযোগ নেই, আর তোমরা আমল কর কিন্তু জান না। আল্লাহর কসম! আমাদের কারও আমলনামায় একটি বা দু'টি তাসবীহ, এক রাকাআত বা দু'রাক'আত নামায দুনিয়া এবং দুনিয়ায় যা আছে তার চেয়ে অধিক প্রিয়'।

প্রিয় মুসলিম ভাইয়েরা! কথায় আছে, শেষ ভালো যার সব ভালো তার। তাই জীবনের যে দিনগুলো আমাদের হাতে রয়েছে তা যদি নেক আমল দিয়ে ভরে দিতে পারি, পরিশুদ্ধ ঈমানের উত্তাপ নিয়ে কাটাতে পারি তবে আশা করা যায় আল্লাহ তা'আলা আমাদের বিগত জীবনের ত্রুটি-বিচ্যুতি ক্ষমা করে দেবেন। আর যদি বাকি দিনগুলো গোমরাহীতে কাটাই তবে অতীতে যা করেছি তাও গেল, আর ভবিষ্যত তো থাকবে অন্ধকারেই নিমজ্জিত।

প্রিয় ভাইয়েরা! দুনিয়ার আরাম-আয়েশ বড়ই ক্ষণস্থায়ী। দুনিয়ার বিত্তবৈভব মাত্র কয়েকদিনের। ইরশাদ হয়েছে : أَفَرَأَيْتَ إِنْ مَتَّعْنَاهُمْ سِنِينَ. ثُمَّ جَاءَهُمْ مَا كَانُوا يُوعَدُونَ. مَا أَغْنَى عَنْهُمْ مَا كَانُوا يُمَتَّعُونَ ÔZwg wK j¶¨ K‡iQ, Awg hw` Zv‡`i‡K `xNKvj †fvM-wejv‡mi m‡hvM w`Zvg| AZtci Zv‡`i‡K †h wel‡q Iqv`v Kiv n‡q‡Q, Zv Zv‡`i wbKU G‡m coZ, ZLb hv Zv‡`i †fvM-wejv‡mi Rb¨ †`qv n‡qwQj, Zv Zv‡`i †KvbB Kv‡R AvmZ bv| (Avk-ïAviv : 205-206)।

আর মনে রাখবেন, যাকে আল্লাহ দীর্ঘজীবন দান করলেন, তার কিন্তু ওজর পেশের সকল দরজাও বন্ধ করে দিলেন। সহীহ বুখারীর এক হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন : أَعْذَرَ اللَّهُ إِلَى امْرِئٍ أَخَّرَ أَجَلَهُ حَتَّى بَلَّغَهُ سِتِّينَ سَنَةً 'আল্লাহ যাকে ষাট বছর বয়স দিলেন তিনি তার ওজর কর্তন করে দিলেন' (বুখারী)। সুনানে তিরমিযীর এক হাদীসে এসেছে : 'আমার উম্মতের বয়স ষাট থেকে সত্তর বছরের মাঝে'। তাই আমরা সবাই সর্তক হয়ে যাই। জীবনের প্রতিটি মুহূর্তকে, প্রতিটি ক্ষণকে আল্লাহ তা'আলার রেযামন্দী অন্বেষণে ব্যয় করি। নববর্ষের আগমণে খুশি না হয়ে অতীতের হিসাব নিয়ে বসি। ভবিষ্যতের পরিকল্পনা নিয়ে বসি।

সুপ্রিয় মুসল্লিয়ান! অনেক দীর্ঘজীবন পেয়েও যারা আল্লাহর অবাধ্য হয়ে সময় কাটায়, পাপ-গুনাহে নিমজ্জিত হয়ে সময় কাটায়, আরাম-আয়েশ ও উদাসীনতায় সময় কাটায়, এমন লোকদেরকে জাহান্নামের আগুনের ছেকা দিয়ে জিজ্ঞাসা করা হবে, তুমি কি দুনিয়ার কোনো কিছু পেয়েছিলে? দুনিয়ার কোনো নিয়ামত ভোগ করেছিলে? সে বলবে, 'না, হে আমার রব!' জাহান্নামের আগুনের প্রথম ছেকাতেই সে দুনিয়ার সকল নেয়ামত ভুলে যাবে। এটা হলো তাদের অবস্থা যারা দীর্ঘজীবন পেয়েছে; কিন্তু তা খেল-তামাশায় অতিবাহিত করেছে। গাফলতে অতিবাহিত করেছে। তাদেরকে অঢেল সম্পদ দেয়া হয়েছিল; কিন্তু তারা তা হারাম জায়গায় অবৈধ কর্মে ব্যয় করেছে। তারা প্রবৃত্তির তাড়নার পেছনে ছুটেছে অবিরত। পরিত্যাগ করেছে দীনের বিধান। লঙ্ঘন করেছে আল্লাহর সীমানা।

পরিশেষে পরকালে হাজির হয়েছে শূন্য হাতে। আর সেখানে লজ্জিত হয়েছে দুনিয়ার জীবনের প্রতিটি মুহূর্তের জন্য। ইরশাদ হয়েছে : **وَجِيءَ يَوْمَئِذٍ بِجَهَنَّمَ يَوْمَئِذٍ يَتَذَكَّرُ الْإِنْسَانُ وَأَنَّى لَهُ الذِّكْرَى. يَقُولُ يَا لَيْتَنِي قَدَّمْتُ لِحَيَاتِي. فَيَوْمَئِذٍ لَا يُعَذِّبُ عَذَابَهُ أَحَدٌ** ÔAvi †mw`b Rvnvbvg‡K Dcw¯Z Kiv n‡e, †mw`b gvbl ¯§iY Ki‡e; wKš' †mB ¯§iY Zvi Kx DcKv‡i Avm‡e? †m ej‡e, Ônvq! hw` Awg Av‡M wKQ cvVvZvg Avgvi G Rxe‡bi Rb¨Ó! AZtci †mw`b Zvi Avhv‡ei gZ Avhve †KD w`‡Z cvi‡e bvÓ (miv Avj dRi : 23-25)।

তাই ভাইয়েরা আমার! সতর্ক হোন, সচেতন হোন। নতুন বছরে ঈমান ও আমলে নিজেকে সমৃদ্ধ করে তুলুন। কেননা এ দুনিয়ার আরাম আয়েশ ক্ষণস্থায়ী। পরকালই হলো আসল জীবন। তাই পরকালের জন্য প্রতিটি মুহূর্ত কাজে লাগান। ইরশাদ হয়েছে : **إِنَّمَا هَذِهِ الْحَيَاةُ الدُّنْيَا مَتَاعٌ وَإِنَّ الْآخِرَةَ هِيَ دَارُ الْقَرَارِ . مَنْ عَمِلَ سَيِّئَةً فَلَا يُجْزَى إِلَّا مِثْلَهَا وَمَنْ عَمِلَ صَالِحًا مِنْ ذَكَرٍ أَوْ أُنْثَى وَهُوَ مُؤْمِنٌ فَأُولَئِكَ يَدْخُلُونَ الْجَنَّةَ يُرْزَقُونَ فِيهَا بِغَيْرِ حِسَابٍ** ÔG `wbqvi Rxeb †Kej ¶YKv‡ji †fvM; Avi wbðq AwLivZB nj ¯vqx Avevm Ó| †KD cvc KvR Ki‡j Zv‡K ïa cv‡ci mgvb cwZ`vb †`qv n‡e Avi †h ciæl A_ev bvix gwgb n‡q mrKvR Ki‡e, Z‡e Zviv Rvbv‡Z c‡ek Ki‡e, †mLv‡b Zv‡`i‡K AMwYZ wihK †`qv n‡eÓ (miv Avj Mv‡di : 39-40)।

"اللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَبَارَكْتَ عَلى إِبْرَاهِيْمَ وَعَلى آلِ إِبْرَاهِيْمَ إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ وَارْضَ اللّٰهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ وَعَنِ الصَّحَابَةِ أَجْمَعِيْنَ وَعَنِ التَّابِعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ الدِّيْنِ وَعَنَّا مَعَهُمْ بِمَنِّكَ وَكَرَمِكَ وَعَفْوِكَ وَإِحْسَانِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِيْنَ."

হে আল্লাহ! আমরা একটি বছর শেষ করে আরেকটি বছর শুরু করতে যাচ্ছি। রাব্বুল আলামীন! বিগত বছরে আমাদের দ্বারা অনেক ত্রুটিবিচ্যুতি হয়েছে, গাফলত ও উদাসীনতায় কেটে গেছে অনেক সময়, অনেক দিবস-রজনী। হে আল্লাহ! আপনি আমাদের ত্রুটিগুলো ক্ষমা করে দিন। নতুন উদ্যোগে নতুন বছর শুরু করার তাওফীক দিন। ঈমান, আমল, তাকওয়া ও পরহেযগারীতে সমৃদ্ধ হয়ে লৌহকঠিন ইচ্ছা নিয়ে নতুন বছর শুরু করার তাওফীক দিন। হে আল্লাহ! আমাদের প্রতিটি পদক্ষেপ, হারাকাত-সাকানাত যেন আপনার রেযামন্দী অনুযায়ী হয় সে তাওফীক আমাদের দান করুন। হে আল্লাহ! আমরা যেন পরিকল্পিত ও নিয়ন্ত্রিত জীবন যাপন করতে পারি সে তাওফীক দান করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

عِبَادَ اللهِ رَحِمَكُمُ اللهُ : (إِنَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ والإِحْسَانِ وَإِيْتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ) اُذْكُرُوا اللهَ يَذْكُرْكُمْ وَادْعُوْهُ يَسْتَجِبْ لَكُمْ وَلَذِكْرُ اللهِ تَعَالَى أَعْلَى وَأَعْظَمُ وَأَكْبَرُ.

পরিশিষ্ট

খতীব ভাইয়েরা !

মুসলিম উম্মাহ আপনার হাতে আমানত। আপনি যেখানেই থাকুন না কেন ইসলামের সীমান্তপ্রহরী হিসেবে দাঁড়িয়ে আছেন। যেখানে আপনার সম্মুখ থেকে হামলা হওয়ার আশঙ্কা সদা বিদ্যমান।

মুসলিম উম্মাহর চিত্ত ও মানস বিনির্মাণে খুতবার যে ভূমিকা তা আপনার কাছে অবশ্যই স্পষ্ট। খুতবার আহকাম, আরকান, শর্ত ও সুন্নত বিষয়েও আপনার অনেক কিছু জানা হয়েছে। মনোজ্ঞ আকারে খুতবা প্রদানের উপকরণ কী কী, সফল খতীবের গুণাবলী, পাথেয় ইত্যাদি বিষয়ও আপনার জ্ঞানের আওতায় এসেছে। প্রায়োগিক ও বাস্তব উদাহরণের ক্ষেত্রেও আপনার রয়েছে স্বার্থক বিচরণ। তাহলে আপনার সামনে আর বাকি রইল কী?

এখন আপনার উচিত হবে আত্মবিশ্বাস ও সাহস নিয়ে, ইলম ও আমল নিয়ে, অদম্য উৎসাহ ও অব্যহত কর্মচাঞ্চল্য নিয়ে, ময়দানে ঝাঁপিয়ে পড়া। এ ময়দান আপনার ময়দন, এ মাঠ আপনার মাঠ। আল্লাহ তা'আলা বলেন, আর তিনি সত্য বলেছেন:

”وَقُلِ اعْمَلُوا فَسَيَرَى اللهُ عَمَلَكُمْ وَرَسُولُهُ وَالمُؤْمِنُونَ وَسَتُرَدُّونَ إِلَى عَالِمِ الغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ“

ÔAvi ej, Ô†Zvgiv Avgj Ki| AZGe, AwP‡iB Avjøvn †Zvgv‡`i Avgj †`L‡eb, Zvi ivmj I gwg-bMYI| Avi AwP‡iB †Zvgv‡`i‡K wdwi‡q †bqv n‡e Mv‡qe I cKv‡k¨i cwiÁvZvi wbKU| AZtci wZwb †Zvgv‡`i‡K Rvbv‡eb hv †Zvgiv Avgj Ki‡Z †m m¤ú‡KÕ (miv AvZ-ZvIev:105)।

আপনার অবগতির জন্য বলছি যে খুতবার এ বইটি কেবলই একটি মুখবন্ধতুল্য, বলা যায় বিশাল সাগরে ছোট্ট একটি বিন্দু। আমরা আপনাকে পথের শুরুতে রেখে দিলাম। আশা করি এবার আপনি নিজ উদ্যোগেই ইলম ও জ্ঞানে নিজেকে আরো সমৃদ্ধ করবেন। মনে রাখবেন ইলমই হলো সর্বোত্তম দায়িত্বের সর্বোত্তম হাতিয়ার।

অতীতে বহুদেশে ইসলাম প্রচার পেয়েছে উত্তম কথামালার মাধ্যমে, নান্দনিক আচরণের মাধ্যমে। মুসলিম উম্মাহর ইতিহাসে এমন ব্যক্তিরও সাক্ষাৎ মেলে যিনি একাই ছিলেন একটি জাতির সমান। শুধুমাত্র এক ব্যক্তির উদ্যোগে ইতিহাস পাল্টে গেছে এমন বহু নজির আমাদের সামনে রয়েছে। আর তা ঘটেছে ব্যক্তি যখন দায়িত্বের বিশালতা অনুভব করে অক্লান্ত শ্রম ও ঐকান্তিক মেহনতের নদীতে ঝাঁপ দিয়েছেন। অলসতা, হীনমন্যতা ও নিরুদ্বেগের সকল আবর্জনা ঝেরে ফেলে দৃপ্তপদে এগিয়ে গিয়েছেন। অব্যাহতভাবে রাতদিন মানুষদেরকে দাওয়াত দিয়েছেন। প্রকাশ্যে-অপ্রকাশ্যে,নির্ভয়ে-নিসঙ্কোচে মানুষকে আহ্বান করেছেন। নৈরাশ্য তার পথ আগলে দাঁড়াতে পারেনি কখনো। চাঞ্চল্য তার পিছু ছাড়েনি যতক্ষণ না তিনি ইসলামকে নেতৃত্বের আসনে দেখে, ইসলামের সূর্যের নবোদয় দেখে, নিজের চক্ষু শীতল করতে পেরেছেন।

আল্লাহর কাছে দুআ করি, তিনি যেন তাকওয়া ও হিদায়াতে, ইলম ও আমলে, আপনাকে আরো সমৃদ্ধ করে দেন। তিনি যেন আমাদেরকে ও আপনাকে তাঁর আনুগত্যে নিয়োজিত রাখেন। তিনি যেন আমাদেরকে, আমাদের উপর অর্পিত দায়িত্ব যথার্থরূপে পালনের উপযুক্ত শক্তি-সামর্থ্য দান করেন। আমীন।

লক্ষ্য ও উদ্দেশ্য

- সহজ সরল ভাষায় ইসলামের বিধি-বিধান (বিশেষ করে ইসলামের ইবাদাত সম্পর্কিত বিষয়াবলী) বিস্তারিত ভাবে শিক্ষা লাভ করা।
- ইবাদত ও তার বিধি-বিধান কোরআন সুন্নাহের আলোকে সম্পৃক্ত করা।
- শরীয়তের বিধানাবলী দেখে দেখে শিক্ষা লাভ করা, যেমন রাসুল (সাঃ) বলেছেনঃ তোমরা আমাকে যেভাবে নামাজ পড়তে দেখ সেভাবে নামাজ পড়।
- আধুনিক প্রযুক্তিকে ফিকাহের বিধি-বিধান শিখতে বিশ্ববাসীর কাজে লাগানো।
- বিশ্বজনীন ফিকাহ শাস্ত্র শিখতে আধুনিক পদ্ধতি আবিষ্কার করা।

বাস্তবায়ণকৃত ভাষা সমূহ

ফার্সী	ফ্রান্স	ইংরেজি	চাইনিজ	বাংলা
www.daneshfarsi.com	www.fiqhfrench.com	www.fiqhenglish.com	www.islamfigh.com	www.al.feqh.net

কিসাহেলী (আফ্রিকা)	স্প্যানিশ	ইন্দোনেশীয়ান	হাউছা
www.fiqhiswahili.com	www.fiqhspanish.com	www.fiqhindonesia.com	www.muslimfigh.com

পর্তুগীজ	রুশ	জার্মান	তাজিকী
www.fiqhportuguese.com	www.fiqhrussian.com	www.derfiqh.de	www.fiqhtajiki.com

প্রকল্পের প্রস্তাবনা

সহজ সরল ভাষায় ইসলামের বিধি-বিধান (বিশেষ করে ইসলামের ইবাদাত সম্পর্কিত বিষয়াবলী) বিস্তারিত ভাবে আধুনিক শিক্ষায় ও বিভিন্ন প্রচার মাধ্যমে নানা ভাষায় শিক্ষা লাভ করা।



প্রকল্পের উপাদান সমূহ

টেলিভিশন প্রোগ্রাম	ফিকাহের সচিত্র বিশ্বকোষ	সচিত্র বই	স্যাটেলাইট সম্প্রচার
ব্যক্তিগত সাইট	স্মার্ট ডিভাইস	ই- মার্কেটিং	নতুন মিডিয়া

Email : info@al-feqh.com
Tele : 00966-537121504
Markting@al-feqh.com

فضاء القنوات
SPACE CHANNELS

প্রকল্পটির বৈশিষ্ট্য

১- সমষ্টিগত দিক থেকে এটা সবচেয়ে বড় বার্তা ও মহা পবিত্র কালাম, (কেননা আল্লাহ পাক এই মহাগ্রন্থ আল কোরআনের মাধ্যমে অনেক জাতিকে মর্যাদাবান করেন, আবার অনেক জাতিকে ধ্বংস করেন)।

২- প্রচারের দিক দিয়ে এটা বৃহত্তর জনগোষ্ঠীর জন্য প্রচার কার্য ও সহজে পৌঁছানো। (তিন চতুর্থাংশের ও অধিক মানুষের জন্য প্রচার করা হয়, যা বিশ্ববাসীর জন্য আল্লাহ তায়া'লার অশেষ রহমত)।

৩- প্রভাব দিক থেকে এটা সর্বাধিক প্রভাবের ও বৃহত্তম পরিবর্তনের।

৪-ব্যয়ের দিক থেকে এটা কম ব্যয়ের, অধিক লাভের।

৫- সময়ের দিক বিবেচনায় অল্প সময়, অনেক দৃষ্টিভঙ্গি লাভ। (প্রযুক্তিগত উন্নয়নকে কাজে লাগিয়ে লাভবান হওয়া)।

বাস্তবায়ণকৃত ভাষা সমূহ


ইন্দোনেশীয়ান	কিসাহেলী (আফ্রিকা)	জার্মান	ফ্রান্স	ইংরেজি
www.hedaya.tv		www.lichttv.com	www.lumieretv.net	www.lighttvs.com
স্প্যানিশ	**জাপানি**	**হাউছা**	**বাংলা**	**ফার্সী**
www.luz.tv.net		www.haske.tv	www.hidayatv.com	www.hidayatv.net
চাইনিজ	**তুর্কি**	**পর্তুগীজ**	**রুশ**	**উর্দু**
www.happiness-tv.com	www.quranturkish.com			

প্রকল্পের প্রস্তাবনা

আল্লাহর বানী বিভিন্ন ভাষা, ধর্ম ও সংস্কৃতির সকল মানুষের নিকট পৌঁছানোর মাধ্যম উদ্ভাবন করা। পবিত্র কোরআন শুধুমাত্র মু'মিনদের নিকট প্রেরণ করা হয়নি, বরং এটা বিশ্ববাসীর জন্য রহমত স্বরুপ। আল্লাহ তায়া'লা ইহা সকলকে শ্রবন করতে নির্দেশ দিয়েছেন, এমনকি মুশরিকদেরকেও।

এই প্রকল্পে বিভিন্ন ধরনের ভিডিও, পবিত্র কোরআনের অনুবাদ বিভিন্ন স্যাটেলাইট, ইন্টারনেট, নতুন গনমাধ্যম, সি.ডি, ভিজ্যুয়াল স্মার্ট ডিভাইস, রেডিও, টেলিভিশন ও অন্যান্য

প্রকল্পের উপাদান সমুহ



E_mail: info@spacechanels.com
Tele : 00966-537121504

Global Minbar

العالمي

বার্তা

ইসলামের মৌলিক বিষয়াবলীর সম্পাদনা ও সম্ভাব্য সব ধরনের প্রচার মাধ্যমে প্রচার করা।

লক্ষ্য ও উদ্দেশ্য

- বিভিন্ন ভাষায় দাওয়াতের বিষয়ভিত্তিক পাঠ্যক্রম তৈরি করা।
- ইসলাম শিক্ষা ও তা পৃথিবীর বিভিন্ন প্রান্তে পৌঁছে দেয়া।
- আহলে সুন্নত ওয়াল জামাতের আক্বীদা সম্প্রচার করা।
- মুসলিম বিশ্বে জুম্মার খুতবা ও অন্যান্য আলোচনার মান উন্নয়ন।
- আধুনিক প্রচার মাধ্যমে ইসলামী দাওয়াতের ভিত্তি শক্ত করা।
- বিভিন্ন ভাষায় দাওয়াতের সম্ভাব্য সব ধরনের পদ্ধতির মাধ্যমে আল্লাহর পথে দাওয়াত দেয়া।

বাস্তবায়ণকৃত ভাষা সমূহ

ফার্সী	ইন্দোনেশীয়ান	বাংলা	ফ্রান্স
www.minberfarsi.com	www.minbarindo.com	www.globalminberbangla.com	www.sermonuniversel.com

উর্দু	কিসাহেলী (আফ্রিকা)	ইয়োরুবা (নাইজেরিয়া)	চাইনিজ	রুশ
www.muslimjt.com	www.swahiliminbar.com	www.yorubaminbar.com	www.minberurdu.com	www.minbarru.com

স্প্যানিশ	তাজিকী	পর্তুগীজ	হাউছা
www.sermonesislamicos.com	www.minbartajiki.com	www.minbarportuguese.com	www.hausaminbar.com

فضاء القنوات

SPACE CHANNELS

العالمي

Global Minbar



প্রকল্পের প্রস্তাবনা

ইসলামের মৌলিক বিষয়াবলী যা মুসলিম উম্মাহর জন্য প্রচার ও শেখানো অত্যাবশ্যকীয় তা বহুল প্রচলিত ভাষায় লেখা ও সম্পাদনার মাধ্যমে প্রচার করা, ৬০ টি বক্তৃতা, রেডিও ও টেলিভিশন, ইন্টারনেট, আধুনিক প্রচার মাধ্যম, সি.ডি ও অন্যান্য চ্যানেল ও বেতার

প্রকল্পের উপাদান সমুহ

মিম্বার বিশ্বকোষ | পদ্ধতিগত বক্তৃতার বই | অডিও উপাদান | ৬০টি টেলিভিশন অনুষ্ঠান | স্যাটেলাইট সম্প্রচার

স্মার্ট ডিভাইস | ব্যক্তিগত সাইট | ই- মার্কেটিং | নতুন মিডিয়া

E_mail: info@global-minbar.com
Tele : 00966-537121504

فضاء القنوات SPACE CHANNELS



প্রকল্পের প্রস্তাবনা

অনারবদের জন্য আরবী ভাষা শিখতে শাব্দিক অর্থ শিক্ষা প্রকল্প চালু করা যাতে আধুনিক শিক্ষার সব ধরনের উন্নত প্রযুক্তি, সিলেবাস, প্রোগ্রাম

الطريق الى السعادة
The Way to Happiness

প্রকল্পের প্রস্তাবনা

ইসলামের পরিচিতি, সভ্যতা, ইতিহাস, বিভিন্ন ধর্মের সাথে সংলাপ, অন্যান্য চেতনা ও ইহাই ইহকাল ও পরকালের সৌভাগ্যের একমাত্র পথ ইত্যাদি বিষয়ে জানতে আধুনিক প্রযুক্তিতে প্রোগ্রাম তৈরি করে বাজারজাত করা। সব ধরনের প্রোগ্রাম বিশ্বের বিভিন্ন ভাষায় বাজারজাত করা।

প্রকল্পের প্রস্তাবনা

কারিগরী, সভ্য সাংস্কৃতিক প্রচার মাধ্যম প্রকল্প, যা ফোন এবং স্মার্ট ডিভাইসের মাধ্যমে আমাদের ভাষা, দ্বীন ও সভ্যতা বুঝবে এবং এগুলো বিভিন্ন প্রোগ্রাম ও স্মার্ট ডিভাইসের উপর নির্ভর করবে।